
সঞ্জয় বলিলেন—'নবনাথ। উভয়পক্ষেব সেই সমস্ত সৈক্তই শিবিবে যাইয়া বিভাগ অনুসারে আপন আপন নির্দ্দিষ্ট গৃহে যথানিয়মে প্রবেশ কবিল ।১॥

এদিকে দোণ সৈক্তগণের যুদ্ধবিরাম কবাইয়া অত্যন্তহঃখিতচিত্ত হইযা তুর্য্যোধনের দিকে দৃষ্টিপাত করিয়া লব্জার সহিত এই কথা বলিলেন—॥২॥

'রাজা। আমি ইহা পূর্বেই বলিয়াছি যে, অর্জুন উপস্থিত থাকিতে দেবতাবাও যুদ্ধে যুধিষ্ঠিরকে ধবিতে সমর্থ হইবেন না ॥৩॥

তোমরা যুখিন্টিরকে ধরিবার চেষ্টা করিতে থাকিলেও, অর্জুন যুদ্ধে সেই কথাই সত্য করিয়াছেন। স্থতবাং 'ক্লফ ও অর্জুন অজেয' আমার এ কথায় তুমি সন্দেহ করিও না ॥৪॥

⁽e)...कथंकिरंस्ह् । ज्वांहरन ··· न मम्ख-शि

কশ্চিদাহুয় তং সংখ্যে দেশমন্তং প্রকর্ষতু।
তমজিত্বা ন কোন্ডেয়ো নিবর্ত্তেত কথঞ্চন ॥৬॥
এতিস্মিমন্তরে শৃন্যে ধর্মবাজমহং নৃপ!।
গ্রহীশ্বামি চমুং ভিত্তা প্রউত্যুক্তস্থ পশ্যতঃ ॥৭॥
অর্জ্জনেন বিহীনস্ত যদি নোৎস্তজ্জতে রণম্।
মামুপায়ান্ডমালোক্য গৃহীতং বিদ্ধি পাগুবম্ ॥৮॥
এবং তেহহং মহাবাজ! ধর্মপুত্রং মুধিষ্ঠিরম্।
সমানেশ্বামি সগণং বশমন্ত ন সংশয়ঃ ॥৯॥
যদি ভিষ্ঠতি সংগ্রামে মুহূর্ত্তমপি পাগুবঃ।
অথাপবাতি সংগ্রামাদ্বিজয়াত্ব বিশিশ্বতে ॥১০॥

অপেতি। বোগেন উপায়েন, খেতবাহনে অর্জুনে। এছতি প্রাক্সতি । ৫॥
ভনেবোপাযমাহ কণ্টিদিতি। তমর্জুনম্। প্রকর্ষত্ আরুক্স নয়তু। কোন্তেবোহর্জুনঃ ॥।।
এতন্মিরিতি। অন্তরে অবকাশে, শুল্মে অর্জুনবহিতে। ধৃষ্টগুরুর্জ্ঞেভূগুলক্ষণম্ ॥।॥
অর্জুনেনেতি। বিহীনো যুধিষ্টিবঃ। বিদ্ধি জানীহি, পাণ্ডবং যুধিষ্টিবম্ ॥।।
এবমিতি। সগণং সপরিজনম্ ।।।
বদীতি। অপবাতি পলায়তে, তদা তৎপলায়নমন্মাকং বিজয়াদিশিয়তে ॥১০॥

অতএব বাজা। কোন উপায়ে অর্জুনকে অপসারিত কবিতে পাবিলে, তখন যুধিষ্ঠির তোমার বশীভূত হইবেন ॥৫॥

স্থতবাং কোন যোদ্ধা অর্জুনকে যুদ্ধে আহ্বান কবিয়া অগ্রস্থানে লইয়া যাউক। ভাষা হইলেই অর্জুন তাহাকে জয় না করিয়া কোন প্রকারেই ফিবিয়া আসিবেন না ॥৬॥

রাজা। সেই অবসবে আমি অর্জ্নশৃত্য সমরে পাণ্ডবসৈত্য ভেদ কবিয়া যাইয়া ধৃষ্টহ্যম প্রভৃতিব সমক্ষেই যুধিষ্ঠিবকে ধরিয়া ফেলিব ॥৭॥

অর্জুনবিহীন যুধিষ্ঠির আমাকে আসিতে দেখিয়াও যদি সমরাঙ্গন পবিত্যাগ কবিয়া না যান, তবে তাঁহাকে ধবিয়া কেলিযাছি বলিয়াই তুমি জানিয়া রাখ ॥৮॥

মহারাজ! এইভাবে আমি আজ ধর্মপুত্র যুখিষ্ঠিরকে ভোমার বশে আনযন করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১॥

(তবে ইহা স্থিব যে,) তিনি যদি সেই অবস্থায় মুহুর্ত্তকালও সমবান্দনে

⁽b) অর্জুনেন পরিভাক্তো ন চেল্রানাৎ পলায়তে—নি।

সঞ্জয় উবাচ।

দ্রোণস্থ তদ্বচঃ শ্রুত্বা ত্রিগর্ত্তাধিপতিস্তদা।
ভাতৃতিঃ সহিতো রাজনিদং বচনমত্রবীৎ ॥>>॥
বয়ং বিনিকৃতা রাজন্! সদা গাণ্ডীবধন্যনা।
ভানাগঃস্বাপি চাগস্তৎ কৃতমন্মান্ত তেন বৈ ॥>২॥
তে বয়ং স্মরমাণাস্তান্ বিনিকারান্ পৃথিয়িধান্।
ভাষায়িনা দহ্যমানা ন শেমহি সদা নিশি ॥>০॥
স নো দিফ্যান্ত্রসম্পন্নশ্চক্ষুর্বিষয়মাগতঃ।
কর্ত্তাবঃ স্ম বয়ং কর্ম্ম যচ্চিকীর্ষাম হাদ্গতম্ ॥>৪॥
ভবতশ্চ প্রিয়ং যৎ স্থাদন্মাকঞ্চ যশক্ষরম্।
বয়মেনং হনিয়ামো নিকৃষ্যায়োধনাদ্বহিঃ ॥>৫॥ (য়ুয়্মকম্)

বোণভোতি। ত্রিগর্ভাধিপতিঃ স্থশর্মা ॥১১॥

বয়মিতি। বিনিক্কতা অপমানিতা:। অনাগংস্থ নিরপবাধেষু, আগোহপবাধ: ॥১২॥ ভ ইতি। বিনিকাবান্ অপমানান্। শেমহি স্বপিম: নিক্রাং গচ্ছাম: ॥১৩॥

স ইতি। নঃ অস্মাকম্, দিষ্ট্যা ভাগ্যেন। কর্ত্তারঃ কবিয়ামঃ, স্মেতি পাদপুরণে কিং তৎ কর্মোত্যাহ বযমিতি। নিরুয় আরুয় নীঘা, আযোধনাৎ ত্রোণযুদ্ধছলাৎ, বহির্যুত্ত ॥১৪—১৫॥

থাকেন। তা'র পব তিনি যদি বণস্থল হইতে পলায়ন কবেন, তবে সেটা ত আমাদেব পক্ষে জয় লাভ কবা অপেক্ষাও অধিক' ॥১০॥

সঞ্জয় বলিলেন—'রাজা। তখন জোণাচার্য্যেব সেই কথা শুনিয়া ত্রিগর্ত্ত-দেশাধিপতি স্থশর্মা ভ্রাতাদের সহিত মিলিত হইয়া এই কথা কহিলেন—॥১১॥

'বাজা। অর্জুন সর্বদাই আমাদের অপমান কবিয়াছে। আমাদেব কোন অপবাধ ছিল না: তথাপি সে আমাদেব নিকটে অপবাধ কবিয়াছে ॥১২॥

আমবা অর্জুনকৃত সেই নানাবিধ অপনান স্মবণ করিয়া সর্বদা ক্রোধানলে দগ্ধ হইতে থাকিয়া বাত্তিতে নিজা যাইতে পাবি নাই ॥১৩॥

কিন্তু সেই অন্ত্ৰজ্ঞ অৰ্জুন ভাগ্যবশতঃ আজ আমাদের দৃষ্টিপথে আসিয়াছে। স্বতরাং আমবা মনোগত যে কার্য্য কবিবাব ইচ্ছা কবি, আব যে কার্য্য আপনাব প্রিয় এবং আমাদেবও যশস্কর, আমবা সেই কার্য্য কবিব; (অর্থাৎ) আমবা অর্জুনকে জোণাচার্য্যেব যুদ্ধস্থান হইতে অগ্যত্র লইয়া যাইয়া উহাকে বধ করিব ॥১৪—১৫॥

⁽১৩) - निह त्मम पिया निमि-- थि, -- प्रक्रमाना श्रममहि महा निमि-नि।

অতাস্থনর্জ্বনা ভূমিরত্রিগর্ত্তাথবা পুনঃ।
সত্যং তে প্রতিজ্ঞানীমো নৈত্রনিখ্যা ভবিষ্যতি ॥>৬॥
এবং সত্যরথশ্চাক্ত্রণ সত্যবর্ত্মা চ ভারত।।
সত্যরভশ্চ সত্যেষ্ণং সত্যবর্ত্মা তথৈব চ ॥>৭॥
সহিতা ভাতরং পঞ্চ রখানামযুতেন চ।
অবর্ত্তমহাবাজ। কৃত্যা শপথমাহবে ॥>৮॥ (য়ুর্মাকম্)
মালবাস্ততিকেরাশ্চ রখানামযুতিব্রিভিঃ।
হুশর্না চ নরব্যান্ত্রন্ত্রিগর্ত্তঃ প্রস্থলাধিপঃ॥>৯॥
মাবেল্লকৈর্ল লিখেশ্চ সহিতো মদ্রকৈরপি।
রখানামযুতেনৈব সোহগমদ্ভাভৃভিঃ সহ॥২০॥ (য়ুগ্মকম্)
নানাজনপদেভ্যশ্চ রখানামযুতং পুনঃ।
সমুখিতং বিশিফানাং শপথার্থমুপাগমৎ॥২১॥
ততো জ্বলমানায্য ভূত্মা সর্বে পৃথক্ পৃথক্।
জগৃন্তঃ কুশচীরাণি চিত্রাণি কবচানি চ ॥২২॥

অন্তেতি। অনৰ্জ্না অৰ্জ্নরহিতা, অত্তিগর্জা ত্রিগর্জবিহীনা ॥১৬॥
এবমিতি। সত্যা অমোঘা ইয়বো বাণা ষশ্ত সং। অযুতেন চ সহিতাং ॥১१—১৮॥
মানবা ইতি। ত্রিভিরষ্তৈং সহিতা ইতি শেষং। অগমদ্যুদ্ধায় ॥১৯—২০॥
নানেতি। সম্থিতং যুদ্ধাযোদ্যুক্তম্, বিশিষ্টানাং প্রধানানাম্ ॥২১॥
তত ইতি। জ্লনমগ্রিম্। কুশচীবাণি কুশময়কোপীনানি ॥২২॥

আৰু পৃথিবী অৰ্জুনশৃহ্য কিংবা ত্ৰিগৰ্ত্তশৃহ্য হউক। আমবা আপনাব নিকট সভ্য প্ৰতিজ্ঞা কবিলাম, ইহা মিথ্যা হইবে না'॥১৬॥

ভবতনন্দন মহাবাজ। সভ্যবর্থ, সভ্যবর্দ্মা, সভ্যব্রত, সভ্যেষু ও সভ্যকর্দ্মা এই পঞ্চ ভ্রাভা এইবপ বলিয়া অযুত বথ লইয়া যুদ্ধবিষ্যে শপথ কবিয়া নীব্র হইলেন ॥১৭—১৮॥

আর তিন অযুত বথেব সহিত মালবগণ ও তৃত্তিকেরগণ এবং নবশ্রেষ্ঠ প্রস্থলাধিপতি ত্রিগর্ত্তদেশীয় সেই স্থশর্মা মাবেল্লক, ললিথ, মদ্রক, অযুত বথ ও ভ্রাতৃগণেব সহিত মিলিত হইযা চলিলেন ॥১৯—২০॥

আবাব নানাদেশ হইতে আগত বিশিষ্ট অযুত রথী যুদ্ধেব নিমিত্ত উদ্যোগী হইযা শপথ কবিবাব জ্ঞা উপস্থিত হইলেন ।২১।

⁽১৭) --- সভ্যধর্মা -- সভ্যেষ্ট: সভ্যকর্মা--- পি। (১২) -- ভূত্তিকেয়া:--- পি। (২২) ভভো অলন্মান্চ্য---বা ব রা নি।

তে চ বদ্ধতনুত্রাণা স্থতাক্তাঃ কুশচীরিণঃ।
মৌর্বীমেখলিনো বীরাঃ সহস্রশতদক্ষিণাঃ॥২৩॥
যজানঃ পুত্রিণো লোক্যাঃ কুতকুত্যান্তনুত্যজঃ।
যোক্ষ্যমাণান্তদাত্মানং যশসা বিজ্ঞয়েন চ॥২৪॥
ব্রহ্মচর্য্যশ্রেতিমুখৈঃ ক্রতুভিশ্চাপ্তদক্ষিণাঃ।
প্রাপ্যান্তো কান্ স্থুদ্দেন ক্ষিপ্রমেব যিয়াসবঃ॥২৫॥
ব্রাহ্মণাংস্কর্পয়িত্বা চ নিক্ষান্ দত্ত্বা পৃথক্ পৃথক্।
গাশ্চ বাসাংসি চ পুনঃ সমাভাষ্য পরস্পরম্॥২৬॥
প্রজ্ঞান্য কুফবর্জানমুপাগম্য রণব্রতম্।
তিশ্মিমগ্রো তদা চক্রুঃ প্রতিজ্ঞাং দূঢ়নিশ্চয়াঃ॥২৭॥ (কুলকম্)

ত ইতি। বদ্ধতম্ব্রাণা ধৃতকবচাং, ঘৃতাজাং, কুশচীবিণং কুশমযকে সীন্ধারিণং, মোর্বীমেধলিনং তৃণবিশেষনি মিতমেধলাযুক্তাং, সহস্রশতদক্ষিণা যক্তে দত্তককদক্ষিণাং। মন্ধানা মধাবিধি কৃতযক্তাং, পুজিণং পুজেষু পবিজনভাবভাগনকাবিণং, লোক্যাং পুণালোকপ্রাপ্তিযোগ্যাং, কৃতকৃত্যাং সম্পাদিতসর্বনাং নাবিককার্যাং, তহুতাকো যুদ্ধে দেহত্যাগাধিনং, তদা ধশনা বিজয়েন চ আত্মানং বোক্ষ্যমাণা যুক্তং কবিশ্বন্তঃ। স্থাদ্দেন ভারমুদ্দেন, ক্ষিপ্রমেব, ব্রহ্মচর্য্যাই-বিধমৈথুনত্যাগং প্রতির্বেদাধ্যমনক মুখং প্রধানং বেষু তৈঃ, আপ্তদক্ষিণঃ প্রচ্বদক্ষিণায়ুক্তক্ষ, ক্রত্তির্বজ্ঞাং, প্রাপ্যান্ লোকান্ অর্গান্, বিষাদ্বো বাভ্মিচ্ছবং, তে বীবাং, পৃথক্ পৃথক্ নিছান্ অর্প্যাবিশেবান্, গাল্চ, বাসাংসি চ দন্ধা, ব্রাহ্মণান্, তর্পবিদ্ধা সস্তোগ্ধ, পুনং পবস্পবং সমাভাগ্ধ বৃদ্ধুভাবিনোলগ্য, কৃষ্ণবর্মা নম্বিং প্রজ্ঞান্য, রণব্রতম্, উপাগ্ম্য অলীকৃত্য, দৃঢ়নিশ্ব্যাং সন্তঃ, তিশ্বিমান্ন তদ্বিসমীপে, তদা বৃদ্যমাণপ্রকাবাং প্রতিজ্ঞাং চক্তঃ ১২৩—২৭।

তাহাব পব তাঁহারা সকলে আগুন আনাইয়া পৃথক্ পৃথক্ ভাবে হোম করিয়া কুশময় কৌপীন ও বিচিত্র কবচ ধাবণ কবিলেন ॥২২॥

যাঁহারা পূর্বে যথাবিধানে যজ্ঞ কবিয়া ভাহাতে লক্ষমুজা দক্ষিণা দিয়াছিলেন, সংসারেব সমস্ত কার্য্য কবিযাছিলেন এবং পুত্রবান্ ও পুণ্যলোকপ্রাপ্তির যোগ্য হইয়াছিলেন; সেই বীবেবা তৎকালে মৃতাজনেহ হইয়া, বর্মধাবণ, কুশময় কোপীন পরিধান ও মৌর্বা মেখলা বন্ধন করিয়া, যশ ও জয়স্থথেব প্রার্থী হইয়া, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন ও প্রচুরদক্ষিণাসম্পন্ন যজ্ঞদারা প্রাণ্য স্বর্গে ভ্যায়য়ুদ্ধের গুণে সম্বই যাইবাব ইচ্ছা করিয়া, পৃথক্ পৃথক্ ভাবে স্বর্ণমূজা, গো ও বন্ত দান-দারা ব্রাহ্মণগণের সম্ভোষ জন্মাইয়া, পরম্পর বন্ধুভাবে সম্ভাষণ কবিয়া, সমবব্রতে দীক্ষিত হইয়া দৃঢ় নিশ্চয় করিয়া জায়প্রপ্রদাননপূর্ব্যক সেই জায়ব নিকটে প্রতিজ্ঞা কবিতে লাগিলেন—॥২৩—২৭॥

⁽২৩) তেহ্বন্দত হতাশা দ্বতাক কুশচীরিণ:। মৌশীমেখলিন:- পি।

শৃণ্বতাং সর্ব্বভূতানামুকৈর্বাচো বভাষিরে। সর্বে ধনঞ্জয়বধে প্রতিজ্ঞাঞ্চাপি চক্রিরে ॥২৮॥ যে বৈ লোকাশ্চানৃতিনাং যে চৈব ব্ৰহ্মঘাতিনাম্। মত্যপশ্য চ যে লোকা গুরুদাবরতশ্য চ ॥২৯॥ ব্রহ্মসহারিণশ্চৈব রাজপিগুাপহারিণঃ। শরণাগভঞ্চ ত্যজ্জতো যাচমানং তথা স্নতঃ ॥৩০॥ অগারদাহিনাঞৈব যে চ গাং নিম্নতামপি। অপকারিণাঞ্চ যে লোকা যে চ ব্রহ্মদ্বিয়ামপি ॥৩১॥ স্বভার্য্যামৃত্যুকালেযু মোহাদৈ নাভিগচ্ছতাম্। শ্ৰাদ্ধমৈথুনিকানাঞ্চ যে চাপ্যাত্মাপহারিণাম্ ॥৩২॥ ন্যাসাপহারিণাং যে চ শ্রুতং নাশ্যতাঞ্চ যে। ক্লীবেন যুধ্যমানানাং যে চ নীচানুসারিণায় ॥৩৩॥ নাস্তিকানাঞ্চ যে লোকা যেহগ্নিমাতৃপিতৃত্যজাম্। তানাপ্র্য়ামহে লোকান্ যে চ পাপক্বতামপি॥৩৪॥ যতহত্বা বয়ং বুদ্ধে নিবর্ত্তেম ধনপ্রয়ম্। তেন চাভ্যন্দিতান্ত্ৰাসাম্ভবেমহি পরাগ্নুধাঃ ॥৩৫॥ (কুলকম্)

পৃথতামিতি। বাচো বক্ষ্যমাণাঃ। সর্বে তে বীরাঃ ॥২৮॥

य हेि । लोको नवकाः, जन्छिनाः भिशाभन्नोन्नगाम् । मछभ्छ मछभायिनः । न्नाक्षिथाभद्यात्रित्याः नवन्त्रविद्याः । न्नाक्षिथाभद्यात्रित्याः नवन्त्रविद्याः । न्नाक्षिथाभद्यात्रित्याः नवन्त्रविद्यात्रित्याः । न्नाक्षियाः । व्यक्षियाः विन्नाविद्याः । व्यक्षियाः विन्नाविद्याः । व्यक्षियाः व्यक्षियः व्यक्षियः व्यक्षियः । व्यक्षियः । व्यक्षियः व्यक्षियः । व्यक्षियः । व्यक्षियः व्यक्षियः । व्यक्षियः ।

আব তাঁহাবা সকলে সমস্ত লোকেব সমক্ষে উচ্চস্ববে এই কথাগুলি বলিতে থাকিলেন এবং অৰ্জ্জনবধে প্ৰতিজ্ঞা করিতে লাগিলেন— ১৮॥

'আমরা যুদ্ধে অর্জুনকে বধ না করিয়া যদি ফিবিয়া আসি, কিংবা অর্জুন-কর্ত্তৃক নিপীড়িত হইয়া যদি ভয়বশতঃ পবালুখ হই, তবে মিথ্যাপবায়ণ,

ব্ৰোণ (২১)-১৮

⁽২৯) যে বৈ লোকাশ্চাত্রভিনামৃ—বা ব রা নি। (৩•) ন্যাচমানাংগুণা ছভামৃ—পি।
(৩১) ন্থ অপচারিণাঞ্চ যে লোকাং—পি। (৩২) স্বন্ধানামৃত্যুকালেমু ধে মোহান্নভিগ্লভভান্
—পি।

যদি জন্তকরং লোকে কর্ম কুর্য্যাম সংযুগে।
ইক্টাল্লোকান্ প্রাপ্তাম বয়মন্ত ন সংশয়ঃ ॥৩৬॥
এবমুক্ত্বা তদা রাজন্। তেহভাবর্তন্ত সংযুগে।
আহ্ররন্তোহর্জ্জনং বীরাঃ পিতৃজুক্টাং দিশং প্রতি ॥৩৭॥
আহ্রতন্তৈর্ব্যান্ত্রঃ পার্থঃ পরপুরঞ্জয়ঃ।
ধর্মরাজমিদং বাক্যমপদান্তরমত্রবীৎ ॥৩৮॥
আহ্রতো ন নিবর্ত্তেযমিতি মে ত্রতমাহিতম্।
সংশপ্তকাশ্চ মাং রাজন্। আহ্রয়ন্তি মহামুধে ॥৩৯॥

যদীতি। অস্করম্ অত্যৈত্ দ্বম্। প্রাপ্থামঃ প্রাপ্তামঃ। ঈদৃশশপথকরণাদেবামীবাং শংশপ্তক ইতি সংজ্ঞা, সমাক্ শশুং শপথো বেষাং ত ইতি ব্যুৎপত্তেঃ। সংজ্ঞান্নাঞ্চ কপ্রতায়ঃ ॥৩৬॥

এবমিতি। অভ্যবর্ত্তস্ত উৎস্থকা অভবন্। পিতৃভিজু ষ্টাং সেবিতাং দক্ষিণাম্ ॥৩৭॥ আহুত ইতি। অপদান্তরং পাদ্যাসব্যবধানমপি ঘণা ন স্থান্তথা। পরেষামশ্রবণায়েতি ভাবঃ॥৩৮॥

ব্রহ্মহত্যাকাবী, মগুপায়ী ও গুরুপত্নীগামীদেব যে নবক হয়, আমাদেব যেন সেই নরক হয়; আব ব্রহ্মসহাবী, বাজদন্তবৃত্তিচ্ছেদী, শবণাগতত্যানী, প্রার্থি-হত্যাকারী, পবগৃহদাহী, গোঘাতী, পরাপকারী ও বেদবিদ্বেষীব যে নবক হয়, আমাদের যেন সেই নরক হয়; আবাব যাহাবা মোহবশতঃ ঋতৃকালে নিজভার্ঘা গমন না করে, যাহাবা প্রান্ধদিনে জ্রীসংসর্গ করে, যাহাবা আত্মবঞ্চনা করে, যাহাবা পরের গচ্ছিত জব্য অপহবণ করে, যাহাবা পরেব প্রতিশ্রুত বস্তু নষ্ট করে, যাহাবা ত্র্বলেব সহিত যুদ্ধ করে, যাহাবা নীচজাতিব জন্মসবণ করে, যাহারা নাস্তিক, যাহাবা নিত্যহোমের জন্ম স্থাপিত অন্ধি, পিতা ও মাতাকে ত্যাগ করে এবং যাহারা অগ্যবিধ পাপ করে, তাহাদের যে নরক হয়, আমাদেব যেন সেই নরক হয় ॥২৯—৩৫॥

পক্ষান্তবে আমবা যদি জগতে অন্তেব হন্ধৰ কাৰ্য্য যুদ্ধে কবিতে পাৰি, তবে যেন নিশ্চয়ই অভীষ্ট স্বৰ্গ লাভ কবিতে সমৰ্থ হই ॥৩৬॥

বাজা। সেই বীবেবা তখন এইকপ বলিয়া দক্ষিণদিকে যাইয়া যুদ্ধ কবিবাব জন্ম অর্জুনকে আহ্বান কবিয়া সেই যুদ্ধের নিমিত্ত উৎস্কুক হইযা রহিলেন ॥৩৭॥

ভাঁহারা আহ্বান কবিলে, নবশ্রেষ্ঠ ও শক্রনগরবিজয়ী অর্জ্জুন অত্যন্ত নিকটে ধাইয়া যুধিষ্ঠিবকে এই কথা বলিলেন—১৩৮১

⁽৩৮)---নরব্যাট্ড:--বা ব রা নি।

এষ চ জ্রাতৃতিঃ সার্দ্ধং স্থশর্মাহ্বয়তে রণে।
বধায় সগণস্থাস্থ মামমুজ্ঞাতুমর্হসি ॥৪০॥
নৈতচ্ছকোমি সংসোঢ়ুমাহ্বানং পুরুষর্যত।
সত্যং তে প্রতিজ্ঞানামি হতান্ বিদ্ধি পরান্ যুধি ॥৪১॥
যুধিন্ঠির উবাচ।

শ্রুতং তে তত্ত্বস্তাত ! যদ্দ্রোণস্থ চিকীর্ষিতম্। যথা তদনৃতং তস্থ ভবেতত্ত্বং সমাচর ॥৪২॥ দ্রোণো হি বলবান্ শূরঃ কুতান্ত্রশ্চ জিতশ্রমঃ। প্রতিজ্ঞাতঞ্চ তেনৈতদ্গ্রহণং মে মহারথ ! ॥৪৩॥

অৰ্জ্জুন উবাচ।

অয়ং বৈ সত্যজিদ্রোজনত স্বাং রক্ষিতা মুধি। প্রিয়মাণে চ পাঞ্চাল্যে নাচার্য্যঃ কামমাপ্যাতি॥৪৪॥

আহত ইতি। মে মরা, বতং নিরম:, আহিতং ধৃতমানীং ।০১॥

এম ইতি। নগণত অমুচবাদিসহিতত ॥৪০॥

নেতি। বিদ্ধি জানীহি, পবান্ স্থশর্মাদীন্ শত্তন্ন ॥৪১॥

শতমিতি। চিকীর্বিতং কর্ড মিউমিতি ভাবে ক্তঃ। অনৃতং মিথা। ॥৪২॥

রোণ ইতি। কৃতাত্তঃ শিক্ষিতসর্বাত্তঃ, ক্তিশ্রমঃ চিরমুদ্ধেহপ্যপরিশ্রান্তঃ ॥৪০॥

'বাজা। 'কেহ আমাকে যুদ্ধে আহ্বান কবিলে, আমি নির্ত্তি পাইব না' এইবাপ ব্রত আমি গ্রহণ কবিয়াছি। অথচ সংশপ্তকেবা মহাযুদ্ধে আমাকে আহ্বান করিতেছে ॥৩৯॥

আবার ভাতাদেব সহিত এই স্থশর্মাও আমাকে যুদ্ধে আহ্বান কবিতেছেন। স্থতবাং অনুচবগণেব সহিত উহার বধেব জন্ম আপনি আমাকে অনুমতি ককন ॥৪•॥

পুকষশ্রেষ্ঠ। আমি এই আহ্বান সহা কবিতে পাবিতেছি না। আপনাব নিকট সত্য প্রতিজ্ঞা কবিতেছি যে, আপনি ঐ শত্রুগণকে যুদ্ধে নিহত বলিয়াই জানিয়া বাখুন' ॥৪১॥

যুধিষ্ঠিব বলিলেন—'বংস! জোণ যাহা করিবাব ইচ্ছা কবিয়াছেন, তাহা ভূমি যথার্থরূপে শুনিয়াছ। স্থৃতবাং যাহাতে তাহাব তাহা মিথ্যা হয়, ভূমি ভাহাই কব ॥৪২॥

মহাবথ। জোণ বলবান্, বীব, সমস্ত অন্ত্রে সুশিক্ষিত এবং চিবব্যায়ানেও অপবিশ্রাস্ত। তিনিই আমাকে গ্রহণ কবিবার এই প্রতিজ্ঞা কবিয়াছেন' 18৩। হতে তু পুরুষব্যাত্রে রণে সত্যজ্জিতি প্রভো !। সর্বৈরপি সমেতৈর্বনা ন স্থাতব্যং কথঞ্চন ॥৪৫॥

সঞ্জয় উবাচ।

অনুজ্ঞাতন্ততো বাজ্ঞা পরিষক্তশ্চ ফাব্রুনঃ।
প্রেম্ণা দৃষ্টশ্চ বহুধা হ্যাশিষশ্চাস্ত যোজিতাঃ ॥৪৬॥
বিহায়েনং ততঃ পার্থদ্রিগর্তান্ প্রত্যয়াদলী।
ক্ষুধিতঃ ক্ষুদিঘাতার্থং সিংহো মুগগণানিব ॥৪৭॥
ততো দৌর্য্যোধনং সৈত্তং মুদা পরময়া যুত্ম।
ঝাতেহর্জ্কনং ভূশং ক্রুদ্ধং ধর্মরাজ্বস্ত নিগ্রহে ॥৪৮॥

শয়মিতি। ধিয়মাণে শ্বতিষ্ঠমানে জীবতি, পাঞ্চাল্যে সত্যজিতি ॥৪৪॥
হত ইতি। সমেতৈঃ সন্মিলিতৈবপি, ন স্থাতব্যং স্রোণয়ুদ্ধে, শ্বপি তু শ্বপমর্ত্ব্যমেব,
শক্তবা লোগাভীইপুবণসন্তব ইতি ভাবঃ। এতাবদন্ত একাদশদিবসীয়য়াতিবৃত্তান্তঃ ॥৪৫॥
শ্বিতি। ততো রাত্রিপ্রভাতানন্তবম্, বাজ্ঞা মুধিষ্টিবেণ, পবিষক্ত শালিদিতঃ, ফাল্কনঃ
শর্জ্কনঃ। শক্ত শর্জ্নশ্যোপবি বহুধা শানিষক্ত যোজিতাঃ কৃতাঃ ॥৪৬॥
বিহাষেতি। এনং মুধিষ্টিবম্। শ্বাদগচ্ছং। কৃষিণাতার্থং কৃধানিবাবণার্থম্ ॥৪৭॥
তত ইতি। প্রতে বিনা। কুদ্ধমভবদিতি শেষঃ ॥৪৮॥

অর্জুন বলিলেন—'বাজা। এই সত্যজিৎ আজ যুদ্ধে আপনাকে বক্ষা কবিবেন। এই পাঞ্চালবীব জীবিত থাকিতে আচার্য্য অভীষ্টলাভ কবিতে পারিবেন না ॥৪৪॥

কিন্তু প্রভূ! এই পুকষশ্রেষ্ঠ সত্যজিৎ যুদ্ধে নিহত হইলে, আপনারা সকলে সন্মিলিত হইয়াও কোন প্রকাবেই আর জোণের যুদ্ধে থাকিবেন না'।৪৫॥

সঞ্চয় বলিলেন—'তাহাব পব বাত্রি প্রভাত হইলে, রাজা যুধিষ্ঠির অর্জুনকে যুদ্ধে যাইবার অনুমতি দিলেন এবং আলিঙ্গন, সম্মেহ দর্শন ও বছবিধ আশীর্বাদ করিলেন ॥৪৬॥

ভংপরে ক্ষুধার্ত্ত সিংহ যেমন ক্ষুধানিবাবণেব জন্ম মুগসমূহেব প্রতি গমন করে, সেইবাপ বলবান্ অর্জুন ত্রিগর্ত্তগণেব প্রতি গমন কবিলেন ॥৪৭॥

ক্রমে অর্জুন চলিয়া যাওয়ায় ছুর্য্যোখনেব সৈত্যেবা অত্যন্ত আনন্দিত ও ক্রুদ্ধ হইযা যুধিষ্ঠিবকে ধবিবাব জন্ম বিশেষভাবে সচেষ্ট হইল ॥৪৮॥

^{(84)...}न प्राञ्जार कतान-शि। (84)...मानियक थाराक्रिकाः-शि।

ততোহযোগেন তে সৈন্তে সমাজগ্মতুবোজসা।
গঙ্গাসরযে, বিগেন প্রার্ধীবোল্পণোদকে ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং দ্রোণপর্ববি
সংশপ্তকবধে অর্জ্জ্নপ্রয়াণে পঞ্চশোহধ্যায়ঃ॥०॥ *

-----:#**:**----

ষোড়শোইধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততঃ সংশপ্তকা রাজন ! সমে দেশে ব্যবস্থিতাঃ। ব্যূহ্যানীকং রথৈরেব চন্দ্রার্দ্ধাখ্যং মুদা যুতাঃ॥>॥ তে কিরীটিনমাযান্তং দৃষ্ট্বা হর্ষেণ মারিষ!। উদক্রোশন্ নরব্যান্ত্রাঃ শব্দেন মহতা তদা॥২॥

তত ইতি। প্রাবৃধি বর্ধাকালে, উবণোদকে উদ্বেশিতকলে ॥৪৯॥
ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্ব্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্ব্যবিরচিতাষাং মহাভারত-টীকারাং ভাবতকৌমূদীসমাধ্যাষাং জ্যোণপর্বাণি
সংশপ্তকবধে পঞ্চদশোহধ্যায়ঃ॥৩॥

তত ইতি। অনীকং স্বলৈক্তম্, বৃহ্ছ বৃহন্তপেণ দরিবেখা ॥১।

তাহার পর বর্ষাকালে উদ্বেলিডজন গলা ও সবযুনদী বেমন বেগে পরস্পর মিলিত হয়, সেইরূপ উভয়পক্ষেব সেই সেনা হুইটা সতেজে যাইয়া মিলিত হুইল' ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—'রাজা। তাহার পব সংশগুকেরা আনন্দিত হইয়া রপদারাই আপন সৈন্তদিগকে অর্দ্ধচন্দ্রনামকব্যুহকপে সন্নিবেশিত করিয়া সমতল ভূমিতে অবস্থান করিতে লাগিল ॥১॥

্ মাননীয় মহারাজ। তখন সেই নবশ্রেষ্ঠেবা অর্জুনকে আসিতে দেখিযা আনন্দে বিশাল স্বরে তাঁহাকে আহ্বান করিতে থাকিল ॥২॥

⁽৪৯) তে সেনে । * ' । বোড়শোহধ্যায়ः' ব, ' । সপ্তদশোহধ্যায়ः' বা নি।
(১) ব্যুঢ়ানীকং রথেনৈব চন্দ্রাধাথ্য মুদান্বিতা: — পি, । চন্দ্রাকাবং মুদা মৃতা: — বা, ব্যুঢ়ানীকৈ রথৈরেব চন্দ্রাধাধ্যমুদা মৃতা: — নি।

স শব্দঃ প্রদিশঃ সর্বা দিশঃ খঞ্চ সমার্ণোৎ।
আরতত্বাচ্চ লোকস্থ নাসীত্তত্ব প্রতিম্বনঃ ॥৩॥
সোহতীব সংপ্রহাইটাংস্তানুপলভ্য ধনঞ্জয়ঃ।
কিঞ্চিদভূযুৎস্মযন্ কৃষ্ণমিদং বচনমত্রবীৎ ॥৪॥
প্রশৈতান্ দেবকীমাতঃ! মুমূর্ম্পন্থ সংযুগে।
ভাতঃক্তৈগর্তকানেবং রোদিতব্যে প্রহর্ষিতান্ ॥৫॥
অথবা হর্ষকালোহযং ত্রেগর্তানামসংশ্যম্।
কুনরৈত্র রবাপান্ হি লোকান্ প্রাক্ষ্যন্তমুক্তমান্॥৬॥
এবমুক্ত্র্বা মহাবাহুদ্র ধীকেশং ততোহর্জুনঃ।
আসসাদ রণে ব্যুঢ়াং ত্রিগর্তানামনীকিনীম্॥৭॥
স দেবদক্তমাদায় শঙ্খং হেমপরিক্ষতম্।
দধ্যো বেগেন মহতা ঘোষেণাপুর্যন্ দিশঃ॥৮॥

छ हेजि। कित्रीणिनमर्क्न्नम्। जेमत्कागन् जेरेकत्रास्त्यन् ॥२॥

न हेि । श्वितियां विवित्रः । अयाकांमकः, नर्गावृत्वां वास्त्रां । ।

স ইভি। উপদভ্য জাতা। অভ্যুৎশ্বযন্ কৃষণভিম্ধমেব হসন্ ॥॥

পশ্রেতি। দেবকী মাতা ষশ্র তৎসংখাধনম্, মৃষ্মুন্ মর্ত্মিচ্ছ,ন্ Itl

অধবেতি। কুনরৈঃ পাপিমাহুবৈঃ, তুববাপান্ তুর্লভান্। অহুভ্যান্ সর্বোভ্যান্ ॥॥

এবমিতি। আনসাদ প্রাপ, ব্যুতাং ব্যুহরূপেণ সন্নিবেশিতাম্ । १।

সেই শব্দ সমস্ত দিক্, বিদিক্ ও আকাশ ব্যাপ্ত কবিল; তখন তাহাতে আব লোকেব কর্ণে তাহার প্রতিধ্বনি প্রবেশ কবিল না ॥খা

তখন অর্জুন তাহাদিগকে অত্যস্ত আনন্দিত দেখিয়া ঈষং হাস্ত করিয়া কৃষ্ণকে এই কথা বলিলেন—॥৪॥

'কৃষণা দেখ—এই ত্রিগর্ত্তদেশীয় ভ্রাতারা আজ যুদ্ধে মবিবাব ইচ্ছা কবিতেছে। স্থতবাং রোদন করিবার সময়ে আনন্দ প্রকাশ করিতেছে। ॥৫॥

অথবা এটা নিশ্চয়ই ত্রৈগর্ত্তগণের আনন্দের সময। কারণ, ইহারা পাপী লোকেব পক্ষে তুর্লভ সর্বেবাত্তম লোক লাভ করিবে ॥৬॥

মহাবাছ অর্জন কৃষ্ণকে এইরূপ বলিযা তাহাব পব সমরাঙ্গনে ব্যুহরূপে সন্নিবেশিত ত্রিগর্ত্তসেনাব নিকটে উপস্থিত হইলেন ॥৭॥

⁽७) म निमः श्रिमः मर्वा नष्टन्त्र ममानूर्षार—नि । (६) ... रेख्यंख्यान्तर ... रेख्यंख्यान्ति । (७) ... श्रीक्यांख्य मरब्र्यं —नि । (१) ... महावाह्यं — वा व ता नि । (৮) ... महावाह्यं निमः —ि ।

তেন শব্দেন বিত্রন্তা সংশপ্তকবর্রথনী।
নিশ্চেন্টাহ্বন্থিতা সংখ্যে হুশাসারম্যী যথা॥৯॥
বাহান্তেয়াং বির্ত্তাক্ষাঃ স্তর্কর্নশিরোধবাঃ।
বিউক্ষচরণা মৃত্রং রুধিরঞ্চ প্রস্তুক্রবুঃ॥১০॥
উপলভ্য চ তে সংজ্ঞামবন্থাপ্য চ বাহিনীম্।
যুগপৎ পাণ্ডুপুত্রায চিক্ষিপুঃ কক্ষপত্রিণঃ॥১১॥
তান্মর্জ্বনঃ সহস্রাণি দশপঞ্চৈবমাশুগৈঃ।
অনাগতান্যেব শরৈশিচচ্ছেদাশু পরাক্রমী॥১২॥
ততাহ্জুনং শিতৈর্বাণৈর্দশভর্মশভিঃ পুনঃ।
প্রাবিধ্যন্ত ততঃ পার্থসামবিধ্যক্রিভিক্রিভিঃ॥১০॥
একৈকস্ত ততঃ পার্থং রাজন্! বিব্যাধ পঞ্চভিঃ।
স চ তান্ প্রতিবিব্যাধ দ্বাভ্যাং দ্বাভ্যাং পরাক্রমী॥১৪॥

ন ইতি। দেবদন্তং নাম, হেমপরিত্বতং স্বর্ণশোভিতম্ ॥৮॥
তেনেতি। নংশপ্তকানাং বর্মধিনী সেনা। অশাসাবমনী ধর্মা পাষাণসারনির্দ্মিতের ॥>॥
বাহা ইতি। বাহা অবাং, বিবৃত্তাকা ঘূর্ণিতনয়নাঃ। ক্ষিরং মুখাৎ ॥> ৽॥
উপেতি। অবস্থাপ্য স্থিবীক্বত্য। ক্ষপত্রিণঃ ক্ষপক্ষমুক্তান্ বাণান্ ॥>>॥
তানীতি। আত্তপিত্রুতিগামিতিঃ। ইদং নৈপুণামিদানীমক্ষেরমেব ॥>২॥
তত ইতি। প্রাবিধ্যন্ত প্রাবিধ্যন্ সংশপ্তকা ইতি শেষঃ ॥>৩॥

এবং তিনি স্বর্ণথচিত 'দেবদত্ত-'নামক শঙ্খ লইয়া মহাবেগে তাহার ধ্বনি করিলেন; সেই শব্দে সকল দিক্ পূর্ণ হইয়া গেল ॥৮॥

সংশপ্তকসেনা সেই শব্দে অত্যস্ত ভীত হইযা সমরাঙ্গনে পাষাণময়ী প্রতিমার স্থায় নিশ্চেষ্ট অবস্থায় অবস্থান করিতে লাগিল ॥১॥

তাহাদেব অশ্বগণ ঘূর্ণিতনয়ন, স্তব্ধকর্ণ, নিশ্চলকণ্ঠ ও নিস্পান্দরণ হইয়া মূত্রত্যাগ ও রুধির বমন করিভে লাগিল ॥১০॥

ক্রমে তাহাবা চৈত্য লাভ কবিয়া সৈত্যগণকে আশ্বাসদানপূর্বক একদা অর্জনের উপরে বহুতর বাণ নিক্ষেপ করিল ॥১১॥

তাহাদের সেই পঞ্চদশ সহস্র বাণ না আসিতেই পরাক্রমশালী অর্জুন জ্রুত-গামী বাণসমূহদ্বাবা সম্বরই সেগুলিকে ছেদন কবিয়া ফেলিলেন ॥১২॥

তাহাব পব তাহারা আবার দশ দশটা স্থধার বাণদারা অর্জুনকে বিদ্ধ করিল ; অর্জুনও তিন তিনটা বাণদাবা তাহাদিগকে তাড়ন কবিলেন ॥১৩॥

⁽১১) উপদভ্য ততঃ সংজ্ঞাম—বা ব রা নি।

ভূয় এব তু সংক্রেদ্ধাস্তর্জু নং সহকেশবম্।
আপূর্য়ন্ শবৈস্তাকৈ স্তড়াগমিব রৃষ্টিভিঃ ॥১৫॥
ততঃ শরসহআণি প্রাপতন্ধর্জু নং প্রতি।
ভ্রমরাণামিব ব্রাতাঃ ফুল্লং ক্রমগণং বনে ॥১৬॥
ততঃ স্থবাহু স্তিংশদ্ভির ক্রিদারম হৈদ্ হৈঃ।
অবিধ্যদিষ্ভিগাদং কিরীটে সব্যসাচিনন্ ॥১৭॥
তৈঃ কিরীটা কিরীটি সেহের্মপুর্যুর জ্লিক্স গৈঃ।
শাতকু স্তম্যাপীড়ো বভৌ যুপ ইবোচ্ছ্রিতঃ ॥১৮॥
হস্তাবাপং স্থবাহোস্ত ভলেন মুধি পাণ্ডবঃ।
চিচ্ছেদ তকৈব পুনঃ শরবর্ষেরবাকিরৎ ॥১৯॥

একৈক ইতি। সংশপ্তকানামেকৈক ইত্যর্থ:। পঞ্চিরিত্যত্ত বীপ্সাবগন্তব্যা ।১৪।
তৃয় ইতি। আপ্রয়ন্ ব্যাপ্নবন্। রৃষ্টিভির্মেষা ইতি শেষ: ।১৫।
তত ইতি। বাতা: সম্হা:। ফ্লমিত্যনেনার্জ্ নস্ত বন্ধাক্তত্বং ব্যক্তাতে ॥১৬॥
তত ইতি। অত্যিনাবম্যেলো হ্মরে:। ইয়ুভির্বার্ণে: ॥১৭॥
তৈরিতি। শাতক্তময়: স্বর্ণময় আপীড়া শেখরো যস্ত ল: ॥১৮॥
হত্তেতি। হত্তাবাপং ধহন্ত পাদাতনিবাবপার্থং ধৃতং হন্তয়োশ্চর্মাবরণম্ ॥১৯॥

রাজা। তাহার পর সংশপ্তকেরা এক এক জন পাঁচ পাঁচটা বাণদ্বাবা অর্জুনকে বিশ্ব করিল; আবার পবাক্রমশালী অর্জুনও তাহাদের প্রত্যেককে হুই হুইটা বাণদ্বারা প্রতিবিদ্ধ করিলেন ।১৪॥

পরে মেঘ যেমন বৃষ্টিদ্বাবা জলাশয়কে ব্যাপ্ত কবে, সেইক্লপ সংশপ্তকেরা অত্যম্ভ ক্রুদ্ধ ছইয়া পুনবায় তীক্ষ্ণ বাণসমূহ দ্বাবা ক্ষের সহিত অর্জুনকে ব্যাপ্ত করিয়া ফেলিল ॥১৫॥

তদনস্তর অমরসমূহ যেমন বনে পুষ্পিত বৃক্ষসমূহের উপরে পতিত হয়, সেইরূপ সহস্র সহস্র বাণ যাইয়া অর্জুনের উপরে পতিত হইতে লাগিল ॥১৬॥

তৎপরে সুবান্ত শোহময় দৃঢ় ত্রিশটা বাণদাবা অর্জুনের মুক্টখানাকে গাঢ়ভাবে বিদ্ধা কবিলেন ॥১৭॥

তংকালে স্বর্ণময়শেখবযুক্ত উত্তোলিত যজ্ঞীয় যুপকান্ঠ যেরূপ শোভা পায়, সেইরূপ অর্জুনও মুকুটস্থিত স্বর্ণপুঝ সেই বাণগুলিদ্বাবা শোভা পাইডে লাগিলেন ॥১৮॥

⁽১৫) ख्य ध्व ड् नःत्रकाः—िन। (১৬)···क्षकक्षमणंत वतन—िन। (১৭)···विमात मदेत्रः वदिनः—व। व द्रां नि।

ততঃ স্থশর্মা দশভিঃ স্বরথশ্চ কিরীটিনম্।
স্থশ্মা স্থধসুশৈচব স্থবাক্তশ্চ সমার্পয়ৎ ॥২০॥
তাংস্ত সর্ববান্ পৃথগ্ বাণৈর্বানরপ্রবর্ধবক্তঃ।
প্রত্যবিধ্যদ্ধজাংশৈচষাং ভল্লৈশিচচ্ছেদ সায়কান্॥২১॥
স্থপনা ধনুশিছত্ত্বা হয়ংশচাস্থাবধীচ্ছবৈঃ।
অথাস্থ সশিবস্ত্রাণং শিরঃ কায়াদপাহরৎ ॥২২॥
তিন্মিন্ নিপতিতে বীরে ত্রেস্তান্তস্থ পদানুগাঃ।
ব্যদ্রবন্ত ভয়ান্তীতা যত্র দৌর্য্যোধনং বলম্॥২০॥
তত্যে জ্বান সংক্রেদ্ধো বাসবিস্তাং মহাচমূম্।
শরজালৈরবিচ্ছিনৈস্তমঃ সূর্য্য ইবাংশুভিঃ॥২৪॥
ততো ভয়ে বলে তন্মিন্ বিপ্রলীনে সমন্ততঃ।
সব্যসাচিনি সংক্রেদ্ধে ত্রৈগর্তান্ ভয়মাবিশৎ॥২৫॥

তত ইতি। দশভি: প্রত্যেকং বাজ্যাং বাজ্যাম্। সমার্পরং অপীজ্যং ॥২০॥
তানিতি। বানবপ্রবরো হন্মান্ ধ্বজে বস্ত সং অর্জ্কনঃ ॥২১॥
স্থবন ইতি। শিবজ্ঞাণেন মন্তকবক্ষকাববণবিশেষণ সহেতি তৎ ॥২২॥
তত্মিরিতি। অস্থাস্ত্রাসেনান্থিরচিন্তাঃ, পদান্থপা অন্তবাঃ ॥২৩॥
তত ইতি। বাসবস্ত ইক্রস্তাগতামিতি বাসবির্জ্জনঃ। তমঃ অন্ধকারম্ ॥২৪॥

ক্রমে অর্জ্জ্ন একটা ভল্লদ্বাবা যুদ্ধে স্থবাছব হস্তাবাপ ছেদন কবিলেন, পুনবায় বাণবর্ষণদ্বাবা স্থবান্তকে আবৃত করিয়া ফেলিলেন ১১৯ঃ

ভাহার পব স্থার্শ্মা, স্থবথ, স্থার্শ্মা, স্থায় ও স্থবাহু ইহাবা প্রভ্যেকে তৃই চুইটা বাণদ্বারা অর্জুনকে পীড়ন কবিলেন ॥২০॥

তখন অর্জুন বাণদ্বাবা তাঁহাদেব সকলকে পৃথক্ পৃথক্ ভাবে প্রতিবিদ্ধ কবিলেন এবং ভল্লদ্বারা ধ্বন্ধ ও বাণগুলিকে ছেদন কবিয়া ফেলিলেন ৷২১৷

এবং তিনি বাণদ্বাবা স্থধন্বাব ধন্ম ছেদন করিয়া অশ্বগুলিকে বধ কবিলেন ; পরে শিবস্তাণেব সহিত স্থধন্বাব মস্তকটাকে দেহ হইতে অপহবণ কবিলেন ঃ২২ঃ

সেই বীর নিপতিত হইলে, তাঁহাব অমুচরগণ উদ্বেগে অস্থিব ও ভয়ে ভীত হইযা যেখানে হুর্য্যোধনেব সৈক্ত ছিল, সেইখানে পলাযন কবিতে লাগিল ॥২৩॥

তাহাব পর সূর্য্য যেমন কিবণদ্বাব। অন্ধকাব বিনষ্ট কবেন, সেইরূপ অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইযা অবিচ্ছিন্ন শবজালদ্বাবা সেই বিশাল সেনা বিনষ্ট কবিছে থাকিলেন ।২৪।

⁽২২)···কায়াদপাভয়ৎ—নি। (২৩)···রণাভীতা ধেন দৌর্যোধনং বদম্ —পি। বোণ (২১)-১৯

তে বধ্যমানাঃ পার্পেন শরৈঃ সন্নতপর্বভিঃ।
তামূহাংস্তত্র তত্ত্বৈব ব্রস্তা মূগগণা ইব ॥২৬॥
ততত্ত্বিগর্ত্তরাট্ট ক্রুদ্ধস্তামুবাচ মহারথান্।
তালং ক্রতেন বঃ শূরা ন ভবং কর্ত্ত্বমূহ্য ॥২৭॥
শপ্তা তু শপপান্ ঘোরান্ সর্বাসেক্তম্প পশ্যতঃ।
গছা দৌর্য্যোধনং সৈক্তং কিং বৈ বক্ষাথ মুখ্যশঃ॥২৮॥
নাবহাস্তাঃ কথং লোকে কর্মাণানেন সংযুগে।
ভবেম সহিতাঃ সর্বেব নিবর্ত্তধ্বং যথাবদম্ ॥২৯॥
এবমূক্তাস্ত্র তে রাজন্। উদক্রোশন্ মূহ্মুহঃ।
শন্তাংশ্চ দশ্বিরে বীরা হর্ষয়ন্তঃ পরস্পরম্ ॥৩০॥

তত ইতি। বিপ্রদীনে নৃস্লান্থিতে। নবাসাচিনি অর্জুনে ।২৫।
ত ইতি। নরতানি বক্রাণি পর্সাণি উপাস্থাদেশা বেষাং তৈ: ।২৬।
তত ইতি। ব্রিগর্জগাট্ স্থশর্ম। জ্ঞাতেন প্রান্তিনে। ভাবে জ্ঞা ।২২।
শধ্যেতি। শপ্তা ক্রা। ম্থ্যান্ প্রধানান্ বীরানিভার্মা ।২২।
নেতি। অনেন প্রান্ত্রমণে। ধ্বাবদং ভ্রমণান্ত প্রায়ন্থামেবেভি ভাবা ।২২।
এবমিভি। উদক্রোশন্ উঠিভা কোলাহ্লমকুর্বন্। দ্মিরে বাদ্যামান্থা ।০০।

তদনস্তর অর্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইলে এবং সেই সংশপ্তকদৈন্ত ভগ্ন হইল। সকল দিকে লুক্লায়িত হইতে থাকিলে, ত্রৈগর্জগণের ভয় উপস্থিত হইল ॥২৭॥

এবং অর্জুন নতপর্বে বাণসমূহদ্বাবা বধ করিতে লাগিলে, সংশপ্তকেবা হরিণ-গণের ছায় ভীত হইয়া সেই সেই স্থানে মোহিত হইতে লাগিল ৷২৬৷

তংপরে ত্রিগর্ত্তরাজ স্থাশর্মা ক্রুদ্ধ হইয়া সেই মহারথগণকে বলিলেন— ধীরগণ। আপনারা পলায়ন কবিবেন না; আপনাদের ভয় নাই ৪২৭॥

বীরগণ! আপনারা সমস্ত কৌরবসৈন্সের সমক্ষে ভয়ন্তর শপথ করিয়া এখন ত্র্য্যোধনের সৈন্সের নিকটে ঘাইয়া পরে প্রধান বীরগণের নিকটে কি বলিবেন ? ॥২৮॥

যুদ্ধে এই কার্যান্থারা আমরা সকলে সন্মিলিত হইয়াই কি জগতে উপহাস্ত হইব না ? স্থতরাং আপনারা শক্তি অনুসারে ফিরুন' ॥২১॥

রাজা। সুশর্মা এইরূপ বলিলে, সেই বীরগণ পরস্পরকে প্রহার্ট করতঃ উচ্চস্বরে মূহমূ হিঃ কোলাহল ও শহুধননি করিতে লাগিলেন ১৩০।

⁽२৮) अस्ताव अभवान्-वा व दा नि।

ততন্তে সংস্থবর্ত্তন্ত সংশপ্তকগণাঃ পুনঃ । নারায়ণাশ্চ গোপালা মৃত্যুং কৃত্বানিবর্ত্তনম্ ॥৩১॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং দ্রোণপর্বাণি সংশপ্তকব্বে হুধম্ববিনাশে ষোড়শোহধ্যায়ঃ॥০॥ *

--- 242---

मखन्दर्भाव्याग्रः।

---:*:---

সঞ্জয উবাচ।

দৃষ্ট্বা তু সন্নির্ত্তাংস্তান্ সংশপ্তকগণান্ পুনঃ। বাস্তদেবং মহাত্মানমর্জ্কনঃ সমভাষত ॥১॥ চোদযাশ্বান্ হুষীকেশ। সংশপ্তকগণান্ প্রতি। নৈতে হাস্তস্তি সংগ্রামং জীবস্ত ইতি মে মতিঃ॥২॥

ভত ইতি। নারায়ণাঃ ক্লেন দুর্ব্যোধনায় দন্তা নাবায়ণাখ্যাং, গোণালা গোপলাতীয়া ইত্যাদ্যোপপর্বগ্যক্তম্। ন বিভতে নিবর্তনং যক্ত তং দর্বাধা নিশ্চিতমিত্যর্থঃ। এতেন দা নারায়ণী দেনাপি তদানীং সংশপ্তকান্তর্নিবিষ্টেতি প্রত্যেতব্যম্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ-শ্রীহ্রিদাসিদ্ধান্তবাগীশভট্টচার্য্য-বিবচিতায়াং মহাভাবতটীকায়াং ভারতকৌম্দীসমাখ্যাযাং জোণপর্বাণি সংশপ্তকবধে ষোডশোহধ্যায়ঃ ।।॥

দৃষ্টে₄তি। সন্নির্ত্তান্ যোজ ুমেবেতি ভাক ।১॥ চোদরেতি। চোদর সঞ্চালয়। এতে সংশপ্তকাঃ, হাশুস্তি ত্যক্ষ্যস্তি ।২॥

তাহার পব সেই সংশপ্তকেবা এবং গোপজাতীয় নাবায়ণসৈম্প্রেরা মৃত্যু স্থির কবিষা পুনরায় ফিবিল'॥০১॥

সঞ্জয় বলিলেন—'মহাবাজ! সেই সংশপ্তকেবা আবাব ফিবিয়াছে দেখিয়া অর্জুন মহাত্মা কৃষ্ণকে কহিলেন—॥১॥

'কৃষ্ণ! অশ্বগুলিকে সংশপ্তকগণেব দিকে চালাইয়া দাও। ইহাবা জীবিভ থাকিতে যুদ্ধ ভাগে করিবে না, ইহাই আমাব ধাবণা ।২॥

^{* &#}x27;…मखमानाश्यात्रः' व, '…षष्टीमानाश्यात्रः' वा द्या नि। (১)…षर्ह्नः थाणाचाराज—नि।

পশ্য মেহস্ত্রবলং বোরং বাহেবারিম্বদনস্থ চ।
ভাগৈতান্ পাতয়িয়ামি কুন্ধো রুদ্রং পশ্নিব॥৩॥
ততঃ রুষ্ণঃ স্মিতং রুত্বা প্রতিনন্দ্য শিবেন তম্।
প্রাবেশযত তুর্দ্ধর্যে যত্র যত্রৈচ্ছদর্ভল্পনঃ ॥৪॥
দ রথো ভাজতেহত্যর্থমূহ্মমানো রণে তদা।
উহ্মানমিবাকাশে বিমানং পাতৢরৈহয়ঃ॥৫॥
মণ্ডলানি ততশ্চকে গতপ্রত্যাগতানি চ।
যথা শক্রবথো বাজন্। যুদ্ধে দেবাহুরে পুরা॥৬॥
ভাগ নাবায়ণাঃ কুদ্ধা বিবিধায়ুধপাণযঃ।
ছাদযন্তঃ শরব্রাতঃ পরিবক্রধনঞ্জয়ম্॥৭॥
অদৃশ্যক্ষ মূহুর্ত্তেন চক্রুন্তে ভরতর্বভ।।
কৃষ্ণেন সহিতং যুদ্ধে কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্॥৮॥

আমার অন্তেব, বাহুযুগলেব ও ধমুব ওয়ন্তব বল দেখ। ক্রুদ্ধ কর যেমন পশুগণকে নিপাত কবেন, সেইবাপ আমিও আজ ইহাদিগকে নিপাত করিব'।

তাহার পর ত্র্বির্য কৃষ্ণ ঈষৎ হাস্ত ও মঙ্গলময় দৃষ্টিপাতে অর্জুনকে আনন্দিত করিয়া—অর্জুন যেখানে যেখানে যাইতে ইচ্ছা করিতে লাগিলেন, সেইখানে সেইখানে রথ চালাইতে থাকিলেন ॥৪॥

তখন পাণ্ডুরবর্ণ-ঘোটক-চালিত বিমান যেমন আকাশে শোভা পায়, সেইরপ শ্বেতবর্ণ-ঘোটক-চালিত সেই বথ সমরাঙ্গনে অত্যস্ত শোভা পাইতে লাগিল ॥৫॥

রাজা। তাহার পর পূর্বেকালে দেবাস্থ্রযুদ্ধে ইন্দ্রেব রথের স্থায় সেই রথ-থানা মণ্ডলাকাবে ভ্রমণ, গমন ও প্রত্যাগমন করিতে থাকিল ॥৬॥

তাহাব পর নানাবিধ অস্ত্রধাবী সেই নাবায়ণসৈন্তেবা ক্রুদ্ধ হইয়া বাণসমূহদাবা অর্জুনকে আচ্ছাদন কবতঃ তাহাকে পরিবেষ্টন করিল ॥৭॥

⁽৩) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (৪) ·· অভিনন্দ্য শিবেন তম্—পি ।

কুদ্ধস্ত ফাস্ক্রনঃ সংখ্যে বিগুণীক্তবিক্রমঃ।
গাণ্ডীবং ধনুরামৃজ্য তূর্বং জ্ঞাহ সংযুগে॥৯॥
বদ্ধা চ ক্রক্টিং বক্তে ক্রোধস্য প্রতিলক্ষণম্।
দেবদত্তং মহাশব্ধং পুরয়ামাস পাগুবঃ॥>০॥
অথাস্ত্রমরিসংঘন্নং আষ্ট্রমভ্যস্তদর্জ্জনঃ।
ততাে রূপসহস্রাণি প্রান্থবাসন্ পৃথক্ পৃথক্॥>>॥
আত্মনঃ প্রতিরূপৈক্তৈর্নানারূপৈর্বিমোহিতাঃ।
অন্যোন্তমজ্জ্নং মতা অমাত্মানঞ্চ জন্মিরে॥>২॥
অয়মর্জ্বনাং মতা অমাত্মানঞ্চ জন্মিরে॥>২॥
অয়মর্জ্বনাং মংযুল জন্মরক্যোন্তমাহবে॥>০॥
মোহিতাঃ পরমান্ত্রেণ ক্রমং জ্বায়ুঃ পরস্পরম্।
অশোভন্ত রলে যােধাঃ পুজ্পিতা ইব কিংশুকাঃ॥>৪॥

কুদ্ধ ইতি। ফান্ধন: শর্জ্ব:। আয়জোতি ধান্ধন্মতাব উক্ত: ।।।
বন্ধেতি। পূর্য়ামান ম্থবায়্না, পাশুবোহর্জ্ন: ॥১০॥
আথতি। ঘাইং ঘটু: প্রজাপতের্লব্ধ, অভ্যক্তং নমস্তায়্যকিপং ॥১১॥
আগ্মন ইতি। প্রতিরুপৈ: প্রতিমৃত্তিভি:। সং স্বপক্ষম্ ॥১২॥
অবমিতি। অত্র প্রথমপাদে অক্ষবাধিক্যমার্ধম্। সংমৃচা বিপক্ষা: ॥১৩॥

ভবতশ্রেষ্ঠ ! তাহাবা মূহুর্ত্তকালমধ্যে বাণসমূহদ্বাবা যুদ্ধে কৃষ্ণের সহিত কুস্তীনন্দন অর্জুনকে একেবাবে অদৃশ্য কবিয়া ফেলিল ॥৮॥

তথন অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া যুদ্ধবিষয়ে দিগুণ বিক্রম করিয়া মার্জনপূর্বক সম্বব গাণ্ডীবধন্থ ধারণ কবিলেন । ।।

এবং ডিনি মুখমণ্ডলে ক্রোধস্চক জ্বকুটী কবিয়া 'দেবদন্ত-'নামক মহাশন্থের ধ্বনি কবিলেন ॥১০॥

ভংপবে অর্জুন শক্রসমূহনাশক ছাষ্ট্র অস্ত্র নিক্ষেপ কবিলেন। তদনন্তব পৃথক্ পৃথক্ ভাবে সহস্র সহস্র প্রতিমূর্ত্তি প্রাত্নভূতি হইল ॥১১॥

তখন তাহাবা আগনাদেব অনুবাপ সেই সকল নানাবিধ প্রতিমূর্তিদ্বাবা মোহিত হইযা প্রস্পাবকে অর্জুন মনে কবিয়া স্থপক্ষকে, ও আত্মীয়কে বধ করিতে লাগিল 1>২॥

'এই অৰ্জ্জ্ন, এই কৃষ্ণ' এবং 'ইহাৰাই কৃষ্ণ ও অৰ্জ্জ্ন' এইৰূপ বলিতে থাকিয়া সেই সম্মোহিত সৈন্যেৰা যুদ্ধে পৰম্পৰ সংহাৰ কৰিতে থাকিল ॥১৩॥

(১২) - অন্তোত্তেনাৰ্জ্ঞ্নং মন্থা-নি।

उद्यः नदम्ब्याति देविद्युक्ति क्रप्टमः ।

इद्यः वर्ष्टः वन दौर नन्द्रस्यमारम् ॥५४।

वर्षः श्रव्यः दौर्ण्यक्तिसम् यानदानि ।

यादन्वरित्रवित्रम् दौर्ण्यक्तिसम् दौर्ण्यक्तिस्व ।

व्यव्यक्तिर्वर्यक्तिसम् दौर्ण्यक्तिस्व ।

व्यव्यक्ति दौर्ण्यक्तिसम् दौर्ण्यक्तिस्व ।

दौर्ण्यक्ति महक्तानि श्रीप्रं मन्दिर्गनि । १५२॥

वर्ण्यक्ति महक्तानि श्रीप्रं मन्दिर्गनि । १५२॥

वर्ण्यक्तिस्व महक्ति ।

श्रव्यक्तिस्व महत्र्यक्ति महक्ति ।

वर्ण्यक्तिस्व वर्ण्यक्तिस्व ।

वर्ण्यक्तिस्व वर्ण्यक्तिस्व ।

वर्ण्यक्तिस्व वर्ण्यक्तिस्व ।

वर्णे क्ष्यादिष्ठि क्षेत्रः दोन्दर्यक्ति ।

নেহিত। ইতি কৈনি করং কর্ট্র কলতে চ বক্তাকা মনোকর । ১৪।

তত ইতি বিজ্ঞানি নিজিয়ানি তথ মাট্রসং কর্ত্ত । ১৪।

তাহতি বীভংকরজন্ম : কলিখানর অন্তর্জনীয়া বোহারা । ১৬।

ত ইতি । কানের চোলিভার প্রেরিভার । পার্যে অর্জ্যন্ন । ১৭।

তত ইতি । কান্তর আন্তর্জানিক।

তত ইতি । কান্তর আন্তর্জানিক।

ক্রেজা ক্রাজ্যালী । আনুহুর্গ বিজ্ঞানীয়ালালা । ১১।

কত্তত্তি সংশপ্ত অর্জুনের পরমান্তে নেছিত হইবা পরস্পার বিনাশ প্রাপ্ত ইইল: অন্য সংশপ্ত হোহারা রক্তক্ততে হইব পুলিত বিংশুকরক্তনমূহের ন্যার শোভ পাইতে কালিল 1581

ভাহার পর অর্জুনের দেই ভীবে হস্ত ডাচানের নিক্সিপ্ত সহস্র সহস্র বাগ ভয় করিব নেই বীরগণতে বন্দরে প্রেরণ করিব 1১৫।

তদনস্ত অর্জুন হান্ত করিয়ে বাণহার। কবিখ, নালব, নাবেরক, তিগর্ভ ও বৌহর বীরগণতে পাড়ন করিতে কাগিকেন ISBI

ত্তীর অর্জুন বহ করিতে লাগিলে, কালপ্রেরিত সেই ক্রিরেরার অর্জুনের প্রতি নানাবিহ শরজাল নিক্লেপ করিতে থাকিলেন। ১৭।

তংশারে ভরহর বাদ্বর্থন হাত্ত হওরের তথন আর্ছন, তাঁহার রথ বা রক্ষ দুয়িগোসর হউতে লাগিলেন না 15৮।

ত্রন করে ও তর্জুন্তে দেখিতে না পাণ্ডাত তাঁহার। নিচত হুইরাছেন ইছা

'১৮) ন সাজ নার্জুন্তত তা নি,--প্রত্যুক্তর-নার্ভাল-শিব। (১০)--বাদানি
হার্জ্য-শি

ভেরীয়দঙ্গশন্থাংশ্চ দগ্ম বীরাঃ সহস্রশঃ।
সিংহনাদরবাংশ্চোগ্রাংশ্চক্রিরে তত্র মারিষ ! ॥২০॥
ততঃ প্রসিম্বিদে কৃষ্ণঃ থিমশ্চার্জু নমত্রবীৎ।
কাসি পার্থ! ন পণ্ডো ত্বাং কচ্চিচ্ছীবসি শত্রুহন্! ॥২১॥
তত্য তদ্বচনং প্রুত্বা ত্বরমাণো ধনপ্রয়ঃ!
বায়ব্যাত্রেণ তৈরন্তাং শরর্স্তিমপাহরৎ ॥২২॥
ততঃ সংশপ্তকত্রাতান্ সাশ্বদ্বিপর্থায়ুধান্।
উবাহ ভগবান্ বায়ুঃ শুক্ষপর্ণচয়্মানিব ॥২৩॥
উহ্মানাস্ত তে রাজন্! বহুবশোভন্ত বায়ুনা।
প্রতীনাঃ পক্ষিণঃ কালে রক্ষেভ্য ইব মারিষ।॥২৪॥
তাংস্তথা ব্যাকুলীকৃত্য ত্বরমাণো ধনপ্রয়ঃ।
ভ্যান নিশিতৈর্বাণৈঃ সহস্রাণি শতানি চ ॥২৫॥

ভেরীতি। দশ্ম বাদয়ামান্ত:। সিংহনাদা এব ববাস্তান্ ॥২০॥
তত ইতি। প্রসিধিদে দর্মাকো বভূব, থিন উদ্বেগনাবদন্ধ: ॥২১॥
তত্তেতি। তৈঃ দংশপ্তকৈঃ, অন্তাং কিপ্তাম্। "অন্ত কপণে" ইত্যামাৎ কঃ ॥২২॥
তত ইতি। সংশপ্তকানাং ব্রাতান্ সম্হান্। বায়ুবর্জ্নান্ত্রসভূতঃ ॥২০॥
উদ্বেতি। প্রতীনা আকাশং গতাঃ। "তীঙ্ বিহারদা গতে।" ইত্যামাৎ কঃ ॥২৪॥

ভাবিয়া সেই সংশপ্তকেরা আনন্দবশতঃ পরস্পর কোলাহল ও বসনান্দোলন করিতে লাগিল ॥১৯॥

এবং মাননীয় বাজা! সেই বীবেবা সহস্র সহস্র ভেবী, মূদক্ষ ও শশু বাজাইতে লাগিলেন, আর ভযঙ্কব সিংহনাদ কবিতে থাকিলেন ॥২০॥

তাহাব পব কৃষ্ণ বর্মাক্তকলেবব ও উদ্বেগে অবসন্ন হইয়া অর্জুনকে বলিলেন— 'অর্জুন। তুমি কোথায় আছ? তোমাকে ত দেখিতে পাই না, শক্রহস্তা। তুমি জীবিত আছ ত ?'॥২১॥

কুষ্ণেব সেই কথা শুনিয়া অর্জুন ব্বান্থিত হইয়া বায়ব্যান্ত্রদারা তাহাদেব নিক্সিপ্ত বাণর্ষ্টি নিবাবণ করিলেন ॥২২॥

ভদনস্তর প্রবল বাযু উপস্থিত হইযা হস্তী, অশ্ব, রথ ও অস্ত্রেব সহিত সংশপ্তকগণকে শুষ্ক পত্রসমূহেব ন্যায় বহন কবিতে লাগিল ॥২৩॥

মাননীয় বাজা। প্রবল ঝডের সময়ে বৃক্ষ হইতে উড্ডীন পক্ষিগণের ন্যায় সংশপ্তকেবা বাযুকর্তৃক নীত হইয়া বিশেষ শোভা পাইতে থাকিল ॥২৪॥

⁽২১)--- ন পশামি কচিৎ—নি। (২২) তক্ত ভঙাবিতং শ্রু —বা ব রা নি।

শিবাংসি ভলৈরহরদাত্ত্নপি চ সায়ুধান্!
হস্তিহস্তোপযাংশেচারন্ শরৈরুর্ব্যামপাত্যং ॥২৬॥
পৃষ্ঠচিছনান্ বিচরণান্ বিমন্তকদৃগঙ্গুলীন্।
নানালাবর্ত্রের্তীনাংশ্চকারারীন্ ধনঞ্জযঃ ॥২৭॥
গন্ধর্বনগবাকারান্ বিধিবং কল্পিতান্ রগান্।
শহৈবিশকলীকুর্ব্যংশ্চক্রে ব্যশ্বরথদ্বিপান্॥২৮॥
যুগুতালবনানীব তত্র তত্র চকাশিরে।
ছিন্না বথধ্বজ্বরাতাঃ কেচিত্রে ব্লচিং ক্লচিং ॥২৯॥
শোহ্রায়ুধিনো নাগাঃ সপতাকাঙ্গুশধ্বজাঃ।
পোহুঃ শক্রাশনিহতা ক্রমবন্ত ইবাচলাঃ॥ ০০॥

তানিতি। ব্যাকুলীকতা বায়ব্যায়েণ বিহবলান্ কথা ॥২৫॥
শিরাংনীতি। হতিহত্তোপনান্ গছগুণ্ডাভ্ল্যান্। উর্ব্যাং ভূমৌ ॥২৬॥
পৃষ্ঠেতি। পৃষ্ঠে চ্ছিয়া ইতি পৃষ্ঠ চ্ছিয়াতান্। দৃশশ্চফ্ংবি ॥২৭॥
গন্ধবৈতি। ক্রিভান্ দক্ষিতান্। বিশকলীকুর্বন্ গণ্ডগণ্ডীকুর্বন্। নংশপ্তকানশি
বিগতা অখা রথা বিপা হতিনশ্চ বেষাং ভান্ ভাদৃশান্ চক্রে ধনশ্বয় ইভামুকৃতিঃ ॥২৮॥
মৃগ্রেতি। মৃগ্রানি শিরাংশি ভালবনানি ভালকলসমূহা ইব ভানি, চকাশিরে ইব ॥২৯॥
সোভরেতি। উত্তবৈরুপরিশ্বিতৈরায়্বিভিরস্ত্রধারিভিঃ নহেভি তে, নাগা হতিনঃ ॥৩০॥

তাহাদিগকে সেইরূপ বিহবল কবিয়া অর্জুন হবান্বিত হইয়া স্থার বাণসমূহ-দ্বারা শত শত ও সহস্র সহস্র সংশপ্তককে বধ কবিতে লাগিলেন ॥২৫॥

মর্জুন ভক্নদারা সংশপ্তকগণের মস্তক ও অন্তযুক্ত বাছ ছেদন কবিতে থাকিলেন এবং বাণদারা তাহাদের হস্তিশুগুত্দ্য উরুগুলিকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিতে লাগিলেন॥২৬॥

ক্রমে অর্জুন শক্রগণকে পৃষ্ঠছিন্ন, চরণহীন, মস্তক, নয়ন, চকু ও অঙ্গুলীশূন্য এবং নানা অঙ্গবিহীন করিতে থাকিলেন ॥২ १।

অর্জুন বাণদ্বারা—যথাবিধানে সক্ষিত গন্ধর্বনগবাকৃতি বথগুলিকে খণ্ড খণ্ড কবতঃ সংশপ্তকগণকেও হন্তী, অশ্ব এবং রথবিহীন করিতে লাগিলেন ॥২০॥

সেই সেই স্থানে তালফলসমূহের ন্যায় মন্তক সকল যেন শোভা পাইছে লাগিল এবং কোন কোন স্থানে কতকগুলি বথেব ধ্বজ ছিন্ন দেখা যাইছে থাকিলে !২৯!

⁽२) ... डोइड्ड्नर-शि। (२१) -विहर्णान् वाह्ण्डिकणाङ्कान्-शि।

চামরাপীড়কধরাঃ অন্তান্ত্রনয়নাসবঃ।
সারোহান্তরগাঃ পে হুঃ পার্থবাণহতাঃ ক্ষিতৌ ॥৩১॥
বিপ্রবিদ্ধাসিনারাচাশ্ছিমবর্মার্ষ্ট শক্তবঃ।
পত্তযশ্ছিমমর্ম্মাণঃ কুপণাঃ শেরতে হতাঃ ॥৩২॥
তৈহতৈর্হম্মানেশ্চ পতদ্ভিঃ পতিতৈরপি।
ভ্রমন্তিনিন্টনিন্ডশ্চ ক্রুবমায়োধনং বভৌ ॥৩৩॥
রক্তশ্চ স্থমহজ্জাতং শান্তং ক্রধিরর্ম্নিভিঃ।
মহী চাপ্যভবদ্তুর্গা কবন্ধশতসঙ্কুলা ॥৩৪॥
তবভৌ রোদ্রবীভৎসং বীভৎসোর্যানমাহবে।
আক্রীড়মিব ক্রদ্রন্থ দ্বতঃ কালাত্যয়ে পশূন্ ॥৩৫॥

চামরেতি। চামবাপীড়কধরা: চামবরপশেধরধারিণা, প্রভা নির্গতা অদ্রাণি নাডীবিশেষা ন্যনানি চক্ষুংবি অসবঃ প্রাণাক্ত বেষাং তে। সাবোহা আরোহিসহিতা: ॥৩১॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধা নিপতিতা অনিনাবাচা বেষাং তে। ক্বপণা দীনা: ॥৩২॥ তৈরিতি। -নিইনন্তিবার্ত্তনাদং কুর্বন্ডিঃ, ক্রবং ডীষণম্, আয়োধনং যুদ্ধস্থলম্ ॥৩৩॥

दक् हैं छि। दक्षा धृनिः। भाखः निवृद्यम्। कृशी कृशीमा १७८।

তদিতি। বৌত্রং সংহারায় প্রবৃত্তমাত্রঞ্চ তৎ বীতৎসং মাংসশোণিতাক্তমান্যুণিতঞ্চেতি তৎ, বীতৎসোবর্জ্বস্থ যানং বথা। আক্রাড়ং ক্রীডায়ানম্। কালাত্যয় প্রলয়ে ॥০৫॥

অন্ত্রধারী আবোহীদেব সহিত এবং পতাকা, অঙ্কুশ ও ধ্বজেব দহিত হস্তী সকল বজ্রাহত বৃক্ষসমন্বিত পর্ববিতসমূহের স্থায় পতিত হইতে লাগিল ।৩০।

অর্জুনের বাণে আহত হওয়ায অশ্বগণের নাডী, নয়ন ও প্রাণ নির্গত হইতে থাকিল; তখন চামবৰূপ শেখবধাবী সেই অশ্বগণ আবোহীদেব সহিত ভূতলে পতিত হইতে লাগিল ॥৩১॥

অসি ও নারাচ নিপতিত এবং বর্ণ্ম, ঋষ্টি, শক্তি ও মর্ণ্ম ছিন্ন হইলে: পদাতিবা অবসন্ন ও নিহত হইয়া শয়ন কবিতে থাকিল ॥৩২॥

সংশপ্তকেবা হত, হন্তমান, পতিত, পাত্যমান ও ঘূর্ণিত হইয়া আর্ত্তনাদ করিছে লাগিলে, সমবস্থলটা ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩০॥

পূর্ব্বোৎপন্ন বিশাল ধূলিজাল বক্তবৃষ্টিতে নিবৃত্তি পাইল এবং বহুতর কবঃ প্রবিব্যাপ্ত সমবভূমি তুর্গম হইয়া পড়িল ।৩৪।

⁽৩১) চামবাপীড়কবচা: বা ব বা নি, -- অন্তান্ত্ৰন্যনান্তগা—নি। (৩২) বিপ্ৰবিদ্ধানি নথবা: পি বা ৰ রা, -- ছিরবর্ন্মাণ:—পি বা নি। জ্রোণ (২১)-২•

তে বধ্যমানাঃ পার্থেন ব্যাকুলাশ্বরথদিপাঃ।
তমেবাভিমুখাঃ ক্ষীণাঃ শক্তস্থাতিথিতাং গতাঃ ॥৩৬॥
সা ভূমির্ভরতশ্রেষ্ঠ । নিহতৈকৈর্মহারথৈঃ।
আন্তীর্ণা সংবর্ভো সর্ববা প্রেতীভূতিঃ সমন্ততঃ ॥৩৭॥
এতশ্মিমন্তরে চৈব প্রমত্তে সব্যসাচিনি।
ব্যুঢ়ানীকস্ততো দ্রোণো যুধির্চিরমুপাদ্রবং ॥৩৮॥
তং প্রত্যগৃহংস্ক্রিতা ব্যুঢ়ানীকাঃ প্রহারিণঃ।
যুধিষ্ঠিরং পরীক্ষন্তস্তদাসীত্তু মূলং মহৎ ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববি
সংশপ্তকবধে অর্জুনমুদ্ধে সপ্তদশোহধ্যায়ঃ॥০॥ **

ভ ইতি। তং পার্থমেব অভি লক্ষ্যীক্বতা স্থিতানি মুখানি ষেষাং তে । ০৬॥
সৈতি। অতি পার্থা। প্রেডীভূতিমূঁ তৈঃ ॥ ০৭॥
অতিমিরিতি। অন্তবে অবসবে, প্রমত্তে প্রকর্ষেণ বণমত্তে ॥ ০৮॥
তমিতি। পবীক্ষত্তো বিক্ত্মিচ্ছন্তঃ। তুমূলং মহচ্চ যুদ্ধমিতি শেবঃ ॥ ০০॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহবিদাসনিদ্ধান্তবাগী শভট্টাচার্য্যবিবচিতাযাং ভাবতকৌমূদীসমাধ্যায়াং প্রোণপর্বণি
সংশপ্তকবধে সপ্তদশোহধ্যায়ঃ ॥ ০॥

অর্জুনের সেই ভয়ঙ্কব ও বীভংসাকৃতি বর্থখানা, প্রলয়কালে প্রাণিসংহাবে প্রবৃত্ত কল্পের ক্রীড়াস্থানের স্থায় সমবাঙ্গনে প্রকাশ পাইতে লাগিল ॥৩৫॥

অর্জুন বধ করিতে লাগিলে, বিপক্ষেব হস্তী, অশ্ব ও বথ সকল বিহলে হইয়া পড়িল; তথাপি সংশপ্তকেবা ভাহাব অভিমুখে যাইতে থাকিয়া বিনষ্ট হইয়া ইন্দ্রলোকে যাইতে থাকিল ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ। সেই সমগ্র সমবভূমিটাই সকল দিকে নিহত ও মৃত সেই মহাবথগণদারা ব্যাপ্ত হইয়া ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

এই সময়ে অর্জুন যুদ্ধে উশ্বন্ত হইলে, ওদিকে দ্রোণ সৈক্ত সন্ধিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

তখন পাগুবপক্ষের যোদ্ধারাও যুখিষ্ঠিবকে বক্ষা করিবাব ইচ্ছা কবিয়া সজ্জিত সৈত্য লইয়া সত্বব জোণকে গ্রহণ কবিলেন। সেই সময়ে তুমুল ও গুকতব যুদ্ধ হইতে লাগিল'॥৩৯॥

^{* &#}x27; ज्हीनत्माञ्थासः' व, ' अव्यक्तिनिश्यमासः' वा दा नि ।

অফীদশো২খ্যায়ঃ।

---2#2---

সঞ্জয় উবাচ।

পরিণাম্য নিশাং তাং তু ভাবদ্বাজ্ঞা মহারথঃ।
উক্ত্বা স্থবছ রাজেন্দ্র। বচনং বৈ স্থযোধনম্ ॥>॥
বিধার যোগং পার্থেন সংশপ্তকর্গণঃ সহ।
নিজ্ঞান্তে চ তদা পার্থে সংশপ্তকর্গণ প্রতি ॥২॥
ব্যূঢ়ানীকস্ততো দ্রোণঃ পাগুরানাং মহাচমূম্।
অভ্যয়ান্তরতশ্রেষ্ঠ। ধর্মরাজজিম্বক্ষয়া ॥৩॥ (বিশেষকম্)
ব্যূঢ়াং দৃষ্ট্বা স্থপর্নেন ভারদ্বাজস্ত তাং চমূম্।
ব্যূহেন মগুলার্দ্ধন প্রত্যব্যূহদ্মুধিষ্ঠিবঃ ॥৪॥
মুখন্থাসীৎ স্থপর্নস্ত ভাবদ্বাজ্ঞা মহারথঃ।
শিরো তুর্য্যোধনো রাজ্ঞা সোদর্য্যঃ সামুগের্হতঃ ॥৫॥

পরীতি। পবিণাম্য অতিবাহা। ভারবাজো দ্রোণ:। বচনং তদ্দিন্যুদ্ধবিষয়কষ্।
পার্থেন পার্থক্ত। অভ্যয়াৎ অভ্যগচ্ছং। ধর্মরাজক্ত জিল্লক্ষা গ্রহীতৃমিচ্ছয়া॥>--০
ব্যুঢ়ামিতি। স্থপর্ণেন গরুডেন গরুডাকাবেণ। মগুলার্দ্ধেন অর্জচন্দ্রাকাবেণ॥৪॥
' মুখমিতি। স্থপর্ণক্ত কৌববপক্ষীষগরুডব্যুহক্ত। লাফুগৈবস্ক্চবসহিতৈঃ॥৫।

সঞ্জয় বলিলেন—'ভবতশ্রেষ্ঠ বাজেন্দ্র! এদিকে ভবদ্বাজনন্দন মহারথ জোণ সেই রাত্রি অতিবাহিত কবিয়া, যুদ্ধবিষয়ে ছর্য্যোধনকে বহু কথা বলিয়া, সংশপ্তকগণেব সহিত অর্জ্জনের সংযোগ ঘটাইযা, অর্জ্জন তথন সংশপ্তকদিগের বধেব জন্ম শিবিব হইতে নির্গত হইয়া গেলে আপন সৈম্মদিগকে ব্যুহ্বপে সজ্জিত কবিয়া, যুর্ধিষ্ঠিবকে ধবিবার ইচ্ছায় পাশুবগণেব বিশাল সৈত্যেব দিকে চলিলেন ॥১—৩॥

জোণেব সেই সৈক্তকে গক্ডব্যুহকপে সন্নিবেশিত দেখিযা যুধিষ্ঠিবও আপন সৈক্তগণকে অৰ্দ্ধচন্দ্ৰাকারে প্ৰতিব্যুহিত কবিলেন ॥৪॥

মহাবথ স্বয়ং জোণ সেই গৰুড়ব্যুহেব মুখ হইলেন এবং বাজা ছর্য্যোধন সহোদবগণ ও অনুচরগণে বেষ্টিভ হইয়া তাহাব মস্তকস্থানে বহিলেন ॥৫॥

⁽৩)···ধর্শরাজজি**দাং**সয়া—পি।

চক্ষ্মী কৃতবর্মা চ গোতিমশ্চাশুতাং ববঃ।
ভূতশর্মা ক্ষেমশর্মা করকাক্ষণ্ট বীর্য্যান্ ॥৬॥
কলিঙ্গাঃ সিংহলাঃ প্রাচ্যাঃ শ্বাভীবা দশেরকাঃ।
শকা যবনকাম্বোজ্ঞান্তথা হংসপথাশ্চ যে ॥৭॥
গ্রীবাযাং শ্বসেনাশ্চ দরদা মদ্রকেকয়াঃ।
গজাশ্ববথপত্যোঘান্তস্থঃ পরমদংশিতাঃ ॥৮॥ (বিশেষকম্)
ভূরিপ্রবান্তথা শল্যঃ সোমদত্তশ্চ বাহ্লিকঃ।
অক্ষোহিণ্যা রতা বীবা দক্ষিণং পার্সমান্থিতাঃ ॥৯॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যো কাম্বোজ্ঞশ্চ স্থদক্ষিণঃ।
বামং পার্সং সমাপ্রিত্য দ্রোণপুত্রাগ্রতঃ স্থিতাঃ ॥>॥
পৃঠে কলিঙ্গাঃ সাম্বর্চা মাগধাঃ পোণ্ডু মদ্রকাঃ।
গান্ধারাঃ শকুনাঃ প্রাচ্যাঃ পার্বতীয়া বশাতয়ঃ ॥>>॥
পুচ্ছে বৈকর্ত্তনঃ কর্ণঃ সপুত্রজ্ঞাতিবান্ধবঃ।
মহত্যা দেনয়া তম্থে নানাজনপদোথয়া ॥>২॥

চক্ষীতি। গোতম: রূপ:, অশুতাম্ অস্ত্রাণি কিপতাং মধ্যে বর:। শ্রা যে আতীরা-স্তদেশীয়ান্তে। প্রমদংশিতা অতীবহুসরদ্ধাঃ ১৬—১।

ভূবীতি। দক্ষিণং পার্যং ডক্ত গরুডবৃাহক্ত, আহিতা আলিতা: ॥১॥

বিন্দেতি। স্বাবস্তো স্বস্তিদেশীর্যো। শ্রোণপুত্রস্থ স্বর্থায়ঃ স্বগ্রতঃ স্থিতাঃ ॥১০।

পৃষ্ঠ ইতি। কলিখাদযো ভাগশো গ্রীবাপৃষ্ঠবোঃ স্থিতা ইতি ন পূর্ব্বোক্তিবিবোধ: ١১ ১॥

কৃতবর্দ্মা ও ধর্দ্ধবশ্রেষ্ঠ কুপ সেই ব্যুহেব নয়নবুগল হইলেন; আব বলবান্ ভূতশর্দ্মা, ক্ষেমশর্মা, কবকাক্ষ এবং কলিঙ্গ, সিংহল, প্রাচ্য, বীর আভীর, দশেরক, শক, যবন, কাম্বোজ, হংসপথ, শৃবসেন, দরদ, মজ ও কেকয়দেশীয় যোদ্ধারা হস্তী, অশ্ব, বথ ও পদাতিব সহিত বিশেষ স্থসজ্জিত হইয়া সেই ব্যুহেব গ্রীবাদেশে থাকিলেন ॥৬—৮॥

্ ভ্ৰিশ্ৰবা শল্য, সোমদত্ত ও বাহ্লিক এই চারি জন বীব এক অক্ষোহিণী সৈত্তে পরিবেষ্টিত হইয়া ব্যুহেব দক্ষিণ পার্ষে বহিলেন ।৯॥

অবস্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং কাম্বোজরাজ স্থদক্ষিণ ইঁহাবা বৃাহেব বাম পার্শ্ব আশ্রয় কবিয়া অশ্বত্থামার সম্মুখে থাকিলেন ॥১০॥

কলিন্দ, অম্বষ্ঠ, মগধ, পৌশু, মদ্রক, গান্ধাব, শকুন, প্রাচ্য, পার্ব্বতীয় ও বশাতিদেশীয় সৈম্মেরা (যথাসম্ভব বিভক্ত হইযা) ব্যুহেব পৃষ্ঠদেশেও বহিল ॥১১॥

⁽**৬**) চকুষী কৃতবর্গাসীৎ—নি।

জয়দ্রথাে ভীমরথঃ সম্পাতিথায়ভা জয়ঃ।
ভূমিঞ্জযাে ব্যক্তাথাে নৈষধশ্চ মহাবলঃ ॥>৩॥
ব্যতা বলেন মহতা ব্রহ্মলােকপুরস্কৃতাঃ।
ব্যহস্থােরসি তে রাজন্ । স্থিতা যুদ্ধবিশাবদাঃ ॥>৪॥ (যুগ্মকম্)
ক্রোণেন বিহিতাে ব্যহঃ পদাত্যশ্বরথদিপৈঃ।
বাতােদ্ধৃতার্ণবাকাবঃ প্রনৃত্ত ইব লক্ষ্যতে ॥>৫॥
তত্ম পক্ষপ্রপক্ষেভ্যাে নিম্পতিন্তি যুযুৎসবঃ।
সবিত্যাৎস্তনিতা মেঘা সর্ববিদিন্তাঃ ইবােষ্ণকাে ॥>৬॥
তত্ম প্রান্তর্জনিতা মেঘা সর্ববিদিন্তাঃ ইবােষ্ণকাে ॥>৬॥
তত্ম প্রান্ত্রেলিতাাে মধ্যে বিধিবৎ কল্লিতং গজম্।
আন্থিতঃ শুশুভে বাজন্ধংশুমানুদ্রে যথা ॥>৭॥
মাল্যদামবতা বাজন্ । শ্বেতছক্রেণ হার্য্যতা।
কৃত্তিকাযােগযুক্তেন পার্ণমাত্যামিবেন্দুনা ॥>৮॥ (যুগ্মকম্)

পুদ্ধ ইতি। বৈকর্তনো বিকর্ত্তনক্ত স্থ্যক্ত পূত্রং। নানাজনপদেষু উপন্না উৎপন্নবা ॥১২॥ জনত্রথ ইতি। নৈবধা নিষধরাজ্ঞং। বন্ধলোকঃ পূবস্কুতো যুদ্ধমৃত্যুনা হৈছে ॥১৩—১৪॥ জোণেনেতি। বাতোদ্ধ্ তার্ণবাকাবো বায়্বেলিতসম্কত্লাঃ। লক্ষাতে দৃখাতে স্ম ॥১৫॥ জক্তেতি। বিহান্তিঃ গুনিতৈর্গর্জনৈক্ত সহেতি তে। উকং গ্রীমং গচ্ছতি অতিকামতীতি তিমিন্ বর্ষাকাল ইত্যর্থঃ॥১৬॥

ভক্তেতি। প্রাগ্জোতিষম্বরগবাধিপতির্গদন্তঃ। কল্লিডং সজ্লিতম্। অংশুমান্ স্ব্যঃ। মাল্যদামবভা মুক্তামালারপস্তবতা, ধার্য্যভা মন্তকোপরি ধার্যমাণেন। পৌর্ণমালাং কৃত্তিকাযোগযুক্তসম্রঃ কার্ত্তিকমান এব ভবতি। ইদঞ্চ শুশুভে ইত্যক্ত করণম্ ।১ শ—১৮।

পুত্র, জ্ঞাতি ও বান্ধবগণ এবং নানাদেশজাত বিশাল দৈক্তেব সহিত সূর্য্যনন্দন কর্ণ ব্যাহের পশ্চান্ডাগে রহিলেন ।১২॥

বাজা। আব জয়জথ, ভীমবথ, সম্পাতি, ঋষভ, জয়, ভূমিঞ্চয, বৃষক্রাথ ও মহাবল নিষধরাজ এই সকল যুক্তবিশাবদ বীর বিশাল সৈল্পে পবিবেষ্টিত হইষা ব্রহ্মলোকে যাইবাব ইচ্ছা কবিয়া বৃাহেব বক্ষস্থলে থাকিলেন ॥১৩—১৪॥

মহাবাজ। হস্তী, অশ্ব, বথ ও পদাতিদ্বাবা জোণনির্দ্মিত দেই ব্যুহটাকে বায্-সঞ্চালিত সমুদ্রেব স্থায় নৃত্য করিতেই যেন দেখা গেল ॥১৫॥

বর্ষাকালে বিহাৎ ও গর্জ নযুক্ত মেঘসমূহ যেমন সকল দিক্ হইতে নির্গত হয়, সেইবাপ যুদ্ধার্থীবা সেই গৰুডব্যুহেব পক্ষ ও প্রাপক্ষান হইতে নির্গত হইতে লাগিলেন ১৬॥

⁽১৪)·· ব্রন্ধলোকপবিদ্বতাঃ—নি। (১৫)·· প্রমন্ত টব পি,···প্রনৃত্যদ্রিব—ব। (১৬) বস্তু পকপ্রপক্ষেত্যঃ—পি।

নীলাঞ্জনচয়প্রথেয়া মদান্ধ্যে দিবদো বভো।

অতির্কৌ মহামেবৈর্যথা স্থাৎ পর্বতো মহান্॥১৯॥
নানানৃপতিভির্বীরৈর্বিবিধায়ুধভূষণৈঃ।

সমন্বিতঃ পার্ববতীয়ৈঃ শক্রো দেবগণৈরিব॥২০॥
ততো যুধিচিরঃ প্রেক্ষ্য ব্যুহং তমতিমানুষম্।

অজ্বয়মরিভিঃ সংখ্যে পার্ষতং বাক্যমত্রবীৎ॥২১॥
ব্রাক্ষণস্থ বশং নাহমিয়ামগ্য যথা প্রভো!।

পারাবতসবর্ণাশ্ব! তথা নীতির্বিধীয়তাম্॥২২॥

ধৃষ্টত্বান্ধ উবাচ।

দ্রোণস্থ যতমানস্থ বশং নৈয়সি স্থব্রত।। অহমাবাদয়িয়ামি দ্রোণমগ্য সহানুগম্॥২৩॥

নীলেতি। নীলাম্বনচন্মপ্রধ্যা কৃষ্ণকজ্ঞলবাশিভূশ্যা, বিবদে ভগদত্তহন্তী ॥১ ৯॥
পুনর্ভগদত্তং বিশিন্টি নানেতি। সমন্বিতো ভগদত্তঃ শুভঙে ইত্যাহ্বৃত্তিঃ ॥২ •॥
তত ইতি। জেভূমশক্য ইত্যাৰ্যক্ষেম্, সংখ্যে যুদ্ধে, পার্যতং শ্বইত্যান্ম্ ॥২ ১॥
ব্যান্থভিতি। ইয়াং গচ্ছেন্ন্ম্। প্রভো! প্রভাবশালিন্! ॥২ ২॥
ব্যোশক্তেতি। যভমানশ্র বাং গ্রহীভূমিতি শেষঃ। হে স্থ্রত। স্ক্চবিতশাত্তনির্ম। ॥২ ৩॥

রাজা। উদযপর্বতে আরা স্থা যেমন শোভা পান, সেইরপ যথাবিধানে সচ্চিত হস্তীব উপবে আবাঢ় ভগদত্ত সেই ব্যুহমধ্যে শোভা পাইতে থাকিলেন। রাজা। কার্ত্তিকমাসেব পূর্ণিমাতিথিতে কৃত্তিকানক্ষত্রযুক্ত চল্রেব স্থায় ভগদত্তের মস্তকে ধৃত মুক্তমালাযুক্ত খেতচ্ছত্রদ্বাবাও তিনি শোভা পাইতে লাগিলেন।১৭—১৮।

বিশাল মেঘ প্রবল বর্ষণ করিতে লাগিলে মহাপর্বত যেমন প্রকাশ পায়, নীলকজ্জলরাশিভূল্য ভগদত্তেব হাতীটাও মদজল নির্গত হইতে থাকায় সেইবাপ প্রকাশ পাইতে থাকিল ॥১৯॥

দেবগণের সহিত সম্মিলিত ইন্দ্র যেমন শোভা পান, সেইরূপ নানাবিধ অস্ত্র ও অলঙ্কাবযুক্ত এবং বীব পার্ববত্য রাজগণের সহিত সম্মিলিত ভগদত্তও শোভা পাইতে লাগিলেন ॥২•॥

তাহাব পর যুধিষ্ঠির—যুদ্ধে শক্তগণেব অক্ষেয ও অলৌকিক সেই বৃাহ দর্শন করিয়া ধৃষ্টগুয়কে এই কথা বলিলেন—।২১॥

'প্রভাবশালী কপোতবর্ণঘোটক ধৃষ্টগুরু। আমি আজ যাহাতে ব্রাহ্মণের (লোণের) বশীভূত না হই, আপনি সেইরূপ নীতি বিধান ককন ॥২২॥ মযি জীবতি কোরব্য। নোদেগং কর্ত্ত্ব্র্যাহিদ। নহি শক্তো রণে দ্রোণো বিজেতুং মাং কথঞ্চন ॥২৪॥ সঞ্জয উবাচ।

এবমুক্ত্বা কিরন্ বাণান্ জ্রুপদশ্য স্থতো বলী।
পারাবতদবর্ণাশ্বঃ শ্বযং দ্রোণমুপাদ্রবৎ ॥২৫॥
অনিষ্টদর্শনং দৃষ্ট্বা ধ্বষ্টত্ন্যন্নমবস্থিতম্।
ক্রণেনৈবাভবদ্দ্রোণো নাতিছ্রষ্টমনা ইব ॥২৬॥
তং তু সংপ্রেক্ষ্য পুত্রস্তে তুন্মুধ্বঃ শত্রুকর্ষণঃ।
প্রিযং চিকীর্ র্দ্রোণশ্রু ধ্বন্টত্নান্নমবারবৎ ॥২৭॥
দ সম্প্রহারস্তমুশঃ স্থ্রোরঃ সমপত্যত।
পার্বতন্ত্র চ শ্রুস্থ তুন্মুধশ্র চ ভারত। ॥২৮॥

ময়ীতি। অথ তামেব ৰদি জোণো হতাদিতাহে নহীতি ॥২৪।

এবমিতি। কিরন্ কিপন্। পারাবতদবর্ণা কপোত তুল্যনীলবর্ণা অখা বস্তু সং ।২৫॥

चित्रदेखि । चित्रदेशर्मनम् चान्नामा इननार्देशरवार्भन्नचामिछि ভावः ॥२ ॥

ভমিতি। শক্তবর্ণা শক্তবিশ্বয়ী। চিকীর্মু: কর্ত্যিচ্ছ: ।২৭।

ি🛂 ইভি। সম্প্রহারো যুদ্ধয়। সমপগ্রত সমজারত। পার্যভক্ত ধুইতায়ত্ত ॥২৮॥

ধৃষ্টগ্রায় বলিলেন—'স্থাত। জোণ আপনাকে গ্রহণ করিবাব চেষ্টা কবিলেও আপনি জোণের বশীভূত হইবেন না। কারণ, আমিই আচ্চ অনুচববর্গের সহিত জোণকে বারণ করিব ॥২৩॥

অতএব কৌববনন্দন। আমি জীবিত থাকিতে আপনি উদ্বেগ কবিতে পারেন না। তা'ব পব জোণ মুদ্ধে কোন প্রকারেই আমাকে জয় করিতে সমর্থ হইবেন না' ॥২৪॥

সঞ্জয় বলিলেন—'এই কথা বলিযা কপোততুল্য-নীলবর্ণছোটক ও বলবান্ ধৃষ্টহায় বাণ ক্ষেপ কবিতে কবিতে নিজেই জোণের দিকে ধাবিত হইলেন ॥২৫॥

এদিকে অনিষ্টদর্শন ধৃষ্টগ্রায়কে সম্মুখে অবস্থিত দেখিয়া জোণ তৎক্ষণাৎ অনতিস্থষ্টিত হইলেন ॥২৬॥

কিন্তু আপনার পুত্র শত্রুবিজয়ী হৃমু খ ধৃষ্টহায়কে দেখিয়া জোণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা কবিযা ধৃষ্টহায়কে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২ ৭॥

ভরতনন্দন! তখন বীর ধৃষ্টগ্রায় ও গ্রুমু খেব সেই যুদ্ধ তুমুল ও ভয়ঙ্করভাবে প্রবৃত্ত হইল ॥২৮॥

⁽२१)--- शृष्टेक् अस्याद्यक्र-- शि।

পার্যতঃ শরজালেন ক্ষিপ্রং প্রচ্ছাত্ত কুর্মুপ্রম্।
ভারদ্বাজ্ঞং শরোঘেণ মহতা সমবারয়ৎ ॥২৯॥
দ্যোণমাবারিতং দৃষ্ট্যা ভূশায়স্তস্তবাজ্মজঃ।
নানালিক্ষঃ শররোতেঃ পার্যতং সমমোহয়ৎ ॥৩০॥
ত্যোবিষক্তয়োঃ সংখ্যে পাঞ্চাল্যকুরুমুখ্যযোঃ।
দ্যোণো যৌধিষ্ঠিবং সৈত্যং বহুধা ব্যধমচহরেঃ ॥৩১॥
আনিলেন যথাজানি বিচ্ছিন্নানি সমন্ততঃ।
তথা পার্থস্ত সৈত্যানি বিচ্ছিন্নানি কচিৎ কচিৎ ॥৩২॥
মুহূর্ত্তমিব তদ্যুদ্ধমাসীন্যধুরদর্শনম্।
তত্ত উন্মত্তবদ্রাজন্। নির্মহ্যাদমবর্ত্ত ॥৩০॥
নৈব স্বে ন পরে রাজনজ্ঞায়ন্ত পরস্পরম্।
অনুমানেন সংজ্ঞাভির্ষ্ দ্বং তৎ সমবর্ত্ত ॥৩৪॥।

পার্বত ইতি। প্রচ্ছান্ত আর্তা। ভারষান্ধং দ্রোণম্।২০॥
দ্রোণমিতি। ভূশারস্তঃ অতীবসগত্তঃ। নানালিকৈর্বহপ্রকারে:।০০॥
ভরোরিতি। বিষক্তরোঃ দম্মিলিতযোঃ। ব্যধমৎ ব্যনাশবং ॥০১॥
আনিলেনেতি। অপ্রাণি মেঘাঃ। পার্বস্থ মুধিষ্টিরস্তা, বিচ্ছিল্লানি ক্রোণেন ॥০২॥
মুহুর্ভমিতি। উন্মন্তবং উন্মন্তানামিব, নির্ম্যাদং বিশৃষ্টলম্ ॥৩০॥
নিতি। বে স্পক্ষীযাঃ। সংজ্ঞাতিঃ পক্ষনাম্ভিঃ ॥০৪॥

ধৃষ্টগ্ৰাম সম্বই শবজালদারা হমু্থকে আবৃত কবিয়া বিশাল শরসমূহদাবা জোণকে বাবণ কবিতে লাগিলেন ১২৯॥

ধৃষ্টগুয় জোণকে নিবারণ করিলেন দেখিয়া আপনাব পুত্র হৃদ্ধ অত্যন্ত যত্ন সহকারে নানাবিধ বাণসমূহদাবা ধৃষ্টগুয়কে মোহিত কবিয়া ফেলিলেন ॥৩০॥

সেই ধৃষ্টগ্রায় ও তুমার্থ যুদ্ধে সন্মিলিত হইলে, সেই অবসবে জোণ বাণসমূহদাবা বক্তপ্রকারে যুখিন্ঠিবেব সৈশ্য বিনাশ করিতে লাগিলেন ॥৩১॥

বাষু যেমন মেঘসমূহকে সকল দিকে বিচ্ছিন্ন কবে, সেইকপ ডোণ কোন কোন অংশে যুধিষ্ঠিরের সৈন্সকে বিচ্ছিন্ন করিয়া ফেলিলেন ।৩২॥

রাজা। তখন সেই যুদ্ধ মুহূর্ত্তকালই যেন মধুরদর্শন ছিল; তাহাব পর উন্মত্তেব স্থায় বিশৃঙ্গলভাবে চলিতে লাগিল ।৩৩।

বাজা। তৎকালে স্বপক্ষ বা প্রপক্ষকে পরক্ষার জানা গেল না; কেবল জনুমান ও পক্ষের নামদাবা সেই যুদ্ধ চলিতে থাকিল ।৩৪। চূড়ামণিরু নিক্ষেরু ভূষণেষপি বর্গায়।
তথ প্রকীর্ণপতাকানাং রথবারণবাজিনাম্।
বলাকাশবলাভাভং দদৃশে রূপমাহবে ॥৩৬॥
নরানেব নরা জন্মরুদ্রপ্রাশ্চ হয়া হয়ান্।
বথাংশ্চ রথিনো জন্মর্বারণান্ বরবারণাঃ ॥৩৭॥
সমৃচ্ছিত্রপতাকানাং গল্পানাং পরমন্বিপাঃ।
ক্ষণেন ভূমুলো ঘোরঃ সংগ্রামঃ সমপত্রত ॥৩৮॥
তেষাং সংসক্তগাত্রাণাং কর্ষতামিতরেতরম্।
দন্তসংঘাতসংঘর্ষাৎ সধূমোহগ্রিবজ্ঞায়ত ॥৩২॥
বিপ্রকীর্ণপতাকান্তে বিষাণজনিতাগ্রয়ঃ।
বভূবুঃ খং সমাসাত্র সবিত্যুত ইবালুদাঃ ॥৪॥

চূডেতি। নিষেষ্ বক্ষোভূষণেষ্, প্রাধান্তাৎ পৃথগুক্তিঃ। রশ্ময়ঃ কিবণাঃ ॥০৫॥
তদিতি। বলাকাভির্বকশ্রেণিভিঃ শবলানি বিচিত্রাণি যানি অভ্যাণি মেঘান্তদাভম্ ॥০৬॥
নবানিতি। উদগ্রা উন্নতা বলবন্ত ইত্যর্থঃ। বববাবণাঃ শ্রেষ্ঠহন্তিনঃ ॥০৭॥
সমিতি। সমৃদ্ধিতাঃ সমৃত্রোলিতাঃ পতাকা যেষ্ তেষাম্ ॥০৮॥
তেষামিতি। সংসক্তসাত্রাণাং সংলগ্ধদেহানাম্, কর্ষতাং শুগুভিঃ ॥০৯॥

উভয়পক্ষীয় বীবগণেব সূর্য্যভূল্য দেহেব কিরণগুলি, ভাঁহাদেব চুড়ার মণি, বক্ষেব অলঙ্কাব, অস্থান্ত অলঙ্কাব ও বর্ম্মে প্রতিবিদ্বিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥২৫॥

পতাকা সকল ইতস্ততঃ চলিতে লাগিলে, উভয়পক্ষেবই হস্তী, অশ্ব ও রথগুলির আকৃতিকে বকশ্রেণিবিচিত্র মেঘেব আকৃতির স্থায় দেখা যাইতে থাকিল ॥৩৬॥

পদাতিবা পদাতিদিগকে, বলবান্ অশ্বগণ সাধারণ অশ্বগণকে, বথীরা বথী-দিগকে এবং বিশাল হস্তীবা সাধাবণ হস্তিগণকে বধ কবিতে লাগিল ॥৩৭॥

ক্ষণকালমধ্যে বিশাল হস্তিগণেব দক্ষে উত্তোলিতপতাকাযুক্ত হস্তিগণের তুমুল ও ভীষণ যুদ্ধ উপস্থিত হইল ॥৩৮॥

শেগুলির গাত্র প্রক্পার সংলগ্ন হইল, তাহারা শুগুদ্ধাবা পরস্পার আকর্ষণ করিতে লাগিল এবং সেগুলিব পরস্পাব দস্তসংঘর্ষে ধূমেব সহিত অগ্নি জন্মিতে থাকিল ॥৩৯॥

⁽৩৬) উৎপ্রকীর্ণপতাকানাম্—পি। (৩৭) নবাবণা বরবারণান্—নি। জ্রোণ-২১ (২১)

বিক্ষিপন্তির্নদন্তিশ্চ নিপ্তন্তিশ্চ বারণৈঃ।
সংবভ্ব মহী কীর্ণা মেবৈজ্যে রিব বার্ধিকী ॥৪১॥
তেষামাহত্যমানানাং বাণতোমর্থান্টিভিঃ।
বারণানাং রবো জজ্ঞে মেঘানামিব সংপ্রবে ॥৪২॥
তোমরাভিহতাঃ কেচিদ্বাণৈশ্চ প্রমদিপাঃ।
বিত্রেহঃ দর্বনাগানাং শব্দমেবাপরেহব্রজন্ ॥৪০॥
বিষাণাভিহতাশ্চাপি কেচিত্ত্র গজা গলৈঃ।
চত্রুবার্ত্রস্বং ঘোবমুৎপাতজ্লদা ইব ॥৪৪॥
প্রতীপাঃ ক্রিয়মাণাশ্চ বাবণা ব্যবারণৈঃ।
উন্মথ্য পুনরাজগাঃ প্রেরিতাঃ প্রমান্থুশৈঃ ॥৪৫॥

বিপ্রেতি। বিষাণৈর্দপ্তাঘাতৈর্জনিতঃ অগ্নিথিন্তে। থ্যাকাশন্ ॥৪০॥
বীতি। কীণা ব্যাপ্তা, ছোবাকাশম্, বার্ষিকী বর্ষাকালীনা ॥৪১॥
তেষামিতি। বব আর্থনাদঃ। সংপ্রবে পবস্পবসংঘর্ষে ॥৪২॥
তোমবেতি। বিত্তেহর্ভয়ং প্রাপুঃ। শবং লক্ষীকৃত্য, অব্রন্ধন্ তান্ প্রতি ॥৪৬॥
বিষাণেতি। বিষাণাভিহতা দন্তাহতাঃ। উৎপাতজ্লদা অনিষ্টস্টক্মেঘাঃ ॥৪৪॥
প্রতীপা ইতি। প্রতীপাঃ প্রতিকূলা বিম্থা ইতার্থঃ। উন্মধ্য সন্মুখস্থান্ বথাদীন্ ॥৪৫।

মেঘ যেমন আকাশে বিহ্যাং আবিদাব কবে, সেইবপ বিশাল হস্তী সকল ইতস্ততঃ পতাকা নিক্ষেপ করিয়া পরম্পাব দস্থাঘাতদ্বারা অগ্নি আবিদাব কবিতে লাগিল ॥৪০॥

বর্ষাকালে মেঘ যেমন আকাশ ব্যাপ্ত কবে, সেইরূপ হস্তী সকল প্রস্পব নিক্ষেপ ও গর্জন কবতঃ নিপতিত হইতে থাকিয়া সমব্ভূমি ব্যাপ্ত কবিল ॥৪॥

পবস্পব সংংর্ষ হইলে মেঘেব যেমন গর্জন হয়, সেইকপ বাণ, তোমর ও ঋষ্টিদাবা আঘাত কবিতে থাকিলে হস্তিগণেবও গর্জন হইতে লাগিল ॥৪২॥

কতকগুলি বিশাল হস্তী তোমব ও বাণদ্বাবা আহত হইয়া ভীত হইল এবং অন্ত হস্তীবা সমস্ত হস্তীব শব্দ লক্ষ্য কবিয়া ধাবিত হইতে থাকিল ॥১৩॥

কতকগুলি হস্তী অপর হস্তিগণের দম্ভদাবা আহত হইয়া ওংপাতিক মেঘেব স্থায় আর্ত্তনাদ কবিতে লাগিল ॥৪৪॥

বিশাল হস্তীবা বিমুখ কবিযা দিলেও, গুকতব অঙ্কুশাঘাতে সঞ্চালিত হইয়া

^{(83) -} त्यरिपर्छा विव गावही - शि वा व। (80) - गब्दायवाशत्त्रश्यक् न् - नि। (85) - क्रक्वार्ड्यनम् - नि।

মহামাত্রর্মহামাত্রাস্তাড়িতাঃ শরতোমবিঃ।
গজেভাঃ পৃথিবীং জগ্ম মুক্তপ্রহরণাঙ্গুশাঃ ॥৪৬॥
নির্মন্থাশ্চ মাতঙ্গা বিনদন্তস্ততস্ততঃ।
ছিন্নাজ্রাণীব সংপেতুঃ সংপ্রবিশ্য পরস্পরম্ ॥৪৭॥
হতান্ পরিবহস্তশ্চ পতিতান্ পতিতায়্ধান্।
দিশো জগ্ম র্মহানাগাঃ কেচিদেকচবা ইব ॥৪৮॥
তাড়িতাস্ত'ভ্যমানাশ্চ তোমর্ম্বি পরশ্ববিঃ।
পেতুরার্ত্রস্বরং কৃত্বা তদা বিশসনে গজাঃ ॥৪৯॥
তেষাং শৈলোপমৈঃ কার্মেনিপতন্তিঃ সমস্ততঃ।
আহতা সহসা ভ্রমিশ্চকম্পে চ ননাদ চ ॥৫০॥
সাদিতৈঃ সগজারোহৈঃ সপতাকৈঃ সমস্ততঃ।
মাতক্রৈঃ শুশুভে ভূমির্বিকীর্ণেরিব পর্বেতিঃ ॥৫১॥

মহেতি। মহামাত্রৈর্হস্তিপকৈ:। মৃক্তপ্রহবণাকৃশা: ত্যক্তান্তাক্তৃশা: ॥৪৬॥
নিবিতি। ছিন্নালাণি বিশ্লিষ্টমেদা:। সংপ্রবিশ্য বিপক্ষমধ্যে ॥৪ ৭॥
হতানিতি। পতিতান্ পূচোপি । একে চবস্তীত্যেকচরা একাকিন: ॥৪৮॥
তাডিতা ইতি। বিশশুতে হিংশুতে অশ্মিন্নিতি বিশসনং যুদ্ধস্থলম্ ॥৪৯॥
স্থালাধারী, চক্রবাকপক্ষীব স্থায় মলিনোদর ও বলবান্ অশ্বগণ কোশল-বাচপুত্র স্থলত্রকে লইয়া চলিল ॥৫৪॥

(६८)---रुदीन्डिटाग्रदाः--- नि व। द्रोग (२১)-२४ একবর্ণেন সর্বেণ ধ্বজেন কবচেন চ।

অবৈশ্চ বনুষা চৈব শুক্রৈং শুরো অবর্ত্ত ॥৫৬॥

সমুদ্রেনেনপুত্রস্ত সামুদ্রা রুদ্রতেজসম্।

অশ্বাঃ শশাক্ষসদৃশাশ্চন্দ্রনেনমুদাবহন্ ॥৫৭॥

নীলোৎ পলসবর্ণাস্ত তপনীয়বিভূষিতাঃ।

বৈব্যং চিত্রবর্থং সংখ্যে চিত্রমাল্যাহবহন্ হয়াঃ॥৫৮॥

কলায়পুষ্পবর্ণাস্ত শেতলোহিতরাজয়ঃ।

রথসেনং হয়শ্রেষ্ঠা সমূহ্যু দ্বত্রগ্রাদম্॥৫৯॥

যস্ত সর্বমনুষ্যেত্যঃ প্রাহুং শ্বতরং নৃপম্।

তং পটচ্চরহন্তারং শুকবর্ণাহবহন্ হয়াঃ॥৬০॥

চিত্রায়ুধং চিত্রমাল্যং চিত্রবর্মায়ুধধ্বজম্।

উন্তঃ কিংশুকপুষ্পাণাং সমবর্ণা হয়োত্রমাঃ॥৬১॥

শবলা ইতি। শবলাশ্চিত্রাঃ। দাস্তাঃ শিক্ষিতাঃ। সতাগ্বতিং যথার্থধৈর্যম্ ॥৫৫॥
একেতি। একবর্ণেন কেবলগুরুবর্ণেন। তদ্বির্ণোতি গুরুবিতি। গুরো নাম ॥৫২॥
সম্দ্রেতি। সামূলাঃ সম্দ্রক্লজাতাঃ, কদ্রশু শিবস্থেব তেজো যশু তম্ ॥११॥
নীলেতি। তপনীযং স্বর্ণম্। চিত্রমাল্যাহবহন্নিতি বিদর্গলোপেহপি সদ্ধিরার্ধঃ ॥৫৮॥
কলাষেতি। শ্বেতা লোহিতাশ্চ বাদ্ধযো বোমশ্রেণযো যেষাং তে ॥৫৯॥
যমিতি। পটচ্চরাণাং দস্যনাং হস্তাবম্ ॥৬٠॥

বিচিত্রবর্ণ, বিশালাকৃতি, সুশিক্ষিত, স্বর্ণমালাধাবী, উচ্চ ও শুভলক্ষণযুক্ত ঘোটকগণ ধৈর্যাশালী ক্ষেমিকে বহন করিতে থাকিল ॥২৫॥

শুক্ল যুদ্ধের দিকে ফিরিলেন; তাঁহাব ধ্বজ, কবচ, অশ্ব ও ধনু এ সমস্তই শুক্লবর্ণ ছিল ॥১৬॥

চম্রের স্থায় শুত্রবর্ণ সমুদ্রতীরজাত ঘোটকগণ কদ্রেব স্থায় তেজস্বী সমুদ্রসেনপুত্র চম্রাসেনকে বহন করিতে লাগিল ॥১৭॥

নীলোৎপলেব তুল্য নীলবর্ণ, স্বর্ণভূষণে ভূষিত এবং বিচিত্রদালাধারী অর্থগণ শিবিবংশীয় চিত্রবথকে যুদ্ধে লইয়া চলিল ॥१৮॥

কলায়পুষ্পের স্থায় খেতনীলবর্ণ এবং খেতবক্তবোমযুক্ত উৎকৃষ্ট ত্বস সকল যুক্তর্দ্ধর্ষ রথসেনকে বহন কবিযা লইয়া যাইতে থাকিল ॥৫৯॥

সমস্ত লোক যাঁহাকে সকল মানুষ হইতে প্রধান বীর বলে, দয়াহন্তা সেই রাজাকে শুকপক্ষীর স্থায় নীলবর্ণ ঘোটকগণ বহন কবিতে লাগিল ॥৬০॥

⁽৫३)... युक्त्र्भनाः—भि ।

একবর্ণেন সর্বেণ ধ্বজেন কবচেন চ।
ধনুষা রথবাহৈশ্চ নীলৈনিলিছিভাবর্ত্ত ॥৬২॥
নানারূপে রত্নচিত্রের্বর্বর্বর্বপ্রকার্য্ন কৈঃ।
বাজিধ্বজ্পতাকাভিশ্চিত্রেশ্চিত্রোহভাবর্ত্ত ॥৬৩॥
যে তু পুকরপর্ণস্থ তুল্যবর্ণা হয়োত্তমাঃ।
তে রোচমানস্থ স্থতং হেমবর্ণমূদাবহন্ ॥৬৪॥
যোধাশ্চ ভদ্রকারাশ্চ শরদণ্ডানুদণ্ডয়ঃ।
শ্বেতাণ্ডাঃ কুরুটাণ্ডাভা দণ্ডকেতুং হয়াহবহন্ ॥৬৫॥
কেশবেন হতে সংখ্যে পিতর্যাথ নরাধিপে।
ভিন্নে কপাটে পাণ্ডানাং বিক্রুতেষু চ বন্ধুষু ॥৬৬॥
ভীল্মাদবাপ্য চান্ত্রাণি দ্যোণাদ্রামাৎ কুপাত্তথা।
অক্তিঃ সমত্বং সংপ্রাপ্য রুক্মিকর্ণার্চ্জুনাচ্যুতৈঃ ॥৬৭॥

চিত্রেতি। চিত্রাযুধং নাম। উত্তঃ রথবহনেনোচবস্তঃ ॥৬১॥

একেতি। রথবাহৈরবৈঃ, নীলৈনীলবর্ণেঃ, নীলো নাম বাজা ॥৬২॥

নানেতি। বরুথো বথগুপ্তিরাবরণচর্ম। চিত্রৈঃ সর্বৈঃ, চিত্রো নাম বীরঃ ॥৬৩॥

য ইতি। পুৰুবপৰ্ণশ্ৰ পদ্মপত্ৰশ্ৰ। হেমবৰ্ণং নাম বীবম্ ॥৬৪॥

যোধা ইতি । যুধ্যন্ত ইতি যোধা যুদ্ধযোগ্যা:, ভক্তং যুদ্ধে মঙ্গলং কুর্বস্তীতি ভক্তকাবা:, শরাণাং তদাখ্যতৃণানাং দণ্ডাঃ কাণ্ডা ইব পীতা অন্তদণ্ডমঃ পৃষ্ঠবংশা যেষাং তে, শ্বেতাণ্ডাঃ, কুকুটাণ্ডাভাঃ কুকুটাণ্ডবং শুপ্রবর্ণা হ্যাঃ, দণ্ডকেতুমবহন্ ॥৬৫॥

পলাশপুষ্পেব তুল্য বক্তবর্ণ উত্তম অখগণ বিচিত্রমালাধারী এবং বিচিত্র বর্ণ্ম, অস্ত্র ও ধ্বজসমন্বিত চিত্রাযুধকে লইয়া চলিল ॥৬১॥

নীলবাজা জোণেব দিকে ধাবিত হুইলেন; তাঁহাব ধ্বজ, কবচ, ধমু ও ঘোটক এ সমস্তই নীলবৰ্ণ ছিল ॥৬২॥

মহাবীর চিত্র জোণেব উদ্দেশে চলিলেন; তাঁহাব রথের আববণ, বথ, ধনু, ঘোটক, ধ্বজ ও পতাকা এ সমস্তই রত্নে খচিত থাকায় নানারূপ ও বিচিত্র ছিল ॥৬৩॥

পদ্মপত্রেব তুল্য হরিদ্বর্ণ উত্তম ঘোটকগণ বোচমানের পুত্র হেমবর্ণকে বহন করিতে লাগিল ॥৬৪॥

যুদ্ধযোগ্য, মঙ্গলজনক, শরদণ্ডের স্থায় ঈষৎ পীতবর্ণ মেক্দণ্ডযুক্ত, শুক্রমৃদ্ধ ও কুরুটাণ্ডেব স্থায় শুক্রবর্ণ তুরঙ্গ সকল দণ্ডকেতুকে লইয়া চলিল ॥৬৫॥

⁽৬৪) যে তু পুদরবর্ণশ্র—বা নি।

ইয়েষ দ্বারকাং হন্তং ক্ৎসাং জেতুঞ্চ মেদিনীমৃ।
নিবারিতন্ততঃ প্রাক্তিঃ ন্ত্রন্তিহিতকাম্যয়া॥৬৮॥
বৈরানুবন্ধমুৎস্জ্য স্বরাজ্যমনুশান্তি যঃ।
স সাগরধ্বজ্ঞঃ পাণ্ড্যশ্চল্রেরশ্মিনিতৈর্হয়েঃ॥৬৯॥
বৈদূর্য্যজালসংছনৈর্বীর্যাদ্রবিণমান্ত্রিতঃ।
দিব্যং বিস্ফারয়ংশ্চাপং দ্রোণমভ্যদ্রবদ্ধলী॥৭০॥ (কুলক্ম্)
আরক্টকবর্ণাশ্চ হয়াঃ পাণ্ড্যানুযায়িনাম্।
আবহন্ রথমুখ্যানামযুতানি চতুর্দ্দশ॥৭১॥
নানাবর্ণেন রূপেন নানাকৃতিমুখা হয়াঃ।
রথচক্রধ্বজ্ঞং বীরং ঘটোৎকচমুদাবহন্॥৭২॥

কেশবেনেতি। কপাটে হুর্গহাবস্ত, বিজ্ঞের প্রাথিতেরু। অচ্যুতঃ রুঞ্চ। ছাবকাং কৃষ্ণনগরীম্। বৈরাহ্বন্ধং কৃষ্ণেন সহ শক্রতাবা অহুর্ত্তিন্। পাগ্রান্তদেশীযো রাজা। বৈদ্ব্যাণাং মণীনাং জালেন সংছ্তৈরগার্তিঃ, বীর্গ্যদ্বিণং শক্তিধনন্ ॥৬৬—৭০॥

আবেতি। আরক্টবর্ণাঃ পিতশ্বর্ণাঃ। বথনুখ্যানাং বথশ্রেষ্ঠানান্॥৭১॥

তুর্গদ্বাবের কপাট ভগ্ন হইলে, পাশুলাণের বন্ধুবা পলাইয়া গোলে এবং কৃষ্ণ যুদ্ধে পিতা পাশুরাজকে বধ করিলে, যিনি ভীন্ন, জোণ, পবশুবাম ও কুপেব নিকট সর্বব্যকার অন্ত্রশিক্ষা লাভ কবিয়া কন্মী, বর্ণ, অর্জ্জ্ম ও কুষ্ণেব সমান হইয়া দ্বাবকানগরীর বিনাশ ও সমগ্র পৃথিবীব জন্ন কবিবার ইচ্ছা কবেন; তাহাব পব বৃদ্ধিমান্ ও হিতৈবী বন্ধুবা বাবণ করার কুষ্ণের সহিত শক্রতা ত্যাগ কবিয়া আপন রাজ্য শাসন কবিতেছেন, সেই বলবান্ পাশুবাজ সাগবন্ধক্ত নিজেব শক্তি ও ধন লইয় দিব্য ধন্থ বিক্ষারিত করিয়া চক্রেকিরণের ক্যায় শুক্রবর্ণ এবং বৈদ্র্যামণিজালে আরুত-ঘোটকগণ-চালিত বথে জ্যোণের দিকে ধাবিত হইলেন ॥৬৬—৭০॥

পিতুলবর্ণ ঘোটকগণ পাশুরাজাব অনুগামী এবলক চল্লিশ হাজাব বথ বহন করিতে লাগিল ॥-> ॥

^{ূ(}৭১) আটক্বক্বর্ণাভা হ্বা: —পি বা ব, পাণ্ড্যাত্র্যাধিন: –পি। (৭২) ইতঃ পরং পুন্বপি যুরুংফ্লোটকাদিবর্ণনাত্মকং শ্লোকভ্রমধিকং পি বা ব নি, অন্মিন্নগ্রায এব পূর্কং তহ্জভাং। তে চ যথা —

ভরতানাং দমেতানান্ংস্থল্যকো মতানি য়:। গতো বৃধিষ্টিবং ভক্তা তাকুা দর্বমতীন্দিত্য্। লোহিতাক্ষ্ম মহাবাহ্য বৃহস্তং তং ববধবজন্। মহাদলা মহাকাষাঃ দৌবর্ণে শুদ্দনে স্থিত্য্। স্থবর্ণবর্ণা ধর্মজ্ঞমনীকস্থা বৃধিষ্টিরম্। রাজশ্রেষ্ঠা হ্যশ্রেষ্ঠাঃ দর্বতঃ পৃষ্ঠতোহয়য়ঃ।

বর্ণেরুচ্চাব্চৈর্বান্তঃ সদশ্বানাং প্রভদ্রকাঃ।
সংস্থবর্ত্তন্ত যুদ্ধায় বহবো দেবরূপিণঃ ॥৭৩॥
তে যত্তা ভীমসেনেন সহিতাঃ কাঞ্চনধ্যজ্ঞাঃ।
প্রত্যদৃশ্যন্ত রাজেন্দ্র ! সেন্দ্রা ইব দিবৌকসঃ ॥৭৪॥
অত্যবোচত তান্ সর্বান্ প্রফল্লান্ধঃ সমাগতান্।
সর্বাণ্যতীত্য সৈন্সানি ভারদ্বাজ্ঞা ব্যরোচত ॥৭৫॥
অতীব শুশুভে তম্ম ধ্বজঃ কুফাজিনোত্তরঃ।
কমগুলুর্মহারাজ! জাতরূপময়ঃ শুভঃ ॥৭৬॥
ধ্বজন্ত ভীমসেনস্ম বৈদ্ধ্যমণিলোচনম্।
ভাজমানং মহাসিংহং রাজন্তং দৃষ্টবানহম্॥৭৭॥

নানেতি। বথচকং ধ্বজে যশ্ত তং বথচকাকিতধ্বজ্বমিত্যর্থ: ॥१२॥
বর্ণৈবিতি। উচ্চাবচৈর্নানাবিধ্যে, অক্যে: সমূহেবিতি শেষ: ॥१०॥
ত ইতি। যত্তা যুদ্ধায় যত্মবন্ত: । কাঞ্চনধ্বজ্ঞা: অর্পাইতিধ্বজ্ঞা: ॥ ৪॥
অতীতি। অতি অতিক্রম্য। ভাবদাঙ্কঃ অশ্বংপক্ষে দ্রোণ: ॥৭৫॥
অতীবেতি। তশ্ত ভাবদাজশু, কুফাজিনম্ উত্তবমূপবিস্থং যশ্ত স: ॥१৬॥
ধ্বজ্বমিতি। বৈদ্ধ্যমণী লোচনে যশ্ত তম্। মহাসিংহং তদক্ষিতম্ ॥৭৭॥

নানাবর্ণবাপযুক্ত এবং নানাকৃতিমুখসমন্বিত তুবঙ্গ সকল বীব ঘটোৎকচকে লইযা চলিল, তাহাব ধ্বজে একটা বথচক্রের চিক্ত ছিল ॥৭২॥

দেবৰূপী বহুত্ব প্ৰভজকদৈয় অশু নানাবৰ্ণেৰ আশ্বে আ্বোহণ কৰিয়া যুদ্ধ কৰিবাৰ জন্ম ফিবিল ॥৭৩॥

বাজশ্রেষ্ঠ ! ইন্দ্রেব সহিত দেবগণেব স্থায় ভীমসেনেব সহিত সেই যত্নবান্ ও স্বর্ণধ্যজ্বযুক্ত পাণ্ডবযোদ্ধগণকে দেখা যাইতে লাগিল ॥৭৪॥

পাশুবপক্ষে ধৃষ্টগ্ৰায় সেই সমাগত সকল যোদ্ধাকে অতিক্ৰম কবিয়া শোভা পাইতে লাগিলেন, আব কৌববপক্ষে জোণ সমস্ত সৈন্ত লজ্বন কবিয়া প্ৰকাশ পাইতে থাকিলেন ॥৭৫॥

মহাবাজ। তৎকালে ধ্বজেব উপবে একখানি বৃষ্ণমূগেব চর্ম্ম এবং স্বর্ণময় শুভস্থচক একটা কমগুলু থাকায় জোণেব সেই ধ্বজটা অত্যন্ত শোভা পাইতে-ছিল॥৭৬॥

ভীমসেনেব ধ্বজেব উপরে একটা উজ্জ্বল মহাসিংহ ছিল ; তাহাব নয়ন তুইটাব স্থানে তুইটা বৈদ্র্য্যমণি জ্বলিতেছিল – দেখিযাছিলাম ॥৭৭॥ ধ্বজন্ত কুরুরাজন্ত পাগুবস্ত মহোজদঃ।
দৃষ্টবানন্মি সৌবর্ণং লোমং গ্রহগণামিতম্ ॥৭৮॥
মৃদঙ্গে চাত্র বিপুলো দিব্যো নন্দোপনন্দকো।
যন্ত্রেণাহত্তমানে চ হুস্বনো হর্ষবর্জনা ॥৭৯॥
শরভং পৃষ্ঠসৌবর্ণং নকুলন্ত মহাধ্বজন্।
অপশ্যাম রথেহত্যুগ্রং ভীষয়াণমবন্থিতম্ ॥৮০॥
হংসম্ভ রাজতঃ শ্রীমান্ ধ্বজে ঘন্টাপতাকবান্।
সহদেবন্ত তুর্জর্বো বিষতাং শোকবর্জনঃ ॥৮১॥
পঞ্চানাং ক্রোপদেয়ানাং প্রতিমা ধ্বজভূষণম্।
ধর্ম-মারুত-শক্রাণামশ্বিনোশ্চ মহাত্মনোঃ ॥৮২॥
অভিমন্ডোঃ কুমারস্ত শার্জপ্রচামীকরোজ্জ্লঃ ॥৮০॥
রথে ধ্বজ্বরো রাজংস্তপ্রচামীকরোজ্জ্লঃ ॥৮০॥

ধ্বজমিতি। কুরুবাজস্ম যুধিষ্টিবস্থ পাশুবস্থেতি বিশেষণাং। সোমং চক্রচিহ্নম্ ॥ १৮॥
মুদঙ্গাবিতি। নন্দোপনন্দকো নাম। আহম্মানো বাজমানো ॥ १৯॥
শরভমিতি। শবভন্ অষ্টচবণবৃহজ্জপ্তচিহ্নম্। ভীষষাণং ভযং জনযন্তম্ ॥৮০॥
হংস ইতি। বাজতো বোপ্যময়ং, শ্রীমান্ স্থলবং ॥৮১॥
পঞ্চানামিতি। যথাক্রমং ধর্মস্থ প্রতিমা প্রতিবিদ্ধাস্থ ধ্বজ্জুবণমিত্যাত্যনেষম্ ॥৮২॥
অভীতি। হিরণায়ং স্বর্ণময়ং। তপ্রচামীকবেণ ভক্তস্বর্ণেন উজ্জন্যঃ ॥৮২॥

মহাতেজা কুকবাজ যুখিষ্ঠিবেব ধ্বজ্বটাকে স্থবর্ণময় এবং গ্রহগণান্বিত চন্দ্রচিহ্নিত দেখিয়াছিলাম ॥৭৮॥

তাঁহার সেই ধ্বজটাব উপরে 'নন্দ ও উপনন্দক'-নামে দিব্য বিশাল ছইটা মৃদ্দ ছিল : যন্ত্রদারা আহত হইতে থাকায় সে ছইটা হইতে আনন্দবর্দ্ধক স্থূন্দব শব্দ হইতেছিল ॥৭৯॥

নকুলের রথেব বিশাল ধ্বজে একটা অতিভীষণ শরভ দেখিয়াছিলাম ; তাহাব পৃষ্ঠদেশ স্বর্ণময় ছিল এবং সে ভয় উৎপাদন কবিতেছিল ॥৮০॥

সহদেবেব ধ্বজে একটা বৌপাময়, উজ্জ্বন, ঘণ্টা ও পতাকাযুক্ত, শত্রুগণেব শোকবৰ্জক ও ছর্জর্ব হংসমূর্ত্তি ছিল ॥৮১॥

জৌপদীর পঞ্চপুত্রের পাঁচটা ধ্বজে যথাক্রমে ধর্ম, বায়্, ইন্দ্র এবং অয়িনীকুমাব্রয এই পঞ্চ দেবতার পাঁচখানি প্রতিমা ভূষণ ছিল ॥৮২॥

⁽৮০) --- ভীষণং সমবস্থিতম — পি। (৮৩) ইতঃ পবং পুস্তকভেদেশের পাঠভেদা লক্ষ্যপ্তে।

এতে চান্সে চ বহবো ধ্বজা হেমবিভূষিতাঃ।
তত্ত্রাদৃশ্যন্ত শ্রাণাং দ্বিষতাং শোকবর্দ্ধনাঃ॥৮৪॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং দ্রোণপর্ববিদি সংশপ্তকবধে রথাদিচিহ্নকথনে একবিংশোহধ্যায়ঃ॥•॥ *

一。**:--

দ্বাবিংশোহধ্যায়ঃ।

-:#:-

ধৃতরাষ্ট্র উবাচ। ব্যথয়েয়ুরিমে সেনাং দেবানামপি সঞ্জয়!। আহবে যে অবর্ত্তন্ত রুকোদরমুখা রথাঃ॥১॥

উপসংহরন্ সংক্ষেপেণ সর্বাং বর্ণযতি এত ইতি। ধ্বদ্ধা দ্বাধাবের পক্ষযোঃ ॥৮৪॥
ইতি মহামহোপাধ্যান্ত-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতান্নাং
মহাভারতটীকাযাং ভাবতকোম্দীসমাখ্যান্তাং ভোগপর্বাণি সংশপ্তকবধে
একবিংশোহধ্যায়ঃ ॥।॥

আর রাজা। কুমার অভিমন্তাব রথের ধ্বজে উত্তপ্তস্থর্ণোজ্জল ও স্বর্ণময় একটা শাঙ্গপিকী প্রকাশ পাইতেছিল॥৮৩॥

তংকালে বীবগণেব এই সকল এবং অস্থাও বছতব স্বৰ্ণভূষিত ও শক্ৰগণেব শোকবৰ্দ্ধক নানাবিধ ধ্বজ দেখিয়াছিলাম ॥৮১॥

(৮৪) অতঃ প্ৰমন্ত্ৰো শ্লোকা অধিকা এব বা ব নি, গুতরাষ্ট্ৰেণ তেষামজিজ্ঞানিতত্বাৎ। তেচ যথা—

ষটোৎকচন্ত বাজেন্দ্র। ধবজে গৃধ্যে বাবোচত। অধান্ট কামগান্তত বাবনত পুরা যথা।
মাহেন্দ্রক ধন্দিব্যং ধর্মবাজে যুধিছিরে। বাযবাং ভীমদেনত ধন্দিব্যমভূর্প।।
বৈজনোক্যরক্ষণার্থায় ভ্রন্থান স্টমায়্ধন্। তদ্দিব্যমজরং চৈব ফাল্কনার্থায় বৈ ধন্তঃ।
বৈশ্বং নক্লাযাথ সহদেবায় চাখিজন্। ঘটোৎকচায় পৌলন্তাং ধন্দিব্যং ভ্যানকন্।
বৌজনাগ্যেকেবিবং যান্যাং গিবিশমেব চ। পঞ্চানাং প্রোপদেযানাং ধনরত্বানি ভারত!।
বৌজং ধন্দ্রবিরং শ্রেষ্ঠং লেভে যন্তোহিণীক্ষ্তঃ। তন্ত, ইং প্রদদ্ধে রামঃ সোভদ্রায় মহাত্মনে।
এতে চাত্তে চ বহবো ধ্বজা হেমবিভূষিতাঃ। তন্ত্রাকৃত্ত শ্রাণাং হিষতাং শোক্বর্জনাঃ।
তদভূজজসম্বাধ্যকাপ্ক্যসেবিনন্। দ্রোণানীকং মহারাজ! পটে চিত্রমিবাপিতন্।
ভশ্বর্নামগোত্রাণি বীরাণাং সংযুগে ভদা। দ্রোণমান্তবভাং রাজন্। স্বংবর ইবাহবে।

* '...षाविःत्गारुशायः' व, '.. द्राविःत्गारुशायः' वा वा नि । (১).. वृत्नान्द्रप्रथा नृशाः— वा व ता नि । সম্প্রযুক্তঃ কিলৈবায়ং দিকৈর্ভবতি পুরুষঃ।
তিশ্বিমেব চ সর্বার্থাঃ প্রদৃশুন্তে পৃথিধিবাঃ ॥২॥
দীর্ঘং বিপ্রোষিতঃ কালমরণ্যে জটিলোহজিনী।
অজাতদৈচব লোকস্ত বিজহার যুবিন্তিরঃ ॥৩॥
দ এব মহতীং দেনাং দমাবর্ত্তয়দাহবে।
কিম্মুদ্দৈবসংযোগান্মম পুত্রস্ত চাতবং ॥৪॥
যুক্ত এব হি ভাগ্যেন প্রব্যুৎপদ্যতে নরঃ।
দ তথাক্রমতে তেন ন যথা স্বয়মিচ্ছতি॥৫॥
দ্যুতব্যদনমাদান্ত ক্লেশিতো হি যুধিন্তিরঃ।
দ পুনর্ভাগধেয়েন সহারানুপলঙ্কবান্॥৬॥

ব্যুধরের্তি। মাহবে প্নর্দোণেন সহ হ্ছে, বৃকোদ্যন্থ। ভীমদেনপ্রভূতবং দান সংস্ত্রেতি। দিষ্টৈদিবৈং। দ্বার্থাং দর্বে বিবলাং দকলাং দানা দীর্ঘদিতি। বিপ্রোবিতো বিশেবপ্রকর্ষেণ ছিতং। ছাটলো জটাবান্, অজিনী চর্মধারী দেন স ইতি। দুনাবর্ভদ্য দুনাগুলুখ। দৈবসংযোগাং ছুর্দেবসংল্যা দেন বৃক্ত ইতি। বৃক্তং প্রবৃক্তং। তেন ভাগোন দেন দ্যুতেতি। স্যুতেন ব্যুদনং বিপাদং দর্মনাশন্। ভাগধেষেন ভাগোন দেন

র্তরাট্র বলিলেন—'সঙ্বয়। জোণের সহিত পুনরায় যুদ্ধ করিবার জন্ম ভীমসেন-প্রভৃতি বে সকল রথী প্রতিনিবৃত্ত হইলেন, ইহারা দেবগণের সৈন্মও ব্যথিত করিছে পারেন ॥১॥

এই দক্ত মানুৰ দৈবপ্ৰযুক্ত হইয়াই জমিয়া থাকে এবং দেই দৈবেই নানাবিধ সমস্ত বিষয়কে দক্ত হইতে দেখা বায় ॥২॥

দেখ, যুখিন্টির জটা ও মৃগচর্দা ধারণ করিয়া দীর্ঘকাল বনে বাস করিয়াছিলেন এবং লোকের অক্তাতভাবে বিরাটরাজ্যে বিচরণ করিয়াছিলেন ॥৩॥

তিনিই আবার যুদ্ধের জন্য বিশাল দৈত সংগ্রহ করিয়াছেন। স্থতরাং আনাব পুত্রের ছুর্ক্তিবসংযোগ ব্যতীত ইহার অত কি কারণ বলা যাইতে পারে ? ॥১॥

মানুৰ নিশ্চরই ভাগ্যপ্রযুক্ত হইরা উৎপন্ন হয়; তা'র পর দে নিছে যাহা ইচ্ছা না করে, ভাগ্য দেই দিকেই তাহাকে টানিয়া লইয়া যার ॥৫॥

যুধিন্তির দ্যুতক্রীড়ায় বিপদাপন্ন হইয়া কট পাইয়াছেন, আবার তিনিই ভাগ্যেব বলে নহায় লাভ করিয়াছেন ॥৬॥

⁽৪)...ম্ পুরাভবার চ—নি। (৫) মূক্তমেব হি ভাগোন—পি ব।

অর্জং মে কেকয়া লকাঃ কাশিকাঃ কোশলাশ্চ যে।
চেদীনাঞ্চার্দ্ধমপরে মামেব সমুপাপ্রিতাঃ ॥৭॥
পৃথিবী ভূয়দী তাত! মম পার্থস্থ নো তথা।
ইতি মামত্রবীৎ দূত! মন্দো হুর্য্যোধনঃ পুরা ॥৮॥
তক্ষ সেনাদমূহক্ষ মধ্যে দ্রোণঃ হুরক্ষিতঃ।
নিহতঃ পার্যতেনাজো কিমক্সন্তাগধেয়তঃ ॥৯॥
মধ্যে রাজ্ঞাং মহাবাল্ছং সদা যুদ্ধাভিনন্দিনম্।
সর্বান্ত্রপারগং দ্রোণং কথং মৃত্যুক্রপেঘিবান্ ॥১০॥
সমন্ত্রপাপ্রগংচ্ছোহং মোহং পরমমাগতঃ।
ভীম্মদ্রোণো হতো শ্রুত্বা নাহং জীবিভুমুৎসহে ॥১১॥
যমাং ক্ষত্তাহত্রবীতাত! প্রপশ্যন্ পুত্রগৃদ্ধিনম্।
হুর্য্যোধনেন তৎ সর্বং প্রাপ্তং দূত! ময়া সহ ॥১২॥
প্রিত্যাধনেন তৎ সর্বং প্রাপ্তং দূত! ময়া সহ ॥১২॥
প্রিত্যাধনেন তৎ সর্বং প্রাপ্তং দূত! ময়া সহ ॥১২॥
প্রিত্যাধনেন তৎ সর্বং প্রাপ্তং দূত! ময়া সহ ॥১২॥
প্রা

অর্দ্ধমিতি। অর্দ্ধং যথা স্থান্তথা, মে মযা। অপরে গৃষ্টকেতুপ্রভৃতিভিন্না: ॥१॥
অথাপবে কেত্যাহ পৃথিবীতি। ভূষদী বহুদা। পার্থস্থ বৃথিষ্ঠিরস্ক, নো ন ॥৮॥
তস্মেতি। পার্যতেন গৃষ্টকুরেনে, আর্জে যুদ্ধে। ভাগধেষতো ভাগ্যাং ॥२॥
মধ্য ইতি। যুদ্ধাভিনন্দিনমেব ন তু যুদ্ধে বিষণ্ণম্। উপেযিবান্ প্রাপ্তবান্ ॥১০॥
দমিতি। সমন্তপ্রাপ্তরুক্ত্র: অতীব প্রাপ্তকন্তঃ। উৎসহে শক্রোমি ॥১১॥
যদিতি। ক্ষত্তা বিহুবঃ। পুত্রগৃদ্ধিনং পুত্রবৎসকং বাৎসক্যেন পুত্রাধীনমিত্যর্থ: ॥১২॥

'আমি কেবয়, কাশী ও কোশলবাজ্যেব অর্দ্ধ সৈক্ত পাইয়াছি এবং চেদিবাজ্যেরও অপব অর্দ্ধ সৈক্ত আমাকেই আশ্রয় করিয়াছে॥৭॥

পিতঃ। পৃথিবীর বহুভাগই আমাব পক্ষে, কিন্তু যুধিষ্টিবের সেরপ নহে'। সঞ্জয় মুর্থ তুর্যোধন পূর্বের আমাকে এইরূপ বলিত ॥৮॥

জোণ সেই সৈম্মস্থের মধ্যে স্থরক্ষিতই ছিলেন; তথাপি ধৃষ্টগ্নায় যুদ্ধে তাঁহাকে বধ করিয়াছে। স্মৃতবাং এটাকে ভাগ্য ভিন্ন আর কি বলা যায় ॥১॥

হায । মহাবাহু, সর্ব্বদা যুদ্ধামোদী ও সর্বান্তপাবদর্শী জ্যোণকে কি কবিযা মৃত্যু আসিয়া বাজাদেব মধ্যে গ্রহণ করিল। ॥১ ।॥

আমি গুৰুত্ব কণ্ট পাইয়াছি এবং আমার দাকণ মোহ উপস্থিত হইয়াছে। আমি ভীষ্ম ও জোণকে নিহত গুনিয়া আব জীবিত থাকিতে পারিতেছি না ॥১১॥

বংস সঞ্জয। বিহুব আমাকে পুত্রবংসল দেখিয়া পূর্বে যাহা বলিয়াছিলেন, হুর্যোধন আমার সহিত সে সমস্তই পাইয়াছে ॥১১॥

⁽१) অন্ত মে ··চেদয়শ্চাপবে বঙ্গাঃ—পি বা ব। জ্যোণ (২১)-২৬

নৃশংসন্ত পরং তৎ স্থাত্যক্ত্রা তুর্য্যোধনং যদি।
পুত্রশেষং চিকীর্বেরং ক্বংসং ন মরণং ব্রজেৎ ॥১৩॥
যো হি ধর্মং পরিত্যজ্য ভবত্যর্থপরো নরঃ।
সোহস্মাচ্চ হীয়তে লোকাৎ ক্ষুদ্রভাবঞ্চ গচ্ছতি ॥১৪॥
অন্ত চাপ্যস্থ রাষ্ট্রস্থ হতোৎসাহস্থ সঞ্জয়!।
অবশেষং ন পশ্যামি কক্দে মূদিতে সতি ॥১৫॥
কথং স্থাদবশেষো হি ধুর্যুয়োরভ্যতীতয়োঃ।
যৌ নিত্যমুপজীবামঃ ক্ষমিণো পুরুষর্ধতো ॥১৬॥
ব্যক্তমের চ মে শংস যথা মুদ্ধমবর্ত্ত।
কেহমুধ্যন্ কে ব্যপাকুর্বন্ কে ক্ষুদ্রোঃ প্রাদ্রবন্ ভয়াৎ ॥১৭॥

নৃশংসমিতি। পূজাণাং শেষমবশিষ্টপূজাণাং রক্ষণম্, চিকীর্ষেবং কর্জু মিচ্ছেষম্ ॥১৬॥

য ইতি। অর্থপরঃ অর্থসাধন এব ব্যাপৃতঃ। হীযতে লগুতি ॥১৪॥

অভেতি। ককুদে প্রধানে ভীমে লোণে চ, মৃদিতে নিহতে ॥১৫॥

কথমিতি। ধুরং রক্ষাভারং বহত ইতি ধুর্মো ভীম্মদ্রোণো ত্যোঃ ॥১৬॥

ব্যক্তমিতি। শংস ক্রহি। বাপাকুর্মন্ বিপক্ষান্ গুবার্যন্, প্রাদ্রবন্ পলায়ত ॥১৭॥

আমি যদি (বিছরেব উপদেশে) ছর্য্যোধনকে পবিত্যাগ কবিয়া অবশিষ্ট পুত্রগণকে রক্ষা করিবার ইচ্ছা করিতাম, তবে সেটা অত্যন্ত নৃশংসেব কার্য্য হইত বটে, বিশ্ব সকল পুত্রেব মৃত্যু হইত না ॥১৩॥

ষে লোক ধর্ম পরিত্যাগ করিয়া কেবল অর্থপরায়ণ হয়, সে লোক ইহলোক হইতে ভ্রষ্ট হয় এবং ক্ষুব্র হইয়া যায় ॥১৪॥

সঞ্জয়! রাজ্যেব প্রধান ছই জন (ভীম্ম ও দ্রোণ) নিহত হওয়ায় সকলেরই উৎসাহ নষ্ট হইয়াছে। স্থতরাং এখন এ রাজ্যের অবশেষ থাকিবে বলিয়া আমি দেখিতেছি না ॥১৫॥

আমরা যে হই জন ক্ষমাবান্ পুক্ষশ্রেষ্ঠকে সর্বনা অবলম্বন করিতাম, সেই ধ্রন্ধর হই জনই চলিয়া গিয়াছেন। অতএব এখন কি করিয়া রাজ্যের অবশেষ খাকিবে ? ॥১৬॥

(সে যাহা হউক,) সঞ্জয়। যে ভাবে যুদ্ধ চলিযাছিল, কাহারা যুদ্ধ কবিযা-ছিল, কাহারা বিপক্ষগণকে বারণ করিয়াছিল এবং কোন্ ক্ষুদ্রেরাই বা ভয়ে

⁽১৬) নৃনং সত্ত্পরং তৎ স্থাৎ · পি, নৃশংসম্ভ পবং ন স্থাৎ · · বা, নৃশংসম্ভ পবং তাত !—নি।
(১২) · · · ক্তেচ্ছেদশু স্ক্র !—নি।

ধনঞ্জয়ঞ্চ মে শংস যদ্যক্তক্রে রথর্যভঃ।
তথ্যান্তয়ং নো ভূমিষ্ঠং ল্রাভ্ব্যাক্ত রুকোদরাৎ ॥>৮॥
যথাসীক্ত নির্ত্তেয়ু পাগুবেয়েয়ু সঞ্জয়!।
মম সৈন্তাবশেষস্থ সন্নিপাতঃ স্থদারুণঃ ॥>৯॥
কথঞ্চ বো মনস্তাত! নির্ত্তেম্বভবত্তদা।
মামকানাঞ্চ কে শ্রাঃ কাংস্তত্র সমবারয়ন্ ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং জোণপর্বাণি
সংশপ্তকবধ্বে ধ্বতরাষ্ট্রবাক্যে ভাবিংশোহধ্যায়ঃ॥০॥ #

--:#:--

ब्राविश्याश्याकः।

-- 3#3---

সঞ্জয় উবাচ।

মহন্তৈরবমাসীন্নঃ সন্নির্ভেরু পাণ্ডুরু।
দৃষ্ট্বা জোণং ছাত্যমানং তৈর্ভাক্ষরমিবান্থদৈঃ॥১॥

ধনশ্বমতি। নঃ অন্মাকম্, ভ্রাভ্ব্যাৎ শব্রোঃ, "প্রাভ্ব্যো প্রাভ্দ্বিষ্ঠো" ইত্যমরঃ ॥১৮॥
যথেতি। সৈন্তাবশেষত্ম অবশিষ্টসৈক্তস্ত, সরিপাত আক্রমণম্ ॥১৯॥
কথমিতি। কথং কীদৃশম্, বো যুদ্মাকম্। নিরুত্তেরু পাগুবেষু ॥২০॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতামাং
মহাভাবতটীকাষাং ভাবতকোম্দীসমাখ্যাযাং দ্রোণপর্বাণী সংশপ্তকবধে
ভাবিংশোহধ্যায়ঃ ॥০॥

পলায়ন কবিয়াছিল, এই সকল বিষয় তুমি আমাব নিকট স্পষ্ট করিয়া বল ॥১৭॥

বথিশ্রেষ্ঠ অজুন যাহা যাহা করিয়াছিলেন, তাহাও আমার নিকট বল। কাবণ, সেই অজুন ও চিবশক্র ভীম হইতেই আমাদেব অধিক ভয হয়॥১৮॥

পার সঞ্জয়। পাগুবেবা ফিবিলে, আমাব অবশিষ্ট সৈক্ষেব উপরে যেকপ শতিদারণ আক্রমণ হইয়াছিল, (তাহাও বল) ॥১৯॥

বংস! পাশুবেরা প্রতিনিবৃত্ত হইলে, তখন তোমাদের মন কিন্দপ হইয়াছিল ? এবং আমাদের কোন্ বীবেবা তখন কাহাদিগকে বারণ কবিযাছিলেন ? ॥২০॥

⁽२•) · · क कांश्व्य क्रवावयन्—वा नि । * ' · · व्याविश्यादः' व, ' · · চতूर्विश्यादशादः' वा ता नि ।

মহদিতি। ভীরোর্ভাবো ভৈরবং ভবন্। ছাজসানসজৈরিতি শেষ ॥১॥
তৈরিতি। উদ্ভুনুজোলিতন্, রজো ধূলিং, অবচক্রে আবৃতবং ॥২॥
তানিতি। মহেবাসান্ মহাধন্ধরান্। সমচ্চুদুৎ প্রেবিতবান্ ॥৩॥
কিনুক্তোহ যথেতি। যথাসবং যথাধ্যবসায়ন্। যথাযোগং যথোপায়ন্॥॥॥
তত ইতি। আরাৎ সমীপে, "আরাদ্দ্বসমীপয়োঃ" ইত্যমবঃ ॥৫॥
তিমিতি। তং ভীমন্, অবতন্তার তুর্মণ আচ্ছাদ্যামাস। তুনুলং যুদ্ধন্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ। পাগুবযোদ্ধাবা ফিবিয়া আসিলে এবং মেঘ যেমন স্থাকে আবৃত কবে, সেইন্দপ তাঁহাবা অস্ত্রদ্ধাবা জোণকে আবৃত করিলে, তাহা দেখিয়া আমাদের গুরুতর ভয় হইল ॥১॥

তাঁহাদের উত্তোলিত তীব্র ধূলিজাল আসিয়া আপনার সৈম্ম আর্ভ কবিয়া ফেলিল; তথন দৃষ্টিপথ নষ্ট হওয়ায় আমরা জোণকে নিহত বলিয়া মনে করিলাম ॥২॥

সেই বীব ও মহাধনুদ্ধিবগণকে নৃশংস কার্য্য কবিবাব ইচ্ছা করিতে দেখিয়া তুর্য্যোধন সম্বর আপন সৈম্মগণকে প্রেরণ কবিলেন— (বলিলেন—) ॥ ৩॥

'রাজগণ। আপনারা শক্তি, উৎসাহ, অধ্যবসায় ও উপায় অনুসারে পাণ্ডব-সৈম্যগণকে বারণ করুন'॥॥

তাহার পর আপনার পুত্র হুর্মর্যণ ভীমকে নিকটে দেখিয়া জোণের জীবন ইচ্ছা কবিয়া বাণক্ষেপ করিতে করিতে ভীমের দিকে ধাবিত হইলেন ॥৫॥

এবং ক্রেদ্ধ যমের স্থায় যুদ্ধে বাণদ্বারা ভীমকে আর্ভ করিয়া ফেলিলেন। ক্রমে ভীমও বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিতে লাগিলেন। তথন ভূমুল ও গুক্তর যুদ্ধ হইতে লাগিল ॥৬॥ ত ঈশবসমাদিষ্টাঃ প্রাজ্ঞাঃ শ্বাঃ প্রহারিণঃ।
বাজ্যং মৃত্যুভয়ং ত্যক্ত্বা প্রত্যতিষ্ঠন্ পরান্ মৃধি॥१॥
ক্তবর্মা শিনেঃ পৌত্রং জোণং প্রেক্সাং বিশাংপতে !।
পর্যাবারয়দায়ান্তং শ্বং সমবশোভিনম্॥৮॥
তং শৈনেয়ঃ শরত্রাতৈঃ ক্রুদ্ধঃ ক্রুদ্ধমব্রেয়ৎ।
ক্তবর্মা চ শৈনেয়ং মত্তো মতমিব দিপম্॥৯॥
দৈশ্ববঃ ক্রত্রশ্মাণমায়ান্তং নিশিতৈঃ শরৈঃ।
উত্যধমা মহেম্বাসং মত্তো জোণাদবাবয়ৎ॥১০॥
ক্রত্রশ্মা দিল্পুপতেশ্ছিত্বা কেতনকার্ম্ব্রক।
নারাটেদ শভিঃ ক্রুদ্ধঃ সর্বমর্মম্বতাড়য়ৎ॥১১॥
অথান্সদ্ধস্বাদায় দৈশ্ববঃ ক্তহন্তবৎ।
বিব্যাধ ক্রত্রশ্মাণং রণে স্বায়িদেঃ শরৈঃ॥১২॥

ত ইতি। ঈশরসমাদেশমন্তরেণ জগতি কম্মাপি কার্যস্থাসম্ভবাদিতি ভাবং ॥ १॥ কতেতি। শিনেং পৌজে সাত্যকিম্, প্রেন্স্, যিযাস্থম্ ॥৮॥ তমিতি। শৈনেয়ং সাত্যকিং, শরাণাং রাতৈং সম্হৈং। দিপং গজম্ ॥ ১॥ শৈরুব ইতি। সৈন্ধবং সিন্ধুরাজো জযক্রথং। যতো যুদ্ধে যত্মবান ॥ ১ •॥ শত্তেতি। কেতনকামুকে ধ্বজধ্যুয়ী ॥ ১১॥

অথেতি। কৃতহন্তবং শিক্ষিতহন্ত ঐন্ত্রজালিক ইব। সর্বাযদৈলো হুমধ্যে ॥১২॥

প্রহাবনিপুণ ও বিচক্ষণ সেই কুকবীবেবা ঈশ্ববাদিষ্ট হইয়া বাজ্য ও মৃত্যুভষ ভ্যাগ করিযা যুদ্ধে বিপক্ষগণের অভিমুখে রহিলেন ॥৭॥

নবনাথ! বীব ও সমবশোভী সাত্যকি জোণের দিকে আসিতেছিলেন, তখন কৃতবর্মা তাঁহাকে বাবণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৮॥

ক্রমে মন্ত হস্তী যেমন মন্ত হস্তীকে বাবণ করে, সেইরপ ক্রুদ্ধ সাত্যকি ক্রুদ্ধ কৃতবর্দ্মাকে এবং ক্রুদ্ধ কৃতবর্দ্মা ক্রুদ্ধ সাত্যকিকে বাণসমূহদ্বাবা বাবণ কবিতে লাগিলেন ॥১॥

মহাধন্ত্র্দ্ধব ক্ষত্রধর্ম্মা জোণেব দিকে আসিতেছিলেন, তখন ভয়ঙ্কবধন্ত্র্দ্ধব জয়জথ যত্নবান্ হইযা নিশিত শরসমূহদ্বাবা তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১০॥

ক্রমে ক্ষত্রধর্ম্মা ক্রুদ্ধ হইযা জ্য়জ্রথেব ধ্বঙ্গ ও ধন্ন ছেদন কবিয়া দশটা নাবাচদ্বারা জ্যজ্রথেব সমস্ত মর্ম্মস্থানে ভাড়ন কবিলেন ॥১১॥

^{(&}gt;॰) সৈন্ধবং ক্ষত্রবর্মাণম্ — নি।

যুর্ৎ হং পাণ্ডবার্থায় যতমানং মহারথম্।
হ্বাহ্রজাতরং শ্রং যত্তো দ্রোণাদবারয়ৎ ॥১০॥
হ্বাহ্রো সধনুর্বাণাবস্থতঃ পরিঘোপমো।
যুর্ৎহ্রং শিতপীতাভ্যাং ক্লুরাভ্যামচ্ছিমন্তুজো ॥১৪॥
রাজানং পাণ্ডবভোষ্ঠং ধর্মাত্মানং যুধিষ্ঠিরম্।
বেলেব সাগরং ক্লুরং মদ্ররাট্ সমবারয়ৎ ॥১৫॥
তং ধর্মরাজো বহুভির্মানিভিদ্তিরবাকিরৎ।
মদ্রেশন্তং চতুঃমন্ট্যা শরৈবিদ্ধাহনদদ্ভ্শম্॥১৬॥
তত্ত নানদতঃ কেতুমুচ্চকর্ত্ত চ কার্মুক্ম্ ।
ক্লুরাভ্যাং পাণ্ডবো জ্যেষ্ঠন্তত উচ্চুক্রুগুর্জনাঃ ॥১৭॥

যুষ্ৎস্মতি। স্বাহর্ধার্তরাষ্ট্র:। অতএব যুষ্ৎস্কদ্বাতা। যতো যত্মবান্ ॥১৩॥ স্বাহোরিতি। অভতো বাণান্ ক্ষিপতঃ। শিতঃ স্থারঃ পীতঃ প্রাকৃপীতবক্তমভাগাম্ ॥১৪॥ রাজানমিতি। বেলা তীরম্। মন্তরাট্ শল্যঃ ॥১৫॥ তমিতি। মর্শাভিম্ভির্বাবিঃ। অনদং সিংহনাদমকরোৎ ॥১৬॥ তত্তেতি। নানদতঃ পুনঃ পুনঃ সিংহনাদং ক্র্বতঃ, উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥১৭॥

তাহার পর জয়ত্রথ শিক্ষিতহস্তেব স্থায় অস্ত ধন্থ লইয়া বহুতব লৌহময় বাণদ্বারা ক্ষত্রধর্মাকে বিদ্ধ করিলেন ॥১২॥

বীর ও মহারথ ভাতা যুযুৎসু পাশুবগণের জন্ম জোণেব দিকে যাইবাব চেষ্টা কবিতেছিলেন, তখন স্থবাহুও সযত্নে তাঁহাকে বারণ করিতে প্রার্ত্ত হইলেন ॥১৬॥

ত্মবান্থ বাণক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় যুযুৎস্থ স্থধাব ও রক্তপায়ী ছইটা ক্ষুরপ্রদ্বারা পরিষতুল্য ও ধনুর্বাণযুক্ত স্ম্বান্থর বান্থ ছইখানা কাটিয়া কেলিলেন ॥১৪॥

পাণ্ডবশ্রেষ্ঠ ও ধর্মাত্মা রাজা যুথিষ্ঠিব আসিতেছিলেন, তথন তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে বারণ কবে, সেইবাপ শল্য তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৫॥

ক্রমে যুথিষ্ঠির বহুতর মর্মভেদী বাণদ্বাবা শল্যকে পীড়ন করিলেন, শল্যও চৌষট্টিটা বাণদ্বারা যুথিষ্ঠিরকে বিদ্ধ করিয়া বিশাল সিংহনাদ করিলেন ॥১৬॥ শল্য বার বার সিংহনাদ করিতে লাগিলে, যুথিষ্ঠিব, ছইটা ক্ষ্বপ্রদারা তথৈব রাজা বাহ্লীকো রাজানং দ্রুপদং শবিঃ।
আদ্রবন্তং সহানীকঃ সহানীকং স্থবারয়ৎ ॥>৮॥
তদ্যুদ্ধমভবদ্যোরং র্দ্ধয়োঃ সহসেনয়োঃ।
যথা মহাযুথপয়োর্দ্বপয়োঃ সংপ্রভিময়োঃ॥>৯॥
বিন্দামুবিন্দাবাবন্ত্যে) বিরাটং মৎস্থমাচর্ছ তাম্।
সহসৈত্যে সহানীকং যথেক্রায়ী পুরা বলিম্॥২০॥
তত্তৎপিঞ্জলকং যুদ্ধমাসীদ্রেবাস্থরোপমম্।
মৎস্থানাং কেকয়েঃ সার্দ্ধমভীতাশ্বরথদ্বিশম্॥২১॥
নাকুলিন্ত শতানীকং ভূতকর্মা স ভূপতিঃ।
অস্তত্তিময়ুজালানি যান্তং দ্রোণাদ্রারয়ৎ॥২২॥

তথেতি। আদ্রবস্তম্ অভিধাবন্তম্, সহানীকং সদৈশুম্ ॥১৮॥
তদিতি। সংপ্রভিরবোর্যদ্রাবিণার্গজবোঃ ॥১০॥
বিন্দেতি। আবস্ত্যো অবস্থিদেশীরো, মাৎস্কং মৎস্তবাজম্, আর্চ্ছতাং প্রাহরতাম্ ॥২০॥
তদিতি। উৎপিঞ্চলকম্ অতীবাক্লম্। কেকবৈঃ কুরুপকীরৈঃ ॥২১॥
নাক্লিমিতি। নাক্লিং নক্লপুত্রম্, ভূতকর্মা নাম। অস্ততং ক্ষিপস্তম্ ॥২২॥

শল্যেব ধ্বজ্ব ও ধন্তু কাটিয়া ফেলিলেন। তখন তত্ৰত্য লোকেরা উচ্চস্বরে কোলাহল কবিয়া উঠিল ॥১ ৭॥

সেইবপই জ্রপদরাজা সৈন্তগণের সহিত আসিতেছিলেন, এই অবস্থার বাহ্লীকরাজা সৈন্তগণেব সহিত মিলিত হইয়া বাণদাব। তাঁহাকে বারণ কবিতে লাগিলেন ॥১৮॥

তখন মদস্রাবী তৃইটা বিশাল হস্তীর যেমন ভয়ঙ্কব যুদ্ধ হয়, সেইরূপ সৈম্য-সম্মিলিত সেই বৃদ্ধ তৃই জনের ভয়ঙ্কব যুদ্ধ হইতে থাকিল ॥১৯॥

পূর্ববালে ইন্দ্র ও অগ্নি যেমন বলিকে পীড়ন কবিয়াছিলেন, সেইবাপ অবস্থি-দেশীষ বিন্দ ও অনুবিন্দ সৈন্তগণেব সহিত মিলিত হইয়া সৈন্তসমন্বিত সংস্থান্ত বিরাটকে পীড়ন করিতে লাগিলেন ॥২০॥

তখন কুক্পক্ষীয় কেকয়গণেব সহিত পাগুবপক্ষীয় মংস্থাদেশীয়গণেব দেবাস্থ্যযুদ্ধ-তুল্য অভ্যন্ত সঙ্কুল যুদ্ধ হইতে লাগিল; ভাহাতে কোন পক্ষেত্ৰই হস্তী, অশ্ব ও রথাবোহীরা ভীত হন নাই ॥২১॥

নকুলেব পুত্র শতানীক বাণসমূহ নিক্ষেপ কবিতে করিতে জোণের দিকে

⁽২১) তবং পিঞ্জলকম্—পি বা। (২২)···ভূতকর্মা সমাহিত্য--পি,···ভূতকর্মা সভাপতিঃ--ব নি।

ততো নকুলদায়াদন্তিভির্ভন্তি হল শিতৈঃ।
চক্রে বিবাহুশিরসং ভূতকর্মাণমাহবে ॥২৩॥
স্থাতসামস্ত বিক্রান্তমায়ান্তং তং শরোঘিণম্।
ক্রোণায়াভিমুখং বীরং শাল্বো বাণৈরবাবয় ॥২৪॥
অথ ভীমরথঃ শাল্বমাশুগৈরায়সৈঃ শিতৈঃ।
ষড়ভিঃ সাশ্বনিয়ন্তারমনয়দ্যমদাদনম্॥২৫॥
শ্রুতকর্মাণমায়ান্তং ময়ুরসদৃশৈহয়েঃ।
চৈত্রসেনির্মহারাজ! তব পোত্রমবারষৎ ॥২৬॥
তৌ পোত্রো তব তুর্দ্ধি পরস্পরজ্বয়িষণে।।
পিত্রণামর্থদিদ্ব্যর্থং চক্রতুর্ম্বমুত্তমম্ ॥২৭॥

তত ইতি। নকুলস্ত দাযাদঃ পুত্রঃ। বিগতানি বাছু শিরশ্চ তানি ৃযক্ত তম্ ॥২০॥ স্থতেতি। স্থতনোমং ভীমনেনপুত্রম্। শরোঘিণং বাণসমূহবর্ষিণম্ ॥২৪॥ স্বথেতি। ভীমবথো ভবত্ববর্ষাবোহী স্থতনোমঃ। আয়নৈলো হমবৈঃ ॥২৫॥ প্রতেতি। প্রতক্ষাণমর্জুনাদ্দ্রোপত্তাং জাতম্। চৈত্রসেনিস্থদাত্মজচিত্রসেনপুত্রঃ ॥২৬॥ তাবিতি। পিতৃণাং পাণ্ডবধার্ত্বরাষ্ট্রাণাম্, অর্থসিদ্ধার্থং জ্বনিম্পত্যর্থম্॥ ৭॥

যাইতেছিলেন, তখন প্রসিদ্ধ রাজা ভূতকর্মা তাঁহাকে বাবণ কবিতে প্রবৃত্ত হইলেন॥২২॥

তাহার পর শতানীক স্থানশিত তিনটা ভল্লদাবা যুদ্ধে ভূতকর্মাব বাহুযুগল ও মস্তক ছেদন করিয়া ফেলিলেন ॥২৬॥

বীব ও বিক্রমশালী স্মৃতসোম বাণসমূহ বর্ষণ কবিতে কবিতে জোণের অভিমূখে আসিতেছিলেন, শাল বাণদাবা তাঁহাকে বারণ কবিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে ভীষণবথাবোহী স্থৃতসোম লোহময় ও স্থাব ছয়টা বাণদ্বাবা অশ্ব ও সাবথিব সহিত শান্তকে যমালয়ে প্রেরণ কবিলেন ॥২৫॥

মহারাজ। অর্জ্জুনের পুত্র শ্রুতকর্দ্মা ময়্বতুল্য-ঘোটক-চালিত বথে আসিতেছিলেন, তথন চিত্রসেনের পুত্র তাঁহাকে বাবণ কবিতে প্রবৃত্ত হইলেন ॥২৬॥

মহারাজ। আপনাব সেই হুর্দ্ধর্য হুই পোত্র পবস্পর জয়াভিলাষী হুইয়া পিতৃগণের কার্যাসিদ্ধির জন্য উত্তম যুদ্ধ কবিতে লাগিলেন ॥২৭॥

⁽২৪) · বীবং বিবিংশতিরবাব্য়ং। স্বত্সোমস্ত সংক্রুদ্ধ স্বপিত্ব্যমজিদ্ধগৈ:। বিবিংশতিং শরৈবিদ্ধা নাভ্যবর্ত্তত দংশিতঃ। পি বা ব। (২৬) · · · চিত্রসেনো মহারাজ! — নি। (২৭, · · · পরম্পরবর্ষেধিণ) — বা ব রা নি।

তির্ভন্ত থাতে। দৃষ্ট্র। প্রতিবিদ্ধ্যং তমাহবে।

টোণির্মানং পিতৃঃ কুর্বন্ মার্গ গৈঃ সমবারয়ৎ ॥২৮॥
তং জুদ্ধং প্রতিবিদ্যাধ প্রতিবিদ্ধ্যঃ শিতৈঃ শরৈঃ।

সিংহলাঙ্গুললক্ষাণং পিতুরর্থে ব্যবস্থিতম্ ॥২৯॥
প্রবপনিব বীজানি বীজকালে কৃষীবলঃ।
টোণায়নির্দ্রো পদেয়ং শরবর্ষেরবাকিরৎ ॥৩০॥
আর্জ্জনিং শুতকীর্ত্তিন্ত টোপদেয়ং মহারথম্।
টোণায়াভিমুখং যান্তং দোঃশাসনিরবারয়ৎ ॥৩১॥
তন্ত কৃষ্ণসমঃ কার্ফিস্তিভির্ভিল্লঃ স্থশংসিতৈঃ।
বন্ধর্ম জঞ্চ সূতঞ্চ ছিত্বা দ্রোণান্তিকং যথৌ ॥৩২॥
যন্ত শ্রতমো বাজন ভয়োঃ সেনয়োর্মতঃ।
তং পটচ্চরহন্তারং লক্ষ্মণঃ সমবারয়ৎ ॥৩০॥

তিষ্ঠস্কমিতি। প্রতিবিদ্ধাং প্রেণিক্যাং মুখিষ্টিবাজ্জাতম্। প্রেণিবশ্বখামা ॥২৮॥
তমিতি। সিংহলাঙ্গন্থ লক্ষ ধ্বজচিহ্নং যন্ত তমশ্বখামানম্, পিতৃর্দ্রোণন্ত ॥২৯॥
প্রেতি। প্রবপন্ বিকিবন্। ক্ববীবলা ক্বৰকা। প্রেণায়নিবশ্বখামা ॥৩০॥
আর্জুনিমিতি। আর্জুনিমভিমন্তাম্, শ্রুতকীর্তিং খ্যাতকীর্ত্তিম্, প্রেণিদেয়ং সপত্মীপুত্রবাং
প্রোপত্যা অপি পুত্রম্। দোঃশাসনিত্বংশাসনপুত্রঃ ॥৩১॥
তন্তেতি। তন্ত দোঃশাসনেং, কার্ফিঃ ক্বক্সার্জুনন্তাপত্যমভিমন্ত্যঃ ॥৩২॥

ওদিকে প্রতিবিদ্ধ্যকে সমবাঙ্গনে সম্মুখে থাকিতে দেখিয়া অশ্বত্থামা পিতার সম্মান রক্ষা করিবার জন্ম বাণদ্বাবা তাঁহাকে বাবণ কবিতে প্রবৃত্ত হইলেন ॥২৮॥

তখন প্রতিবিদ্ধ্য সুধাব বাণসমূহদাবা, পিতাব জীবনবক্ষার জন্ম অবস্থিত সিংহলাঙ্গ, লধজ ক্রুদ্ধ অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ কবিলেন ॥২৯॥

পরে, কৃষক যেমন বীজ্বপনেব সমযে বীজ্ব বর্ষণ কবে, সেইরূপ অশ্বত্থামা বাণবর্ষণ করিয়া জ্রোপদীনন্দন প্রতিবিশ্ব্যকে আবৃত কবিয়া ফেলিলেন ॥৩০॥

অক্সদিকে বিখ্যাতকীর্ত্তি, মহাবথ ও জৌপদীব পুত্রস্থানীয় অভিমন্ত্য জোণেব অভিমুখে যাইতেছিলেন, এই সময়ে ত্বংশাসনেব পুত্র তাঁহাকে বাবণ কবিতে লাগিলেন ॥৩১॥

তখন কৃষ্ণের তুল্য মহাবীব অভিমন্ত্য নিশিত তিনটা ভল্লদাবা ত্বংশাসনপুত্রেব ধন্ত ধ্বন্ধ ও সার্যথিকে ছেদন করিয়া জোণেব নিকটে চলিয়া গেলেন ॥৩২॥

⁽৩॰)···বীজকালে নর্বভঃ···পি,···বীজকালে নবর্বভ। বা ব। লোগ (২১)-২৭

দ লক্ষণন্তেষদনং ছিত্বা লক্ষ্ম চ ভারত!।
লক্ষ্মণে শরজালানি বিস্তজন্ বহুবশোভত ॥ ৪॥
বিকর্ণস্ত মহাপ্রাজ্ঞো যাজ্ঞদেনিং শিশুজিনম্।
পর্য্যবার্যদায়ান্তং যুবানং সমরে যুবা ॥ ৩৫॥
ততন্তমযুজ্জালেন যাজ্ঞদেনিঃ সমারণোৎ।
বিধ্য তন্থাণজালং বভৌ তব হুতো বলী ॥ ৩৬॥
অঙ্গদোহভিমুখং বীবমুক্তমোজসমাহবে।
দোণায়াভিমুখং যান্তং শবোঘেণ অবারয়ৎ ॥ ৩৭॥
দ সম্প্রহারস্তম্পুলন্তয়োঃ পুরুষদিংহয়োঃ।
দৈনিকানাঞ্চ সর্বেব্যাং ত্যোশ্চ প্রীতিবর্দ্ধনঃ ॥ ৩৮॥
ছুমুখিন্ত মহেষ্যানো বীরং পুরুজিতং বলী।
দ্রোণায়াভিমুখং যান্তং বৎসদক্তিববার্যৎ ॥ ৩৯॥

য ইতি। পটচ্চরহন্তারং দম্যযাতিনং সাগবান্পবাজ্ঞম্, সম্মণো দুর্য্যোধনপুত্র: ॥৩৩॥
ল ইতি। ইন্ধসনং ধন্ম:, লক্ষ্ম ধবজচিহ্নম্। বহু সাতিশ্যম্ ॥৩৪॥
বিকর্ণ ইতি। যজ্ঞসেনস্ত জপদস্ত পুত্র ইতি যাজ্ঞসেনিন্তম্ ॥৩৫॥
তত ইতি। ইয়্জালেন বাণসমূহেন। বিধ্য নিবার্য্য ॥৩৬॥
অঙ্গদ ইতি। অঙ্গদো ধার্জবাষ্ট্রঃ। উত্তর্মোজসং নাম ॥৩৭॥
ল ইতি। সম্প্রহাবো যুদ্ধম্। প্রীতিবর্দ্ধন আসীদিতি শেষঃ ॥৩৮॥

বাজা। উভয় সৈন্মই যাঁহাকে প্রধান বীর বলিয়া মনে করিত, সেই দম্মহস্থা সামুদ্রবাজকে লক্ষণ বাবণ করিতে প্রবৃত্ত হ'ইলেন ॥৩৩॥

ভরতনন্দন! সামুদ্রবাজ লক্ষণেব ধন্ন ও ধ্বজচিহ্ন ছেদন করিয়া এবং লক্ষণেব প্রতি বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া অত্যস্ত শোভা পাইতে লাগিলেন ॥৩৪॥

ক্রপদবাজাব পুত্র যুবা শিখণ্ডী আসিতেছিলেন, তখন মহাপ্রাজ্ঞ যুবা বিকর্ণ যুদ্ধে তাঁহাকে বাবণ কবিতে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

তৎপবে শিখণ্ডী বাণসমূহদারা বিকর্ণকে আবৃত কবিলেন; তখন আপনাব পুত্র বলবান্ বিকর্ণ সেই বাণজাল নিবাবণ কবিয়া প্রকাশ পাইলেন ॥৩৬॥

বীব উত্তমোজা যুদ্ধে জোণেব অভিমুখে যাইতেছিলেন; সেই সময়ে অঙ্গদঙ অভিমুখে যাইয়া বাণসমূহদ্বাবা তাঁহাকে বাবণ কবিতে লাগিলেন ॥৩৭॥

ক্রমে সেই পুকষশ্রেষ্ঠ হুই জনের সেই তুমূল যুদ্ধ সমস্ত সৈন্মেব এবং তাঁহাদের প্রীতিবর্দ্ধন কবিতে থাকিল,॥৬৮॥ স তুর্মুখং ভ্রংবার্মধ্যে নারাচেনাভ্যতাড়য়ৎ।
তক্স তদ্ধি বভৌ বক্তুং সনালমিব পদ্ধজ্ঞম্ ॥৪০॥
কর্ণস্ত কেকয়ান্ ভ্রাত্তন্ব পঞ্চ লোহিতকথবজ্ঞান্।
ক্রোণায়াভিমুখং যাতান্ শরবর্ষেরবারয়ৎ ॥৪১॥
তে চৈনং ভূশসংক্র দ্ধাঃ শরবর্ষেরবাকিরন্।
স চ তাংশ্চাদয়ামাস শরজালৈঃ পুনঃ পুনঃ ॥৪২॥
নৈব কর্নো ন তে পঞ্চ দদৃশুর্ব্বাণসংবৃতাঃ।
সাশ্বসূত্রথজ্বরথাঃ পরস্পরশরাচিতাঃ ॥৪০॥
পুত্রান্তে ত্রজ্যেশ্চিব জ্বশ্রু বিজ্যাশ্চ হ।
নীলকাশ্যজ্যাৎসেনাংক্রয়ন্ত্রীন্ প্রত্যবারয়ন্ ॥৪৪॥

দৃষ্থ ইতি। বংসদক্তি: গোবংসদন্তাকারম্থৈবাণৈ: ॥৩৯॥
স ইতি। তম্ম দৃষ্থম । সনালং দণ্ডমূক্তম্, নাবাচম্ম দণ্ডত্ল্যাহাৎ ॥৪০॥
কর্ণ ইতি। লোহিতকধ্বজান্ রক্তধ্বজান্ । যাতান্ চলিতান্ ॥৪১॥
ত ইতি। অবাকিবন্ ব্যাপা বন্। স কর্ণদে ॥৪২॥
নেতি। কর্ণো ন তান্ দদর্শ । দদ্ভঃ কর্ণম্ । প্রস্পাবশবৈবাচিতা ব্যাপ্তাঃ ॥৪৩॥
পুত্রা ইতি। কাশ্যঃ কাশীবাজঃ। প্রত্যবাব্যন্ যথাক্রমম্ ॥৪৪॥

বীব পুকজিৎ জোণেব দিকে গমন করিতেছিলেন; তখন মহাধমুর্দ্ধব ও বলবান্ ত্ন্মুর্থ ভাঁহাকে বৎসদন্ত-(বাণবিশেষ) দ্বারা বাবণ কবিলেন ॥৩৯॥

ক্রমে পুকজিৎ একটা নারাচদ্বাবা ছম্মুখেব জ্রমধ্যে তাড়ন করিলেন, তখন ছম্মুখের সেই মুখখানি নালযুক্ত পদ্মের স্থায় শোভা পাইতে লাগিল ॥৪০॥

বক্তধ্বন্ধ কেকয়দেশীয় পঞ্চ প্রাতা জ্যোণের দিকে চলিযাছিলেন, এই সময়ে কর্ণ বাণবর্ষণ করিয়া তাঁহাদিগকে বারণ কবিতে লাগিলেন ॥৪১॥

তখন তাঁহাবাও অত্যন্তকুদ্ধ হইয়া কর্ণেব উপবে বাণ বর্ষণ কবিতে থাকিলেন; আবার কর্ণও বাণজালদ্বাবা বাব বাব তাঁহাদিগকে আচ্ছাদন কবিতে লাগিলেন ॥৪২॥

বাণে আবৃত এবং অশ্ব, সাব্থি, বথ ও ধ্বন্ধ ব্যাপ্ত হইয়া যাওযায় তাঁহারা তখন পরস্পার দৃষ্টিগোচব হন নাই ॥৪৩॥

অক্তদিকে হর্জয়, জয় ও বিজয় আপনাব এই তিন পুত্র যথাক্রমে নীল, কাশীবাজ ও জয়ৎসেনকে বারণ কবিতে প্রবৃত্ত হইলেন ॥৪৪॥

⁽৪০)---নারাচেনাপ্যপীভয়ৎ—পি। (৪২)-- ভূশসম্ভপ্তাঃ—বা ব বা नि।

তদ্যুদ্ধমভবদ্যোরমীক্ষিত্প্রীতিবর্দ্ধনম্।
সিংহব্যান্তত্বক্ষণাং যথাক্ষমহিষ্বতিঃ ॥৪৫॥
ক্ষেম্পূর্তির্হত্তো তু ভাতরো সাত্তং যুধ।
জোণারাভিমূধং যান্তং শরৈস্তাক্ষৈস্ততক্ষতুঃ ॥৪৬॥
তরোক্তম চ তদ্যুদ্ধমত্যন্ত্তমিবাভবং।
সিংহস্ত দিপমুখ্যাভাং প্রভিন্নাভ্যাং যথা বনে ॥৪৭॥
বার্দ্ধক্ষেমঞ্চ বাফের্যং কৃপঃ শারদ্ধতঃ শরৈঃ।
অক্ষুদ্রঃ ক্ষুদ্রকৈর্বাণেঃ ক্রুদ্ধরূপমবারয়ং ॥৪৮॥
যুধ্যন্তো কৃপবাক্ষেরো যেহপশ্যংশ্চিত্রযোধিনো।
তে যুদ্ধাসক্তমনসো নান্তাং বুর্ধিরে ক্রিয়াম্॥৪৯॥

তদিতি। ঈশ্বিতারো দ্রষ্টাব:। তবকুর্ব্যান্তবিশেব এব, ঋক্ষো ভন্ত্ক: 18৫॥
ক্মেনিতি। সাত্মতং সাত্যকিষ্। ততকত্ঃ ক্লশীচক্রতুক্তাভয়ামাসত্রিতার্থ: ॥৪৬॥
তবোরিতি। বিপম্থ্যাভ্যাং হল্তিশ্রেষ্ঠাভ্যাম, প্রতিনাভ্যাং মদ্রাবিভ্যাম্ ॥৪৭॥
বার্দ্ধেতি। শাব্দকঃ শর্দ্দত পূত্র:। অক্ষ্রো মহান্ বীবঃ, ক্রুকৈন্তদাথ্যৈ: ॥৪৮॥
ব্ধ্যন্তাবিতি। বৃদ্ধানক্রমনসন্তদ্ব্দদর্শননিবিষ্টচিত্তাঃ, বৃর্ধিবে দদ্ভঃ ॥৪৯॥

তখন ভল্ল, ক, মহিষ ও বুবেব সহিত যথাক্রমে সিংহ, ব্যান্ত ও তবকুব (চিতাবাঘেব) যেমন যুদ্ধ হয়, সেইকপ তাঁহাদেব সেই যুদ্ধ দ্রষ্টাদের আনন্দবর্দ্ধক ভয়ন্করভাবে হইতে লাগিল ॥৪৫॥

সাত্যকি সমবাঙ্গনে জোণেব অভিমুখে যাইতেছিলেন, এই সময়ে ক্ষেমধূর্তি ও বৃহস্ত এই হুই ভাতা তীক্ষ বাণদ্বাবা তাঁহাকে তাড়ন করিতে থাকিলেন ॥৪৬॥

তখন বনমধ্যে যেমন ছইটা মদস্রাবী প্রধান হস্তীর সহিত সিংহেব যুদ্ধ হয়, সেইবাপ ক্ষেমধূর্ত্তি ও বৃহন্তেব সহিত সাত্যকিব সেই যুদ্ধ অতি অভ্তভাবেই যেন হইতে লাগিল ॥৪৭॥

. শবদানেব পুত্র মহাবীব কৃপ সাধারণ বাণও ক্ষুব্রুকবাণদারা বৃঞ্চিবংশীয় ব্রুদ্ধ বার্দ্ধক্ষেমিকে বাবণ করিত প্রবৃত্ত হইলেন ॥৪৮॥

বাহারা বিচিত্রযোধী যুধ্যমান কুপ ও বান্ধক্ষেমিকে দেখিতে পাইয়াছিল,

⁽৪৭) ইতঃ পরম্ 'বাজানস্ক তথাষষ্ঠমেকং যুদ্ধাভিনন্দিনম্। চেদিরাজঃ শবানশুন্ কুদো লোণাদ্বার্যং । ততোহষষ্ঠোহহিভেদিন্তা নিরভিন্তজ্ঞলাক্যা। স ত্যকুল সশরং চাপং বথাঙ্মিদ্-পাগমং ॥' ইদং শ্লোক্ষ্যমধিকং বা ব রা নি, অষষ্ঠশু ভীশ্মপর্কাণ নিহতত্বাৎ চেদিরাজশু চ ধুষ্টকেতোঃ পাণ্ডবপক্ষীয়ত্যা তেন লোণাদাবণস্থাসম্ভবাৎ।

সৌমদত্তিস্ত বাজানং মণিমন্তমতন্ত্রিত্য ।
পর্যবার্যদায়ান্তং যশো দ্রোণস্থ বর্জ্যন্ ॥৫০॥
স সৌমদত্তেস্ত্রবিতস্তস্থেষদনকেতনে ।
পুনঃ পতাকাং সূতঞ্চ ছত্রঞ্চাপাত্যন্ত্রথাৎ ॥৫১॥
অথাপ্ল,ত্য বথাক্ত, বং যুপকেতুর্মিত্রহা ।
সাশ্বসূতধ্বজ্বথং তঞ্চকর্ত্ত বরাসিনা ॥৫২॥
বথঞ্চ সং সমাস্থায় বন্ধবাদায় চাপর্ম ।
স্বাং যচ্ছন্ হ্য়ান্ রাজন্ ! ব্যধ্যৎ পাগুবীং চমূম্ ॥৫০॥
পাগুঃমিন্ত্রমিবায়ান্তমন্ত্রান্ প্রতি তৃজ্যুন্ ।
সমর্থঃ সায়কোন্থেন ব্যুসেনো গুবারয়ৎ ॥৫৪॥

সোমেতি। সোমদ্বিভূ বিশ্রবা:। অতস্ত্রিতং যুদ্ধে অনলসম্ ॥৫০॥
স ইতি। ইষ,ন্ বাণান্ অস্তাতি ক্ষিপত্যনেনেতি ইষসনং ধরুং কেতনঞ্চ ধ্বজম্ ॥৫১॥
অথেতি। আপ্লুত্য উপপত্য গত্বা, যুপকেতুভূ বিশ্রবা:। চকর্জ চিচ্ছেদ ॥৫২॥
বথমিতি। যচ্ছন্ নিষমযন্। ব্যধমৎ ব্যনাশ্রৎ, যুপকেতুভূ বিশ্রবা ইত্যন্তর্ত্তি: ॥৫৩॥
পাণ্ডামিতি। সমর্থ: শক্তিমান্, বৃষসেন: কর্ণপুত্র: ॥৫৪॥

ভাহাবাই সেই যুদ্ধদর্শনে নিবিষ্টচিত্ত হওযায় অশু কোন কার্য্য দেখিতে পায় নাই ॥৪৯॥

অন্তদিকে যুদ্ধে সতর্কচিত্ত বাজা মণিমান্ আসিতেছিলেন, সেই সমযে ভূবি-শ্রবা জোণেব যশ বৃদ্ধি কবিবাব জন্ত মণিমান্কে বাবণ কবিতে লাগিলেন ॥৫০॥

ক্রমে মণিমান্ ত্বান্থিত হইয়া ভূবিশ্রবাব ধনু, ধ্বজ, পতাকা, ছত্র ও সাব্থিকে বথ হইতে নিপাতিত কবিলেন ॥৫১॥

পরে শক্রহন্তা ও যুপধ্বজ ভূবিশ্রবা আপন বথ হইতে লাফাইয়া পডিয়া বিশাল তববাবিদারা অশ্ব, সাবথি, ধ্বজ ও বথেব সহিত মণিমান্কে কাটিয়া ফেলিলেন ॥৫২॥

রাজা! তাহাব পর ভূবিশ্রবা পুনরায নিজেব বথে আবোহণ কবিযা অন্ত ধম লইয়া নিজেই ঘোড়াগুলিকে চালাইতে থাকিযা পাণ্ডবসেনা বিনাশ কবিতে লাগিলেন ॥৫৩॥

ওদিকে—ইব্রু যেমন অস্থবগণেব প্রতি আসিতেন, সেইরূপ তুর্ছয পাণ্ডাবাজা শ্রোণের প্রতি আসিতেছিলেন; এই সমযে শক্তিশালী বৃষসেন বাণসমূহ দারা ভাঁহাকে বারণ কবিতে প্রবৃত্ত হুইলেন ॥৫৪॥

⁽e) স সৌমদন্তিত্বিত:-- পি বা।

গদাপরিঘনিদ্রিংশপটিশারোধনোপলৈঃ।

কড়ঙ্গরৈভূ র্ণ্ডীভিঃ প্রানৈস্তোমরসায়কৈঃ॥৫৫॥

মুসলৈমু দ্গরৈশ্চ ক্রৈভিন্দিপালৈঃ পরগ্রহাঃ।

পাংশুবাতাগ্রিসলিলৈভিন্মলোষ্ট্রভ্গক্রুনিঃ॥৫৬॥

আতুদন্ প্ররুজন্ ভঞ্জন্ নিম্নন্ বিদ্রাবয়ন্ ক্ষিপন্।

সোনাং বিভীষয়য়ায়াদ্দ্রোণং প্রেক্স্র্রটোৎকচঃ॥৫৭॥ (বিশেষকম্)

তং তু নানাপ্রহরণৈর্নানামুদ্ধবিশেষণাঃ।

রাক্ষসং রাক্ষসঃ ক্রুদ্ধঃ সমাজ্বে হ্লস্বুষঃ॥৫৮॥

তয়োন্তদভবদ্যুদ্ধং রক্ষোগ্রামণিমুখ্যয়োঃ।

তাদৃগ্রা বৃত্তং শম্বরামররাজয়োঃ॥৫৯॥

এবং ঘন্দশতান্তাসন্ রথবারণবাজিনাম্।

পদাতীনাঞ্চ ভদ্রং তে তব তেষাঞ্চ সঙ্কুলে॥৬০॥

গদেতি। পরিঘাদীনি তদানীন্তনাক্সন্তাণি। আবোধনোপলৈর্জাপযোগিপ্রস্তরৈ:। কডঙ্গবৈর্ হৈ:। "কডঙ্গবো বৃষং ক্লীবে" ইত্যমবং। পাংশুভিধ্ লীভি:। আতৃদন্ সম্যগ্ ব্যথ্যন্, প্রক্ষন্ পীড্যন্। বিভীষ্যন্ ভীতাং কুর্বন্। প্রেক্সঃ প্রাপ্ত,মাক্রমিতুমিচ্ছঃ।৫৫—৫৭।

তমিতি। নানা অনেকানি যানি যুদ্ধশু বিশেষণানি উপকবণানি তৈ: ॥ १৮॥

ত্যোবিতি। বক্ষাংসি চ তানি গ্রামণীসি চেতি বক্ষোগ্রামণীনি প্রধানরাক্ষসান্তেমপি মুখ্যযোগ প্রধানযোগ। অন্নিন্তোকাদিবদিশেষণস্থ প্রবনিপাতঃ, "স্ববো ব্রন্থো নপুংসকে" ইতি চ রম্বয়ন্। "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাধিপে ত্রিষ্ট্ ইত্যমরঃ। বৃত্তং সম্ভূতম্, শম্বামররাজ্যোগ শম্বাস্থ্বদেববাজ্যোঃ ॥৫৯॥

অক্তদিকে গদা, পরিঘ, তববারি, পট্টিশ, যুদ্ধযোগ্য প্রস্তর, বৃষ, ভূষ্ণ্ডী, প্রাস, তোমার, বাণ, মুসল, মুদ্গর, চক্র, ভিন্দিপাল, পবশু, ধূলি, বায়, অগ্নি, জল, ভস্ম, লোষ্ট্র, তৃণ ও বৃক্ষদ্বারা পাণ্ডবসেনাকে ব্যথিত, পীড়িত, ভগ্ন, নিহত, সঞ্চালিত, বিক্ষিপ্ত ও ভীত কবিতে কবিতে জোণজিঘাংস্থ ঘটোংকচ আসিতে লাগিল ॥१৫—৫৭॥

তখন বাক্ষস অলম্বুষ ক্ৰেদ্ধ হইয়া নানাবিধ অন্ত এবং নানাবিধ যুদ্ধোপকবণছারা সেই ঘটোৎকচকে আঘাত কবিতে থাকিল ॥৫৮॥

পূর্বকালেব ইন্দ্র ও শম্বরাম্বরের যেকপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ বাক্ষসশ্রেষ্ট-গণের মধ্যেও শ্রেষ্ঠ ঘটোৎকচ ও অলমুষের যুদ্ধ হইতে লাগিল ॥৫৯॥

⁽৫৬)···ভিন্দিপালপরশ্বধৈং···বা ব রা নি,···শবক্রমৈঃ—পি। (৫৭) আরুজন্ প্ররুজন্• পি বা ব রা,···জোণপ্রেজ,ং—বা নি। (৪৮)···নানায়ধবিভ্ববৈঃ—পি।

নৈতাদৃশো দৃষ্টপূর্ববঃ সংগ্রামো নৈব চ প্রুতঃ। দ্রোণস্থাভাবভাবে তু প্রসক্তানাং যথাভবৎ ॥৬১॥ ইদং ঘোরমিদং চিত্রমিদং রৌদ্রমিতি প্রভো!। তত্র যুদ্ধান্যদৃশ্যন্ত প্রততানি বহুনি চ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং দ্রোণপর্ববি मः**শश्चकवर्य बन्ध्यूरक ज्**रयाविश्रायः ॥०॥ *

চতুরিংশোহধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তেম্বেং সন্নির্ত্তেষু প্রত্যুদ্যাতেষু ভাগশঃ। কথং যুযুধিবে পার্থা মামকাশ্চ তবস্থিনঃ ॥১॥

এবমিতি। दक्षणानि दक्षयूक्षणानि। তে তব ভল্রং মঙ্গলমন্থিতি শেবং ॥७०॥ নেতি। অভাবো ধাংসো নাশস্তত্ত প্রসক্তাং পাওবাং, ভাবং সন্তা জীবনং তত্র প্রসক্তাশ্চ কুরবস্তেয়াম ॥৬১॥

ইদমিতি। ঘোরং ভয়ত্বম্। ব্লোক্রং তীব্রম্। প্রততানি বিস্তৃতানি ॥ ৬২॥ ইতি মহামহোপাধ্যাৰ-ভাৰতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকোমুদীসমাখ্যাষাং দ্রোণপর্বণি সংশপ্তকবধে

खरगाविश्रमाथ्धाय ॥**॰॥**

মহারাজ। সেই বীবসমাকুল সমবাঙ্গনে আপনাব পক্ষেব ও পাগুবপক্ষেব হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণেব এইরূপ শত শত দদ্যযুদ্ধ হইতে থাকিল। আপনার মঙ্গল হউক ॥৬০॥

রাজা। জোণাচার্য্যের বিনাশেব জন্ম প্রবৃত্ত পাণ্ডবগণেব এবং তাঁহাব বন্দাব উদ্দেশে ব্যাপৃত কৌববগণেব তৎকালে যেৰূপ যুদ্ধ হইতে লাগিল, সেৰূপ যুদ্ধ আমবা পূর্ব্বে কখনও দেখি নাই বা শুনি নাই ॥৬১॥

নরনাথ! 'এই যুদ্ধটা ভয়ঙ্কব' 'এই যুদ্ধটা বিচিত্র' এবং 'এই যুদ্ধটা তীত্র' এইরূপ বলাবলি করিতে থাকিয়া তত্রত্য লোকেবা তখন বিস্তৃত ও বহুতর যুদ্ধ দেখিতে লাগিল" ॥৬২॥

⁽৬১) --- প্রকারনাং পরস্পরন্—নি। 🛎 '--- চতুর্বিংশোহধ্যায়ঃ' ব, 'পঞ্চবিংশোহধ্যায়ঃ' वा नि ।

কিমর্জ্নশ্চাপ্যকরোৎ সংশপ্তকবলং প্রতি। সংশপ্তকা বা পার্থস্থ কিমকুর্বত সঞ্জয়!॥২॥ সঞ্জয় উবাচ।

তথা তেয়ু নির্ত্তেয়ু প্রত্যুদ্যাতেয়ু ভাগশঃ।
স্বয়মভ্যদ্রবন্তীমং নাগানীকেন তে হুতঃ॥৩॥
স নাগ ইব নাগেন গোর্ষেণেব গোর্ষঃ।
সমাহূতঃ স্বয়ং রাজ্ঞা নাগানীকমুপাদ্রবৎ ॥৪॥
স যুদ্ধকুশলঃ পার্থো বাহুবীর্যোণ চাম্বিতঃ।
অভিনৎ কুপ্রবানীকমচিরেণেব মারিষ!॥৫॥
তে গজা গিরিসঙ্কাশাঃ ক্ষরন্তঃ সর্বতো মদম্।
ভীমসেনস্থ নারাচৈর্বিমুখা বিমদীকুতাঃ॥৬॥

তেষিতি। তেরু পাগুবযোধেয়্, এবং সরিবৃত্তেষ্, প্রত্যাগতের্, ভাগশো ভাগেন ভাগেন, প্রত্যুদ্যাতেষ্ কৌববেষপি তদভিম্থং গতের্ সংস্থ। পার্থাঃ পাগুবাঃ, তবন্ধিনো বলবন্তঃ ॥১॥

কিমিতি। পার্থস্থ অর্জ্নস্ত ॥২॥

তথেতি। নাগানীকেন হস্তিসৈক্তেন, স্থতো দুর্ঘ্যোধনং, যোগ্যত্বাৎ ॥०॥

স ইতি। গোরুষেণ বৃষজ্রেষ্ঠেন, গোরুষো বৃষজ্রেষ্ঠ:। বাজ্ঞা ছর্য্যোধনেন ॥৪॥

স ইতি। যুদ্ধে কুশলো নিপুণ:, পার্থো ভীম: ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্চয়। পাগুবেবা এইভাবে প্রতিনিবৃত্ত হইলে এক কৌরবেবা ভাগে ভাগে ভাষাদের প্রভ্যুদ্গমন কবিলে, বলবান্ পাগুবেবা ও আমাব পক্ষেব যোদ্ধারা কি ভাবে যুদ্ধ করিলেন ? ॥১॥

অর্জুনইবা সংশপ্তকদৈশ্রগণের বিষয়ে কি কবিলেন ? আবাব সংশপ্তকেবাই বা অর্জুনসম্বন্ধে কি করিল ?" ॥২॥

সঞ্জয় বলিলেন—"মহাবাজ। পাণ্ডবেরা সেইভাবে প্রতিনিবৃত্ত হইলে এবং কৌববেবা ভাগে ভাগে তাঁহাদেব প্রত্যুদ্গমন কবিলে, আপনার পুত্র হর্ষ্যোধন স্বর্ম হস্তিনৈশ্য লইয়া ভীমসেনেব প্রতি ধাবিত হইলেন ॥৩॥

হস্তী যেমন হস্তীকে এবং বৃষশ্রেষ্ঠ যেমন বৃষশ্রেষ্ঠকে আহ্বান করে, সেইৰূপ বাজা হুর্য্যোধন নিজে আহ্বান করায় ভীমসেন তাঁহার হস্তিসৈন্তেব দিকে উপস্থিত হুইলেন ॥৪॥

মাননীয় বাজা। যুদ্ধনিপুণ ও বাহুবলসমন্বিত ভীমসেন অচিরকালমধ্যেই তুর্য্যোধনের সেই হস্তিসৈম্ম বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥৫॥ বিধমেদভ্রজালানি যথা বায়ুঃ সমুদ্ধতঃ।
ব্যধমন্তান্তনীকানি তথৈব প্রবনাত্মজঃ॥৭॥
স তেরু বিস্তজন্ বাণান্ ভীমো নাগেদশোভত।
ভূবনেদ্বির সর্বের গভন্তীনুদিতো রবিঃ॥৮॥
তে ভীমবাণাভিহতাঃ সংস্যুতা বিবভূর্গজাঃ।
গভন্তিভিরিবার্কস্ত বোলি নানা বলাহকাঃ॥৯॥
তথা গজানাং কদনং কুর্বাণমনিলাত্মজ্রম্।
ক্রুদ্ধো দুর্ব্যোধনোহভ্যেত্য প্রত্যবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ॥১০॥
ততঃ ক্রণেন ক্রিভিং ক্রতজ্প্রতিমেক্রণঃ।
ক্রুং নিনীর্বনিশিতৈভাঁনো বিব্যাধ প্রিভিঃ॥১১॥

ত ইতি। সর্কতে দ্বনাসিকাদিসানেভা, মদ্ব মদ্বলন্ ॥ ।
বিধনেদিতি। বিধনেদপ্রারয়েব, অভ্যালানি মেম্ম্যুসান্ । ব্যধ্যস্থাসার্থৎ ॥ ৭॥
স ইতি। নাগের হতির। গভস্টান্ কিবণান্ ॥ ব॥
ত ইতি। সংস্যতা বাণগ্রথিতালা:। নানা অনেকে, বলাহকা মেঘা: ॥ ন॥
তথেতি। কদ্বং পীতন্ন, অনিলায়েবং ভীমসেন্ন্ ॥ ১ ।॥

পর্বতপ্রমাণ ও সর্বস্থান হউতে নদম্রাবী সেই হস্তিগণ ভীমসেনেব নাবাচে বিমুখ ও নদবিহীন হইয়া পড়িল ॥৬॥

জনে প্রবল বাগু যেমন মেঘসমূহকে অপসাবিত করে, সেইরূপ ভীমসেনও সেই হস্তিসৈম্মগণকে অপসাবিত করিলেন ॥৭॥

এবং উদিত সূর্য্য যেমন সমস্ত জগতে কিরণ নিক্ষেপ কবিযা শোভা পান, সেইবপ ভীমসেনও সেই হস্তিগণের উপরে বাণফেপ কবিতে থাকিযা শোভা পাইতে লাগিলেন ॥৮॥

আবার আকাশে যেমন মেঘসমূহ সূর্য্যকিবণে গ্রথিত হইয়া প্রকাশ পায়, সেইনপ সেই হস্তিগণও ভীমেন বাণে আহত ও গ্রথিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥১॥

ভীমসেন সেইভাবে হস্তিগণেব পীডন করিতে লাগিলে, ছর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সম্মুখে যাইযা স্থার বাণদ্বাবা তাঁহাকে প্রতিবিদ্ধ কবিতে লাগিলেন ॥১০॥

তাহার পর ভীমসেন ক্রোধে আবক্তন্যন হইয়া ক্ষণকালমধ্যেই ছর্যোধনকে বিনাশ কবিবার ইচ্ছা কবিয়া নিশিত শ্বসমূহদ্বাবা তাহাকে তাড়ন কবিছে থাকিলেন॥১১॥

ব্ৰোণ (২১)-২৮

স শরাচিতসর্বাঙ্গং ক্রুছো বিব্যাধ পাগুবম্!
নারাচৈবর্করশ্যাভৈর্ভীমসেনং স্ময়নিব ॥>২॥
তস্থা নাগং মণিময়ং রত্নচিত্রধ্বজে স্থিতম্।
ভল্লাভ্যাং কার্ম্ম কঞৈব ক্ষিপ্রং চিচ্ছেদ পাগুবং ॥>০॥
ছর্য্যোধনং পীজ্যমানং দৃষ্ট্বা ভীমেন মারিষ!।
চুক্ষোভিয়িয়ুবভ্যাগাদকো মাতঙ্গমাস্থিতঃ ॥>৪॥
তমাপতত্তং নাগেক্রমস্থদপ্রতিমন্থনম্।
কুম্ভান্তরে ভীমসেনো নারাচেনার্দ্মমন্ত্রশম্ ॥>৫॥
তস্থা কারং বিনির্ভিত্য মমজ্জ ধবণীতলো।
ততঃ পপাত দিরদো বজ্রাহত ইবাচলঃ ॥>৬॥

তত ইতি। ক্ষিতিপং দুর্য্যোধনম্, ক্ষতজ্ঞতিমেক্ষণং ক্রোধেন বক্তত্ল্যনয়নং ॥১১॥ স ইতি। শবৈরাচিতানি ব্যাপ্তানি সর্ব্বাণ্যকানি মশু সং। শ্বযন্ ঈষক্ষন্ ॥১২॥ তন্ত্রেতি। নাগং হস্তিম্র্ত্তিম্। পাশুবো ভীমং ॥১৩॥ ছর্য্যোধনমিতি। চুক্ষোভবিষ্ত্রীমং ক্ষোভবিতৃমিচ্ছুং, অক্ষো নাম বীরং ॥১৪॥ ভমিতি। নাগেক্রং হস্তিশ্রেষ্ঠম্, অম্ব্ৰপ্রতিমম্বনং মেষগর্জনত্ল্যগর্জনম্ ॥১৫॥ তন্ত্রেতি। মমক্ষ স নারাচ ইতি শেবং। ছিরদো হস্তী ॥১৬॥

ভীমেব বাণে সমস্ত অঙ্গ ব্যাপ্ত হইয়া গেলে, ত্র্গোধন ক্রুদ্ধ হইয়াও যেন মৃত্ হাস্ত কবিতে থাকিয়া পূর্য্যকিরণতুল্য নাবাচসমূহদাবা ভীমকে বিদ্ধ করিতে লাগিলেন ॥১॥

তথন ভীমসেন ছুইটা ভদ্লদ্বাবা সম্বরই ছুর্য্যোধনেব বম্ববিচিত্রধ্বজন্থিত মণিময হস্তীটাকে এবং তাঁহাব ধন্মুখানাকে ছেদন করিলেন ॥১৩॥

মাননীয় বাজা। ভীমসেন ছুর্য্যোধনকে পীড়ন কবিতেছেন দেখিয়া অঙ্গ একটা হস্তীর উপবে আরোহণ কবিয়া ভীমকে আক্রমণ কবিবার জন্ম আসিতে লাগিলেন ॥১৪॥

তাঁহাব সেই বিশাল হাতীটা মেঘেব স্থায় গর্জন কবিতে কবিতে অসিতে লাগিলে, ভীমসেন একটা নাবাচদ্বাবা তাহাব কুম্ভেব উপবে গুক্তর আঘাত কবিলেন ॥১৫॥

তথন সেই নাবাচটা যাইয়া সেই হাতীটাব দেহ ভেদ ক^{বি}যা ভূতলে প্রাক্তে করিল। তৎপবে বজ্রাহত পর্বতেব স্থায় হাতীটা পতিত হইল ॥১৬॥

⁽১৩) · বস্থচিত্রং ধ্বজে স্থিতম্—পি বা ব বা । (১৫) ··· নারাচৈরদন্মন্ভূশম্—বা ব বা নি । (১৬) · স্থামজ্জদ্বরণীতলে—বা ব বা নি ।

তস্থাবজিতনাগস্থ মেচ্ছস্থাধ্য পতিয়তঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন ক্ষিপ্রকারী রকোদরঃ ॥১৭॥
তিন্মিন্ নিপতিতে বীরে সংপ্রাদ্রাবত সা চমুঃ।
সংল্রান্তাশ্বিপেরথা পদাতীনবমূদ্রতী ॥১৮॥
তেম্বনীকেয়ু ভগ্নেয়ু প্রদ্রবহম্ন সমন্ততঃ।
প্রাগ্রেজ্যাতিষম্ভতো ভীমং কুঞ্জরেণ সমাদ্রবহ ॥১৯॥
যেন নাগেন মঘ্বানজ্যুদ্দৈত্যদানবান্।
তদম্বয়েন নাগেন ভীমসেনমুপাদ্রবহ্ ॥২০॥
স নাগপ্রবরো ভীমং সহসা সমুপাদ্রবহ্ ।
প্রবণাভ্যামথো দ্বাভ্যাং সংহতেন করেণ চ।
ব্যান্ত্রনয়নঃ ক্রুদ্ধঃ প্রমথ্ননিব পাণ্ডবম্ ॥২১॥

ভশ্রেতি। আবর্জিতঃ পতিতো নাগো হস্তী যশু তশু, মেচ্ছশু অঙ্গশু ॥১৭॥
তশিমিতি। নংপ্রাদ্রাবত পলাযত। সংল্রাম্ভা বিচলিতা অশ্বদ্বিপবথা যশুঃ সা॥১৮॥
তেষিতি। প্রাগ্রেল্যা তিবস্তদ্ধিপতির্ভগদত্তঃ, কুঞ্জবেণ নিজগজেন ॥১৯॥
যেনেতি। মঘবান্ ইন্দ্রঃ। তদন্বযেন তত্বংশজাতেন ॥২০॥

হাতীটা পতিত হইলে, তাহার আবোহী ফ্লেচ্ছ অঙ্গও নীচে পতিত হইতে-ছিলেন, সেই অবস্থায় ক্ষিপ্রকারী ভীমসেন একটা ভল্লদাবা তাহাব মস্তক ছেদন কবিলেন ॥১৭॥

সেই বীর নিপতিত হইলে, তাঁহাব সৈম্মগণ পলায়ন কবিতে থাকিল ; তাহাতে হস্তী, অশ্ব ও রথ সকল পদাতিগণকে মৰ্দ্দন কবিতে কবিতে চলিল ॥১৮॥

সেই সৈন্তগণ ভগ্ন হইয়া সকল দিকে পলায়ন কবিত লাগিলে, তথন ভগদত্ত নিব্দ হস্তীতে আরোহণ কবিয়া ভীমেব দিকে ধাবিত হইলেন ॥১৯॥

ইন্দ্র যে হস্তীদারা দৈত্য ও দানবগণকে জয় কবিয়াছিলেন, সেই হস্তীর বংশধব হস্তীতে আবোহণ কবিয়াই ভগদন্ত ভীমের দিকে ধাবিত হইয়াছিলেন ॥২০॥

⁽২১) ইতঃ পবং সপ্ত শ্লোকা অধিকাঃ বা ব রা নি, ভীমশু বথবিনাশে তদ্রথশ্রৈব যুধিষ্ঠিবাদিনা পরত্র পরিবেটনাসম্ভবাৎ। তে চ বথা—
বুকোদররথং সাশ্বমবিশেবমচ্র্ণরং। পদ্জাং ভীমোহপ্যথো ধাবংস্কল্ম গাত্রেদীলয়ত ॥
দানমন্ত্রলিকাবেধং নাপাক্রামত পাশুবঃ। গাত্রাভান্তর্বগো ভূষা করেণাতাড়যমূহঃ ॥
কাল্যামান্য তন্নাগং বধকাজ্জিন্মব্যযম্। কুলালচক্রবন্নাগস্তদা তুর্ণমথান্তমং ॥

ততঃ সর্বস্থা সৈত্যস্থা নাদঃ সমভবন্মহান্।
আহা ধিঙ্নিহতো ভীমঃ কুঞ্জরেণেতি মারিষ!॥২২॥
তেন নাগেন সংক্রস্তা পাগুবানামনীকিনী।
সহসাভ্যদ্রবদ্রাজন্! যক্র তত্থে রকোদরঃ॥২৩॥
ততো যুধিন্ঠিরো রাজা হতং মত্বা রকোদরম্।
ভগদত্তং সপাঞ্চাল্যঃ সর্বব্যঃ সমবারয়ৎ ॥২৪॥
তং রথং রথিনাং শ্রেষ্ঠাঃ পরিবার্য্য পবন্তপাঃ।
অবাকিরন্ শরৈস্তাক্ষৈঃ শতশোহ্থ সহন্রশঃ॥২৫॥

স ইতি। প্রবণাভ্যাং কর্ণাভ্যাম্, সংহতেন সঙ্গুচিতেন, কবেণ শুগুষা। ব্যাবৃত্তনয়নো ঘূর্ণিতনেত্র:। পাণ্ডবং ভীমম্। ষটুপাদোহয়ং শ্লোক: ॥২১॥

তত ইতি। সৈত্মশু পাণ্ডবপক্ষীযশু। ধিগিত্যাত্মনিন্দায়াম্ ॥২২॥
তেনেতি। অনীকিনী সেনা। অভ্যন্তবং ভীমং রক্ষিত্মভাধাবং ॥২৩॥
তত ইতি। মত্মা সম্ভাব্য। সপাঞ্চাল্যঃ পঞ্চাল্সৈক্তমহিতঃ ॥২৪॥
তমিতি। বথং ভীমশু। পবিবার্য্য পরিবেষ্ট্য ॥২৫॥

সেই বিশাল হস্তী ক্ৰুদ্ধ ও ঘূৰ্ণিতনয়ন হইয়া তুই কৰ্ণ ও সঙ্কুচিত শুশুৰারা পাণ্ড্ৰনন্দন ভীমসেনকে মৰ্দ্দন কবিবে বলিয়াই যেন ভাঁহাব দিকে ক্ৰুত ধাৰিত হইল ॥২১॥

মাননীয় রাজা। তাহাব পব সমস্ত পাগুবসৈন্তমধ্যে এইরূপ কোলাহল উঠিল যে, 'হায। ভগদত্তেব হাতীটা ভীমকে মারিয়া ফেলিল' ॥২২॥

বাজা। তখন পাশুবসৈশ্য সেই হাতীব ভয়ে ভীত হইযা—যেখানে ভীম ছিলেন, সেইখানে তৎক্ষণাৎ গমন কবিল ॥২৩॥

তদনন্তর বাজা যুধিষ্ঠিব 'ভীম নিহত হইবেন' মনে কবিয়া পাঞ্চালসৈত্যেব সহিত মিলিত হইয়া যাইয়া সকল দিক্ হইতে ভগদত্তকে বাবণ কবিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে শক্রসস্তাপক রথিশ্রেষ্ঠেব। ভীমেব সেই বথখানাকে পবিবেষ্টন কবিয়া শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণদ্বাবা ভগদত্তকে আঘাত কবিতে থাকিলেন ॥২৫॥

নাগাযুত্বল: শ্রীমান্ কাল্যানো বৃকোদ্বম্। ভীমোহণি নিক্রমা ততঃ স্থাতীকাগ্রতোহভবং।
ভীমং করেণাবনম্য জাহভ্যামভ্যতাভবং। গ্রীবাযাং বেষ্টমিকৈনং স গজো হস্তুমৈহত।
করবেষ্টং ভীমসেনো শ্রমং দল্লা ব্যমোচযং। পুনর্গাক্রাণি নাগশ্র প্রবিবেশ বৃকোদর:।
যাবং প্রতিগজাযাতং স্বলস্থমবৈক্ষত। ভীমোহণি নাগগাত্রেভ্যো বিনিক্রম্য যর্যো জবাং।

স বিঘাতং পৃষৎকানামঙ্কুশেন সমাচরন্।
গজেন পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমৎ পর্ববভেশরঃ ॥২৬॥
তদছ্তমপশ্যাম ভগদত্তস্থ সংযুগে।
তথা বৃদ্ধস্থ চরিতং কুপ্তরেণ বিশাংপতে ! ॥২৭॥
ততো রাজা দশার্ণানাং প্রাগজ্যোতিষমুপাদ্রবং ।
তির্য্যগ্যাতেন নাগেন সমদেনাশুগামিনা ॥২৮॥
তয়োর্যুদ্ধং সমভবন্নাগয়োর্ভীমরূপয়োঃ।
সপক্ষয়োঃ পর্বত্যোর্যথা সক্রময়োঃ পুরা ॥২৯॥
প্রাগজ্যোতিষপতের্নাগঃ সন্নির্ত্যাপস্ত্যু চ।
পার্শ্বে দশার্ণাধিপতের্ভিত্বা নাগমপাতর্থ ॥৩০॥
তোমবৈঃ সূর্য্যরশ্যাভৈর্ভগদতোহ্থ সপ্তভিঃ।
জ্বান দিরদক্ষং তং শক্রং প্রচলিতাসন্ম্॥৩১॥

স ইতি। বিদাতং নিবাবণম্, পৃষৎকানাং পাগুববাণানাম্, সমাচবন্ কুর্বন্ ॥২৬॥ তদিতি। চবিতং কার্যাম্, কুঞ্কবেণ নিজহস্তিনা ॥২৭॥

তত ইতি। তির্য্য ্যাতেন একপার্শে গতেন, সমদেন মদস্রাবিণা ॥২৮॥

জ্যোরিতি। দপক্ষষোঃ পতত্ত্বযুক্তষোঃ। সক্রমষোবিত্যনেন নাগমোঃ সধ্বদ্ধস্থং স্টিতম্ ॥২৯॥

প্রাগিতি। অপহত্য কিঞ্চিৎ পশ্চাদ্গত্ম। ভিত্বা দন্তাভ্যাং বিদার্ঘ্য ॥৩০॥

তখন পর্ব্বতাধিপতি ভগদত্ত অস্কুশদ্বাবা সেই বাণগুলিকে বাবণ কবিতে থাকিয়া নিজহন্তীদ্বারা পাশুবসৈক্ত ও পাঞ্চালসৈক্তগণকে বিনাশ কবিতে লাগিলেন ॥২৬॥

- নবনাথ! তখন আমবা বৃদ্ধ ভগদত্তেব যুদ্ধে হস্তিসঞ্চালনে অভুত ক্ষমতা দেখিতে থাকিলাম ॥২৭॥
- ে তাহাব পব দশার্ণদেশেব বাজা পার্শ্ববর্তী, মদস্রাবী ও ক্রতগামী একটা হস্তীতে আবোহণ কবিয়া ভগদত্তের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

পূর্ববিদালে পক্ষযুক্ত ও বৃক্ষসমন্বিত ছুইটা পর্বতের যেমন যুদ্ধ হইত, সেইবাপ তথন ভয়ঙ্কবমূর্ত্তি সেই হাতী ছুইটাব যুদ্ধ হইতে লাগিল ॥১৯॥

ক্রমে ভগদত্তেব হাতীটা একটু ফিবিয়া কিছু পিছনে সবিয়া দম্ভযুগলদ্বাবা দশার্ণবাজের হাতীটাব পার্শ্ব বিদাবণ কবিয়া সেটাকে নিপাতিত কবিল ॥০০॥

/

ķ

1

⁽२७)... অঙ্কুশেন সমাহবন্—নি।

ব্যবচ্ছিত্য তু রাজানং ভগদত্তং যুধিন্ঠিরঃ।
বথানীকেন মহতা সর্বতঃ পর্য্যবারয়ৎ ॥৩২॥
স কুপ্তরজাে রথিভিঃ শুশুভে সর্বতাে রতঃ।
পর্বতে বনমধ্যস্থা জলমিব হুতাশনঃ ॥৩৩॥
মগুলং সর্বতঃ শ্লিক্টং রথিনামুগ্রধিদনাম্।
কিরতাং শরবর্ষানি স নাগঃ পর্য্যবর্তত ॥৩৪॥
ততঃ প্রাগজ্যােতিষাে রাজা পরিগৃহ্য মহাগজম্।
প্রেষয়ামাস সহসা যুধ্বানরথং প্রতি ॥৩৫॥
শিনেঃ পৌত্রস্তা তু রথং পরিগৃহ্য মহাদিপঃ।
অভিচিক্ষেপ বেগেন যুর্ধানস্তপাক্রমৎ ॥৩৬॥
রুহতঃ সৈদ্ধবানশ্বান্ সমুখাপ্যাথ সার্থিঃ।
তক্ষে সাত্যকিমাসাত্য সংগ্লুভক্তং রথং প্রতি ॥৩৭॥

তোমবৈরিতি। বিরদ্যং হস্তিস্থিতন্। প্রচলিতাসনং নাগপতনাদেব ॥৩১॥
ব্যবেতি। ব্যবচ্ছিত্ব সপক্ষাৎ পৃথক্কতা। পর্যবাবদৎ পর্যবেষ্টত ॥৩২॥
ন ইতি। ন ভগদত্ত:। বৃতো বেষ্টিত: ॥৩৩॥
নগুলমিতি। সিষ্টং যুক্তন্, মগুলং ঘধা স্মান্তধা। পর্যবর্তত পর্যাভ্রমৎ ॥৩৪॥
তত ইতি। পবিগৃহ্ব আহতা। যুর্ধানস্থ সাতাকে বথম্ ॥৩৫॥
শিনেবিতি। শিনেঃ পৌজ্রম্থ সাত্যকে:। অপাক্রমৎ অবতীর্য্যাপাসবৎ ॥৩৬॥

তখন দশার্ণরাজের আসন স্থানচ্যুত হইল; পবে ভগদত্ত সূর্য্যবশ্মিব স্থার উজ্জ্বল সাতটা তোমরদ্বারা হস্তিস্থিত সেই দশার্ণরাজকে বধ করিলেন ॥৩১॥

তদনস্তর যুধিষ্ঠির ভগদত্তকে তাঁহার স্বপক্ষ হইতে বিচ্ছিন্ন করিয়া বিশাল রথিসৈতাধারা তাঁহাকে পবিবেষ্টন করিলেন ॥৩২॥

সেই সময়ে পর্বতে বনমধ্যবর্ত্তী প্রজ্বলিত অগ্নিব স্থায় হস্তিস্থিত ভগদত্ত র্থিগণে পবিবেষ্টিত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৩॥

ক্রমে ভগদত্তের সেই হাতীটা ভয়ঙ্কর ধন্ধর্কর ও বাণবর্ষণকাবী সেই বথিগণেব মধ্যে উপযুক্ত মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিল ॥৩৪॥

তাহার পব ভগদত্তরাজা তৎক্ষণাৎ সাত্যকিব বথেব দিকে সেই বিশাল হাতীটাকে চালাইয়া দিলেন ॥৩৫॥

তখন সেই হাতীটা যাইয়া সাত্যকিব রথখানা ধবিষা বেগে নিক্ষেপ কবিল; কিন্তু সাত্যকি সেই বথ হইতে লাফাইয়া পড়িয়া সবিয়া গেলেন ॥৩৬॥ দ তু শক্ষান্তবং নাগস্থবিতো বথমগুলাং।
নিশ্চক্রাম ততঃ দর্বান্ পরিচিক্ষেপ পার্থিবান্॥৩৮॥
তে ত্বাশুগামিনা তেন ব্রাস্থমানা নরর্বভাঃ।
তমেকং দিরদং সংখ্যে মেনিরে শতশো দিপান্॥৩৯॥
তে গজস্মেন কাল্যন্তে ভগদত্তেন পার্থিবাঃ।
তর্বাবতন্থেন যথা দেবরাজেন দানবাঃ॥৪০॥
তেষাং প্রদ্রবতাং ভীমঃ পাঞ্চালানামিতস্ততঃ।
গজবাজিক্তঃ শব্দঃ স্থমহান্ সমজায়ত॥৪১॥
ভগদত্তেন সমরে কাল্যমানেরু পাতুরু।
প্রাগ্রেষ্যাতিষমভিক্রদঃ পুনর্ভীমঃ সমভ্যয়াৎ॥৪২॥

বৃহত ইতি। দৈশ্বনান্ নির্দেশীয়ান্। সংপ্র্ত উৎপত্যার্ক্য: ॥৩१॥
দ ইতি। অন্তরমবকাশন্। রথমগুলাং পবিবেটকরথসমূহাং ॥৩৮॥
ত ইতি। আশুগামিনা ক্রতং বিচরতা। দিবদং গদ্রম্, সংখ্যে রণান্ধনে ॥৩৯॥
ত ইতি। কাল্যন্তে আমর্দ্যন্তে শ্ব ॥৪٠॥
তেবামিতি। প্রদ্রবতাং পলায়মানানান্, তীমো ভ্যানকং ॥৪১॥
ভগেতি। কাল্যমানেষ্ অন্ধ্যমানেষ্, পাশুষ্ পাশুবসৈত্যেষ্ ॥৪২॥

তংপবে সাত্যকিব সাবথি সিদ্ধুদেশীয় বিশাল ঘোড়াগুলিকে তুলিয়া সাত্যকিব নিকটে যাইয়া দাড়াইল; ভখন সাত্যকি আবাব লাফ দিয়া সেই বথে উঠিলেন ॥৩৭॥

ওদিকে ভগদত্তেব হাতীটা অবকাশ পাইয়া বথমগুল হইতে নির্গত হইল এবং (শুঁড দিয়া ধরিয়া ধবিয়া) সমস্ত বাজাকে নিক্ষেপ কবিতে লাগিল ॥৩৮॥

তথন সেই নরশ্রেষ্ঠেবা সেই ক্রেতগামী হাতীব ভবে ভীত হইয়া সমবাঙ্গনে সেই একটা হাতীকেই শত শত হাতী মনে কবিতে লাগিলেন ॥৩১॥

জ্ঞমে ঐবাবতার্ক্য দেববান্ধ যেমন দানবগণকে বিদলিত কবিতেন, সেইৰূপ গন্ধানাট ভগদন্ত বান্ধগণকৈ বিদলিত কবিতে থাকিলেন ॥৭০॥

তখন পাঞ্চালসৈত্যেবা ইতস্ততঃ পলায়ন কবিতে লাগিলে, তাহাদেব হস্তী ও অশ্বগণকৃত ভয়ন্ধর মহাকোলাহল হইতে লাগিল ॥३:॥

ভগদত্ত যুদ্ধে পাণ্ডবদৈন্ত সংহাব কবিতে থাকিলে, ভীমসেন অত্যস্ভক্রুদ্ধ হইয়া পুনবায ভগদত্তের প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

⁽৯৮)…নিষ্পতন্ সততং সর্বান্—নি। (৪০)…ভগদত্তেন পাণ্ডবাঃ—পি বা ব রা।

তস্থাভিদ্রবতো বাহান্ হস্তযুক্তেন বারিণা।

সিক্ত্বা ব্যত্তাসয়নাগন্তে পার্থমহরংস্কতঃ ॥৪৩॥
ততস্তমভায়াত্ত্র্ণং রুচিপর্বায়তীস্ততঃ।
সমুক্ষন্ শরবর্ষেণ রপস্থোহস্তকসনিভঃ ॥3৪॥
ততঃ স রুচিপর্বাণং শরেণানতপর্ববণা।
স্থপর্বা পর্বতপতির্নিত্তে বৈবস্বতক্ষয়য়্ ॥৪৫॥
তিন্মিন্ নিপতিতে বীরে সৌভদ্রো দ্রৌপদীস্ততাঃ।
চেকিতানো ধ্রুকৈতুয়ুর্হ্হুদার্দ্দয়ন্ দ্বিপম্ ॥৪৬॥
ত এনং শরধারাভির্যারাভির্বিব তোয়দাঃ।
সিষিচুর্ভেরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ ॥৪৭॥
ততঃ পাক্যা স্থুশাস্ক্তিঃ কৃতিনা চোদিতো দ্বিপঃ।
প্রসারিতকরঃ প্রায়াৎ স্তরুকর্তেক্ষণো ক্রুত্রম্ ॥৪৮॥

তত্তেতি। বাহান্ মখান্, হস্তমূকেন গুড়াতো নিংনারিতেন। পার্থং ভীমন্ ।৪৬॥ তত ইতি। আঙ্গতী নাম কাচিং স্ত্রী তত্তাং হৃতং। সন্কন্ সংনিঞ্চন্ ।৪৪॥ তত ইতি। হপর্কা ফুলরাঙ্গনক্ষিং, পর্কতপতির্ভগদক্তং, বৈবস্বতক্ষণং যমাল্বন্ ॥৪৫॥ তিমিরিতি। সোভদ্রোহভিমহাঃ। বৃষ্ৎক্ষার্ত্তরাষ্ট্রং, দ্বিপং ভগদত্তগঙ্গন্ ॥৪৬॥ ত ইতি। ধারাভির্জনত্ত। বিনদত্তঃ ক্রেন্ডং, ভিদাংসবো হস্তমিচ্ছবং ॥৪৭॥

ভীমনেন আসিতে লাগিলে, ভগদত্তের হাতীটা শুণ্ডনিঃসারিত জলদ্বাবা ভীমনেনের ঘোড়াগুলিকে বিত্রন্ত করিল। তখন নেই ঘোড়াগুলি ভীমসেনকে সমবাঙ্গন হইতে অপহরণ করিল॥৪৩॥

তাহার পর আঙ্কতীর পুত্র ও যমের তুল্য রথারোহী রুচিপর্বনা বাণবর্ষণ করিতে করিতে ভগদক্তেব দিকে ক্রত আগমন করিতে লাগিলেন ॥৪৪॥

তথন স্থলরাঙ্গ ভগদত্ত একটা নতপর্বে বাণদ্বারা ক্রচিপর্ববাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৫॥

সেই বীর রুচিপর্বা নিপতিত হইলে, অভিমন্থ্য, জৌপদীব পুত্রগণ, চেকিতান, ধৃষ্টকেতু ও যুযুৎস্থ ভগদত্তের হাতাটাকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৬॥

তখন মেঘ যেমন বারিধারা বর্ষণ কবে, সেইরূপ তাঁহারা ভগদত্তেব হাতীটাকে বধ করিবার ইচ্ছা কবিয়া ভয়ন্তর গর্জন করিতে থাকিয়া তাহাব উপবে বাণধাবা বর্ষণ করিতে লাগিলেন ॥৪৭॥

⁽৪৩)--- দিকু। ব্যদ্রবিষন্নাগ:—পি। (৪৪)--- রুচিপর্কা হতী স্বত:—বা ব হা নি।

সোহধিষ্ঠার পদা বাহান্ যুর্ৎসোঃ সূত্যারুজ্ধ।

যুর্ৎস্পু রথাজাজন্! অপাক্রামন্তরায়িতঃ ॥৪৯॥

ততঃ পাগুবযোধান্তে নাগরাজং শরৈক্রতিম্।

দিষিচুর্তিরবান্ নাদান্ বিনদন্তো জিলাংসবঃ।

পুত্রস্ত তব সংল্রান্তঃ সৌভদ্রস্থাপ্লুতো রথম্॥৫০॥

স কুপ্পরস্থো বিস্ক্রেমিন্নরিষ্ পাগুষু।

বভৌ রশ্মীনিবাদিত্যো ভুবনেষু সমুৎস্ক্রন্ ॥৫১॥

তমার্জ্বনির্দাশভির্যুৎস্কর্দশভিঃ শরৈঃ।

ত্রিভিস্তিভিন্তে পিদেয়া ধ্রন্টকেতুক্চ বিব্যধুঃ ॥৫২॥

তত ইতি। পার্ষিগুর্নিকাধোদেশ:। কৃতিনা ভগদত্তেন। প্রসারিতকরো বিস্তারিত-শুণ্ডঃ ॥৪৮॥

দ ইতি। স্তং সাব্থিম, আরুজৎ শুওষা মেরুদ্তে ভয়বান্ ॥৪३॥

তত ইতি। পূত্রো ধূ্য্ংস্থা, সংস্রাস্তো ব্যস্তঃ, আপ্লুত উৎপত্যাকচঃ। বটুপাদোহরং শ্লোকঃ ॥৫ •॥

স ইতি। স ভগদত্ত:। ইষ্ন্ বাণান্, পাণ্ড্র্ পাণ্ডবসৈত্তের্ ॥৫১॥ তমিতি। আর্জুনিবভিমহা:। র্জোপদেয়া র্জোপতা: পুতা: ॥৫২॥

তংপরে যুদ্ধনিপুণ ভগদত্ত গুল্ফ, অঙ্কুশ ও অঙ্গুষ্ঠদ্বাবা তাড়ন করিয়া প্রেবণ কবিলে, ভগদত্তেব হাতীটা শুঁড় প্রসাবিত করিয়া এবং স্তব্ধকর্ণ ও স্থিরনয়ন হইয়া ধাবিত হইল ॥৪৮॥

বাজা! সেই হাতীটা চরণদ্বাবা যুষুৎস্থব ঘোড়াগুলিব উপবে উঠিয়া শুঁড় দিয়া সাবথিব মেকদণ্ড ভাঙ্গিয়া ফেলিল; কিন্তু যুষ্ৎস্থ সন্থব রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৪৯॥

তাহাব পব সেই পাগুবথোদ্ধাবা হাতীটাকে বধ কবিবাব ইচ্ছা কবিয়া ভয়ঙ্কব গর্জন কবিতে থাকিয়া সন্থব তাহার উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন। কিন্তু আপনাব পুত্র যুযুৎস্থ ব্যস্ত হইযা যাইয়া লাফ দিয়া অভিমন্ত্যর বথে উঠিলেন ॥१०॥

ওদিকে ভগদত্ত হাতীর উপবে থাকিয়া পাশুবসৈত্যেব উপবে বাণবর্ষণ করত:, স্বগতে কিবণবর্ষণকাবী সূর্য্যেব স্থায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫১॥

তথন অভিমন্থ্য বাবটা, যুযুৎস্থ দশটা এবং দ্রোপদীব পুত্রগণ ও ধৃষ্টকেতু প্রত্যেকে তিন তিনটা বাণদ্বাবা সেই হাতীটাকে পীড়ন কবিলেন ॥৫২॥
শ্রোণ (২১)-২৯

সোহতিযত্নাপিতৈর্বাণৈরাচিতো দিরদো বর্ভো।
সংস্যুত ইব সূর্যুস্ত রশ্মিভর্জিলদো মহান্॥৫৩॥
নিয়ন্তঃ শিল্পযত্মাভ্যাং প্রেরিতোহরিশরার্দিতঃ।
পরিচিক্ষেপ তান্ নাগঃ স রিপূন্ সব্যদক্ষিণান্॥৫৪॥
গোপাল ইব দণ্ডেন যথা পশুগণান্ বনে।
সংকালয়তি তাং সেনাং ভগদত্ততথা মূহুঃ॥৫৫॥
ক্রিপ্রং শ্যেনাভিপন্নানাং বায়সানামিব স্বনঃ।
বভূব পাণ্ডবেয়ানাং ভূশং বিদ্রবতাং স্বনঃ॥৫৬॥

দ নাগরাজঃ প্রবরাঙ্ক, শাহতঃ পুরা সপক্ষোহত্রিবরো যথা নৃপ!।
ভয়ং তদা রিপুষু সমাদধদ্ভূশং বণিগ্জনানাং ক্ষুভিতো যথার্ণবঃ॥৫৭॥
ততো ধ্বনির্দিরদরথাশ্বপাথিবৈর্ভয়াদ্দ্রবিদ্রন্ধনিতোহতিভৈরবঃ।
ক্ষিতিং বিয়দ্যাং বিদিশো দিশন্তথা সমান্ত্রণোৎ পার্থিব! সংযুগে ততঃ॥৫৮॥

স ইতি। অতিযক্ষেন অপিতৈঃ কিংপ্তিঃ, আচিতো ব্যাপ্তদেহঃ। সংস্থাতো গ্রাণিতঃ ॥৫॥
নিযম্ভরিতি। নিযম্ভশালযিতুঃ, শিল্পং চালননৈপুণাং যত্মণ তাভ্যাম্ ॥৫৪॥
গোপাল ইতি। ইবশবঃ সম্ভাবনাযাম্। সংকালযতি তাডযতি, তাং পাগুরীম্ ॥৫৫॥
কিপ্রমিতি। শ্যেনেন অভিপন্নানাযাক্রান্তানাম্। বিদ্রবতাং পলাষমানানাম্ ॥৫৬॥
স ইতি। পুবা ইক্রেণ পক্ষচ্ছেদনাৎ পূর্বম্। সমাদধৎ সঞ্জনযন্নামীদিতি শেবঃ ॥৫৭॥

তংকালে সেই হাতীটা অতিযত্ননিক্ষিপ্ত বাণে ব্যাপ্তদেহ হইয়া সূৰ্য্যকিবণগ্ৰাথিত বিশাল মেঘেব স্থায় প্ৰকাশ পাইতে থাকিল ॥৫৩॥

ক্রমে শক্তশবপীড়িত সেই গজবাজ চালকেব যত্ন ও নৈপুণ্যে সঞ্চালিত হইয়া সেই শক্তগণকে বামে ও দক্ষিণে নিক্ষেপ কবিতে লাগিল ॥৫৪॥

এবং পশুপালক যেমন দণ্ডদ্বাবা বনে পশুগণকে তাড়ন কবে, সেইরূপ ভগদন্ত অনবরত পাণ্ডবসৈম্মকে তাড়ন করিতে লাগিলেন ॥৫৫॥

হঠাৎ শ্যেনপক্ষী আসিয়া আক্রমণ করিলে, কাকগণের যেমন আকুল শব্দ হইডে থাকে, সেইরূপ পলায়মান পাগুবসৈন্তগণেব অত্যন্ত আকুল শব্দ হইতে লাগিল ॥৫৬॥

রাজা ! পূর্বকালে পক্ষযুক্ত পর্ববিতপ্রবিব যেমন সাধাবণের ভয উৎপাদন কবিত এবং উদ্বেলিত সমূদ্র যেমন বণিক্সমূহের ভয় জন্মাইযা থাকে, সেইরূপ তখন অঙ্কশ-তাড়িত সেই বিশাল হস্তী শত্রুপক্ষের গুক্তব ভয় জন্মাইতে লাগিল ॥৫ ৭॥

⁽৫৩) --- ইব্নরিষু পার্থিবঃ—বা ব বা নি। (৫৫) --- আবেট্যত তাং সেনাম্—পি বা ব রা।

স তেন নাগপ্রবরেণ পার্থিবো ভৃশং জগাহে দিবতামনীকিনীম্।
পুরা স্বগুপ্তাং বিরুধৈরিবাহবে বিরোচনো দেববরূথিনীমিব ॥৫৯॥
ভূশং ববো জ্লনসধো বিয়দ্রজঃ সমার্ণোন্মুহুরপি চৈব সৈনিকান্।
তমেকনাগং গণশো যথা গজান্ সমস্ততো ত্রুতমথ মেনিরে জনাঃ॥৬০॥
ইতি জ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বাণি
সংশপ্তকবধে ভগদত্তযুদ্ধে চতুর্বিংশোহধ্যায়ঃ॥০॥ *

পঞ্চবিংশোহধ্যায়ঃ।

--- 8 # 8 ---

সঞ্জয় উবাচ।

যন্মাং পার্থস্থ সংগ্রামে কর্মাণি পরিপৃচ্ছদি। তচ্ছৃণুষ মহাবাহো! পার্থো যদকরোত্রণে ॥১॥

তত ইতি। দ্রবন্তিঃ প্রায়মানেঃ। বিষং আকাশম্, আং স্বর্গম্। ততন্তন্মিন্ ॥৫৮॥
স ইতি। পার্থিবো ভগদত্তঃ, জগাহে আলোডধামান। স্পুপ্তাং স্থবন্দিতাম্ ॥৫৯॥
ভূশমিতি। জ্বনতা বহেঃ স্থা ইতি জ্বনস্থো বায়ুঃ, রজো ধ্বিঃ ॥৬০॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্ধ্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসম্বিদ্ধান্তবাগীশভট্টাচার্ধ্যবিবচিতায়াং
মহাভারত-টীকাষাং ভাবতকৌম্দীসমাখ্যাষাং দ্রোণপর্বাণি সংশপ্তকব্ধে
চতুর্বিংশোহধ্যায়ঃ ॥০॥

মহাবাজ! তাহাব পব সেই যুদ্ধে হস্তী, অশ্ব, বথ ও পদাতিগণ ভয়ে পলায়ন করিতে থাকিয়া যে ভয়ঙ্কব কোলাহল কবিতে থাকিল, সেই কোলাহলশন্দ যাইয়া ভূমগুল, আকাশমগুল, স্বৰ্গ, দিক্ ও বিদিক্ ব্যাপ্ত কবিতে লাগিল ॥৫৮॥

পূর্বকালে বিবোচন যেমন যুদ্ধে দেবরক্ষিত দেবসৈম্যগণকে আলোড়ন করিয়া-ছিলেন, সেইবাপ ভাগদন্তবাজা তখন সেই বিশাল হস্তীদ্ধাবা শত্রুসৈম্যগণকে গুকতর আলোড়ন কবিতে থাকিলেন ॥৫৯॥

ক্রমে প্রবল বাষু বহিত হইতে লাগিলে, ধূলি উঠিয়া আকাশ ও সৈন্তদিগকে অনবরত আবৃত কবিতে থাকিল এক তত্রত্য লোকেবা সেই একটা হাতীকেই সকল দিকে ভূবি ভূরি হাতী বলিয়া মনে কবিতে লাগিল ॥৬০॥

^{* &#}x27;···পঞ্জিশোহধ্যাयः' व, '···ষভ ्विःশোহধ্যাयः' वा वा नि ।

রজো দৃষ্ট্। সমূভূতং প্রুন্থা চ গছনিস্বনম্।
ভগদতে বিকুর্বাণে কোন্ডেয়ঃ কুফমন্তবীং ॥২॥
যথা প্রাগজ্যোতিষো রাজা গজেন মধুসূদন!।
ছরমাণোহভিনিজ্রান্তো প্রুবং তত্যেব নিস্বনঃ ॥০॥
ইন্দ্রাদনবরঃ সংখ্যে গজ্যানবিশারদঃ।
প্রথমো গজ্যোধানাং পৃথিব্যামিতি মে মতিঃ ॥৪॥
স চাপি হিরদপ্রেষ্ঠঃ সদাহপ্রতিগজো যুদ্ধ।
সর্বশস্ত্রাতিগঃ সংখ্যে কৃতকর্মা জিতক্রমঃ ॥৫॥
সহঃ শস্ত্রনিপাতানামগ্রিম্পর্শস্ত চানঘ!।
স পাশুববলং সর্ব্বমহৈতকো নাশ্যিষ্যতি ॥৬॥

সঙ্গর বলিলেন—"নহাবাছ রাজা! আপনি যুদ্ধে অর্জুনেব কার্য্যের বিষয় যে আমার নিকট জিজ্ঞানা করিয়াছেন এবং যুদ্ধে অর্জুন যাহা কবিয়াছেন, তাহা এবং ক্রুন ॥১॥

ভগদত্ত যুদ্ধে নানাবিধ কার্য্য করিতে লাগিলে, আকাশে ধূলি উঠিয়াছে দেখিয়া এবং হাতীর শব্দ শুনিয়া অর্জুন কৃক্তকে বলিলেন—॥২॥

'কৃষ্ণ! ভগদত্তরাজা হস্তাতে আরোহণ করিয়া সহর যে শিবিব হইতে নির্গত হইরাছেন, নিশ্চয়ই তাহাব এই শব্দ হইতেছে॥১॥

ভগদন্ত যুক্তে ইন্দ্র অপেকা ন্।ন নহেন এবং ইনি পৃথিবীতে সমস্ত গছবোধীর মধ্যে প্রথম গজবানবিশারদ ইহাই আমার ধারণা ॥৪॥

আবার দেই হস্তিশ্রেষ্টেরও প্রতিযোকা হস্তী নাই এবং দেই হস্তিপ্রেষ্ট যুক্তি সমস্ত অস্ত্রের অতিক্রমকারী, বুকবিজয়ী ও প্রামনহিষ্ণু ॥৫॥

নিপাপ কৃষ্ণ! আর নেই হস্তী সমস্ত শস্ত্রাঘাত এবং অগ্নিম্পর্শপ্ত নছ করিতে পাবে। স্থতরা নেই এক হস্তীই আজ সমগ্র পাণ্ডবসৈন্ত বিনাশ করিবে ॥৬॥

^{(8) -} প্রথমো বা বিতীয়ো বা—পি বা ব হা।

ন চাবাভ্যায়তেহন্তোহস্তি শক্তন্তং প্রতিবাধিতুম্। জ্বমাণস্ততো যাহি যতঃ প্রাগ্রেল্যাতিষাধিপঃ॥१॥ দৃপ্তং সংখ্যে দিপবলাদ্বয়না চাপি বিশ্মিতম্। আছেনং প্রেষয়োমি বলহন্তঃ প্রিয়াতিথিম্॥৮॥ বচনাদথ কৃষ্ণস্ত প্রযথো সব্যুদাচিনঃ। দীর্য্যতে ভগদত্তেন যত্র পাগুববাহিনী॥৯॥ তং প্রয়ান্তং ততঃ পশ্চাদান্ত্র্যন্তো মহারথাঃ। সংশপ্তকাঃ সমাবোহন্ সহল্রাণি চতুর্দ্দশ ॥১০॥ দশৈব তু সহল্রাণি ত্রিগর্তানাং মহারথাঃ। চত্তারি চ সহল্রাণি বাহ্মদেবস্তু চাতুগাঃ॥১১॥ দীর্য্যমাণাং চম্ং দৃষ্ট্বা ভগদত্তেন মারিষ!। আহুয়মাণস্ত চ তৈবভবদ্হুদয়ং দ্বিধা॥১২॥

নেতি। আবাভ্যাং কুফার্জ্নাভ্যান, ঋতে বিনা। ততন্তত্ত্ব, যতো যত্ত্ব ॥ १॥
দৃপ্তমিতি। বিশিষ্টং শ্মিতমহম্বাবো যত্ম তম্, বহুমুদ্ধজয়াৎ। বলুহস্তবিদ্রত্ত ॥ ৮॥
বচনাদিতি। সব্যসাচিনঃ অর্জুনত্ম বচনাদিতি সম্বন্ধঃ ॥ ৯॥
তমিতি। সমারোহন্ হস্ত্যপ্রথানিতি শেষঃ ॥ ১ । ॥
দশেতি। বাহুদেবত্ম চাহুগা নাবাষণাখ্যা অমুচবাঃ, সমাবোহনিত্যমুবৃত্তিঃ ॥ ১ ১॥

আমবা হই জন ব্যতীত অন্ত কোন লোকই ভগদত্তকে নিবাবণ কবিতে সমর্থ হইবে না। অতএব কৃষ্ণ! ভগদত্ত যেখানে আছেন, তুমি সম্বব সেইখানে যাও॥৭॥ হস্তীব গুণে যুদ্ধে দর্পিত এবং ব্যসেব গুণেও গর্বিত এই ভগদত্তকে আজ আমি ইন্দ্রেব প্রিয় অতিথি কবিয়া পাঠাইব ॥৮॥

তাহাব পব ভগদত্ত যেখানে পাগুবসৈন্য বিদাবণ কবিতেছিলেন, অর্জুনেব বাক্য অমুসাবে কৃষ্ণ সেইখানে চলিলেন ॥১॥

তিনি চলিলে, চতুৰ্দ্দশ সহস্ৰ সংশগুক মহাবথ পিছনেব দিক্ হইতে অৰ্জুনকে যুদ্ধে আহ্বান কবিতে থাকিয়া আপন আপন বাহনে আবোহণ কবিলেন ॥১০॥

আর দশ সহস্র ত্রিগর্তদেশীয় মহাবথ এবং চাবি সহস্র নাবায়ণসৈম্বও স্ব স্ব বাহনে-ূ আবোহণ করিলেন ॥১১॥

⁽१)---প্রতিবাবিতুম্—পি। (৮) শত্রুং সংখ্যে দ্বিপবলাং—ব। (১২) দার্ঘ্যমাণাম্— পি বাব।

কিন্নু শ্রেয়স্করং কর্ম ভবেদছোত চিন্তরে।
ইহ বা বিনিবর্ত্তেয়ং গচ্ছেয়ং বা মুধিষ্ঠিরম্॥১০॥
তস্থ বৃদ্ধা বিচার্য্যবমর্জ্জ্নস্থ কুরুদ্ধহ!।
অভবদ্ভূয়দী বৃদ্ধিঃ সংশপ্তকবধে স্থিরা॥১৪॥
দ সন্নির্তঃ সহসা কপিপ্রববকেতনঃ।
একো রথসহস্রাণি নিহস্তং বাসবী রণে॥১৫॥
দা হি প্র্যোধনস্থাদীমতিঃ কর্ণস্থ চোভয়োঃ।
অর্জ্জ্নস্থ বধোপায়ে যা বৈ দ্বৈধমকল্লয়ং॥১৬॥
দ তু দোলায়মানোহভূদ্দ্বধীভাবেন পাণ্ডবঃ।
বধেন তু রথাগ্যাণামকরোতাং মুষা তদা॥১৭॥

দীর্য্যতি। স্থানমর্জ্নতা, বিধা সংশপ্তকান্ ভগদত্তং বা গচ্ছামীতি বিবিষ্যকম্ ॥১২॥
তদেবাহ কিমিতি। ইহ সংশপ্তকমুদ্ধে। ভগদত্তাদ্যুধিষ্টিরং বক্ষিতৃমিত্যর্থ: ॥১৬॥
তত্তেতি। এবং বিচার্য্য, স্থিতত্তেত্যধ্যাহাবাদৈককর্ভ্কছহানি:। স্থিবা সংশপ্তকৈরাহৃত্যাৎ
"আহুতো ন নিবর্ভেযম্" ইতি পূর্ব্পপ্রতিজ্ঞাবশাদিতি ভাব: ॥১৪॥

স ইতি। বাসবশু ইন্দ্রসাপত্যমিতি বাসবিবর্জ্নः। বেফপবস্থান্দীর্ঘ: ॥১৫॥ সেতি। সা তাদৃশী। বৈধমর্জ্নমনসং। তৎ কৌশলঞ্চ তযোরেবেত্যাশয়: ॥১৬॥ স ইতি। বধেন বধস্থিবীকবণেন, রথাগ্র্যাাশাং সংশপ্তকানাম্, তাং তযোর্যতিম্ ॥১৭॥

মাননীয় রাজা। ভগদত্ত পাগুবসৈত্য বিদাবণ করিতেছেন দেখিয়া এবং সংশগুক-প্রভৃতিরা যুদ্ধে আহ্বান করিতেছেন বলিয়া অর্জুনেব মন সংশয়াপন্ন হইল ॥১২॥

'আমার পক্ষে এখন কোন কার্য্য মঙ্গলকব হইবে ইহাই চিন্তা কবিতেছি—আমি এখন কি সংশপ্তকযুদ্ধে ফিরিব, না—যুধিষ্ঠিবের দিকে যাইব'॥১৩॥

কৌরবশ্রেষ্ঠ ৷ মনে মনে এইরূপ বিবেচনা করিবার পবে, সংশগুকবধবিষ্যেই অর্জুনের বুদ্ধি অধিক পবিমাণে স্থিব হইল ॥১৪॥

তখন কপিংবজ এক অৰ্জুনই যুদ্ধে সহস্ৰ সহস্ৰ বথীকে বধ কবিবাৰ জ্গ ভংক্ষণাৎ ফিবিলেন ॥১৫॥

অর্জুনকে বধ করিবাব উপায়াবিক্ষারবিষয়ে ছর্য্যোধন ও কর্ণ এই ছই জনই সেইকপ বৃদ্ধি (কৌশল) করিয়াছিলেন, যাহাতে অর্জুনের উক্তবপ হৈধীভাব হুইয়াছিল ॥১৬॥

⁽১৩) - অভেতি চিন্তযন্ নবা, অভেতি চিন্তযা - ব, ---অভেত্যচিন্তয< --- নি । (১৭) তত্ত সংবর্দ্ধশামাস ধৈধীভাবেন -- পি বা ব বা, --- নবাগ্র্যাণাম --- পি ।

ততঃ শতসহত্রাণি শরাণাং নতপর্বণাম্।
তাহজন্মর্জনে রাজন্! সংশপ্তকমহারথাঃ ॥১৮॥
নৈব কুন্তীন্ততঃ পার্থো নৈব ক্ষণো জনার্দ্দনঃ।
ন হয়া ন রথো রাজন্! দৃশ্যন্তে স্ম শরিশ্চিতাঃ ॥১৯॥
যদা মোহমকুপ্রাপ্তঃ সম্বেদশ্চ জনার্দ্দনঃ।
ততন্তান্ প্রায়শঃ পার্থো ব্রহ্মান্তেণ নিজন্মিবান্ ॥২০॥
শতশঃ পাণযশ্চিনাঃ সেমুজ্যাতলকার্মুকাঃ।
কেতবো বাজিনঃ সূতা রথিনশ্চাপতন্ ক্ষিতো ॥২১॥
দ্রুমাচলাগ্রান্থুধরৈঃ সমকায়াঃ স্ক্রক্সিতাঃ।
হতারোহাঃ ক্ষিতো পেতুর্দ্বিশাঃ পার্থশরাহতাঃ ॥২২॥

তত ইতি। নতপর্বণামীযদকোপান্তানাম্॥১৮॥ নেতি। পার্থোহর্জুন:। চিতা ব্যাপ্তা:॥১৯॥ ঘদেতি। সম্বেদো মর্মাজদেহ:। প্রাযশো বহুলান্॥২०॥

উক্তনিহননমেব বিরুণোতি বড্ভি:। শতশ ইতি। পাণযো হস্তা:, ইযুভিবাঁণৈ: জ্যাভির্তম্প্রতিণ: তলৈইস্তাববর্ণি: কান্ম্র্কিন্চ সহেতি তে ।২১॥

জ্মেতি। জ্মাণাং বৃক্ষাণাম্ অচলানাং পর্বতানাঞ্চ অগ্রেষু যে অধ্ধরা মেঘাজৈ:। আকাশবর্তিনামম্ধ্বাণামাক্তিপবিমাণত কর্তুমশক্যত্যা তৎসমকাষত্বং ত্র্বোধমিতি জ্মাচলা-গ্রেত্যুক্তম্। স্কল্পিতাঃ স্বাক্তিতাঃ। দিপাঃ সংশপ্তকগজাঃ ॥২২॥

কেন না অর্জ্জুন উক্তরূপ বৈধীভাববশতই প্রথমে দোলায্মান হইযাছিলেন, কিন্তু পরে তিনি সংশপ্তকব্যিশ্রেষ্ঠদিগকে বধ করা স্থিব ক্বায় তাহাদের সে বৃদ্ধিটাকে নিম্মল করিয়া দিয়াছিলেন ॥১৭॥

রাজা। তাহাব পব সংশপ্তক মহাবথেবা অর্জ্জুনেব উপবে শতসহস্র নতপর্ব বাণ নিক্ষেপ কবিলেন ॥১৮॥

বাজা। তখন বাণে ব্যাপ্ত হইষা যাওয়ায কুন্তীনন্দন অর্জুন, জনাদ্দিন কৃষ্ণ, তাঁহাদের অশ্বগণ বা বথ ইহার কিছুই দেখা গেল না ॥ ১॥

যখন কৃষ্ণ প্রায় মোহপ্রাপ্ত ও দর্মাক্ত হইষা পড়িলেন, তখন অর্জুন ব্রহ্মান্ত্রদাবা প্রায় সংশপ্তকদিগকে বধ কবিলেন ॥২০॥

বাণ, গুণ, হস্তাবৰণ ও ধনুৰ সহিত শত শত হস্ত, ধ্বজ, অশ্ব, সাৰ্বথি ও র্থীবা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥২১॥

আরোহীবা নিহত হইলে, বৃক্ষ ও পর্বতের অগ্রবর্ত্তী মেঘেব স্থায় বিশাল-

⁽২০) --- বজ্বান্ত্রেণ নিজন্মিবান্ — পি। (২২) --- সমরপাঃ — পি ব।

বিপ্রবিদ্ধকৃথাবদ্ধান্চিমভাণ্ডাঃ পরাসবঃ।
সারোহাস্তরগাঃ পেতুর্যথিতাঃ পার্থমার্গ গৈঃ॥২০॥
সপ্তি প্রাসাসিনথবাঃ সমুদ্গরপরশ্বধাঃ।
বিচ্ছিমা বাহবঃ পেতুর্নাং ভল্লৈঃ কিরীটিনা॥২৪॥
বালাদিত্যামুজেন্দ্নাং তুল্যরূপানি মারিষ!।
সংছিমান্তর্জনুশবৈঃ শিরাংস্থার্বাং প্রপেদিরে॥ ৫॥
জ্জালালস্কৃতা সেনা পত্রিভিঃ প্রাণিভোজনৈঃ।
নানারূপৈস্তদাহমিত্রান্ ক্রুদ্দে নিম্নতি ফাল্পনে॥২৬॥
ক্ষোভয়ন্তং তদা সেনাং দিরদং নলিনীমিব।
ধনপ্রথং ভূতগণাঃ সাধু সাধিবত্যপূজ্যন্॥২৭॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধাশ্চিত্বা পাতিতাঃ কুথাবদ্ধাঃ পৃষ্ঠান্তবণানি যেষাং তে, ছিন্নানি ভাণ্ডানি ভূষণানি যেষাং তে, পবাসবো মৃতাঃ ॥২৩॥

স্থী তি। ঋষ্টপ্রভৃতীনি তদানীন্তনাক্সন্তাণি ॥২৪॥

वालि । वानामित्जा नत्वामिज्य्याः अष्ट्वः भन्नम् हेन्नू एकः त्वाम् ॥२०॥

জজালেতি। পত্রিভিব ব্লিমরৈর্বাণৈঃ। অমিত্রান্ শত্রন্। ফাল্পনে অর্জুনে ॥২৬॥

ক্ষোভেতি তদা ভূতগণা আকাশহদেবাদিপ্রাণিসমূহাঃ, নলিনীং পদ্মসবসীম্, কোভয়স্ত-মালোডযন্তম্, দ্বিরদং গজমিব, সেনাং ক্ষোভযন্তং ধনপ্রযম্, সাধু সাধু ইতি অপৃজ্যন্ প্রাশংসন্॥২ ৭॥

শরীব ও সুসজ্জিত হস্তী সকল অর্জুনেব বাণে আহত হইয়া ভূতলগত হইতে লাগিল ॥২২॥

অর্জ্জুনের বাণে পৃষ্ঠেব আস্তবণ নিপতিত এবং অলঙ্কাব ছিন্ন হইয়া গেলে, মৃত ও মথিত অশ্বগণ আবোহীদের সহিত পড়িতে থাকিল ॥২৩॥

ঋষ্টি, প্রাস, অসি, নখব, মুদ্গব ও পবশুব সহিত পদাতিগণেব বাহু সকল অর্জুনেব বাণে ছিন্ন হইয়া পতিত হইতে লাগিল ॥২৪॥

মাননীয় বাজা। নবোদিত সূর্য্য, পদা ও চন্দ্রের তুল্য মুখ সকল অর্জুনেব বাণে ছিন্ন হইয়া ভূতলগত হইতে থাকিল ॥২৫॥

কুদ্ধ অর্জ্জন তথন প্রাণিগণেব প্রাণনাশক, নানারূপ অগ্নিময় বাণদ্বাবা শক্রগণকে সংহাব করিতে লাগিলে, অলঙ্কত সৈত্যেবা জ্বলিতে লাগিল ॥২৬॥

হস্তী যেমন পদাসবোৰৰ আলোড়ন কৰে, সেইৰূপ অৰ্জুন তখন সংশপ্তক-

⁽२७) विश्वविक्षमुथा नाभाः ... मारवाश्य वर्ष (भक्ः—वा नि । (२७) कबानानकृष्टः —व।

দৃষ্ট্বা তৎ কর্ম পার্থস্থ বাসবস্থেব মাধবঃ।
বিশ্ময়ং পরমং গত্বা প্রাঞ্জলিন্তমুবাচ হ ॥২৮॥
কর্মোতৎ পার্থ! শক্রেণ যমেন ধনদেন চ।
তুক্ষবং সমরে যতে কৃতমন্তেতি মে মতিঃ ॥২৯॥
যুগপচৈচব সংগ্রামে শতশোহথ সহস্রশঃ।
পতিতা এব মে দৃষ্টাঃ সংশপ্তকমহারথাঃ ॥৩০॥
ততঃ সংশপ্তকান্ হত্মা ভূমিষ্ঠং যে ব্যবস্থিতাঃ।
ভগদত্তায় যাহীতি কৃষ্ণং পার্থোহভাচোদয়ৎ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং জোণপর্ববি সংশপ্তকবরে সংশপ্তকবিনাশে পঞ্চবিংশোহধ্যায়ঃ ॥০॥ #

—:徐; —

দৃষ্ট্েতি। বাসবস্থ ইব্রুস্ত, মাধবং ক্লফঃ। তং পার্থম্ ॥২৮॥

কর্মেডি। ধনদেন কুবেবেণ। তে জ্য়া ॥২৯॥

যুগপদিতি। পতিতা বন্ধান্তপ্রভাবাৎ, মে মধা ॥৩০॥

তত ইতি। ভূষির্চং যথা স্থাতথা। অভ্যচোদযৎ প্রৈরয়ৎ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচাধ্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্যবিরচিতাযাং
মহাভাবতটীকাষাং ভারতকোম্দীসমাখ্যাযাং ক্রোণপর্বাণি সংশপ্তকবধে
পঞ্চবিংশোহধ্যায়ঃ #•#

-:*:--

সৈত্য আলোড়ন করিতে লাগিলে, তত্রত্য প্রাণীবা সকলে 'সাধু সাধু' বলিয়া তাঁহাকে প্রশংসা কবিতে লাগিল ॥২৭॥

কৃষ্ণ তথন ইন্দ্রের স্থায় অর্জুনেব সেই কার্য্য দেখিয়া অত্যন্তবিশ্বয়াপন্ন হইয়া কৃতাঞ্চলিপুটে তাঁহাকে বলিলেন—॥২৮॥

'অর্জুন! তুমি আজ যুদ্ধে যে কার্য্য কবিলে, এ কার্য্য করা ইন্দ্র, যম ও কুবেবেব পক্ষেও তৃষ্কব ইহাই আমাব ধারণা ॥২৯॥

শত শত ও সহস্র সহস্র সংশপ্তকমহাবথ একদাই যুদ্ধে নিপতিত হইয়াছেন, আমি দেখিয়াছি'॥৩০॥

যে সংশপ্তকেবা যুদ্ধেব জন্ম অবস্থান কবিতেছিল, তাহাদেব অধিকসংখ্যককেই বধ কবিয়া অৰ্জুন কৃষ্ণকে বলিলেন—'এখন ভগদত্তেব দিকে বাও'॥৩১॥

-0#0-

জোণ (২১)-৩০

⁽৩১) সংশপ্তকাংস্ততো হস্বা ভূমিষ্ঠা:···পার্থোহভ্যনোদয়ৎ—বা নি। *- '···ষভ্-বিংশোহধ্যায়ঃ' ব, '···সপ্তবিংশোহধ্যায়ঃ' বা রা নি।

ষড় বিংশোহধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

যিযাসতন্ততঃ কৃষ্ণঃ পার্থস্থান্ মহাজবান্।
সংশ্রৈরীদ্ধেসসংছমান্ দ্রোণানীকায় পাগুরান্॥১॥
তং প্রয়ান্তং কৃষ্ণপ্রেষ্ঠং স্বাংস্তাতুং দ্রোণতাপিতান্।
ফ্রশর্মা ভ্রাতৃভিঃ সার্জং যুদ্ধার্থী পৃষ্ঠতোহম্বয়াৎ ॥২॥
ততঃ শ্বেতহয়ঃ কৃষ্ণমত্রবীদজ্জিতঞ্জয়ঃ।
এম মাং ভ্রাতৃভিঃ সার্জং স্থশর্মাহ্বয়তেহচ্যুত!॥১॥
দীর্ঘাতে চোত্তরেণৈতৎ সৈত্যং নঃ শত্রুস্থদন!।
দ্বৈধীভূতং মনো মেহত কৃতং সংশপ্তকৈরিদম্॥৪॥
কিং মু সংশপ্তকান্ হিন্ম স্থান্ রক্ষাম্যহিতার্দ্দিতান্।
ইতি মে স্বং মতং বেত্থ তত্র কিং প্রকৃতং ভবেৎ॥৫॥

যিষেতি। যিযাসতো ভগদত্তং প্রতি যাতুমিচ্ছতঃ। হেমসংছন্নান্ স্বর্ণালক্ষাবাবৃতান্ ॥ ॥ ভমিতি। স্বান্ পক্ষীয়যোধান্। অন্বযাৎ অগচ্ছৎ ॥২॥ তত ইতি। শ্বেতহয়োহর্জুনঃ। দেবৈর্বপ্যন্ধিতান্ নিবাতকবচাদীন্ জ্বতীতি সং ॥ ॥ দীর্ঘ্যত ইতি। দীর্ঘ্যতে ভগদত্তেন দ্রোণেন চেতি শেষঃ ॥ ॥ ॥

সঞ্জয় বলিলেন—"তাহাব পব অজুন ভগদত্তেব দিকে যাইবার ইচ্ছা করিলে, কৃষ্ণ মহাবেগশালী, স্বর্ণালঙ্কারে আবৃত ও শ্বেতবর্ণ অশ্বগুলিকে সেই দিকে চালাইয়া দিলেন ॥১॥

কৌববশ্রেষ্ঠ অর্জুন জোণপীড়িত স্বপক্ষীয যোদ্ধাদিগকে বক্ষা করিবার জন্য প্রেস্থান করিলে, যুদ্ধার্থী স্থশর্মা ভ্রাতাদের সহিত মিলিত হইযা তাঁহার পিছনে পিছনে চলিলেন ॥২॥

তখন অজিতবিজয়ী অজুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! ভ্রাতাদের সহিত এই সুশর্মা আমাকে যুদ্ধে আহ্বান কবিতেছেন ॥৩॥

অথচ শত্রুদমন। উত্তর্নিকে আমাদের এই সৈন্ত বিচ্ছিন্ন হইতেছে। স্থুতরাং সংশপ্তকেরা আজু আমাব মনটাকে দ্বৈধীভাবাপন করিল ॥৪॥

⁽১) মনোজবান্ শৰা ব রা নি, জোণানীকাষ সম্বান্ —বা, জোণানীকায় সংস্বয়ন —নি।
(২) শ্বান্ লাত্ন —পি বা ব বা। (৪) দীর্ঘতে চোত্তরে নৈব তং দৈশ্যং মর্ফদন। —বা ব
রা নি।

এবমুক্তস্ত দাশার্ছঃ স্থাননং প্রত্যবর্ত্তয়ৎ।
বেন ত্রিগর্তাধিপতিঃ পাগুবং সমুপাহ্বয়ৎ ॥৬॥
ভতোহর্জ্বনঃ স্থান্দাগিং বিদ্ধা সপ্রভিরাশুগৈঃ।
ধরজং ধনুশ্চাস্থ তথা ক্ষুরাভ্যাং সমকৃন্তত ॥৭॥
ত্রিগর্তাধিপতেশ্চাপি ভাতরং ধড় ভিরাশুগৈঃ।
সাশ্বং সমূতং ত্বরিতঃ পার্থঃ প্রেষীদ্যমক্ষয়ম্॥৮॥
ভতো ভুজগসন্ধাশাং স্থান্দা শক্তিমায়সীম্।
চিক্ষেপার্জ্বনমুদ্দিশ্য বাস্তদেবায় ভোমরম্॥৯॥
শক্তিং ত্রিভিঃ শবৈশ্চিত্বা তোমরং ত্রিভিরর্জ্বনঃ।
স্থান্দাগং শব্রাতৈর্মোহয়িত্বা ন্যবর্ত্তয়ৎ ॥১০॥

কিমিতি। অহিতার্নিতান্ শত্রুপীডিতান্। মতং সংশ্বমিত্যর্থং, বেখ জানাসি ॥৫॥ এবমিতি। দাশার্হস্তবংশীবং কৃষ্ণঃ, শুন্দনং কৃথম্। কার্য্যেণৈবোত্তরং দত্তম্ ॥৬॥ তত ইতি। আন্তর্গৈর্বাণে:। ক্রাভ্যাং তবং স্থারাভ্যাং বাণাভ্যাম্ ॥१॥ বিগর্জেতি। যমক্ষয়ং যমালবম্, "নিল্বাপ্চয়ো ক্রেণি" ইত্যমবং ॥৮॥ তত ইতি। ভূজগদহাশাং সর্পত্ল্যদীর্ঘাম্। আয়সীং কোহ্মবীম্ ॥১॥ শক্তিমিতি। শরাণাং ব্রাতেঃ সমূহৈং, মোহ্যিত্বা সর্বদিগাববণেন ॥১০॥

আমি এখন কি সংশপ্তক সংহাব কবি ? না—শত্রুপীড়িত স্বপক্ষরক্ষা কবি ? এইবাপ আমাব সংশয়িতাবস্থা তুমি জান। স্থতবাং এখন কি কবিলে ভাল কবা হয়, তাহা বল' ॥৫॥

অৰ্জুন এইরূপ বলিলে, সুশর্মা যে দিকে থাকিয়া অৰ্জুনকে আহ্বান করিয়াছিলেন, কৃষ্ণ সেই দিকে রথ ফিরাইলেন ॥৬॥

তাহার পব অৰ্জুন সাতটা বাণদাবা স্থশর্মাকে বিদ্ধ কবিয়া ত্বইটা ক্ষ্বপ্রদারা তাঁহার ধক্ত ও ধন্ন কাটিয়া ফেলিলেন ॥৭॥

এবং তিনি হ্বান্থিত হইয়া ছয়টা বাণদ্বাবা অশ্ব ও সাব্থিব সহিত স্থশৰ্মার ভাতাকেও ষমালয়ে প্রেরণ কবিলেন ॥৮॥

তদনস্তর স্থশর্মা অর্জুনের উপবে একটা সর্পত্ন্য দীর্ঘ ও লোহময়ী শক্তি এবং ক্বফেব উপরে একটা তোমর নিক্ষেপ কবিলেন ॥১॥

তখন অৰ্জুন তিনটা বাণে শক্তিটাকে এবং তিনটা বাণে ভোমবটাকে ছেদন-পূৰ্বক বাণসমূহদ্বাবা স্থশৰ্মাকে মোহিত কবিয়া প্ৰতিনিযুক্ত করিলেন ॥১০॥

^{(»)··} विष्क्षभाष्ट्रनभाष्ट्र-वा व नि।

তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরোঘিণম্।
রাজংন্তাবকসৈন্তানাং নোগ্রং কশ্চিদবারয়ৎ ॥>>॥
ততো ধনঞ্জয়ো বাণৈঃ সর্বানের মহারথান্।
আয়াদিণিদ্বন্ কৌরব্যান্ দহন্ কক্ষমিবানলঃ ॥>২॥
তত্ম বেগমসহাং তং কুন্তীপুত্রত্ম ধীমতঃ।
নাশরুবংন্ডে সংসোদৃঃ স্পর্শমগ্রেরিব প্রজাঃ ॥>০॥
সংবেষ্টয়মনীকানি শরবর্ষেণ পাগুবঃ।
হুপর্ণ ইব নাগেন্ডং প্রায়াৎ প্রাগ্রেজ্যোতিষং প্রতি ॥>৪॥
যক্তদানাময়জ্জিফুর্ভরতানামপাপিনাম্।
ধন্মঃ ক্ষেমকরং সংখ্যে দিষতামশ্রুত্বর্জনম্ ॥>৫॥
তদেব তব পুত্রত্ম রাজন্! ছুদ্যুতদেবিনঃ।
কৃতে ক্ষত্রবিনাশায় ধনুরায়চ্ছদর্জ্জনঃ ॥>৬॥ (মুগ্রকম্)

তমিতি। বাসবমিশ্রম্, ভ্বিবর্ধং প্রচুববারিবর্ষিণম্, শরে ঘিণমর্জ্নম্ ॥১১॥
তত ইতি। আযান্তগদত্তবলং প্রত্যাগচ্ছৎ। কক্ষং তৃণবাশিম্ ॥১২॥
তত্যেতি। প্রজা: কৌববপক্ষীয়া জনাঃ "প্রজা স্থাৎ সন্তত্যে জনে" ইত্যমবঃ ॥১৩॥
শমিতি। স্থপর্ণো গরুডঃ, নাগেশ্রং সর্পশ্রেষ্ঠম্ ॥১৪॥
যদিতি। তদা বাজস্থাৎ পূর্বম্, জিফুবর্জ্নঃ। আয়চ্ছবিস্তৃতবান্ ॥১৫—১৬॥

রাজা! ক্রমে প্রচুববাবিবর্ষণকাবী ইন্দ্রের স্থায় বাণসমূহবর্ষণকাবী ও উগ্রমূর্ত্তি অর্জুন আসিতে লাগিলে, আপনাব পক্ষেব কেহই উাহাকে বাবণ কবিতে পারিল না ॥১১॥

তাহার পব অর্জুন বাণদ্বাবা কৌরবপক্ষীয় সমস্ত মহাবথকে তাড়ন কবতঃ তৃণদহনকারী অগ্নিব স্থায় আসিতে লাগিলেন ॥১২॥

তখন মানুষ যেমন অগ্নিব স্পর্শ সহ্য করিতে পাবে না, সেইরূপ সেই কৌবব-যোদ্ধারা বৃদ্ধিমান্ অর্জুনেব সেই অসহ্য বেগ সহ্য করিতে পাবিলেন না ॥১৩॥

পবে গৰুড় যেমন বৃহৎ দর্পেব প্রতি ধাবিত হন, সেইরূপ অর্জুন বাণবর্ষণদারা কৌরবসৈন্য বেষ্টন করিয়া ভগদত্তেব প্রতি ধাবিত হইলেন ॥১৪॥

ক্রমে বিজয়ী অর্জুন পুণ্যবান্ ভরতবংশীয়গণেব মঙ্গলজনক এবং যুদ্ধে শত্রুপক্ষেব অঞাবর্দ্ধক যে ধন্ন তখন (রাজস্য়যজ্জেব পূর্বের) একবাব অবনত কবিয়াছিলেন, ছষ্টদাতক্রীড়াকারী আপনাব পুত্রের দোবে ক্ষত্রিয়বিনাশেব জন্য সেই ধনুখানাকেই আবার সেই সময়ে বিস্তৃত করিলেন॥১৫—১৬॥

তথা বিক্ষোভ্যমাণা সা পার্থেন তব বাহিনী।
ব্যশীর্যাত মহারাজ! নৌরিবাসাত্য পর্বেতম্ ॥১৭॥
ততো দশ সহস্রাণি অবর্ত্তন্ত ধনুষ্মতাম্।
মতিং কৃষা রণে ক্রুরাং বীরা জয়পরাজয়ে ॥১৮॥
ব্যপেতহৃদয়ত্রাসা আবক্রন্তং মহারথাঃ।
আচ্ছেৎ পার্থো গুরুং ভারং সর্বভারসহো য়ৄঀি ॥১৯॥
যথা নলবনং ক্রুদ্ধঃ প্রভিন্নঃ ষষ্টিহায়নঃ।
য়দ্বীয়াতহদায়স্তঃ পার্থোহয়দ্বাচ্চমুং তব ॥২০॥
তিন্মিন্ প্রমথিতে সৈত্যে ভগদত্তো নরাধিপঃ।
তেন নাগেন সহসা ধনঞ্জয়মুপাদ্রবৎ ॥২১॥
তং রথেন নরব্যান্ত্রঃ প্রত্যগৃহাদ্ধনঞ্জয়ঃ।
স সমিপাতস্তমুলো বভূব রথনাগ্যোঃ ॥২২॥

তথেতি। পর্বতমাসাত্য পর্বতে সংঘর্ষং প্রাপ্য ॥১৭॥
তত ইতি। ধহমতাং ধহর্মবাণাস্। ক্রুবাং দৃঢাস্॥.৮॥
ব্যপেতেতি। ব্যপেতহাদযত্রাসা নির্ভযাঃ। আর্চ্ছং অগৃহ্লাৎ ॥১৯॥
যথেতি। প্রভিন্নো সদস্রাবী, বঙ্গিহাযনস্তদৈব তক্ত যৌবনাৎ। আযক্তো যম্ববান্॥২০॥
তমিতি। তেন স্বকীযেন, নাগেন হস্তিনা ॥২১॥
তমিতি। সন্নিপাতঃ সংঘর্ষো যুদ্ধমিতি যাবৎ ॥২২॥

মহাবাজ। অজুন সেইভাবে আপনার সৈম্ম আলোড়ন করিতে লাগিলে, পর্বতসংঘর্ষে নৌকাব ন্যায় তাহা ক্রমশঃ বিশীর্ণ হইতে লাগিল ॥১৭॥

তাহার পব বীর দশ হাজাব ধনুর্দ্ধব যুদ্ধে জয়-পরাজয়বিষয়ে দৃঢ় বুদ্ধি করিয়া প্রতিনিশ্বত্ত হইলেন ॥১৮॥

সেই মহাবথেরা নির্ভয়চিন্তে অর্জ্জ্নকে পবিবেষ্টন কবিলেন। তখন সমস্ত-ভারসহিষ্ণু অর্জ্জ্নও যুদ্ধে সেই গুকতব ভাব গ্রহণ কবিলেন॥১৯॥

ক্রমে মদস্রাবী, ষষ্টিবর্ষবয়স্ক ও ক্রুদ্ধ হস্তী যেমন নলবন মর্দ্দন করে, সেইকপ অর্জুন সমত্নে আপনাব সৈন্য মর্দ্দন করিতে লাগিলেন ॥২০॥

অর্জুন সেই সৈন্য আলোড়ন করিতে লাগিলে, ভগদন্তরাজা নিজেব সেই হস্তীতে আরোহণ করিয়া বেগে অর্জুনেব দিকে ধাবিত হইলেন ॥২১॥

পরে বথাবোহী নবশ্রেষ্ঠ অজ্জুন ভাহাকে গ্রহণ কবিলেন। তখন বথ ও হস্তীব তুমুল সংঘর্ষ হইতে লাগিল ॥২২॥

⁽১৯) ব্যপেতহাদয়ত্রাস আপদ্ধর্মাতিসো রথঃ—পি ব। (২২)…বভূব নরনাগযোঃ—নি।

কল্পিতাভ্যাং যথাশান্তং রথেন চ গজেন চ।
সংগ্রামে চেরতুর্বীরে ভগদত্তধনপ্রয়ে ॥২০॥
ততা জীমৃতসক্ষাশান্ধাগাদিক্র ইব প্রভুঃ।
অভ্যবর্ষচ্হরোঘেণ ভগদত্তো ধনপ্রয়ম্ ॥২৪॥
স চাপি শরবর্ষং ভচ্ছরবর্ষেণ বাসবিঃ।
অপ্রাপ্তমেব চিচ্ছেদ ভগদত্তভ্য বীর্য্যবান্ ॥২৫॥
ততঃ প্রাগ্রজ্যোতিষো রাজা শরবর্ষে নিবারিতে।
সংরক্তনয়নো রোষাৎ পার্থং পুনরবাকিরৎ ॥২৬॥
স তথা শরবর্ষেণ পার্থং সমভিহত্য বৈ।
চোদয়ামাস তং নাগং বধায়াচ্যতপার্থয়োঃ ॥২৭॥
তমাপতত্তং দ্বিরদং দৃষ্ট্বা ক্রুদ্ধমিবান্তকম্।
চক্তেহপসব্যং ত্রিতঃ স্থাননেন জনার্দ্দনঃ ॥২৮॥

করিতাভ্যামিতি। করিতাভ্যাং সক্ষিতাভ্যাম্। অতাসন্তিক্রমেণার্যঃ ॥২৩॥
তত ইতি। জীমৃতসঙ্কাশামেঘতুল্যাৎ, নাগাদগজাৎ, প্রভুঃ বাজা ॥২৪॥
স ইতি। বাসবক্ত ইন্দ্রজাপত্যমিতি বাসবিবর্জ্জ্নঃ। অপ্রাপ্তমনাগতমেব ॥২৫॥
তত ইতি। নিবারিতে পার্থেন। অবাকিরৎ শববর্ষেণবার্ণোৎ ॥২৬॥
স ইতি। চোদ্যামাস প্রেরয়ামাস, নাগং হস্তিনম্ ॥২৭॥
তমিতি। বিরদং হস্তিনম্। অপসবাং বাসবর্তিনম্, শুল্দনেন বথেন ॥২৮॥

ক্রমে বীর ভগদত্ত ও অর্জুন শাস্ত্র অনুসাবে সজ্জিত হস্তী ও বথে সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিলেন ॥২৩॥

তাহাব পর ইন্দ্রেব ন্যায় ভগদত্তবাজা মেঘতুল্য সেই হস্তীর পৃষ্ঠ হইতেই অর্জ্জুনের উপরে বাণবর্ষণ কবিতে লাগিলেন ॥২৪॥

ভগদত্তের ষেই বাণসমূহ না আসিতেই, বলবান্ অর্জ্জুন বাণবর্ষণ করিয়া সেগুলিকে ছেদন করিলেন ॥২৫॥

অর্জ্বনু বাণবর্ষণ নিবাবণ কবিলে, ভগদন্তরাজা ক্রোধে আবক্তনয়ন হইয়া পুনরায় বাণবর্ষণ করিয়া অর্জ্বনকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৬॥

ক্রমে ভগদত্ত বাণবর্ষণদ্বারা সেইভাবে অর্জ্জুনকে তাড়ন কবিষা ক্বঞ্চ ও অর্জ্জুনকে বধ করিবার জন্য সেই হাতীটাকে চালাইয়া দিলেন ॥২৭॥

⁽২৬) ততঃ প্রাগ্জ্যোতিষো রাজা শরবর্ষং নিবার্ঘ্য তং। শবৈর্জন্নে মহাবাহুঃ পার্থং কৃষ্ণক্ষ মারিব। I--পি বা ব। (২৭) ততঃ স শরজালেন মহতাভ্যবকীর্ঘ্য তোঁ--পি বা ব।

তং প্রাপ্তমপি নেয়েষ পরার্ত্তং মহাদ্বিপম্।
সারোহং মৃত্যুদাৎ কর্ত্ত্বং শ্বরন্ ধর্মাং ধনঞ্জয়ঃ ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং দ্রোণপর্ববি
সংশপ্তকবধে ভগদত্তমুদ্ধে ষড়্বিংশোহধ্যায়ঃ ॥०॥ #

---3#3---

সপ্তবিংশোহধ্যায়ঃ।

ধ্বতরাষ্ট্র উবাচ।

তথা ক্রেদ্ধঃ কিমকরোদ্ভগদত্তস্থ পাগুবঃ। প্রাগ্রেল্যাতিয়ো বা পার্থস্থ তন্মে শংস যথাতথম্॥।॥ সঞ্জয় উবাচ।

প্রাগ্জ্যোতিষেণ সংসক্তাবৃত্তে। দাশার্হপাগুবো। মুত্যোদংখ্রান্তিকং প্রাপ্তো সর্বভূতানি মেনিরে॥২॥

তমিতি। ধর্মম্ "সমাভাশ্ব প্রহর্ষব্যম্" ইতি পূর্বক্বতপ্রতিজ্ঞানিষমম্ ॥२२॥ ইতি মহামহোপাধ্যাব-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকোম্দীসমাধ্যাষাং দ্রোণপর্কণি সংশপ্তকবধে

বড় বিংশোহধ্যায়ঃ ॥०॥

--:*:--

তথেতি। সম্বয়োজিপ্রতিবদ্ধাভাবেহপি ধৃতবাষ্ট্রস্থাবেগাতিরেকাৎ পুনরাদেশ: ॥১॥

ক্রুদ্ধ যমেব ন্যায় সেই হাতীটাকে আসিতে দেখিয়া কৃষ্ণ সত্তর বথখানাকে চালাইয়া তাহাকে বামদিগ্ বর্ত্তী কবিলেন ॥২৮॥

সেই মহাহন্তীটা ফিবিয়া উপস্থিত হইলেও অর্জুন পূর্বপ্রতিজ্ঞা শ্মবণ কবিয়া আরোহীর সহিত তাহাকে বধ কবিবাব ইচ্ছা কবিলেন না"॥২৯॥

ধৃতবাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! অর্জুন সেইকাপ ক্রুদ্ধ হইয়া ভগদত্তের কি করিল, ভগদত্তই বা অর্জুনের কি কবিলেন, তাহা আমার নিকট যথাযথভাবে বল" ॥১॥

⁽২৯) ইতঃ পরম্ 'দ তু নাগো দ্বিপরথান্ হ্যাংশ্চম্ম মারিষ।। প্রাহিণোদ্যমলোকায ততঃ কুন্ধো ধনম্বয়।' অয়ং শ্লোকোহধিকঃ – পি বা ব। * '•••সপ্তবিংশোহধ্যায়ং' ব, '••• অটাবিংশোহধ্যায়ং' বা বা নি।

তথা তু শরবর্ষাণি পাতয়ত্যনিশং প্রভো!।
গজস্কনামহারাজ! কৃষ্ণয়োঃ শুন্দনন্থয়োঃ॥০॥
অথ কাষ্ণায়দৈর্বাণৈঃ পূর্ণকার্ম্য কনিঃস্টতঃ।
অবিধ্যদেবকীপুত্রং হেমপুট্ডাঃ শিলাশিতৈঃ॥৪॥
অগ্রিম্পাশ্সমান্তীক্ষা ভগদত্তেন চোদিতাঃ।
নির্ভিত্ত দেবকীপুত্রং ক্ষিতিং জগ্মঃ স্থবাসসঃ॥৫॥
তত্ম পার্থো ধনুশিছত্বা পরিবারং নিহত্য চ।
লালয়ন্নিব রাজানং ভগদত্তমযোধয়ৎ॥৬॥
সোহর্করশ্মিনিভাংন্তীক্ষাংন্ডোমরান্ বৈ চতুর্দিশ।
প্রৈষয়ৎ সব্যসাচী তু ত্রিধৈককমথাচ্ছিনৎ॥৭॥

প্রাগিতি। সংসক্তো মিলিতো, দাশার্হপাওবো কৃষণৰ্জ্বনো ॥२॥

তথেতি। পাত্যতীত্যতীত্যামীপ্যে বর্ত্তমানা। ক্বফরো: ক্বফার্জ্কুনযো: ॥৩॥

অথেতি। কাষ্ণায়নৈলো হৃদারম্বৈ:। শিলাযাং শিতৈর্ঘণেন স্থাবীকৃতি: #৪

অগ্নীতি। চোদিতা: ক্ষিপ্তা:। শোভনানি বাসাংসি কম্বপক্ষা যেযু তে ॥৫॥

অক্তেতি। পরিবারং পরিজনম্। লালযন্নিব অদৃচপ্রহাবাদিত্যাশযং ॥৬॥

স ইতি। অর্করশ্মিনিভান্ নির্ম্মলান্। সব্যসাচী অর্জ্নঃ । १॥

সঞ্জয় বলিলেন—"কৃষ্ণ ও অর্জুন ছুই জনই ভগদত্তের সহিত মিলিত হইয়া যেন মৃত্যুব দন্তের নিকটে গিয়াছেন বলিয়া সকলে মনে কবিতে লাগিল ॥২॥

প্রভূ ! মহারাজ ! ভগদত্ত গজস্ক হইতে রথস্থিত কৃষ্ণ ও অৰ্জুনের উপরে অনববত বাণবর্ষণ করিতে থাকিলেন ॥৩॥

তাহার পর তিনি—স্বর্ণপুঙা, শিলাশাণিত, লোহসার-(ইস্পাত) নির্দ্মিত ও পূর্ণাকৃষ্ট কান্মুকনির্গত বাণসমূহদ্বারা কৃষ্ণকে বিদ্ধ কবিলেন ॥৪॥

ভগদত্তনিক্ষিপ্ত, অগ্নিসমস্পর্শ, স্থন্দবকঙ্কপক্ষযুক্ত তীক্ষ্ণ বাণ সকল যাইয়া কৃষ্ণেব দেহ ভেদ কবিয়া ভূমিতে প্রবেশ করিতে লাগিল ॥৫॥

তখন অর্জুন ভগদত্তেব ধন্থ ছেদন ও পবিজ্ঞন বিনাশ কবিয়া লালন করিতে থাকিয়াই যেন ভগদত্তরাজাকে প্রহাব করিতে লাগিলেন ॥৬॥

ক্রমে ভগদত্ত সূর্য্যবশ্যির ন্যায় নির্মাল ও তীক্ষ্ণ চৌদ্দটা ভোমব নিক্ষেপ করিলেন; কিন্তু অর্জুন ছাহার এক একটাকে তিন তিন খণ্ডে ছেদন কবিলেন ॥৭॥

⁽৩) --- ভগদত্তো গজস্কদ্ধাৎ--পি ব। (৭) --- অপ্রেথবণৎ সব্যসাচী--বা নি।

ততো নাগস্থ তদ্বর্ম ব্যথমৎ পাকশাসনিঃ।
শরজালেন মহতা তদ্ব্যশীর্য্যত ভূতলে ॥৮॥
বিশীর্ণবর্মা স গজঃ শরৈঃ স্থভূশমর্দিতঃ।
বভৌ ধারানিপাতাক্তো ব্যল্রঃ পর্বতরাড়িব ॥৯॥
ততঃ প্রাগ্ জ্যোতিষঃ শক্তিং হেমদণ্ডাময়স্ময়ীম্।
ব্যস্জদ্বাস্থদেবায় দ্বিধা তামর্জ্জ্নোহচ্ছিনৎ ॥১০॥
ততশ্চত্রং ধ্বজকৈব চ্ছিত্বা রাজ্ঞোহর্জ্জ্নঃ শরৈঃ।
বিব্যাধ দশভিস্তৃর্বমূৎস্ময়ন্ পর্বতেশ্বরম্ ॥১১॥
সোহতিবিদ্ধোহর্জ্জ্নশরৈঃ স্থপুদ্ধোং কঙ্কপত্রিভিঃ।
ভগদত্তস্তঃ কুদ্ধঃ পাশুবস্থ জনাধিপঃ ॥১২॥
ব্যস্ত্জতোমরান্ মূর্দ্ধি, শ্বেতাশ্বস্থোমনাদ চ।
তৈরর্জ্জ্নস্থ সমরে কিরীটং পরিবর্ত্তিতম্ ॥১০॥ (যুগ্মকম্)

তত ইতি। নাগস্ত ভগদত্তগজস্ত, ব্যধমৎ অচ্ছিনং। ব্যশীর্য্যত স্থপতৎ ॥৮॥
বিশীর্ণেতি। ধারানিপাতাজো বারিধারাপতনেন সিক্তঃ, ব্যক্তো বিগতমেঘঃ ॥৯॥
তত ইতি। অরশ্মরীং গৌহমরীম্ ॥> ॥
তত ইতি। উৎশায়ন উৎকর্বেণ শাষমান ঈষদ্ধদন্ ॥>>॥
স ইতি। করপত্রিভিঃ করপক্ষিপক্ষযুক্তিঃ। খেতাশ্বস্ত অর্জ্জুনস্ত ॥>২—>০॥

তাহার পর অর্জ্জুন বিশাল শবজালদ্বারা সেই হাজীটার বর্মটাকে কাটিযা ফেলিলেন; তথন সে বর্মটা ভূতলে পড়িয়া গেল ॥৮॥

পবে বর্ম্মবিহীন সেই হাতীটা অর্জ্জুনেব বাণে অত্যন্তপীড়িত হইতে থাকিয়া জলধারানিষিক্ত মেঘবিহীন পর্বতভোষ্ঠের গ্রায় প্রকাশ পাইতে লাগিল ॥৯॥

তদনস্তব ভগদত্ত কুফেব উপবে একটা স্বর্ণদণ্ড ও লোহময় শক্তি নিক্ষেপ করিলেন; তখন অর্জ্জুন সেটাকে ছুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

তৎপরে অর্জ্জুন ঈষৎ হাস্থ করিয়া ভগদন্তের ছত্র ও ধ্বজ ছেদন করিয়া দশটা বাণদ্বাবা সত্বব তাঁহাকে বিদ্ধ কবিলেন ॥১১॥

তাহার পর ভগদত্তরাজা অর্জ্জনেব সেই স্থপুদ্ধ ও কঙ্কপক্ষযুক্ত বাণে অত্যস্ত-বিদ্ধ ও ক্রুদ্ধ হইয়া অর্জ্জনের মস্তকে বহুতব তোমব নিক্ষেপ করিলেন ও সিংহনাদ করিয়া উঠিলেন। ক্রুমে সেই তোমরগুলি যাইয়া অর্জ্জনের কিবীটটাকে পরিবর্ত্তিত করিল (উপ্টাইয়া ফেলিল) ॥১২—১৩॥

ব্বোণ (২১)-৩১

পরিবৃত্তং কিরীটং তদ্যময়মেব পাণ্ডবঃ।
স্থদ্যীঃ ক্রিয়তাং লোক ইতি রাজানমত্রবীৎ ॥১৪॥
এবমুক্তস্ত সংক্রুদ্ধঃ শরবর্ষেণ পাণ্ডবম্।
অভ্যবর্ষৎ স গোবিন্দং ধনুরাদায় ভাস্বরম্ ॥১৫॥
তস্ত্য পার্থো ধনুশ্ছিত্বা ভূণীরান্ সনিকৃত্য চ।
স্বরমাণো দিসপ্রত্যা সর্ববর্মস্বতাড়য়ৎ ॥১৬॥
বিদ্বস্ততোহতিব্যথিতো বৈষ্ণবাক্রমুদীরয়ন্।
অভিমন্ত্র্যাঙ্কুশং ক্রুদ্ধো ব্যস্তজৎ পাণ্ডবোরসি ॥১৭॥
বিস্ফাং ভগদত্তেন তদন্তং সর্বব্যাতি বৈ।
উরসা প্রতিজগ্রাহ পার্থং সংছাত্য কেশবঃ ॥১৮॥
বৈজয়ন্ত্যভবন্মালা তদন্তং কেশবোরসি।
ততোহর্জ্বনঃ ক্লান্তমনাঃ কেশবং প্রত্যভাষত ॥১৯॥

পরীতি। যময়ন যথাস্থানং বয়ন্। স্থদৃষ্ট: ত্রিয়তাম্, নাতঃ পরং দৃষ্টেতেতি ভাবঃ ॥>৪॥
এবমিতি। সংজুদাে ভগদতঃ। পাগুবমর্জ্জ্নম্। ভাস্বয়মুজ্জ্লম্ ॥>৫॥
তত্তেতি ॥ সমিয়তা সমাক্ ছিস্থা। ছিসপ্ততাা বাবৈঃ ॥>৬॥
বিদ্ধ ইতি। উদীরয়ন্ নিক্ষিপন্। অভিমন্তা মত্ত্রেণাক্ত্রশ এব বৈফ্বাস্ত্রমারোপা ॥> १॥
বিস্প্রমিতি। উরসা বক্ষসা। সংছাত পৃষ্টেনাব্তা ॥>৮॥

অর্চ্জুন সেই কিরীটটাকে বথাস্থানে সন্নিবেশিত কবিতে করিতে ভগদন্তকে বলিলেন—'আপনি জগৎটাকে ভাল কবিয়া দেখিয়া নিন্'॥১৪॥

অর্চ্জুন এইরূপ বলিলে, ভগদন্ত অত্যস্ত ক্রুদ্ধ হইয়া উচ্ছল একখানা ধনু লইয়া অর্চ্জুন ও ক্বফেব উপরে বাণ বর্ষণ কবিতে লাগিলেন ॥১৫॥

তখন অৰ্জ্জুন ত্বান্বিত হইয়া ভগদত্তেব ধনু ও তৃণীব ছেদন কবিয়া দিসপ্ততি বাণদ্বারা তাঁহাব সমস্ত মর্শ্মস্থানে পীড়ন কবিলেন ॥১৬॥

তৎপরে ভগদত্ত অত্যক্ত বিদ্ধ, ব্যথিত ও ক্রেদ্ধ হইয়া বৈষ্ণবাদ্র নিক্ষেপ করিবেন বলিয়া মন্ত্রপাঠপূর্ববক অঙ্কুশে বৈষ্ণবাদ্র আবোপ কবিয়া তাহা অর্চ্জুনেব বক্ষে নিক্ষেপ করিলেন ॥১৭॥

ভগদন্ত সর্ববসংহাবক সেই বৈষ্ণবাস্ত্র নিক্ষেপ করিলে, কৃষ্ণ পৃষ্ঠদাবা অর্জুনকে আবৃত করিয়া নিজবক্ষে সেই অন্ত্র গ্রহণ করিলেন ॥১৮॥

পদ্দকোশবিচিত্রাজ্যা সর্ব্বত্র কুসুমোৎকটা। জ্বলনার্কেন্দুবর্গাভা পাবকোজ্জ্বপল্লবা। তথ্যভেগ্ভাধিকং সৌরিরতসীপুষ্পসন্নিভ: ।

⁽১৪)···যমন্বনেব ফাল্কনঃ—পি। (১৯) অস্ত পূর্বাদ্ধাং পরমিদং শ্লোকবরমধিকন্—বা ব নি। তদ্যথা—

অযুধ্যমানস্তরগান্ সংযন্তাত্মি তবানব!।
ইত্যুক্ত্বা পুণ্ডরীকাক্ষ। প্রতিজ্ঞাং স্থাং ন রক্ষসি॥২০॥
যত্তহং ব্যসনী বা স্থামশক্তো বা নিবারণে।
ততন্ত্রয়েবং কার্য্যং স্থাম ভু কার্য্যং ময়ি স্থিতে॥২১॥
সবাণঃ সংকুশ্চাহং সম্মরাম্মরমানুষান্।
শক্তো লোকানিমান্ জেতুং তচ্চাপি বিদিতং তব ॥২২॥
ততোহর্জ্জ্বং বাস্থদেবঃ প্রত্যুবাচার্থবদ্ধচঃ।
শৃণু গুহুমিদং পার্থ। পুরারতং যথানঘ!॥২৩॥
চতুমূর্ত্তিরহং শর্মলোকত্রাণার্থমূত্যতঃ।
আত্মানং প্রবিভজ্যেহ লোকানাং হিতমাদধে ॥২৪॥

বৈজ্ঞন্তীতি। বৈজ্ঞন্তী স্বৰ্গীয়া তদাখ্যা বা। ক্লান্তমনা ক্ৰংখিতচিত্তঃ ॥১৯॥
অনুধ্যেতি। সংমন্তান্মি চালরিয়ামি। ন রক্ষাস, ইদানীং তদধিককরণাৎ ॥২০॥
যদীতি। ব্যসনী অন্তবিষ্যাসক্তচিত্তঃ। কার্য্যং কর্ত্ব্যম্। মনি সভর্কে সমর্থে চ ॥২১॥
সবাণ ইতি। অভন্তবেদৃশকরণং নোচিতং জাতম্, মম ন্যুনভাপ্রকাশাদিতি ভাবঃ ॥২২॥
ভঙ্ ইতি। অর্থবং বৃক্তিমৃক্তম্। গুলুং গুপুষ্ ॥২০॥
চতুরিতি। শর্থৎ সর্বাদা। আদংধ জনরামি ॥২৪॥

তখন সেই বৈষ্ণবাস্ত্ৰ যাইয়া কৃষ্ণেব বক্ষে বৈজয়ন্তী মালা হইল। তৎপরে অজ্ব কুণ্ণচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—॥১৯॥

'নিষ্পাপ পুগুরীকাক্ষ। তুমি যুদ্ধের পূর্বেব বলিযাছিলে—'আমি যুদ্ধ করিব না, কেবল তোমার অশ্বগণকে সঞ্চালন করিব'। কিন্তু এখন নিজের সেই প্রতিজ্ঞা রক্ষা করিলে না।'॥২০॥

কৃষ্ণ! আমার মন যদি অন্থ বিষয়ে থাকিত, কিংবা আমি যদি এই অন্তর্ নিবারণ করিতে অসমর্থ হইতাম, তাহা হইলেই তোমার এইরপ করা উচিত হইত, কিন্তু আমি সতর্ক ও সমর্থ থাকিতে তোমার এরপ করা উচিত হয নাই॥২১॥

আমি ধনুর্বাণসমন্বিত হইয়া দেবতা, অস্থ্র ও মানুষযুক্ত এই ত্রিভুবন জয় করিতেও সমর্থ হই ; তাহাও তোমার জানা আছে'॥২২॥

তাহার পর কৃষ্ণ অৰ্জ্জ্নকে এই যুক্তিযুক্ত কথা বলিলেন—'নিস্পাপ অর্জুন ! পূর্বেব যাহা ঘটিয়াছিল, সেই গুপ্ত রুত্তান্ত এই শ্রাবণ কব—॥২৩॥

আমার চারিটী মূর্ত্তি, তাহা দারা আমি লোকরকার জন্ম প্রস্তুত থাকি।

⁽২১) -- অশক্তো বা বিধারণে—পি।

একা মৃতিস্তপশ্চর্য্যাং কুরুতে মে ভুবি স্থিতা।
অপরা পশ্যতি জগৎ কুর্ববাণং সাধ্যসাধুনা ॥২৫॥
অপরা কুরুতে কর্দ্ম মানুষং লোকমাশ্রিতা।
শেতে চতুর্থী ত্বপরা নিদ্রোং বর্ষসহন্রিকাম ॥২৬॥
যাসো বর্ষসহন্রান্তে মৃতিরুত্তিগঠতে মম।
বরার্হেভ্যো বরান্ শ্রেগ্যাংস্তম্মিন্ কালে দদাতি সা॥২৭॥
তস্তু কালমনুপ্রাপ্তং বিদিত্বা পৃথিবী তদা।
অযাচত বরং যন্মাং নরকার্থায় তচ্ছ গু ॥২৮॥
দেবানাং দানবানাঞ্চ অবধ্যস্তনয়োহস্ত মে।
উপেতো বৈষ্ণবাস্ত্রেণ তন্মে ত্বং দাতুমর্হসি॥২৯॥
এবং বরমহং শ্রেত্বা জগত্যাস্তনয়ে তদা।
অমোঘমন্ত্রং প্রায়চ্ছং বৈষ্ণবং পরমং পুরা॥৩০॥

একেতি। একা নারায়ণরপা। ভূবি বদরিকাশ্রমভূমৌ। অপরা পরব্রহ্রকাপা॥২৫॥ অপরেতি। অপরা মংস্তকুর্মান্তবভাররপা। অপরা শ্বশায়িন্তনন্তরপা॥২৬॥ বেতি। যাসৌ জলশায়িনী। উত্তিষ্ঠতে নিদ্রাতো শ্বাগর্তি॥২৭॥ তমিতি। অন্থ্রাপ্তম্পন্থিতম্। নরকো নাম পৃথিব্যা এব পুত্রন্তদর্থীয়॥২৮॥ দেবানামিতি। তনযো নরক:। তহৈঞ্বাস্ত্রম্ ॥২৯॥

আমি আমার একই মূর্ত্তিকে চারিভাগে বিভক্ত করিয়া লোকেব হিতসাধন করি ॥২৪॥

আমার একটা মূর্ত্তি (নারাযণরূপা) বদরিকাশ্রমে থাকিয়া তপস্তা করে, দিতীয়া মূর্ত্তি (পরব্রহ্মরূপা) জগতের ভাল-মন্দ কার্য্য দর্শন করে॥২৫॥

তৃতীয়া মূর্ত্তি (মৎস্থ-কূর্ম্মাদি অবভাবরূপা) মনুয়ালোকে থাকিয়া কার্য্য কবে এবং চতুর্থী মূর্ত্তি (জলশায়িনী অমস্তরূপা) সহস্রবৎসবব্যাপিনী নিদ্রা অবলম্বন করিয়া সমুদ্রে শয়িত থাকে ॥২৬॥

ঐ যে চতুর্থী মূর্ত্তি সহস্র বৎসবের পরে গাত্রোত্থান করে, সেই মূর্ত্তিই সেই সময়ে বরদানযোগ্য লোকদিগকে উত্তম উত্তম বর দিয়া থাকে ॥২৭॥

সেই সময় উপস্থিত হইয়াছে জানিয়া পৃথিবী তখন নিজপুত্র নরকের জন্ম আমার নিকট যে বর চাহিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥২৮॥

ভগবন্! আমার পুত্র নবক বৈঞ্চবাস্ত্রসম্পন্ন হইযা দেবগণ ও দানবগণের অবধ্য হউক ; আপনি আমাকে সেই অন্ত্র দান করুন' ॥২৯॥

(२७) ... বর্ষসহ শ্রিকীমৃ—বা ব নি। (२৮) ... প্রাবাচত বরম্—পি।

অবেচিঞ্চেতদন্তং বৈ হুমোঘং ভবতু ক্ষমে!।
নরকন্তাভিরক্ষার্থং নৈনং কশ্চিদ্বধিয়তি॥৩১॥
অনেনান্ত্রেণ তে গুপ্তঃ স্থতঃ পরবলাদ্দিনঃ।
ভবিয়তি তুরাধর্ষঃ সর্বলোকেষু সর্বদা॥৩২॥
তথেত্যুক্ত্বা গতা দেবী কৃতকামা মনস্বিনী।
স চাপ্যাসীদ্তুরাধর্ষো নরকঃ শত্রুতাপনঃ॥৩৩॥
তন্মাৎ প্রাগ্ জ্যোতিষং প্রাপ্তং তদন্ত্রং পার্থ। মামকম্।
নাস্থাবধ্যোহস্তি লোকেষু সেন্দ্রক্ষদ্রেষু মারিষ।॥৩৪॥
তন্ময়া ছৎকৃতেনৈতদন্তথা ব্যপনায়িতম্।
বিমুক্তং পরমান্ত্রেণ জহি পার্থ। মহাস্তরম্॥৩৫॥

এবমিতি। জগত্যা: পৃথিব্যা:, তনমে নরকে। প্রায়চ্ছং প্রদত্তবান্ ॥০০॥
অবোচমিতি। হে ক্ষমে ! পৃথিবি।। এনং নরকম্, বধিয়তি হস্তং শক্ষাতি ॥০১॥
অনেনেতি। গুপ্তো রক্ষিতঃ। পরবলার্দ্ধনঃ শক্রেসৈম্বপীডকো ভবিয়তি ॥০২॥
তথেতি। দেবী পৃথিবী, কৃতকামা সম্পাদিতাভীষ্ঠা ॥০০॥
তথাদিতি। তত্মাৎ নরকাৎ। হে মারিষ ! আর্যা। মহাবীরস্থান্দাননীর । ॥০৪॥

আমি তখন পৃথিবীর পুত্র নবকের বিষয়ে এইন্ধপ বব শ্রেবণ করিয়া উন্তম ও অবার্থ বৈষ্ণবান্ত পৃথিবীকে দান করিয়াছিলাম ॥৩০॥

এবং বলিযাছিলাম যে, 'পৃথিবি! তোমাব পুত্র নবককে সর্ববডোভাবে বক্ষা কবিবার জন্ম আমার এই বৈষণ্ণবাস্ত্র তাহার হউক; উহাকে কেছ বধ কবিতে পারিবে না ॥৩১॥

তোমার পুত্র আমার এই অন্ত্রদারা বক্ষিত হইযা সমস্ত লোকে সর্বনাই শক্রসৈন্যপীড়ক ও চুর্দ্ধর্য হইবে'॥৩২॥

'তাহাই হউক' এই কথা বলিয়া মনস্বিনী পৃথিবীদেবী অভীফ্রলাভ কবিযা চলিয়া গেলেন ; তাঁহার পুত্র সেই নরকও শত্রুপীড়ক ও চুর্দ্ধর্য হইল ॥৩৩॥

মাননীয় অর্জ্জুন! ভগদন্তরাকা সেই নবকাস্থবের নিকট হইতে আমার সেই বৈষ্ণবাস্ত্র লাভ করিয়াছিলেন। ইন্দ্রলোক ও রুদ্রলোকপ্রভৃতি সমস্ত লোকেই এই অস্ত্রেব অবধ্য কেহ নাই ॥৩৪॥

অতএব আমি তোমাকে বক্ষা কবিবার জন্মই সেই বৈফ্যবাস্ত্রকে অন্যরূপে পরিণত করিলাম। স্থতরাং অর্জ্জুন! ভগদন্ত এখন প্রব্যাস্ত্রবিহীন হইযাছেন, এই সমযে এ মহাস্থবকে বধ কর॥৩৫॥

⁽७८) ... अग्रदेशर्या भिनिर्मिष्ठम् ... विम्ब्हम् — नि ।

বৈরিণং জহি ছর্দ্ধাং ভগদত্তং স্থরদ্বিষম্।

যথাহং জন্মিবান্ পূর্ববং হিতার্থং নরকং তথা ॥৩৬॥

এবমুক্তস্তদা পার্থঃ কেশবেন মহাত্মনা।
ভগদত্তং শিতৈর্বাণৈঃ সহসা সমবাকিরৎ ॥৩৭॥

ততঃ পার্থো মহাবাহুরসংজ্রান্তো মহামনাঃ।

কুস্তয়োরন্তরে নাগং নারাচেন সমার্পয়ৎ ॥৩৮॥

স সমাসাগ্য তং নাগং বাণো বজ্র ইবাচলম্।

অভ্যগাৎ সহ পুজ্মেন বল্মীকমিব পন্নগঃ ॥৩৯॥

স ভু বিফভ্য গাত্রাণি দন্তাভ্যামবনীং যথোঁ।
নদন্নার্ভস্বরং প্রাণানুৎসমর্ভ্র মহাদ্বিপঃ ॥৪০॥

তদিভি। ত্ৎক্তেন ত্রিমিতেন তব রক্ষার্থমিতার্থ:, বাপনায়িতং পরিণমিতম্ ॥০৫॥
বৈরিণমিতি। স্বর্দ্বিং দেবছেমিণম্। অতএব মহাস্থ্রমিত্যুক্তম্ ॥০৬॥
এবমিতি। শিতৈঃ শিলাশাণিতৈঃ। সম্বাক্তিরং সমান্তণাং ॥০৭॥
তত ইতি। অসংক্রান্তঃ অবিচলিত্তিতঃ। অন্তরে মধ্যে। সমার্পমদ্পীড়যং ॥০৮॥
স ইতি। অচলং পর্বতম্। বল্মীকম্ উয়ীমৃত্তিকাম্ ॥০৯॥
স ইতি। বিপ্তভা বিস্তার্যা। যয়ে পম্পর্শ। আর্ভন্তরং যথা ভ্রান্তথা ॥৪০॥

আমি যেমন পূর্বের জগতের হিতের জন্ম নবকাস্থরকে বধ করিয়াছিলাম, তুমিও এখন সেইরূপ শক্র, হুর্দ্ধর্য ও দেবদ্বেষী ভগদন্তকে বধ কর'॥৩৬॥

মহাত্মা কৃষ্ণ এইরূপ বলিলে, তখন অর্জ্জুন নিশিত শরসমূহদারা ভগদন্তকে আরত করিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহার পর মহাবাহু ও মহামনা অর্জ্জ্ন অবিচলিতচিন্তে একটা নারাচ্ছাবা -ভগদত্তহস্তীব কুম্বদ্বয়ের মধ্যদেশে আঘাত কবিলেন ॥৬৮॥

তখন বজ্র যেমন পর্ববতেব মধ্যে এবং সাপ যেমন উযীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নারাচটা যাইযা পুড়াদেশের সহিতই হাতীটার দেহের ভিতরে প্রবেশ করিল ॥৩৯॥

⁽৩৬) বৈরিণং ষৃধি তুর্ন্ধন্—পি ব। (৩৭) তেওঃ পার্থঃ—পি। (৩৯) ইভঃ পরস্পার্করী ভগদভেন প্রের্থায়াণো মৃত্ব্মূছিঃ। ন করোতি বচন্তক্ত দরিদ্রক্তেব যোষিতা। পি শ্লোকোইয়মধিকঃ—বা ব নি। (৪০) নদদার্ভক্তনন্—নি। ইতঃ পরস্— 'ততো গাণ্ডীবধন্বানমভ্যভাবত কেশবঃ। অবং মহন্তরঃ পার্থ! পলিতেন সমার্তঃ। বলীসংছন্তনরনঃ শ্রঃ পরমত্র্জ্জয়ঃ। অক্লোকদ্মীলনার্থাব বদ্ধপট্টো হুসো নৃপঃ। দেববাক্যাৎ প্রতিচ্ছেদ শরেণ ভূশমর্জ্জনঃ। ছিন্নমাত্রেহংশুকে তন্মিন্ ক্লনেত্রো বভ্ব সঃ। ভিন্নমাত্রেহংশুকে তন্মিন্ ক্লনেত্রো বভ্ব সঃ। ভিন্নমাত্রহংশুকে তন্মিন্ ক্লনেত্রো বভ্ব সঃ। ভিন্নমাত্রহংশুকে তন্মিন্ ক্লনেত্রো বভ্ব সঃ।

ততশ্চন্দ্রাদ্ধিবিষেন বাণেনানতপর্বণা।
বিভেদ হৃদয়ং রাজো ভগদক্তস্থ পাগুবং ॥৪১॥।
স ভিন্নহৃদযো রাজা ভগদক্তঃ কিরীটিনা।
শরাসনং শরাংশৈচব গতাহ্বঃ প্রমুমোচ হ ॥৪২॥
শিরসন্তস্থ বিভ্রুষ্টং পপাত চ বরাংশুক্ম।
নালতাড়নবিভ্রুষ্টং পলাশং নলিনাদিব ॥৪৩॥

দ হেমমালী তপনীযভাণ্ডাৎ পপাত নাগাদ্গিরিদন্ধিকাশাৎ।
স্থপুম্পিতো মারুতবেগভয়ো মহীধরাগ্রাদিব কর্ণিকারঃ ॥৪৪॥
নিহত্য তং নরপতিমিন্দ্রবিক্রমং স্থায়মিন্দ্রস্থ তদৈন্দ্রিরাহবে।
ততোহপরাংস্তব জয়কাঞ্চিশণো নরান্ বভঞ্জ বায়ুর্ববলবান্ ক্রমানিব ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববি
সংশপ্তকবধে ভগদন্তবধে সপ্তবিংশোহধ্যায়ঃ॥।॥ #

তত ইতি। চক্রার্দ্ধশ্র বিষমিব বিষং ফলকং যন্ত তেন ॥৪১॥

স ইতি। শরাসনং ধরু:। গতা অসবঃ প্রাণা যন্ত স: ॥৪২॥

শিরস ইতি। বরাংশুকন্ উত্তমবসনক্তােফীব:। পলাশং পত্রন্, নলিনাৎ পদ্মাৎ ॥৪০॥

স ইতি। হেমমালী স্বর্ণমালাধান্ত্রী, স ভগদভােহপি, মহীধরশ্র পর্বতন্ত অগ্রাৎ, মারুভন্ত
বারোর্বেগেন ভয়:, স্বপুষ্পিত:, কর্ণিকারো বৃক্ষ ইব, গিরিসন্নিকাশাৎ পর্বতন্ত্রনাৎ, তপনীয়ানি

স্বর্ণমন্ত্রীনি ভাগ্রানি ভ্রণানি যন্ত তন্মাৎ, নাগাৎ গঞ্জাৎ, পপাত ॥৪৪॥

ক্রমে সেই মহাহস্তী দেহ বিস্তৃত কবিযা দস্তযুগলদার। ভূতল স্পর্শ করিল এবং পার্ত্তনাদ করিতে করিতে প্রাণত্যাগ করিল ॥৪০॥

তদনন্তর অর্জ্জুন একটা নতপর্ব অর্দ্ধচন্দ্র বাণদারা ভগদন্তরাজাব হাদ্য বিদীর্ণ করিলেন ॥৪১॥

অর্জ্জুন ভগদন্তবাজার হৃদয বিদীর্ণ করিলে তাঁহার প্রাণ চলিয়া গেল, তখন তিনি ধনু ও বাণ পরিত্যাগ কবিলেন ॥৪২॥

এবং নাল (দণ্ড) সঞ্চালন করিলে পদ্ম হইতে যেমন তাহার পত্র শ্বলিত হইযা পতিত হয়, সেইবাপ ভাগদত্তেব উত্তমবস্ত্রনির্দ্মিত উফীষটা তাঁহাব মস্তক হইতে শ্বলিত হইযা পতিত হইল ॥৪৬॥

ক্রমে বায়্বেগে ভগ্ন স্থন্দব পুষ্পসমন্বিত কর্ণিকারবৃক্ষ ষেমন পর্ববতাগ্র হইতে পতিত হয়, স্বর্ণমালাধাবী ভগদন্তও তেমন স্বর্ণভূষণে ভূষিত পর্ববতপ্রমাণ হস্তী হইতে পতিত হইলেন ॥৪৪॥

^{* &#}x27;…षष्टीविश्टमांक्षांयः' वा, ' धटकानिविश्टमांक्षांयः' वा त्रा नि ।

অফাবিংশো২ধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

প্রির্মিন্দ্রন্থ সততং স্থার্মমিতিজিস্ম।
হছা প্রাণ্জ্যোতিবং পার্থঃ প্রদক্ষিণমবর্ত্ত ॥১॥
ততো গান্ধাররাজস্থ স্থতো পরপুরঞ্জয়ো।
আর্দ্রেতামর্ল্জনং সংখ্যে জাতরো র্মকাচলো ॥২॥
তো সমেত্যার্ল্জনং বীরো পুরঃ পশ্চাচ্চ ধনিনো।
অবিধ্যেতাং মহাবেগৈনিশিতৈরাশুগৈর্ভ্শম্॥৩॥
র্মকস্থ হয়ান্ সূতং ধকুশ্চত্তং রথং ধ্রজম্।
তিলশো ব্যধমৎ পার্থঃ সৌবলস্থ শিতেঃ শরৈঃ ॥৪॥

নিহত্যেতি। ইক্স বিক্রম ইব বিজমো যশু তন্। ঐজিরিক্রপুজার্থজুন: isei ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভ্বণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্য-বিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকোম্দীসমাধ্যায়াং জোণপ্রকৃদি সংশপ্তকবধে সপ্তবিংশোহধ্যায়: ioi

---(:*:)----

প্রিরমিতি। অর্জ্ন: ধনু পিতৃপ্রিরছেন জানরপি বীরধর্মহান্তগদন্তং জ্বানেত্যাশয়: ।>। তত ইতি। পরপুর্ধরে শক্তনগরজনিনা। এতেন মহাবীরাবিতি হুচিতন্ ।২। তাবিতি। পুর: অগ্রত:। নিশিতে: শিলাশাণিতৈ: স্থারৈরিত্যর্থ: ।১॥

রাজা। অর্জুন তখন যুদ্ধে ইন্দ্রের তুল্য বিক্রমশালী ও ইন্দ্রের স্থা ভগদত্ত-রাজাকে বধ করিয়া, তাহার পর বলবান বায়ু যেমন রুক্ত ভগ্ন করে, সেইকপ আপনার জয়াভিলাবী অপর বীরগণকে ভগ্ন (পরাভূত) করিতে লাগিলেন ॥৪৫॥

সঞ্জয় বলিলেন—"নর্ববদা ইন্দ্রের প্রিয়সখা এবং অমিভতেজা ভগদন্তকে বধ করিয়া অর্ল্ডুন কৌরবসৈন্মের দক্ষিণদিকে বাইয়া উপস্থিত হইলেন ॥১॥

তাহার পর গান্ধাররাজের পুত্র শক্রনগরবিজ্বন্নী বৃষক ও অচলনামে ছই প্রতি বুদ্ধে অর্ছনকে পীড়ন করিতে লাগিলেন ॥২॥

বীর ও ধ্যুর্কর সেই ছুই ভ্রাতা সম্মুখে ও পশ্চাতে যাইয়া মহাবেগশালী ও স্থার বাণসমূহহারা অর্জুনকে অত্যন্ত বিদ্ধ করিতে থাকিলেন ॥৩॥

⁽२) व्यार्व्ह्रणेपर्व्ह्न्सः मराथा--- शि, --- व्यक्ष्णिमर्व्ह्नम् -- वा नि ।

ততোহর্জনঃ শরবাতৈর্নানাপ্রহরণৈরপি।
গান্ধারানাকুলাংশ্চক্রে সৌবলপ্রমুখান্ পুনঃ ॥৫॥
ততঃ পঞ্চশতান্ বীরান্ গান্ধারাকুততায়ুধান্।
প্রাহিণোন্ম, ভ্যুলোকায় কুন্ধো বাণের্ধ নঞ্জয়ঃ ॥৬॥
হতাশ্বান্ত্র রথাত্ত্র্ন্মবতীয়্য মহাভুজঃ।
আরুবোহ রথং ভ্রাভুরন্থচ্চ ধনুরাদদে॥৭॥
তাবেকরথমারুটো ভ্রাতরো র্যকাচলো।
শরবর্ষেণ বীভৎস্থমবিধ্যেতাং মুহুর্মুহঃ ॥৮॥
শ্যালো তব মহাত্মানো রাজানো ব্যকাচলো।
ভূশং নিজন্নভূঃ পার্থমিক্রং র্ত্রবলাবিব ॥৯॥

ব্যকতেতি। স্তং সাব্থিন্। ব্যধ্মৎ ব্যনাশ্যৎ, সৌবলক্ত স্ব্ৰপ্ত্ৰ ॥৪॥
ভঙ ইতি। শরাণাং ব্রাভি: সম্হৈ:, প্রহরণেরক্তৈ: ॥৫॥
ভঙ ইতি। উত্তভাব্ধান্ উত্তোলিভাস্থানেব। প্রাহিণোং প্রৈরমং ॥৬॥
হতেতি। মহাভূজো ব্যক:। আদদে জগ্রাহ ॥१॥
ভাবিতি। বীভংস্মর্জ্নন্, অবিধ্যেভান্ অভাভয়ভান্ ॥৮॥
ভাবিতি। তব ধৃতরাইক্ত। নিজন্ত্রাজন্ত্র:। ব্র্থো বলক্ত নামান্ত্রে ॥৯॥

তখন অর্চ্জুন নিশিত শরসমূহদ্বাবা স্থবলনন্দন র্যকেব অশ্ব, সাবথি, ধনু, ছত্র, রথ ও ধ্বজকে তিল তিল কবিয়া কাটিয়া ফেলিলেন ॥৪॥

তৎপরে আবাব অর্জ্জুন বাণসমূহ ও নানাবিধ অস্ত্রদ্বাবা ব্যকপ্রভৃতি গান্ধার-দেশীয বীরগণকে আকুল কবিয়া ভূলিলেন ॥৫॥

তদনস্তব অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বাণদ্বাবা গান্ধারদেশীয় উত্তোলিতান্ত্র পঞ্চশত বীরকে যমলোকে প্রেরণ করিলেন ॥৬॥

ওদিকে মহাবাহু বৃষক হতাশ্ব বথ হইতে সত্বব অবতীর্ণ হইয়া যাইয়া ভ্রাতা অচলের বথে আরোহণ করিলেন এবং অন্ত ধনু লইলেন ॥৭॥

তখন একবথারাঢ় ব্যক ও অচল চুই ল্রাভা বাণবর্ধণদ্বাবা মূহ্যসূহঃ অর্জ্জুনকে তাড়ন করিতে লাগিলেন ॥৮॥

মহাবাজ। পূর্বের বুত্রান্ত্র ও বলান্ত্র যেমন ইন্দ্রকে আঘাত করিয়াছিল, সেইবাপ আপনার শ্রালক, মহাত্মা ও ক্ষত্রিয় বৃষক এবং অচল অর্জ্জুনকে গুরুতর আঘাত করিতে থাকিলেন ॥১॥

⁽৯)···ভৃশং বিজন্নভূ:—নি। জোণ (২১)-৩২

লকলক্ষে তু গান্ধারাবহতাং পাণ্ডবং পুনঃ।
নৈদাঘবার্ষিকো মার্দো লোকং ঘর্মাংশুভির্যথা ॥১০॥
তো রথস্থো নরব্যান্ত্রো রাজানো র্যকাচলো।
সংশ্লিফাঙ্গো স্থিতো রাজন্। জঘানৈকেয়ণার্জ্জনঃ ॥১১॥
তো রথাৎ সিংহসঙ্কাশো লোহিতাক্ষো মহাভুজো।
গতাসূ পেতভুর্বীরো সোদর্য্যাবেকলক্ষণো ॥১২॥
তয়োভূমিং গতো দেহো রথাদ্বন্ধুজনপ্রিয়ো।
যশো দশ দিশঃ পুণ্যঃ গময়িত্বা ব্যবস্থিতো ॥১৩॥
দৃষ্ট্বা বিনিহতো সংখ্যে মাভুলাবপলায়িনো!
ভূশং মুমুচুরক্রাণি পুত্রান্তব বিশাংপতে। ॥১৪॥
নিহতো ভাতরো দৃষ্ট্বা মায়াশতবিশারদঃ।
কৃষ্ণো সম্মোহয়ন্ মায়াং বিদধে শকুনিস্ততঃ ॥১৫॥

লক্ষেতি। লক্ষং লক্ষন্ অর্জ্জ্নরূপং শরব্যং যাত্যাং তৌ। অহতান্ আহতবস্তৌ।
নৈদাঘবার্থিকৌ আযাতপ্রাবণৌ। বৃষ্টিসম্বন্ধান্তরোকজিঃ। ঘর্মাংশুভিঃ স্থ্যভোক্ষকিরণৈঃ ॥১০॥
তাবিতি। সংশ্লিষ্টান্দৌ তদানীং পুরঃ পশ্চাবর্তিভাবেন পরস্পরসংযুক্তগাত্তৌ॥১১॥
তাবিতি। সিংহসম্বাশৌ বিক্রমে। গভাস্থ নির্গতপ্রাণৌ। একলক্ষণাবেকারুতী॥১২॥
তরোরিতি। যশঃ মহাবীরেণার্জ্জ্বেন সহ যুদ্ধকরণজনিতাং প্রশংসান্॥১০॥
দৃষ্টে,তি। অপলায়িনাবিত্যনেন তয়োত্তেজ্বিত্বং স্টিতন্॥১৪॥

আবাঢ় ও শ্রোবণমাস যেমন (বৃষ্টিসহকারে) সূর্য্যের উষ্ণকিবণদারা লোককে সম্ভপ্ত করে, সেইরূপ বৃষক ও অচল অর্জ্জুনকে লক্ষ্য পাইয়া (বাণবর্ষণসহকারে) অত্যান্য অন্ত্রের আঘাতদাবা বার বার তাঁহাকে সম্ভপ্ত করিতে লাগিলেন ॥১০॥

রাজা। ক্রনে নরশ্রেষ্ঠ ও ক্ষত্রিয় বৃষক এবং অচল একরথে থাকিয়া যখন সমসূত্রপাতে পরস্পব সংশ্লিষ্টদেহ হইলেন, তখন অর্জ্জ্ন একটা বাণদারাই তাঁহাদের তুই জনকে বধ করিলেন ॥১১॥

তখন সিংহের তুল্য বিক্রমশালী, রক্তনয়ন, মহাবাহু, বীর ও একারুতি সেই চুই সহোদর প্রাণশুশু হইয়া রথ হইতে পতিত হইলেন ॥১২॥

বন্ধুজনের প্রিয় তাঁহাদের দেহ ছুইটা দশ দিকে যশ প্রচার করিয়া ভূতলে পতিত হুইয়া ক্রমে নিম্পন্দ হুইয়া রহিল ॥১৩॥

নরনাথ! তখন আপনার পুত্রেরা অপলায়ী মাতুল চুই জনকে যুদ্ধে নিহত দেখিয়া অত্যস্ত অশ্রুণ মোচন কবিলেন॥১৪॥

⁽১০) । দর্মামূভির্যথা—বা ব। (১২) । রাজন্। সংপেডত্: —বা নি।

লগুড়ায়োগুড়াশানঃ শতদ্মশ্চ সশক্তয়ঃ।
গদাপরিঘনিদ্রিংশশূলমূল্গরপটিশাঃ ॥১৬॥
সকম্পনন্তি নথরা মুষলানি পরশ্বধাঃ।
স্কুরাঃ স্কুরপ্রনালীকা বৎসদন্তান্থিসন্ধয়ঃ ॥১৭॥
চক্রাণি বিশিখাঃ প্রাসা বিবিধান্থায়ুধানি চ।
প্রপেভুঃ শতশো দিগ্ভাঃ প্রদিগ্ভাশচার্জ্কনং প্রতি ॥১৮॥ (বিশেষকম্)
থরোন্তমহিষাঃ সিংহা ব্যাদ্রাঃ স্থমরচিত্রকাঃ।
থাকাঃ শালারকা গৃপ্তাঃ কপয়শ্চ সরীস্থপাঃ ॥১৯॥
বিবিধানি চ রক্ষাংসি স্কুধিতান্থর্জ্কনং প্রতি।
সংকুদ্ধান্থভ্যধাবন্ত বিবিধানি বয়াংসি চ॥২০॥ (য়ুঝাকম্)
ততো দিব্যান্তবিচ্ছুরঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
বিস্তজনিমুজালানি সহসা তান্থতাড়য়ৎ॥২১॥

নিহতাবিতি। রুফো রুফার্জ্নো। বিদধে আবিশ্চকার ॥১৫॥

লগুডেতি। অয়োগুডা লোহগুলিকাঃ, অশানঃ পাষাণাঃ, শঙদ্বীপ্রভৃতীনি তদানীস্তনাসম্রাণি। অস্থীনি দক্ষিব্ মুখসংযোগেষ্ যেষাং তে। বিশিখা বাণাঃ ॥১৬—১৮॥

খরেতি। খরা গর্দভা:। স্থারা গ্র্যাঃ, চিত্রকা মুগ্রিশেষাঃ। ঋকা ভল্লুকাঃ, শালা-বৃকাঃ শৃগালাঃ। সরীস্পাঃ সর্পাঃ। রক্ষাংসি রাক্ষসাঃ। ব্যাংসি পক্ষিণঃ ॥১৯—২০॥

তত ইতি। ইযুজালানি বাণসমূহান্। অভাডয়ৎ ভাডনেনাপাসারয়ৎ ॥২১॥

তাহার পব বহুবিধমাযাবিশাবদ শকুনি ভ্রাতৃদ্বযকে নিহত দেখিয়া কৃষ্ণ ও অর্জুনকে সম্মোহিত করিবাব জন্য মাযা আবিকার করিলেন ॥১৫॥ '

তখন লগুড়, লোহগুলি, প্রস্তর, শঙদ্মী, শক্তি, গদা, পরিষ, অসি, শূল, মূদ্গর, পটিশ, কম্পন, ঋষ্টি, নখব, মূঘল, পবশু, ক্ষুর, ক্ষুবপ্র, নালীক, বৎসদস্ত, অস্থিসন্ধি, চক্র, বাণ, প্রাস এবং অন্য নানাবিধ শত শত অন্ত দিক্ ও বিদিক্ হইতে অর্জ্জুনের উপরে পড়িতে লাগিল ॥১৬—১৮॥

এবং গৰ্দভ, উষ্ট্ৰ, মহিষ, সিংহ, ব্যাস্ত্ৰ, গবয়, চিত্ৰক, ভল্লুক, শৃগাল, গৃধ্ৰ, বানর, সর্প, নানাবিধ বাক্ষস ও বিবিধ পক্ষী ক্ষুধিত ও ক্ৰুদ্ধ হইয়া অৰ্জ্জনের দিকে ধাবিত হইল ॥১৯—২০॥

তাহার পব দিব্যান্তবিৎ ও বীব কুম্ভীনন্দন অর্জ্জুন বাণসমূহ নিক্ষেপ করিয়া সম্বর সেগুলিকে বিভাড়িত কবিলেন ॥২১॥

⁽১৬) - শভন্ম: শভশত্য: - শূলপট্নশমুদ্গরা:--পি। (২০) - সংফ্রান্তভাবর্তন্ত-পি।

তে হন্তমানাঃ শ্রেণ প্রবর্ত্তর সায়কৈদ্ ঢ়ৈঃ।
বিরুবন্তো মহারাবান্ বিনেশুঃ সর্বতো হতাঃ ॥২২॥
ততন্তমঃ প্রাত্তরভূদর্জ্জনন্ত রথং প্রতি।
তত্মাচ্চ তমসো বাচঃ ক্রেরাঃ পার্থমভং সয়ন্ ॥২৩॥
তত্তমো ভৈরবং ঘোরং ভয়কর্ত্ত্ মহাহবে।
উত্তমান্ত্রেণ মহতা জ্যোতিষেণার্জ্জনোহবধীৎ ॥২৪॥
হতে তত্মিন্ জলোঘান্ত প্রাত্তরাসন্ ভয়ানকাঃ।
ভাজসন্তত্ত নাশার্থমাদিত্যান্ত্রমথার্জ্জনঃ।
প্রাযুত্ত ভাজতততেন প্রায়শোহন্তেণ শোষিতম্ ॥২৫॥
এবং বহুবিধা মায়াঃ সৌবলত্য কৃতাঃ কৃতাঃ।
ভাষান তরসা রাজন। প্রহ্ময়র্জ্জ্নন্তদা ॥২৬॥

ত ইতি। শ্রেণ অর্জ্নেন। বিকবন্তঃ কুর্ববন্তঃ। হতান্তাভিতাঃ ।২২।
তত ইতি। তমঃ অন্ধকারঃ। ক্রুরা নির্চ্নাঃ ॥২০॥
তদিতি। ভৈরবং গাঢ়ম্, যোরং মহৎ। জ্যোতিবেণ তেজোমরেন ॥২৪॥
হত ইতি। অস্তনো জলস্তা। প্রাযুক্ত আবিত্বতবান্। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৫।
এবমিতি। সৌবলস্ত শকুনেঃ। তরসা বেগেন ॥২৪॥

মহাবীর অর্জ্জন উত্তম ও দৃঢ় বাণসমূহদারা আঘাত কবিতে লাগিলে, সেই প্রাণীগুলি সর্বব্যকাবে ভাড়িত হইয়া বিশাল রব করিতে থাকিয়া বিনষ্ট হইল॥২২॥

তদনস্তর অর্জ্জুনের রথের নিকটে অন্ধকার আবিভূতি হইল এবং সেই অন্ধকার হইতে নিষ্ঠুর বাক্য সকল অর্জ্জুনকে তিবস্কার করিতে লাগিল ॥২৩॥

তখন অর্চ্জুন তেলোময় উত্তম মহাদ্রদাবা মহাযুদ্ধমধ্যে সেই ভয়ন্ধব ও গাঢ় গুরুত্ব অন্ধকাব বিনষ্ট করিলেন ॥২৪॥

সেই অন্ধকার বিনয়্ট হইলে, ভয়ানক জলপ্রবাহ প্রাত্তপূত হইল। তৎপরে অর্জ্জুন সেই জলপ্রবাহ নয়্ট করিবার জন্ম আদিভ্যান্ত প্রয়োগ করিলেন; তখন সেই অন্ত সেই জলপ্রবাহকে প্রায় শোষণ করিল ॥২৫॥

রাজা! শকুনি এইভাবে যেমন যেমন বছবিধ মায়া প্রকাশ করিতে লাগিলেন, তেমন তেমনই অজুন হাস্ত করতঃ তাহা সত্তর সত্তব নই করিতে থাকিলেন ॥২৬॥

⁽२२)…विकव्ता महादावान्-शि। (२७) ..क्षानाञ्चवत्त्रनाच-वा व द्रा नि।

তদা হতাস্থ মাযাস্থ ত্রস্তোহর্জ্বনশরাহতঃ।
অপায়াজ্জবনৈরথৈঃ শকুনিঃ প্রাক্তবো যথা ॥২৭॥
ততোহর্জ্জনোহস্ত্রবিচ্ছেন্ত্র্যং দর্শয়মাল্মনোহরিয়ু!
অভ্যবর্ষচ্হরোঘেণ কৌরবাণামনীকিনীম্ ॥২৮॥
সা হত্যমানা পার্থেন তব পুত্রস্থ বাহিনী।
দ্বৈধীভূতা মহারাজ। গঙ্গেবাসাত্য পর্বতম্ ॥২৯॥
দ্রোণমেবাম্বপত্তন্ত কেচিত্ত্র নরর্ষভাঃ।
কেচিদ্তর্য্যোধনং রাজন্! অর্দ্যমানাঃ কিরীটিনা ॥৩০॥
নাপশ্যামস্ততন্ত্বনং সৈত্যে বৈ রজসা রতে।
গাণ্ডীবস্থ চ নির্ঘোষঃ শ্রুত্বো দক্ষিণতো ময়া ॥৩১॥
শল্পত্বন্দ্রভিনির্ঘোষং বাদিত্রাণাঞ্চ নিস্বনম্।
গাণ্ডীবস্থ তু নির্ঘোষো ব্যতিক্রম্যাম্পৃশদ্বিক্ম ॥৩২॥

ভদেতি। অপায়াৎ রণান্দনাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ধি:। প্রাক্ততো নীচলোক: ॥২৭॥ ভঙ ইতি। শৈল্পং শীল্পতাং ক্রতাস্থক্ষেপনৈপুণ্যমিত্যর্থ:। অনীকিনীং সেনাম্ ॥২৮॥ সেতি। হৈথীভূতা ভাগৰ্যেন বিভক্তা। আসাম্ব পথি প্রাপ্য ॥২৯॥ ক্রোণমিতি। অনপঞ্জ আশ্রয়ন্, তত্র ভাগৰ্যে ॥৩০॥ নেতি। এনমর্জ্নেম্। রজসা ধ্লিজালেন ॥৩১॥ শশ্রেতি। ব্যতিক্রম্য অভিভূর, দিবং গগনম্ ॥৩২॥

তখন সমস্ত মায়া বিনষ্ট হইলে, শকুনি অর্জ্জনেব বাণে আহত ও ভীত হইয়া নীচলোকেব স্থায় বেগবান্ অখের গুণে সম্বৰ অপস্ত হইলেন ॥২৭॥

তাহার পব অস্ত্রজ্ঞ অর্জ্জুন শক্রপক্ষকে নিজের লঘুহস্ততা দেখাইতে থাকিয়া কোরববাহিনীর উপরে বাণসমূহ বর্ষণ কবিতে লাগিলেন ॥২৮॥

মহারাজ! অর্জ্জুন বধ কবিতে লাগিলে, গঙ্গার প্রবাহ বেমন পথে পর্বত পাইয়া তুই ভাগে বিভক্ত হয়, সেইরূপ আপনার পুত্রের সৈন্যও তুইভাগে বিভক্ত হইয়া গেল ॥২৯॥

রাজা। তাহার একভাগের কতক যোদ্ধা যাইয়া দ্রোণকেই আগ্রয় করিল এবং অর্জ্জুনের পীড়নে অপর ভাগ যাইযা চুর্য্যোধনের শবণাপন্ন হইল॥৩০॥

তাহার পব ধূলিজাল উঠিয়। সৈম্মগণকে আর্ড কবিলে, আমরা কিন্তু অর্জ্জ্নকে দেখিতে পাইলাম না, অথচ দক্ষিণদিকে গাণ্ডীবের শব্দ শুনিতে লাগিলাম ॥৩১॥

⁽२१) অথাহডান্স-পি।

ততঃ পুনর্দক্ষিণতঃ সংগ্রামশ্চিত্রযোধিনাম্। স্থ্যুদ্ধকার্চ্ছনস্থাসীদহস্ত দ্রোণমন্বগাম্॥৩০॥ যৌধিষ্ঠিরাণ্যনীকানি প্রহুরন্তি ততস্ততঃ। নানাবিধান্যনীকানি পুত্রণাং তব ভারত!। অর্চ্ছনো ব্যধমৎ কালে দিবীবাল্রাণি মারুতঃ॥৩৪॥ তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শবৌঘিণম্। মহেম্বাসা নরব্যান্ত্রা নোগ্রং কেচিদবারয়ন্॥৩৫॥ তে হন্যমানাঃ পার্থেন স্বদীয়া ব্যথিতা ভূশম্। স্থানেব বহবো জন্মুর্বিদ্রবন্তস্ততস্ততঃ॥৩৬॥ তেহর্জ্জনেন শরা মুক্তাঃ কক্ষপত্রাস্তমুচ্ছিদঃ। শলভা ইব সংপেতুঃ সংরুণ্বানা দিশো দশ॥৩৭॥

তত ইতি। সংগ্রামঃ অর্জুনস্ত চ স্বযুদ্ধমাসীৎ। অন্তগাম্ অন্তগচ্ছম্ ।৩৩॥ যৌধীতি। অনীকানি কর্জ্বি। ব্যধমৎ ব্যনাশয়ৎ। অভ্রাণি মেঘান্। বট্পাদোংসং শোকঃ ॥৩৪॥

ভমিতি। ভূবিবর্ষং বাসবমিদ্রমিব শরোঘিণং ভমর্জ্জ্নমাযান্তমিতারয়: ॥৩৫॥

ভ ইভি। স্বান্ স্বপক্ষীয়ানেব। বিদ্রবস্তঃ পলায়মানাঃ ॥৩৬॥

ভ ইভি। কম্বপত্রাঃ কম্বপক্ষিপক্ষযুক্তাঃ, তমুচ্ছিদো লক্ষ্যদেহচ্ছেদিনঃ ॥৩ ॥

শঙ্খ ও তুন্দুভির ধ্বনি এবং সন্তান্ত বাত্যের শব্দ নীচে ফেলিয়া গাণ্ডীবের শব্দ যাইয়া আকাশস্পর্শ করিতে থাকিল ॥৩২॥

তাহার পর আবার দক্ষিণদিকে বিচিত্রযুদ্ধকারীদের যুদ্ধ এবং অর্জুনেব স্থাদর যুদ্ধ হইতে থাকিল; আমি কিন্তু জোণের পিছনে চলিযা গেলাম ॥৩৩॥

চন্দনাগুরুভির্দিখ্যালা লিপ্তগাত্রাঃ, প্রস্থিণঃ প্রস্পানাবস্তঃ। কার্ফিমভিমত্যুন্। পৌত্রং
ত্র্যোধনপুত্রস্থাৎ। ষ্ট্পাদোহয়ং শ্লোকঃ ॥৩০—৩৫॥
অক্তোক্তেতি। সর্বত্র আসমিতি শেষঃ ॥৩৬॥

এবং সূর্য্যের তুল্য তেজস্বী বাজকুমাবদিগকে যথাস্থানে সন্নিবেশিত করিলেন। তথন সমস্ত রাজপুত্রের একটী সমবায় হইন ॥৩২॥

তাঁহাবা সকলেই যুদ্ধের সমস্ত বিষয়ে শপথ কবিলেন; সকলেব ধ্বজই স্বর্ণখিচিত ছিল, সকলের পরিধানেই রক্ত বস্ত্র, সকলেরই রক্ত ভূষণ, সকলেরই রক্ত পতাকা, সকলের কণ্ঠেই স্বর্ণমালা, সকলেব অক্সই চন্দন ও অগুক্ষারা লিপ্তা, সকলের গলদেশেই পুস্পমালা এবং সকলের পরিধানেই সৃদ্দম বস্ত্র ছিল। তাঁহারা সন্মিলিত হইয়া আপনাব পোত্র প্রিয়দর্শন লক্ষ্মণকে অগ্রবর্ত্তী করিয়া যুদ্ধ করিবাব ইচ্ছায় সকল দিক্ হইতে অভিমন্তার প্রতি ধাবিত হইলেন। তৎকালে দৃঢ়ধনুদ্ধিব সেই রাজপুত্রেরা সংখ্যায় দশ সহস্রে হইয়াছিলেন ॥৩৩—৩৫॥

তাঁহাদের পরস্পর সমান তুঃখ, সমান সাহস ও সমান স্পর্দ্ধা ছিল এবং তাঁহাবা প্রস্পুর হিতে নিরত ছিলেন ॥৩৬॥

রাজত্রেষ্ঠ। সেই সৈন্মের মধ্যস্থানে রাজা ছর্য্যোধন অবস্থান করিতে

দেবর্রাজ্ঞাপমঃ শ্রীমান্ শ্বেতচ্ছত্রাভিসংবৃতঃ।
চামরব্যজনক্ষেপৈরুদয়ির ভাস্করঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
প্রমুখে তস্ত দৈন্যস্ত দোণোহবান্থিত নায়কঃ।
দিরুরাজস্তথাতিপ্ঠচ্ছীমান্ মেরুরিবাচলঃ ॥৩৯॥
দিরুরাজস্ত পার্ষন্থা অশ্বত্থামপুরোগমাঃ।
স্থতান্তব মহারাজ! ত্রিংশজ্রিদশসিমিভাঃ ॥৪০॥
গান্ধাররাজঃ কিতবঃ শল্যো ভূরিপ্রবান্তথা।
পার্ষতঃ দিরুরাজস্ত ব্যরাজন্ত মহারথাঃ ॥৪১॥
তিঃ প্রবৃত্তে যুদ্ধং ভূমুলং লোমহর্ষণম্ ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং জোণপর্ববি
শ্রভিমন্থাবধে সংক্ষেপতোহভিমন্থ্যবধর্ণনে এক্তিংশোহধ্যায়ঃ ॥০॥ #
দ্বর্যাধন ইত্তি। বৃত্তঃ পরিবেট্টিতঃ। চামরব্যজনক্ষেপ্রুক্তঃ ৩৭—৩৮॥
প্রেতি। প্রমুখে প্রেয়। নামকঃ দেনাপতিঃ। দিনুরাজো জ্বদ্ধথা ৩১৯॥

প্রেভি। প্রমূপে অগ্রে। নাযক: সেনাপতি:। সিন্ধুরাজো জযদ্রথ: ॥०৯॥
সিন্ধুরাজভোতি। ত্রিদশসমিভা দেবতুব্যপরাক্রমা: १৪০॥
গান্ধারেভি। কিভবো ধৃর্ত্ত:। পার্শ্ব গংগার্শে ॥৪১॥

তত ইতি। নিবর্ত্তনং যুদান্নিবৃত্তিজনকন্। মৃত্যোরভাবে যুদান্ন নিবৃত্তিরিত্যাশযঃ ॥৪২॥ ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসগিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-

বিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকৌমূদীনমাখ্যারাং জোণপর্বানি অভিমন্তাবধে একজিংশোহখ্যায়ঃ I•I

লাগিলেন; মহারথ কর্ণ, তুঃশাসন ও কুপ তাঁহাকে পবিবেষ্টন করিয়া বহিলেন; তাঁহার মস্তকের উপবে একটা শেভচ্ছত্র ধাবণ কবিল এবং তুই পার্শ্বে চামব-ব্যজন কবিতে লাগিল। তথন তিনি দেববাজেব ভাষে এবং উদযমান সূর্য্যের তুল্য শোভা পাইতে লাগিলেন ॥৩৭—৩৮॥

সেই সৈন্মের সম্মুখদেশে সেনাপতি দ্রোণ থাকিলেন এবং বীরশোভায শোভিত সিন্ধুরাজ জযদ্রথ স্থমেরূপর্বতেব গ্রায অচল হইষা রহিলেন ॥৩৯॥

মহারাজ। সিন্ধুরাজের পার্শে অশ্বথামা এবং দেবতাব তুল্য পরাক্রদশালী আপনার ত্রিশ জন পুত্র থাকিলেন ॥৪০॥

আর ধূর্ত্ত শকুনি, শল্য ও ভূরিশ্রবা এই মহাবথেবা জযদ্রথেব অপর পার্থে শোভা পাইতে লাগিলেন ॥৪১॥

⁽৩৯)···জোণাবস্থিতনাযক:—পি, জোণাহবস্থিত নাযক:—বা ব নি। * ' ত্রহ-স্থিপোহধ্যার:' ব, '···চতুস্থিংশোহধ্যায়:' বা রা নি।

দাত্রিংশোইধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

-8#8-

তদনীকমনাধ্যাং ভারদ্বাজেন রক্ষিতম্।
পার্থাঃ সমভ্যবর্ত্তন্ত ভীমদেনপুরোগমাঃ ॥১॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টপুর্যাশ্চ পার্যতঃ।
কৃত্তিভোজশ্চ বিক্রান্তো দ্রুপদশ্চ মহারথঃ ॥২॥
আর্জ্জনিঃ ক্ষত্রধর্মা চ রহৎক্ষত্রশ্চ বীর্য্যবান্।
চেদিপো ধৃষ্টকেভুশ্চ মাদ্রীপুর্ত্রো ঘটোৎকচঃ ॥৩॥
ধ্বামন্ত্যশ্চ বিক্রান্তঃ শিখন্তী চাপরাজিতঃ।
উত্তমোজাশ্চ মুর্জর্মে বিরাটশ্চ মহারথঃ ॥৪॥
দ্রোপদেয়াশ্চ সংরক্ষাঃ শৈশুপালিশ্চ বীর্য্যবান্।
কেকরাশ্চ মহাবীর্যাঃ স্বঞ্জয়াশ্চ সহন্রশঃ ॥৫॥
এতে চাল্যে চ সগণাঃ কৃতান্ত্রা যুদ্ধমূর্দারাঃ।
সমভ্যধাবন্ সহসা ভারদ্বাজং যুষুৎসবঃ ॥৬॥ (কুলকম্)

তদিতি। অনীকং কৌরবসৈশ্বস্, অনাধন্তম্ অনভিভবনীয়ম্। পার্থাঃ পাগুবাং ॥১॥
সাত্যকিরিতি। পার্বতঃ পৃষতপোত্তঃ। আর্জুনিরভিমহাঃ। চেদিপশ্চেদিরাজঃ।
দুর্দ্ধধো মহাবীরঃ। দ্রৌপদেযা দ্রৌপড়াঃ পুত্রাঃ, সংরব্ধাঃ সোৎসাহাঃ, শৈশুপালিঃ ধুষ্টকেতৃভিয়ঃ
শিশুপালপুত্রঃ। সগণাঃ পরিজনসহিতাঃ, কুতাস্তাঃ শিক্ষিভাস্তাঃ। যুষ্ৎসবো যোদ্,মিচ্ছবঃ ॥২-৬॥

তাহাব পর 'মৃত্যুই আমাদিগকে যুদ্ধ হইতে নির্ন্ত করিতে পারিবে' এই-কপ সঙ্কল্প কবিয়া আপনাব পক্ষ ও বিপক্ষ তুমুল ও লোমহর্ষণ যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৪২॥

সঞ্জয বলিলেন—"ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরা দ্রোণরক্ষিত হুর্দ্ধর্ব সেই কৌবব-সৈন্মের প্রতি ধাবিত হইলেন ॥১॥

আর সাত্যকি, চেকিতান, পৃযতনন্দন ধৃষ্টগ্রান্ন, বিক্রমশালী কুস্তিভোজ, মহারথ ত্রুপদ, অভিমন্মা, ক্ষত্রধর্মা, বলবান্ বৃহৎক্ষত্র, চেদিরাজ ধৃষ্টকৈছু, নকুল,

⁽৩) --- ক্ষত্রবর্মা চ--- পি।

সমীপে বর্ত্তমানাংস্তান্ ভারদ্বাজোহতিবীর্য্যবান্।
অসংজ্রান্তঃ শরোবেণ মহতা সমবারয়ৎ ॥৭॥
মহোঘঃ সলিলত্যেব গিরিমাসাত্য প্রভিদম্।
ক্রোণং তে নাভ্যবর্ত্তন্ত বেলামিব জলাশয়াঃ ॥৮॥
পীড্যমানাঃ শরৈ রাজন্। ক্রোণচাপবিনিঃস্থতৈঃ।
ন শেকুঃ প্রমুখে স্থান্তুং ভারদ্বাজন্ত পাগুবাঃ ॥৯॥
তদত্তমপশ্রাম ক্রোণস্তা ভুজযোবলম্।
যদেনং নাভ্যবর্ত্তন্ত পাঞ্চালাঃ স্প্রের্থিঃ সহ॥১০॥
তমারান্তমতিক্রুদ্ধং দ্রোণং দৃষ্টা যুধিষ্ঠিরঃ।
বহুধা চিন্তয়ামাস দ্রোণস্তা প্রতিবারণম্॥১১॥

সমীপ ইতি। অসংপ্রাস্তঃ প্রবলবিপক্ষদর্শনেংপি অবিচলিডচিত্তঃ ॥ ॥
মহৌষ ইতি। তৃষ্ণরা ভিদা বিদারণং যস্ত তম্। নাভ্যবর্ত্তন্ত নাতিক্রামন্, বেলাং
তীরম্ ॥৮॥

পীজ্যেতি। প্রমূপে সমূপে, ভারদান্তর দ্রোণত ॥১॥
ভদিতি। দ্রোণাভিমূপ্যেন ধদনবস্থানং ভদেবান্তুতমিতি ভাবঃ ॥১০॥
ভমিতি। কেনোপাথেন প্রতিবারণং ভবেদিতি বিষয়ং বহুবা চিস্তর্গামান ॥১১॥

সহদেব, ঘটোৎকচ, বিক্রমশালী যুধামন্ত্রা, অপরাজিত শিখণ্ডী, তুর্জর্ব উত্তমৌজা, মহারথ বিরাট, উৎসাহসম্পন্ন দ্রৌপদীব পুত্রগণ, বলবান্ শিশুপালপুত্র, মহাবীব কেবয়গণ এবং সহস্র সহস্র স্থপ্তয়, ইহাবা এবং অন্তও বহুতর যুদ্ধত্র্দ্ধর্য ও অন্ত্রে স্থশিক্ষিত বার অনুচবগণের সহিত মিলিত হুইয়া যুদ্ধ কবিবাব ইচ্ছা করিয়া সম্বর দ্রোণের দিকে ধাবিত হুইলেন ॥২—৬॥

তথন অত্যন্ত বলবান্ দ্রোণ অবিচলিত থাকিয়া বিশাল শরজালদ্বাবা নিকটবর্ত্তী সেই পাণ্ডবপক্ষীয় বীরগণকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

জলের মহাস্রোত যেমন তুর্ভেন্ত পর্ববেরে নিকটে যাইয়া তাহা ভেদ করিতে পারে না এবং নদীপ্রভৃতি যেমন তীব অতিক্রম করিতে সমর্থ হয না, সেইবপ পাণ্ডবেরা দ্রোণকে অতিক্রম করিতে পারিলেন না ॥৮॥

রাজা । দ্রোণের ধনু হইতে নির্গত বাণদমূহ পীড়ন করিতে লাগিলে, পাণ্ডবেরা দ্রোণের সম্মুখেই থাকিতে পারিলেন না ॥১॥

তখন আমরা দ্রোণের অদ্ভূত বাহুবল দেখিলাম ; যে হেতু সঞ্জ্যগণের সহিত পাঝালেরা দ্রোণের সম্মুখে থাকিতেই সমর্থ হইল না ॥১০॥

⁽১১) -- अञ्जूकम् -- वा व दा नि।

অশক্যন্ত তমন্তেন দ্রোণং মত্বা যুধিন্তিরঃ।
অবিষহং গুরুং ভারং সোভদ্রে সমবাস্তলং ॥১২॥
বাহ্নদেবাদনবরং ফাল্পনাচ্চামিতৌজসম।
অত্রবীৎ পরবীরত্মভিমক্যুমিদং বচঃ॥১৩॥
এত্য নো নার্জ্জনো গর্হেদ্যথা তাত। তথা কুরু।
চক্রব্যুহস্ত ন বয়ং বিদ্যো ভেদং কথঞ্চন ॥১৪॥
তং বার্জ্জনো বা কুফো বা ভিন্দ্যাৎ প্রদ্রান্ন এব বা।
চক্রব্যুহং মহাবাহো। পঞ্চমো নোপপত্যতে॥১৫॥
অভিমন্তো! বরং তাত। যাচতাং দাভুমর্হসি।
পিতৃণাং মাতুলানাঞ্চ সৈন্তানাক্ষৈব সর্ব্বশঃ॥১৬॥
ধনপ্রব্যো হি নস্তাত। গর্হয়েদেত্য সংযুগাৎ।
ক্ষিপ্রমন্ত্রং সমাদায় দ্রোণানীকং বিশাত্য ॥১৭॥

অশক্যমিতি। অশক্যং বাব্যিত্মিতি শেষ:। স্ম্বাস্কং স্মর্পন্নং ॥১২॥
বান্থিতি। অনবর্মন্যন্য, ফাল্কনাদর্জ্নাং। অব্রবীদ্যুধিন্তির এব ॥১৩॥
এত্যেতি। নঃ অন্যান্। বিদ্যো জানীমঃ ॥১৪॥
হমিতি। প্রহ্যের কৃষ্ণের পূর্র:। নোপপন্ততে অস্কান্ত সম্ভাত ॥১৫॥
অভীতি। যাচতাং যাচ্মানানান্। পিড্গামশ্যাক্স্, মাতুলানাং সাডাক্প্রভূতীনান্॥১৬॥

অত্যন্তক্রুদ্ধ দ্রোণকে আসিতে দেখিয়া যুধিষ্ঠির তাঁহার নিবারণের বিষয়ে বছপ্রকার চিন্তা করিলেন ॥১১॥

ক্রমে অন্য কেহই দ্রোণকে নিবারণ কবিতে সমর্থ হইবে না এইরূপ মনে করিয়া যুধিষ্ঠির অভিমন্মাব উপরে অসহ গুরুতব ভার অর্পণ করিলেন ॥১২॥

কৃষ্ণ ও অর্জ্জুন অপেক্ষা অন্যূন, অমিভতেজা ও বিপক্ষবীরহস্তা অভিমন্থাকে তিনি এই কথা বলিলেন—॥১৩॥

'বৎস! অর্জ্জুন আসিয়া যাহাতে আমাদের নিন্দা না কবেন, তুমি সেইরপ কার্য্য কব। আমরা কোন প্রকাবেই চক্রব্যুহের ভেদ জানি না ॥১৪॥

মহাবাহা। ভুমি, বা অর্জ্জুন, কিংবা কৃষ্ণ, অথবা প্রাত্মন, তোমবা এই চাবি জনই চক্রবাহ ভেদ করিতে পার; কিন্তু পঞ্চম কেহ পারে না ॥১৫॥

অত এব বৎস অভিমন্ম। তোমাব পিতৃগণ, মাতুলগণ ও সমস্ত সৈশ্য তোমার নিকট বর প্রার্থনা করিতেছেন, তুমি তাহা দান কর॥১৬॥

⁽১৩) শ্লোকাৎ পরম্ 'ঘ্ধিন্তির উবাচ' নি। (১৪)···পদ্মবৃহত্ত ন বয়ম্—নি, ··বিদ্ম ভেদম্—পি। (১৫) দ্বকাৰ্জ্নো বা—পি,···শ্লোণানীকং মহাবাহো!—নি।

অভিমন্ত্যুরুবাচ।

দোণস্থ দৃঢ়মন্ত্যুগ্রমনীকপ্রবরং যুধি।
পিতৃণাঃ জয়মাকাজ্মন্নবগাহেংবিলম্বিতম্ ॥১৮॥
উপদিফৌ হি মে পিত্রা যোগোংনীকবিশাতনে।
নোংসহে তু বিনির্গস্তমহং কস্থাঞ্চিদাপদি ॥১৯॥
যুধিষ্ঠিব উবাচ।

ভিন্ধ্যনীকং যুধাং শ্রেষ্ঠ ! দ্বারং সংজনয়স্থ নঃ।
বয়ং দ্বাহকুগমিয়ামো যেন দং তাত ! যাস্থাসি ॥২০॥
ধনঞ্জয়সমং যুদ্ধে দ্বাং বযং তাত ! সংযুগে।
প্রণিধায়াকুযাস্থামো রক্ষন্তঃ সর্বতোমুখাঃ ॥২১॥

ধনপ্তৰ ইতি। নঃ অস্মান্। দ্রোণানীকং চক্রব্যুহস্থন্, বিশাতর ভিন্ধি ॥১ গা দ্রোণস্তেতি। পিতৃণাং ভবতান্। অবসাহে প্রবিশামি, অবিলম্বিতং ক্রতমেব ॥১৮॥ ড্রাম্বণপত্তিমাহ উপেতি। পিত্রা অর্জ্জ্নেন, যোগ উপায়ঃ, অনীকবিশাতনে চক্রব্যুহস্থ-সৈক্তভেদনে। কিন্তু তত্র কস্তাঞ্চিদাপদি ভাবিস্থান্, বিনির্গল্ভং নোৎসহে ন শক্ষোমি, পিত্রা ভত্তপাযুসামুপদিষ্টবাদিত্যাশয়ঃ ॥১৯॥

ভিন্নীতি। যেন পথা হং ষাশ্রুসি, বয়মপি তেন পথৈব হা হামরুগমিয়াম: ।২ • । ধনপ্রেরেতি। যুদ্ধে ধনপ্রবসমং হাম্, সংযুগে প্রণিধায় অগ্রত: সংস্থাপ্য ॥২১॥

বৎস। অর্জ্জুন যুদ্ধ হইতে আসিয়া আমাদিগকে নিন্দা কবিবেন। অতএব তুমি সত্ব অস্ত্র ধাবণ করিয়া দ্রোণের চক্রব্যুহ ভেদ কব'॥১৭॥

অভিমন্ম বলিলেন—'আমি পিতৃগণেব জয়কামনা করিয়া সত্ববই যুদ্ধে দ্রোণেব অতিভীষণ ও দৃঢ প্রধানসৈশুমধ্যে প্রবেশ কবিতেছি ॥১৮॥

কিন্তু আমাব পিতা আমাব নিকট কেবল চক্রবাহভেদেব উপায বলিযা-ছিলেন। স্থতবাং সেখানে কোন বিপদ উপস্থিত হইলে আমি নির্গত হইতে সমর্থ ইইব না' ॥১৯॥

যুধিষ্ঠিব বলিলেন—'বৎস যোদ্ধ্শ্রেষ্ঠ। তুমি বৃাহ ভেদ কব এবং দার প্রস্তত করিয়া দাও; তা'ব পর তুমি যে পথে যাইবে, আমবা সেই পথে তোমাব পিছনে পিছনে যাইব॥২০॥

বৎস! তুমি যুদ্ধে অর্জ্জুনেব তুলা। তথাপি আমবা তোমাকে যুদ্ধে সম্মুখে রাথিয়া বক্ষা করিতে থাকিয়া সকল দিক্ দেখিতে দেখিতে তোমার অনুসরণ করিব'॥২১॥

লোণ (২১)-৩৭

ভীয উবাচ।

তাহং ত্বাহনুগমিয়ামি ধৃউত্যুক্ষোহথ সাত্যকিঃ। পাঞ্চালাঃ কেকয়া মৎস্থান্তথা সর্বে প্রভদ্রকাঃ॥২২॥ সকৃদ্ধিনং ত্বয়া ব্যুহং তত্র তত্র পুনঃ পুনঃ। বরং প্রধ্বংসয়িয়ামো নিম্নমানা বরান্ বরান্॥২৩॥ ত্তিমনুদ্ধবাচ।

অহমেতৎ প্রবেক্ষ্যামি দ্রোণানীকং ছুরাসদম্।
পতঙ্গ ইব স ক্রুদ্ধো জ্বলিতং জাতবেদসম্ ॥২৪॥
তৎ কর্মান্ত করিয়ামি হিতং যহংশরোর্দ্র হোঃ।
মাতুলস্ত চ যৎপ্রীতিং করিয়াতি পিতুশ্চ মে ॥২৫॥
শিশুনৈকেন সংগ্রামে কাল্যমানানি সংঘশঃ।
দ্রুম্যুন্তি সর্ব্বভূতানি দ্বিষ্ণুইস্তানি বৈ ময়া ॥২৬॥

অহমিতি। তা তান্। অনুগমিয়তি অনুগমিয়তি যথাসভবমন্বদঃ ।২২॥ সকুদিতি। ভিন্নং কৃত্যারমৃ, বৃহেং চক্রবৃহেম্। নিম্নানা ইত্যার্বং প্রয়োগঃ ॥২০॥ অহমিতি। জাতবেদসং বহ্নিমৃ। এতেনাত্মনো মৃত্যুরবগুভাবীতি হৃচিতম্ ॥২৪॥ ডদিতি। হয়োর্মাতাপিতৃসম্বিনোঃ। মাতৃদক্ত কৃষ্ণ্য, পিতৃরর্জ্নক ॥২৫॥

ভীম বলিলেন—'বংস! আমি ভোমার অন্তুসবণ কবিব এবং ধৃষ্টগ্রুত্ম ও সাত্যকি যাইবেন; আর পাঞ্চালগণ, কেকরগণ, মৎস্থগণ ও সমস্ত প্রভদ্রক যোদ্ধা ভোমাব পিছনে পিছনে গমন করিবেন ॥২২॥

ভূমি একবার চক্রবাহ ভেদ করিয়া দিলে, আমরা প্রধান প্রধান শক্ত সংহার করিতে থাকিয়া সেই সেই স্থানে বার বার ঐ ব্যুহ বিধ্বস্ত করিব'॥২৩॥

অভিমত্যু বলিলেন—'পতঙ্গ (ফড়িং) যেমন প্রজ্বলিত অগ্নিব মধ্যে প্রবেশ করে, আমিও সেইরূপ অত্যম্ভকুদ্ধ ছইয়া এই চুর্দ্ধর জোণসৈগুমধ্যে প্রবেশ করিব ॥২৪॥

যে কার্য্য মাতৃবংশ ও পিতৃবংশ দুই বংশেরই হিডজনক হইবে এবং যে কার্য্য আমার মাতৃল ক্ষয়ের ও পিতা ধনঞ্জযের প্রীতিসম্পাদন করিবে, আমি আজ সেই কার্য্য কবিব ॥২৫॥

⁽২২) ··· কেকরা মাৎস্তাঃ—নি। (২৫) ··· করিয়ামি পিতৃশ্চ মে—পি। (২৬) শ্লোকাৎ
পরমিদং শ্লোকন্মমধিকং বা ব রা নি। তদ্যথা—
নাহং পার্থেন জাতঃ স্তাং ন চ জাতঃ স্তজ্রা। যদি নে সংযুগে কশ্চিজীবিতেনাত মূচাতে।
যদি বৈকরথেনাহং সমগ্রং ক্তমগুলন্। ন করোম্যপ্রধা যুদ্ধে ন ভবাম্যর্জুনাত্মজঃ।

যুধিষ্ঠির উবাচ।

এবং তে ভাষমাণস্থ বলং দোভদ্র ! বর্দ্ধতাম । যৎ সমুৎসহসে ভেভুং দ্রোণানীকং তুরাসদম্ ॥২৭॥ রক্ষিতং পুরুষব্যাদ্রৈর্মহেম্বাসৈর্মহাবলৈঃ। সাধ্যক্রদ্রমক্রৎকল্পৈর্বস্বগ্ন্যাদিত্যবিক্রমেঃ॥২৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

তম্ম তদ্বচনং প্রুত্থা স যন্তারমচোদয়ৎ। স্থমিত্রাশ্বান্ রণে ক্ষিপ্রং দ্রোণানীকায় চোদয় ॥২৯॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্ত্যুবধে অভিমন্ত্যুপ্রতিজ্ঞায়াং দ্বাত্রিংশোহধ্যায়ঃ॥•॥*

-----;#;-----

শিশুনেতি। কাল্যমানানি হক্ত মানানি। সর্বভূতানি ওত্রত্যা: সর্ব্বে লোকা: ॥२७॥
এবমিতি। সম্ৎসহসে সম্যঞ্জনাহং প্রকাশয়সি, ক্রোণক্ত অনীকং চক্রবৃহস্থ সৈক্তম্।
মহেছাসৈর্যহাধমুর্দ্ধরৈ: কর্ণাদিভি:। মক্ত প্রন: ॥২৭—২৮॥

তত্তেতি। তত্ত যুখিষ্টিরতা। সং অভিমহাং, যস্তারং সার্থিম্, অচোদয়ৎ প্রৈরন্থ। তে স্মাত্ত । তদাখা । সার্থে ।। চোদ্য প্রেরয় ॥২৯॥

ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্য-বিরচিতারাং মহাভাবতটীকারাং ভারতকৌমুদীসমাধ্যায়াং দ্রোণপর্বাদি অভিমন্ত্যবধে দ্বাজিংশোহধ্যারঃ ॥০॥

আমি—বালক এবং একাকী হইথাও যুদ্ধে দলে দলে শক্রাসৈশ্য সংহার কবিব; ভাহা তত্রত্য লোকেরা দেখিতে পাইবে ॥২৬॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস স্বভ্যানন্দন। সাধ্য, রুদ্র ও বাযুব সমান এবং বস্তু, অগ্নি ও সূর্য্যের তুলা বিক্রমশালী, আর মহাবল ও মহাধনুর্দ্ধর পুক্ষভোষ্ঠ-গণ যাহা বক্ষা কবিতেছেন, সেই হর্দ্ধর দ্রোণসৈশ্য ভেদ কবিবাব জন্য তুমি যখন উৎসাহ প্রকাশ করিতেছ এবং এইরূপ বলিতেছ, তখন তোমার শক্তি বৃদ্ধি লাভ করুক'॥২৭—২৮॥

সঞ্জয বলিলেন—"রুধিন্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু সার্থিকে আদেশ করিলেন—'স্থমিত্র। তুমি সমবাঙ্গনে জোণসৈন্মের দিকে সহর অখুগণকে সঞ্চালন কব' ॥২৯॥

^{* &#}x27;.. ठळूबिः(नारुशाग्रः' न, '... शककिः(नीरुशोग्रः' ना जा नि ।

ত্রয়ন্ত্রিংশোঽধ্যায়ঃ।

_____°%°____

সঞ্জয় উবাচ।

সোভদ্রন্ত বি প্রার্থ বর্ষরাজস্থ ধীমতঃ।
আচাদয়ত যন্তারং দ্রোণানীকায় ভারত।॥
আতন সঞ্চোত্রমানস্ত যাহি যাহীতি সার্বিঃ।
প্রভাবাচ ততো রাজয়ভিমন্যুমিদং বচঃ॥
মাতিভারোহয়মায়ুয়য়াহিতস্ত্রয় পাণ্ডবৈঃ।
সম্প্রধার্য ক্রমং বুদ্ধা ততন্ত্বং যোদ্ধুমর্হসি॥।
আচার্য্যো হি কৃতী দ্রোণঃ পরমান্তে কৃতপ্রমঃ।
আত্যন্তস্থপসংব্রদ্ধস্থকাযুদ্ধবিশারদঃ॥
৪॥
ততোহভিমন্যঃ প্রহসন্ সার্বিং বাক্যমত্রবীৎ।
সারবে! কো ন্বয়ং দ্রোণঃ সমগ্রং ক্ষত্রমেব বা॥
৫॥

উত্তমপার্থং হুভোক্তিপ্রসক্তমে পুনরাহ সোভদ্র ইতি। ধীমতো যোগ্যন্তননিয়োগাৎ ।>। তেনেতি। সঞ্চোজ্যান: প্রেল্লমাণ: ॥২। অতীতি। আহিতঃ হাপিতঃ। সম্প্রধার্গ্য নিশ্চিতা, ক্ষমনুচিত্র্য ।০। আচার্য্য ইতি। অযুদ্ধবিশারদঃ, বালহেন তাদৃশপ্রমাসহিফ্সাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"ভবতনন্দন! বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্থ তাঁহাব সাব্যথিকে দ্রোণসৈত্যেব দিকে প্রেবণ কবিলেন ॥১॥

রাজা। 'যাও যাও' বলিয়া অভিমন্ম আদেশ কবিতে লাগিলে, সাবিথ অভিমন্মকে এই কথা বলিল—॥২॥

'আযুদ্মন্! পাশুবেরা আপনাব উপরে এটা গুরুতব ভার ক্যস্ত কবিয়াছেন। তথাপি আপনি আপন বুদ্ধিতে উচিত বিষয় স্থিব কবিয়া যুদ্ধ কবিতে পাবেন॥৩॥

কাবণ, দ্রোণাচার্য্য যুদ্ধে স্থনিপুণ, বিশেষতঃ তিনি উত্তম উত্তম অন্ত্রশিক্ষায পরিশ্রম কবিয়াছেন ; আব আপনি অত্যন্তস্থথে বৃদ্ধি লাভ কবিয়াছেন, তা'ব পব আবার বালক বলিয়া যুদ্ধেও সেরূপ নিপুণ নহেন'॥৪॥

⁽১) সৌভদ্রস্ত বৃচঃ প্রাক্তা বি। (৩) শেসপ্রাধার্য ক্ষণং বুজা—নি। (৪) শেষ্ট্র্য বুজবিশারদঃ—পি ব, শেষ্ট্র্য বালঃ স বলবান্ সংগ্রামাণামকোবিদঃ—নি।

প্রবিতগতং শক্রং সহামরগণৈরহম্।
যোধয়েয়ং রণমুখে ন মে ক্তেহে বিস্ময়ঃ ॥৬॥
ন মমৈতদ্বিষৎসৈতাং কলামইতি ষোড়শীম্।
অপি বিশ্বজিতং বিষ্ণুং মাতুলং প্রাপ্য সূতজ!।
পিতরঞ্চার্জ্জনং যুদ্ধে ন ভীর্মামুপযাস্থতি ॥৭॥
ততোহভিমনুসন্তাং বাচং কদর্থীকৃত্য সারথেঃ।
যাহীত্যেবাত্রবীদেনং দ্রোণানীকায় মা চিরম্ ॥৮॥
ততঃ সঞ্চোদয়ামাস হয়ানাশু ত্রিহায়নান্।
নাতিহুইমনাঃ সূতো হেমভাগুপরিচ্ছদান্॥৯॥
তে প্রেষিতাঃ স্থমিত্রেণ দ্রোণানীকায় বাজিনঃ।
দ্রোণমভ্যদ্রবন্ রাজন্! মহাবেগপরাক্রমাঃ ॥১০॥

তত ইতি। ক্ষত্রং ক্ষত্রির্নদ্। মংসমক্ষে কোহিপি কিমপি চ নেত্যর্থ: ॥৫॥
এরেতি। যোধ্যেবং যোজ্বং শকুরাম্। ক্ষ্যবিপরীতো বিক্সযো বিষাদ: ॥৬॥
নেতি। বোডশীং কলাং ষোডশভাগৈকভাগম্। বিষ্ণুং ক্ষুক্ষ্। ষ্টুপাদোহ্যং শ্লোক: ॥৭॥
তত ইতি। কদর্থীকৃত্য বুৎসিতার্থীকৃত্য অবজ্ঞায়েত্যর্থ:। মা চিবং ন বিলম্বস্থ ॥৮॥
তত ইতি। ততো নাতিহাইমনা: স্তঃ সার্থি, ত্রিহামনান্ ত্রিবর্ষব্যস্কান্ তত এব
যুন ইত্যর্থ:, হেমভাগুপরিচ্ছদান্ ক্র্ণালস্কারাবৃতান্ হয়ান্, আশু সঞ্চোদ্যামাদ ॥৯॥
ত ইতি। ক্মত্রেণ তদাধ্যেন সার্থিনা। মহাস্কৌ বেগপরাক্রমৌ যেষাং তে ॥১০॥

তাহার পর অভিমন্ম হাস্ত কবিষা সার্থিকে এই কথা বলিলেন—'সাব্থি। আমাব সমক্ষে এ দ্রোণ কে ? সমস্ত ক্ষত্রিয়মগুলই বা কে ?॥৫॥

আমি দেবগণের সহিত সন্মিলিত ঐবাবতগজাকঢ় ইন্দ্রেব সহিতও যুদ্ধ কবিতে পাবি। স্থতবাং ক্ষত্রিযগণের বিষয়ে আমাব কোন বিষাদ নাই ॥৬॥

অতএব এই শক্রসৈশ্য আমাব ষোড়শভাগেব একভাগেরও তুলা নহে। তা'ব পর, সাব্যিনন্দন। বিশ্ববিজ্ঞয়ী মাতুল কৃষ্ণকে কিংবা পিতা অর্জ্জুনকে যুদ্ধে বিপক্ষ-রূপে দেখিতে পাইলেও ত' আমাব ভয হয় না'॥-॥

তাহাব পর অভিমন্যু সারথিব সেই কথা অগ্রাহ্ম করিয়া তাহাকে বলিলেন— 'জোণসৈন্মের দিকে যাও, বিলম্ব কবিও না' ॥৮॥

তদনন্তব সার্থি অনভিজ্ঞচিত্তে স্বর্ণালঙ্কারে অলঙ্কত এবং ত্রিবর্ধবযক্ষ অশ্বগণকে জ্রুত সঞ্চালন কবিল ॥৯॥

⁽৮) অভিযন্তান্চ তাং বাচম্—বা নি। (১) ততঃ সংনোদয়ামাস—বা নি। (১০)···
মহাবেগা মহাবলাঃ—নি, মহাবেগপন্নাক্রমম্—বা।

তমুদীক্ষ্য তথারান্তং দর্বেব দ্রোণপুরোগমাঃ।

অভ্যবর্ত্তর কোরব্যাঃ পাগুবাক্চ তমন্বয়ুঃ॥১১॥

স কর্ণিকারপ্রবাচ্ছি তথাজঃ স্থবর্ণবর্ণ্যার্চ্জুনাবরঃ।

য়ুমুৎসয়া দ্রোণমুখান্ মহারথান্ সমাসদৎ সিংহশিশুর্যথা দ্বিপান্॥১২॥

তে বিংশতিপদে যত্তাঃ সম্প্রহারং প্রচক্রিরে।

আসীদ্গাঙ্গ ইবাবর্ত্তো মুহুর্তুমুদ্ধাবিব॥১৩॥

শ্রাণাং য়ুধ্যমানানাং নিম্নতামিতরেতরম্।

সংগ্রামস্তমুলো রাজন্। প্রাবর্ত্ত স্থদারূণঃ॥১৪॥

তমিতি। উদীক্ষ্য দৃষ্ট্ৰা। অন্বযুং পশ্চাদগচ্ছন্ ॥১১॥

স ইতি। কর্ণিকবিপ্রবরঃ তদাখ্যবৃক্ষপ্রেষ্ঠ এব উদ্ভিত উত্তোলিতো ধ্বজো যশু সঃ, স্থবর্ণবর্মা স্বর্ণনিশ্বিতকবচঃ, আর্জুনিরভিমন্তাঃ, অর্জুনাদ্বর ঈষম্যুনঃ ॥১২॥

ত ইতি। অভিমক্তো বিংশতিপদে গত এবেতার্থ:, তে কোরবা:, যতা জ্যায় যত্বকঃ
সন্তঃ, তত্মিন্ সম্প্রহারং প্রচক্রিরে। তদা চ গদায়া অ্যমিতি গাদঃ, আবর্জো জ্লভ্রমিরিব,
উদধো আবর্জ ইব চ তেয়ামূভয়েষাং মুহুর্জমাবর্জো ভ্রমণমাসীৎ ॥১৫॥

বাজা! সারথি স্থমিত্র অশগুলিকে দ্রোণসৈত্যেব দিকে চালাইযা দিলে, মহাবেগশালী ও অত্যন্তপরাক্রমযুক্ত অশ্বগণ দ্রোণের দিকে ধাবিত হইল॥১০॥

তথন অভিমন্মকে সেইভাবে আসিতে দেখিয়া দ্রোণপ্রভৃতি কৌববেবা সকলে তাঁহাব অভিমূখবর্ত্তী হইয়া বহিলেন; আর পাণ্ডবেরা তাঁহাব পিছনে যাইডে লাসিলেন ॥১১॥

তৎকালে অভিমন্তাব বথে উত্তম কর্ণিকাবরক্ষেব একটা ধবজ উত্তোলিত ছিল এবং তাঁহাব গাত্রে একটা স্বর্ণময় বর্ণ্ম নিবদ্ধ বহিয়াছিল; এই অবস্থায় অর্জ্জুনের তুলা যোদ্ধা অর্জ্জুননন্দন অভিমন্তা—সিংহশিশু যেমন হস্তিগণের প্রতি ধাবিত হয়, সেইকপ যুদ্ধ কবিবাব ইচ্ছায় জোণপ্রভৃতি মহাবখগণেব প্রতি ধাবিত হইলেন ॥১২॥

অভিমন্ম বিংশতি পদ অগ্রসর হইবামাত্রই কোরবগণ যত্নবানূ হইবা প্রহাব আরম্ভ করিয়া দিলেন। তখন গঙ্গাব ও সমুদ্রেব আবর্ত্তের (ঘোলাব) স্থায উভয় সৈম্যেব সংঘর্ষ উপস্থিত হইল॥১৩॥

বাজা। ক্রমে বীবগণ যুদ্ধে প্রবৃত্ত হইযা পবস্পর সংহার কবিতে থাকিলে, তুমুল ও অভিভীষণ যুদ্ধ চলিতে লাগিল ॥১৪॥

⁽১२)… वर्ष्क्ताषतः—नि।

প্রবর্তনানে সংগ্রামে তিম্মিতিভয়ঙ্করে।
কোণস্থ মিষতো বৃহং ভিত্বা প্রাবিশদার্জ্জনিঃ ॥১৫॥
তং প্রবিষ্টং বিনিম্নন্তং শক্রসংঘান্ মহাবলম্।
হস্ত্যশ্বরথপত্যোঘাঃ পরিবক্রক্রদাযুধাঃ ॥১৬॥
নানাবাদিত্রনিনদৈঃ ক্ষে ডিতোহকুইগর্জিতঃ।
হঙ্কারৈঃ সিংহনাদৈশ্চ ভিষ্ঠ তিষ্ঠেতি নিস্বনৈঃ ॥১৭॥
ঘোরের্হলহলাশব্দের্মা গাস্তিষ্ঠেহি মামিতি।
অসাবহমমুত্রেতি প্রবদস্তো মুহ্মুহঃ ॥১৮॥
বৃংহিতঃ শিঞ্জিতৈহাদেঃ ক্ষুরনেমিস্বনৈরপি।
সন্মাদয়ন্তো বস্থধামভিত্তক্রুরার্জ্জনিম্ ॥১৯॥ (বিশেষকম্)

শ্রাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥ প্রেতি। মিষতঃ পশ্যতঃ পশ্যতঃ জোণমনাদৃত্যেত্যর্থঃ। অনাদরে বন্ধী ॥১৫॥ তমিতি। পরিবক্রঃ পরিবেষ্টিতবন্ধঃ ॥১৬॥

নানেতি। ক্ষেত্তিম্ অম্পষ্টমুখধনিং, আকুষ্টম্ আহ্বানশবং, গর্জিতং ম্পষ্টং গর্জনঞ্চ তৈ:। মা গা ন গচ্ছ, এহি আগচ্ছ। অমৃত্র অস্মিন্ স্থানে তিষ্ঠামীতি শেষং। বংহিতৈ- গ্রন্থাজিতৈং, নিঞ্জিতৈরস্থাণামব্যক্তশব্ধেং, ক্ষাণামধপদন্থিতানাং নেমীনাং চক্রপ্রান্তানাঞ্চ স্থানাঃ শিষ্টো। অভিত্তক্র অভিদ্বারুং, আর্জ্নিমভিমন্ত্রাম্ ॥১৭—১৯॥

অভিভীষণ সেই যুদ্ধ চলিতে লাগিলে, অভিমন্যু দ্রোণের সমক্ষেই ব্যুহ ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ কবিলেন ॥১৫॥

মহাবল অভিমন্যু প্রবেশ কবিয়াই শত্রুসমূহ সংহাব কবিতে লাগিলে, গজাবোহী, অশ্বাবোহী, বথী ও পদাভিবা অস্ত্র উত্তোলন কবিয়া ভাঁহাকে পরিবেইটন করিল ॥১৬॥

আর নানাবিধ বাগুধবনি, অস্পষ্ট কণ্ঠস্বর, গর্জন, হুলার ও সিংহনাদ এবং 'থাক থাক' ইত্যাকাব শব্দ, ভয়ন্কব হলহলাশব্দ, 'ঘাইও না' 'দাঁড়াও' 'আমাব দিকে আইস' এবং 'এই আমি এইখানে রহিয়াছি' ইত্যাকার বাক্য মুক্ত্মুক্তঃ বলিতে থাকিয়া, বিশেষতঃ হস্তীর বংহতিধবনি, অন্তেব অব্যক্ত শব্দ, হাস্থবব, অশ্বন্ধুবের শব্দ-ও চক্রপ্রান্তের শব্দে সমবভূমি নিনাদিত কবিয়া বীবগণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১৭—১১॥

⁽১৫) · ভিত্তা ব্যচরদার্জ্নি: — নি। (১৬) · · শক্রমধ্যে মহাব্লম্ — পি ব। (১৮) · · · অসাবহ্মমিত্রেভি — বা নি। (১৯) · · · করনেমিস্থনৈরপি — নি · · ।

তেষামাপততাং বীরঃ শীঘ্রযোধী মহাবলঃ।

ক্ষিপ্রাস্ত্রো অবধীদ্রাতান্! মর্মজ্যে মর্মভেদিভিঃ ॥২০॥
তে হত্যমানা বিবশা নানালিক্ষৈঃ শিতৈঃ শরৈঃ।
অভিপেত্ঃ স্থবহুশঃ শলভা ইব পাবকম্ ॥২১॥
ততন্তেষাং শরীরৈশ্চ শরীরাবয়বৈশ্চ সঃ।
আতস্তার ক্ষিতিং কিপ্রং কুশের্বেদীমিবাধ্বরে ॥২২॥
বদ্ধগোধাঙ্গুলিত্রাণান্ সশরাসনসায়কান্।
সাসিচর্মাঙ্কুশাভীয়ন্ সতোমরপরশ্বধান্ ॥২০॥
সগদায়োগুড়প্রাসান্ সন্থি তোমরপটিশান্।
সভিন্দিপালপরিঘান্ সশক্তিবরকম্পনান্ ॥২৪॥
সপ্রতোদমহাশন্থান্ সক্তান্ সকচগ্রহান্।
সামুদ্গরক্ষেপণীয়ান্ সপাশপরিঘোপলান্ ॥২৫॥
সকেযুরাঙ্গদান্ বাহুন্ হত্যগদ্ধাত্বলেপনান্।
সংচিচেছদার্জ্জনির তাংস্তুদীয়ানাং সহস্রশঃ ॥২৬॥ (কলাপকম্)

তেষামিতি। বীরোহভিমন্তঃ। বা চান্ সমূহান্, মর্মভেদিভিঃ শরৈঃ ॥२ ॰॥
ত ইতি। নানা বছবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ। অভিপেতৃকপাজগা; ॥২১॥
তত ইতি। আতন্তার আচ্ছাদয়ামান। বেদীং পরিত্বতাং ভূমিন্ ॥২২॥
বদ্ধেতি। বদ্ধানি গ্রতানি গোধা হন্তাবাপা অনুনিত্রাণানি চ যেষু তান্। শরাসনৈর্ধ ছভিঃ
সায়কৈর্বাণেশ্চ সহেতি তান্। এবমক্সত্র। অভীষবঃ প্রগ্রহা অধ্যুধরজ্জবঃ, "অভীয়ঃ প্রগ্রহে

তাঁহাবা আসিতে লাগিলে, বাব, শীঘ্রষোধী, মহাবল, ক্রুভান্তক্ষেপী ও মর্দ্মজ্ঞ অভিমন্যু মর্দ্মভেদী বাণদ্বাবা ভাঁহাদিগকে বধ কবিতে লাগিলেন ॥২০॥

অভিমন্যু নানাবিধচিহ্নযুক্ত ও স্থাব বাণসমূহদাবা বধ কবিতে লাগিলেও, পরাধীন সেই বহুতব বীব—পভঙ্গ যেমন অগ্নিব দিকে ধাবিত ্হয়, সেইবপ অভিমন্যুব দিকে ধাবিত হইতে লাগিলেন ॥২১॥

তাহাব পর যাজ্ঞিকেবা বেমন কুশদাবা যজ্ঞেব বেদি আর্ত করেন, সেইরূপ অভিমন্যু তাঁহাদের শবীর ও শবীরেব অঙ্গ-প্রতাঙ্গদাবা সত্তর সমবভূমি আর্ত কবিয়া ফেলিলেন ॥২২॥

মহারাজ! ক্রেমে হস্তাবাপ (চর্ম্মনির্দ্মিত হস্তাবরণ), অঙ্গুলিত্র (অঙ্গুলিবক্ষক চর্ম্মাবরণ), ধনু, বাণ, তরবাবি, চর্ম্ম (ঢাল), অঙ্গুশ, অশ্বসুখরজ্জু, তোমব, পরশু,

(२॰)···নীদ্রপূর্ব্বমথো দৃঢ়ন্—পি ব,···স্তবধীদ্রাজন্।—নি। (२२)·· সংভস্তার—নি।
(২৩)···সাসিচর্মাঙ্কুশনি সেমূন্—পি।

তিঃ ক্ষুরন্তির্মহারাজ! শুশুভে ভূঃ স্থলোহিতৈঃ।
পঞ্চাক্তৈঃ পন্ধগিশ্ছিনৈর্গরুড়েনের মারিষ! ॥২৭॥
স্থলাসাননকেশান্তৈবত্রণৈশ্চারুকুগুলৈঃ।
সন্দক্ষেপ্তিপুটেঃ ক্রোধাৎ ক্ষরন্তিঃ শোণিতং বহু ॥২৮॥
চারুক্রপ্ত মুকুটোফ্টাবৈর্মণিরত্ববিভূষিতৈঃ।
বিনালনলিনাকারের্দিবাকরশশিপ্রতিঃ ॥২৯॥
হিতপ্রিয়ংবদৈঃ কালে বহুভিঃ পুণ্যগন্ধিভিঃ।
দ্বিষচ্ছিরোভিঃ পৃথিবীমবতস্তার কাল্কনিঃ ॥৩০॥ (বিশেষকম্)

রশো" ইত্যমর:। ভোমরাদীনি তদানীন্তনাম্বস্তাণি। ক্ষুবিশালভেদেন তোমবভেদা-দপৌনক্ষক্তাম্। অয়োগুডানি লোহগুলিকা:। প্রতোদা অখাদিতাডনদণ্ডা:। কচগ্রহোহণাস্ত্র-বিশেষ:। বুত্তান্ গোলাকারান্ ॥২৩—২৬॥

ভৈরিতি। পঞ্চ আত্যানি মুধানি যেষাং ভৈ:। এতেন পঞ্চাঙ্গুলিযুক্তা বাছব ইতি স্কাতে ॥২ ৭॥

খিতি। শোভনা নাসা আননানি কেশাস্তাশ্চ যেষাং তৈ:, অব্রণেরক্ষতৈ:। সন্দুর্চানি দক্তি: রভদংশানি ওর্চপুটানি যেষাং তৈ:। চারবং স্থন্দরা: প্রজা মালা মুকুটানি উফীষাশ্চ যেষু তৈ:। বিনালানি দগুণুজানি যানি নলিনানি পদ্মানি ভদাকারে:। কালে যথাসময়ং ছিতং প্রিয়ঞ্চ বদন্তীতি তৈ:। পৃথিবীং যুদ্ধভূমিন, অবভন্তার আচ্ছাদরামাস কান্ধনি-রভিমন্থা:॥২৮—৩০॥

গদা, লোহগুলিকা, ঋষ্টি, তোমর, পট্টিশ, ভিন্দিপাল, পবিষ, শক্তি, কম্পন, চাবুক, মহাশদ্ধ, কুন্ত, কচগ্রহ, মুদ্গব, ক্ষেপণীয়, পাশ, পবিষভুল্য প্রস্তব, কেযূব ও অঙ্গদযুক্ত, মনোহবচন্দনলিপ্ত এবং গোলাকার আপনার পক্ষীয় যোদ্ধাদেব সহস্র সহস্র বাস্ত অভিমন্যু ছেদন কবিতে লাগিলেন ॥২৩—২৬॥

মাননীয মহারাজ ৷ গরুড় চঞ্ছারা মধ্যে ছিন্ন কবিলে, পঞ্চমুখ সর্পের ভাষ স্পান্দমান, পঞ্চাঙ্গুলীযুক্ত ও বক্তে রক্তবর্ণ সেই সকল বাছদ্বাবা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২৭॥

অভিমন্য শত্রগণের বছতর মস্তব্ধারাও সমবভূমি আর্ত করিয়া ফেলি-লেন। সে মস্তব্জলির নাসিকা, মুখ ও কেশপ্রান্ত স্থলর ছিল, সেগুলিতে কোন ক্ষতিক ছিল না, স্থলর কুণ্ডল ছিল, ক্রোধে দস্তধারা ওঠপুট দংশন করিতেছিল, সেগুলি হইতে প্রচুর বক্ত নির্গত হইতেছিল, মনোহর মালা, মুকুট, উষ্ণীয়, মণি ও বত্বধারা সেগুলি শোভিত ছিল, নালশৃত্য পদ্ম, চক্র ও সূর্য্যের

⁽२৯) · সচারুসূক্টোফীবৈ:—বা নি। (৩•)···স বৈ ভন্তার ফাল্পনি:—বা ব রা নি। লোণ (২১)-০০

গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্লিতান্ রথান্। বীবামুখান্ বিত্রিবেণৃন্ অস্তদণ্ডকবন্ধুরান্ ॥৩১॥ বিজ্ঞাক্বরাংস্তত্র বিনেমীংশ্চ ব্যরানপি। বিচক্রোপস্করোপস্থান্ ভয়োপকরণানপি॥৩২॥ প্রপাতিতোপস্তরণান্ হতযোধান্ সহস্রশঃ। শবৈর্বিশকলীকুর্বন্ দিক্ষু সর্বাস্থদৃশ্যত॥৩৩॥ (বিশেষকম্) পুনর্দ্বিপান্ বরারোহান্ বৈজ্যস্ত্রম্পধ্যজান্। ভূণান্ বর্মাণ্যথো কক্ষ্যা ত্রৈবেয়াংশ্চ সকন্ধলান্॥৩৪॥ ঘণ্টাঃ শুণু। বিষাণাগ্রান্ ক্ষুরমাল্যপদানুগান্। শবৈর্নিশিতধারাত্রঃ শাত্রবাণামশাতয়ৎ॥৩৫॥ (যুগ্মকম্)

গন্ধবিতি। করিতান্ সজ্জিতান্। ছেদনেন বিগতানি ঈষাম্থানি উর্দারপরিতাগা যেবাং তান্, বিগতান্ত্রযো বেণবো বংশবৎ সরলকাঠানি যেবাং তান্, হস্তান্তিত্ব। পাতিতা দণ্ডাঃ স্বস্তা যেবাং তে অতএব বন্ধরা উন্নতাবনতান্তান্। বিগতা জ্জ্মাক্বরাঃ তির্যাগ্ দারুবিশেষা যেবাং তান্, বিগতা নেময়শ্চক্রপ্রান্তা যেবাং তান্। বিগতা অরাঃ চক্রান্তর্গতির্যাগ্ দারুবি যেবাং তান্। বিগতাঃ চক্রাণি উপস্করাঃ সংযোজনকাঠানি উপস্থা নিম্নকাঠানি চ যেবাং তান্, ভ্য়ানি উপকরণানি ধহস্ত্র্থাদিধারকাণি শিক্যাদীনি যেবাং তান্। প্রণাতিতানি উপস্করণানি আত্তরণবন্ধাণি যেভান্তান্। বিশকলীক্র্বন্, খণ্ডথন্তীক্র্বন্, অদৃশ্যত কান্ধনি-রিত্যস্বন্তিঃ ॥০১—০০্যা

পুনরিতি। দিপান্ গজান্, বরা উত্তমা আরোহা আরোহিণো যেষাং তান্, বৈজ্যস্ত্য-তেষাং দিপানামের পতাকাশ্চ অফুশাশ্চ ধ্বজাশ্চ তান্। কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জুঃ, গ্রৈবেয়ান্ গ্রীবালফারান্। বিবাণাগ্রান্ দন্তাগ্রদেশান্, ক্রাশ্চ মাল্যানি চ পদাহ্যা অহ্চরাশ্চ তান্। অশাতয়ৎ অভিমহারচ্ছিনৎ ৪০৪—০০৪

খ্যায় বিরাজিভ ছিল, সেগুলি যথাসময়ে হিভ ও প্রিয় বাক্য বলিভ এবং সেগুলি হইতে পবিত্র সৌবভ বাহির হইতেছিল ॥২৮—৩০॥

আর অভিমন্য বাণদ্বারা গন্ধর্বনগবস্থুলা ও বথাবিধানে স্থুসজ্জিত বহুতর বথকে খণ্ড খণ্ড কবিতে থাকিয়া সকল দিকে দৃষ্টিগোচর হুইতে লাগিলেন। সেরথগুলির ঈষামুখ (খাড়াকাঠের উপর), ত্রিবেণু (তেরচা ভিনখানা কঠি), ও স্তম্ভ না থাকায় সে রথগুলি উচুনীচু হুইযা গিয়াছিল এবং সেগুলির মধ্যের কঠি, চক্রপ্রান্ত, চক্রের ভিতবের কঠি, চক্র, সংযোগস্থানের কঠি, নীচেব কঠি, সমস্ত উপকরণ ও আস্তরণবন্ত্র ছিল না, যোদ্ধারাও নিহুত হুইয়াছিল ॥৩১——৩৩॥

অভিমন্যু স্থার বাণসমূহদাবা পুনবাষ আরোহিগণের সহিত বিপক্ষহস্তি-

বানায়ুজান্ পার্ববতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
স্থিরবালধিকর্ণাক্ষান্ জবনান্ সাধুবাহিনঃ ॥৩৬॥
আরুঢ়ান্ শিক্ষিতৈর্যোধ্যঃ শক্তৃষ্টিপ্রাসযোধিভিঃ।
বিধ্বস্তচামরমুখান্ বিপ্রবিদ্ধপ্রকীর্ণকান্॥৩৭॥
নিবস্তজিহ্বানয়নান্ নিক্ষীর্ণান্ত্রযক্তৃদ্বনান্।
হতারোহাংশ্চিত্রঘণ্টান্ ক্রব্যাদগণমোদকান্।
নিক্বন্তচর্মকবচান্ শকুমা ক্রাস্থগাপ্লুতান্॥৩৮॥
নিপাতয়নশ্বরাংস্তাবকান্ স ব্যরোচত।
একো বিষ্ণুরিবাচিন্ত্যং কুত্বা কর্মা স্বত্নদ্বরম্ ॥৩৯॥ (কলাপকম্)

বানেতি। বনাযুপ্রভ্তয়ো দেশাঃ তত্রত্যান্। ছিরাণি বালধযো লাল্লানি কণোঁ অন্ধিণী চকুষী চ বেষাং তান্, জবনান্ বেগবতঃ, সাধুবাহিন আবোহিণাং সুঠুবহনকারিণঃ। বিশ্বস্তানি চামরাণি মুখানি চ বেষাং তান্, বিপ্রবিদ্ধানি পাতিতানি প্রকীর্ণকানি চামরাণি বেষাং তান্। ব্যক্তিভেদেন বছবিধোক্তিঃ। নিরন্তানি ছিন্তা নিক্ষিপ্রানি জিন্তানমনানি বেষাং তান্, নিজীণৈশ্ছিত্বা নিজানিতৈঃ অল্প্রেনাভীবিশেবৈর্বকৃত্তিশ্চ ঘনান্ নিরন্তরগাত্রান্। কব্যাদগণমোদকান্ মাংসভোজিপ্রাণিগণানলজনকান্। নিক্তানি ছিয়ানি চর্মাণি কবচানি চ বেষাং তান্, শক্তিবিঠাতিঃ মুলৈঃ অস্থ্য ভিঃ রক্তৈশ্চ আগ্নুতান্ ব্যাপ্তদেহান্। বটুপাদো-

গণকে নিপাতিত করিতে লাগিলেন এবং সেগুলিব পতাকা, অঙ্কুণ, ধ্বজ, তৃণ, বর্দ্ম, মধ্যবদ্ধনবজ্জ্ব, গ্রীবালস্কাব, কম্বল, ঘণ্টা, শুণ্ড, দস্তাগ্রা, ক্ষুব, মালা ও অনুচর-দিগকে ছেদন কবিতে থাকিলেন ॥৩৪—৩৫॥

তা'র পব শক্তি, ঋষ্ঠি ও প্রাস্বোধী শিক্ষিত যোদ্ধারা যে অশগুলির উপরে আবোহণ করিয়া ছিলেন, যে অশগণ আরোহিগণকে ফুল্বভাবে বহন কবিত ও অত্যন্ত বেগবান্ ছিল এবং বেগুলির ঘণ্টা সবল বিচিত্র ছিল, আপনার পক্ষের সেই সকল বনায়, কাম্বোজ বাহ্লিকদেশীয় এবং পার্বতীয় উত্তম উত্তম অশ্বকে, আব সেগুলির আবোহিগণকে নিপাতিত কবিয়া এক অভিমন্যু বিষ্ণুর স্থায় অচিন্তনীয় অতিমুক্ষর কার্য্য করিয়া শোভা পাইতে লাগিলেন। তৎকালে কতকগুলি অশ্বেব লাঙ্গূল, কর্ণ ও নয়ন শ্বির ছিল, কতকগুলির চামব ও মুখ বিনফ্ট হইয়াছিল, কতকগুলিব চামব পড়িয়া গিয়াছিল, বতকগুলির শিহ্বা ও নয়ন বিশ্বিপ্ত হইয়াছিল, কতকগুলির নাড়ী ও যকুৎ বাহিব হইয়া দেহকে ব্যাপ্ত কবিয়াছিল, কতকগুলিব গাত্রেব চর্ম্ম ও কবচ ছিল্ল হইয়াছিল,

হয়ং প্লোক:। স: অভিমন্তা: ১০৬—০৯।

⁽७७) वनायूकान्-नि। (०৯) निकुखवर्धकवठान्-व।

তথা বিমথিতং তেন চভুরঙ্গবলং মহৎ।

যথাহস্ত্রবলং যোরং ত্রাম্বেকন মহোজদা ॥৪০॥

কৃষা কর্মা রণেহসন্থং পরৈরার্জ্জুনিরাহবে।

অভিনচ্চ পদাত্যোঘাংস্থদীযানেব ভারত। ॥৪১॥

এবমেকেন তাং সেনাং সোভদ্রেণ দিতিঃ দরিঃ।
ভূশং বিপ্রহুতাং দৃষ্ট্বা শক্রেণেবাস্থরীং চমূম্ ॥৪২॥

দ্বদীয়ান্তব পুত্রাশ্চ বীক্ষমাণা দিশো দশ।

সংশুক্ষাস্থাশ্চলমেত্রাঃ প্রস্থিনা রোমহর্ষিণঃ ॥৪৩॥

পলায়নক্তোৎসাহা নিরুৎসাহা দ্বিজ্জয়ে।

গোত্রনামভিরন্থোন্তং ক্রন্দন্তো জীবিতৈষিণঃ ॥৪৪॥

হতান্ পুত্রান্ পিতৃন্ ভাতৃন্ বন্ধূন্ সমন্ধিনন্তথা।

প্রাতিষ্ঠন্ত সমুৎস্ক্যে দ্বরমন্তো হয়দ্বিপান্ ॥৪৫॥ (কলাপকম্)

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং দ্রোণপর্বাণ

অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে ত্রয়স্ত্রিংশোহধ্যায়ঃ॥।॥ *

তথেতি। চতারি হস্তার্থবর্থপদাতিরূপাণি অদানি যক্ত তৎ। ত্রায়কেন শিবেন ॥৪০॥ কুত্তেতি। আর্জুনিরভিমন্তা:। পদাত্যোঘানু পদাতিসমূহানু ॥৪১॥

এবমিতি। বিশেষেণ প্রকর্ষেণ চ হতাম্। সংশুক্ষাস্থাঃ সম্যক্শুক্স্থাঃ, প্রস্থিন। বর্মাকাঃ। ক্রন্যন্ত আহরেরতঃ। সমুৎস্ক্য বিহায় 18২—৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌনুদীসমাখ্যায়াং জোণপর্ববি অভিমন্ত্যবধে জয়ন্ত্রিংশোহধ্যায়ঃ ॥•॥

কতকগুলির গাত্র—বিষ্ঠা, মৃত্র ও রক্তে আপ্লুড হইয়া গিয়াছিল এবং এই সমস্ত অশ্বই মাংসভোজী প্রাণিগণের আনন্দ জন্মাইতেছিল ॥৩৬—৩৯॥

পূর্ববকালে মহাতেজা মহাদেব যেমন ভয়ঙ্কর অস্তরসৈশ্য আলোড়ন করিয়া-ছিলেন, সেইবাপ অভিমন্ম চতুরজ বিশাল কৌরবদৈশ্য আলোড়ন ক্রিলেন ॥৪০॥

ভবতনন্দন। অভিমন্যু যুদ্ধে বিপক্ষের অসহ্য কার্য্য করিয়া আবার যুদ্ধেই আপনার পদাতিসমূহকেও বিশ্লিফ কবিলেন ॥৪১॥

পূর্ববিশালে ইন্দ্র বেমন অন্তর্গৈন্য বিনাশ করিয়াছিলেন, সেইরূপ এক (৪০) ... আংশং তব বলং মহৎ—পি ব, ... জ্রান্ধং তব বলং মহৎ—বা। (৪১) ... অদীয়ানেব সর্বাশঃ—বা ব রা নি। (৪২) ... অন্তর্গেশাহ্যারঃ চমূন্—বা ব রা নি। (৪৫) ... অর্মাণা হয় ছিপান্—পি। * '...পঞ্জিংশোহ্যারঃ' ব, '... বট্জিংশোহ্যায়ঃ' বা রা নি।

চতুক্ত্রিংশো২ধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

-8#8--

তাং প্রভগ্নাং চমুং দৃষ্ট্বা সোভদ্রেণামিতোজদা।
ছর্ব্যোধনো ভূশং ক্রুদ্ধঃ স্বযং সোভদ্রমভ্যগাৎ ॥১॥
ততো রাজানমারত্তং সোভদ্রং প্রতি সংযুগে।
দৃষ্ট্বা দ্রোণোহত্রবীদ্যোধান্ পরীক্ষধ্বং নরাধিপম্ ॥২॥
পুরাভিমন্যূর্লক্ষ্যং নঃ পশ্যতাং হন্তি বীর্ঘ্যবান্।
তমাদ্রবত মা ভৈষ্ট ক্ষিপ্রং রক্ষত কৌরবম্ ॥৩॥

তামিতি। প্রভয়াং প্রকর্ষেণ পরাভ্তান্। সৌতত্তেণ হৃততাপুত্রেণাভিনহ্যনা ॥১॥ তত ইতি। আবৃত্তং পরিবৃত্তন্। পরীক্ষধ্বং রক্ষত, নরাধিপং ছর্য্যোধনন্ ॥২॥ পুরেতি। পুরা পরবর্তিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ ॥০॥

অভিনস্থাই স্থার বাণসমূহদাবা কৌববলৈক্সকে বিনাশ কবিয়াছেন দেখিয়া আপনাব পুত্রেরা ও অক্যান্য যোদ্ধাবা দশ দিকে দৃষ্টিপাত কবিতে থাকিয়া, শুক্ষমুখ, অস্থিবনয়ন, যর্মাক্তদেহ, বোমাঞ্চিত্রশরীব, শক্রেজযে নিরুৎসাহ, জীবনার্থী ও পলাযনাভিলাধী হইয়া গোত্র ও নাম লইয়া পবস্পাব আহ্বান কবতঃ, নিহত পুত্র, পিতা, ভ্রাতা, বন্ধু ও সম্বন্ধীদিগকে পরিত্যাগ করিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সম্বর চালাইতে থাকিয়া সমবাঙ্গন হইতে প্রস্থান করিতে লাগিলেন ॥৪২—৪৫॥

সঞ্জয় বলিলেন—"অমিততেজা অভিমন্যু সেই কোরবদৈয়াকে পরাভূত কবিযাছেন দেখিয়া তুর্য্যোধন অত্যস্তক্র্দ্ধ হইযা নিজেই অভিমন্যুব দিকে ধাবিত হইলেন ॥১॥

তদনম্ভর ছুর্য্যোধনকে যুদ্ধে অভিমন্থাব দিকে ফিরিতে দেখিয়া দ্রোণ কোরবযোদ্ধাদিগকে বলিলেন—'আপনাবা বাজাকে রক্ষা ককন ॥২॥

বলবান্ অভিমন্ম আমাদেব সমক্ষেই উহাব লক্ষ্য ছর্ব্যোধনকে পরে বধ কবিতে পারেন। অভএব আপনারা ছর্ব্যোধনেব দিকে যান, ভয় কবিবেন না, সম্বব ছর্ব্যোধনকে রক্ষা ককন' ॥৩॥

⁽२) ः भर्याश्वारखान् नदाधिभान् – व । (७) ः जमांबक् ज-भि ।

ততঃ কৃতান্ত্ৰা বলিনঃ স্বন্ধদো জিতকাশিনঃ।
ভ্ৰাম্থমানা ভয়াদ্বীরং পরিবক্রস্তবাত্মজম্ ॥৪॥
ডোণো ডোণিঃ কৃপঃ কর্ণঃ কৃতবর্দ্মা চ সোবলঃ।
রহদ্বলো মদ্রবাজো ভূরিভূ রিশ্রেবাঃ শলঃ ॥৫॥
পোরবো র্ষদেনশ্চ বিস্কুজ্ঞঃ শিতান্ শরান্।
সোভদ্রং শরবর্ষেণ মহতা সম্বাকিরন্ ॥৬॥ (রুগ্মকম্)
সম্মোহরিত্বা তম্থ হুর্য্যোধনমমোচয়ন্।
ভাস্থাদ্প্রাসমিবাক্ষিপ্তং মম্ব্রে নার্জ্জ্ক্রনাত্মজঃ ॥৭॥
তান্ শরোঘেণ মহতা সাম্মৃতান্ মহারথান্।
বিমুখীকৃত্য সোভদ্রঃ সিংহনাদম্থানদ্র ॥৮॥
তম্ম নাদং ততঃ শ্রুভা সিংহস্থোমিষৈষণঃ।
নাম্যুক্ত স্থাংরকাঃ পুনর্জোণমুখা রথাঃ ॥৯॥

তত ইতি। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে। ত্রাস্তমানা অভিমহানৈর ॥৪॥
ক্রোণ ইতি। ক্রোনিরশ্বথামা। সৌবলঃ শকুনিঃ। সমবাকিরন্ আবুগন্॥৫—৬॥
সমিতি। আসাম্থাৎ, আব্দিপ্তমারুর নীতম্, ময়্বে সেহে॥१॥
তানিতি। অথ্য: স্থতৈঃ সার্থিভিশ্চ সহেতি তান্। অনদৎ অকরোৎ ॥৮॥
তত্তেতি। আমিবৈবিণো মাংসাভিলাবিণঃ। নাম্যন্ত নাসহত্ব, স্বাংরকা অতীবকুকাঃ ॥১॥

রাজা। তাহার পর অত্রে স্থানিকিত, বলবান্, হিতৈষী, বিজয়শোভী, অথচ অভিমন্থার ভয়ে ভীত যোদ্ধাবা আপনাব বীব পুত্র দুর্য্যোধনকে যাইয়া পবিবেষ্টন কবিলেন ॥৪॥

দ্রোণ, অশ্বথামা, কৃপ, কর্ণ, কৃতবর্মা, শকুনি, বৃহদ্বল, শল্য, ভূরি, ভূরিশ্রবা, শল, পৌরব ও বৃষসেন ইহারা স্থাব বাণবর্ষণ করিতে থাকিয়া সেই বিশাল বাণবর্ষণদ্বাবা অভিমন্থাকে আরুত কবিয়া ফেলিলেন ॥৫—৬॥

তদনস্তর তাঁহারা অভিমন্মকে মোহিত কবিয়া মুখ হইতে আকৃষ্ট গ্রাসের স্থায় মুর্য্যোধনকে মুক্ত কবিলেন। কিন্তু অভিমন্ম তাহা সহ্য করিলেন না ॥৭॥

স্থতবাং অভিমন্যু বিশাল শবজালদারা অশ্ব ও সার্থিদিগের সহিত সেই মহারথগণকে বিমুখ কবিয়া সিংহনাদ কবিলেন ॥৮॥

তাহার পব মাংসাভিদাবী সিংহেব ন্থায় অভিমন্যুব সেই গর্জন শুনিয়া জোণপ্রভৃতি বথীবা অভ্যন্তকুদ্ধ হইবা আর সহ্য করিলেন না ॥৯॥

⁽৪) ততঃ কৃতজা বলিন:…বা ব,… কৃতজ্ঞানবলোৎসেধা:—নি।

ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন সারিষ!।

ব্যস্তজনিবুজালানি নানালিঙ্গানি সংঘশঃ॥>০॥

তাশুন্তরীক্ষে চিচ্ছেদ পোত্রস্তব শিতৈঃ শবৈঃ।

তাংশ্চৈব প্রতিবিব্যাধ তদভূতমিবাভবৎ ॥>>॥

ততন্তে কোপিতান্তেন শরেরাশীবিষোপনৈঃ।

পরিবক্রজিঘাংসন্তঃ সোভদ্রমপলায়িনম্॥>২॥

সমুদ্রমিব পর্য্যন্তং ত্বদীয়ং তং বলার্ণবম্।

দধারৈকোহর্জ্জনির্ব্বাণৈর্ব্বেলেব ভরতর্বভ।॥>০॥

শ্রাণাং যুধ্যমানানাং নিম্নতামিতরেতরম্।

অভিমন্টোঃ পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাশ্ম্বঃ॥>৪॥

ভ ইতি। কোষ্ঠকীকৃত্য মধ্যবর্তীকৃত্য, রথানাং বংশেন সমূহেন। নানালিঙ্গানি বহু-চিহ্নানি ॥> ॥

তানীতি। তব পৌত্রোহতিমস্থা:। অভিমন্তোরতিলঘূহস্তত্মবাভূতমিতি তাব: ॥১১॥
তত ইতি। তেন তব পৌত্রেণ। জিঘাংসস্তো হস্তমিচ্ছস্ত: ॥১২॥
সম্দ্রমিতি। পর্যাত্তম্ উর্বেলিভম্। বেলা তীরম্। একোহর্জ্নিরিতি সন্ধিরার্ব: ॥১০॥
শ্রাণামিতি। ইতরেতরং পরস্পারম্ ॥১৪॥

মাননীয রাজা। তাঁহাবা রথসমূহদারা অভিমন্থাকে পবিবেফন করিযা দলে দলে নানাচিহুযুক্ত বাণসমূহ অভিমন্থাব প্রতি নিক্ষেপ কবিলেন ॥১০॥

তখন অভিমন্য স্থাব বাণসমূহদাবা সেই বাণগুলিকে আকাশেই ছেদন কবিলেন এবং তাঁহাদিগকেও প্রতিবিদ্ধ কবিলেন। তাহা যেন অভুত বলিযা বোধ হইল ॥১১॥

তদনন্তর অভিমন্ম সর্পতৃল্য বাণসমূহদাবা আঘাত কবিলে, তাঁহারা ক্রুদ্ধ হইযা অপলায়ী অভিমন্মকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে পবিবেইটন করিলেন ॥১২॥

ভবতশ্রেষ্ঠ। তীরের স্থায় এক অভিমন্মই বাণদ্বাবা উদ্বেলিত সমুদ্রতুল্য আপনার সেই সৈম্পসমূদ্রকে ধারণ করিলেন ॥১৩॥

ভৎকালে প্রস্পার প্রহারকারী যুধ্যমান বিপক্ষ বীরগণ বা অভিমন্ত্র মধ্যে কেহই পরাদ্মুখ হইলেন না ॥১৪॥

⁽১১)--পৌত্তম্বে নিশিতৈঃ শরৈঃ—বা নি। (১২) কোপিভাব্তেন শ্রের---নি,---সৌভ্রমণরান্ধিতন্—বা নি। (১৩)---বেলেবোল্রস্তমর্ণবন্—নি।

তিমিংস্ত ঘোরে সংগ্রামে বর্ত্তগানে ভয়য়রে।

ছঃসহাে নবভির্বাণৈরভিমন্যুগবিধ্যত ॥১৫॥

ছঃশাসনাে ঘাদশভিঃ রূপঃ শারদ্বতন্ত্রিভিঃ।

ট্রোণস্ত সপ্তদশভিঃ শরেরাশীবিষোপমৈঃ ॥১৬॥

বিবিংশতিস্ত সপ্তত্যা রুত্বর্মা চ সপ্তভিঃ।

রুহ্দলন্তথাকীভিরশ্বামা চ সপ্তভিঃ॥১৭॥

ভূরিপ্রবান্ত্রিভির্বাণের্যদেশঃ বড় ভিরাশুগৈঃ।

ঘাভ্যাং শরাভ্যাং শকুনিন্ত্রিভির্হ র্য্যোধনা নৃপঃ॥১৮॥ (কলাপকম্)

স তু তান্ প্রতিবিব্যাধ ত্রিভিন্তিভিরজিন্দাগৈঃ।

নৃত্যন্নির মহারাজ। চাপহস্তঃ প্রতাপবান্॥১৯॥

ততোহভিমন্যুঃ সংক্রুদ্ধন্তাভ্যমানস্তবাত্মকৈঃ।

বিদর্শয়ন্ বৈ স্থ্যহচ্ছিক্রেরাক্যকর্তং বলম্॥২০॥

গরুড়ানিলরংহোভির্যন্তর্বাক্যকর্বিহয়ৈঃ।

দান্তরশাকদায়াদং ত্বর্মাণমবারয়ৎ।

বিব্যাধ চৈনং দশভির্বাণেস্তির্চেতি চাত্রবীৎ॥২১॥ (যুগ্যকম্)

জিমিরিতি। ঘোরে মহতি। ছাসহো নাম ধার্তরাট্রঃ। শার্রতঃ শর্বতঃ পুতঃ। আশীবিবজীক্ষবিবঃ নর্পন্তর্গগৈঃ। সপ্তত্যা শর্বৈঃ। এবং সর্বতামুবৃত্তিঃ। মদ্রেশঃ শ্ব্যঃ॥১৫—১৮॥

স ইতি। সোহভিমন্তা:। অজিকাগৈ: সরলগামিভির্বাণে: ॥১৯॥

তত ইতি। শিক্ষা শুবোবাদানম্ ঔরসং দেহস্বভাবস্তাভ্যাং ক্লভম্। গরুডানিলয়োরিব রংছো বেগো যেবাং তৈ:, যন্তঃ সারথে:। দাতৈঃ শিক্ষিতৈ;, অশ্যকদায়াদম্ অশ্যকদেশরাজ-পুত্রন্, ছরমাণং সত্তরমাগচ্ছস্তম্। বট্পাদোহরং শ্লোকঃ ॥২০—২১॥

সেই ভয়ন্ধর মহাসংগ্রাম চলিতে লাগিলে, আপনার পুত্র ছুংসহ নয়টা বাণদ্বারা অভিমন্মকে বিদ্ধ কবিলেন এবং ছুংশাসন বারটা, শরদ্বানের পুত্র কুপ
ভিনটা, দ্রোণ তীক্ষবিষ-সপতুল্য সতরটা, বিবিংশতি সন্তরটা, কৃতবর্মা সাতটা,
বৃহদ্বল আটটা, অশ্বত্থামা সাতটা, ভূবিশ্রাবা তিনটা, শল্য ছয়টা, শকুনি ছুইটা ও রাজা
ছর্যোধন তিনটা বাণদ্বারা অভিমন্মকে তাড়ন কবিলেন ॥১৫—১৮॥

মহারাজ ! ওদিকে চাপহস্ত ও প্রতাপশালী অভিমন্যু নৃত্য করভই যেন তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥১৯॥

তাহার পর অশ্মকদেশেব রাজপুত্র—গরুড় ও বাযুর স্থায় বেগবান্, সার্থির

⁽२॰) ... जां अधानखवां प्रदेखः ... मिक्कां ভ्यां मङ्ग्डः वनम्--वां व द्रां नि ।

তস্তাভিমন্ত্র্রেশভির্বাণৈঃ সূতং হয়ং ধ্বজম্।
বাহু ধনুং শিরশ্চোর্ব্রাং স্থামানোহভ্যপাতয়ৎ ॥২২॥
ততস্তামিন্ হতে বীরে সোভদ্রেণাশ্মকেশ্বরে।
সঞ্চাল বলং সর্বাং পলায়নপরায়ণম্ ॥২৩॥
ততঃ কর্ণঃ রূপো দ্রোণো দ্রোণির্গান্ধাররাট্ শলঃ।
শাল্যো ভূরিপ্রারাঃ ক্রাথঃ সোমদত্তো বিবিংশতিঃ ॥২৪॥
র্ষসেনঃ স্থামণাচ কুণ্ডভেদী প্রতর্দনঃ।
রুদ্ধারকো ললিখন্ট প্রবাহ্নদীর্ঘলোচনঃ।
হুর্ব্যোধনশ্চ সংক্রুদ্ধঃ শ্ববর্ধরবাকিরন্ ॥২৫॥ (য়ুগ্মকম্)
সোহতিবিদ্ধো মহেম্বানৈরভিমন্ত্ররজিক্ষাগৈঃ।
শবমাদত্ত কর্ণায় বর্মকাযাবভেদিনম্ ॥২৬॥

তত্তেতি। হয়াশ্চত্তার ইতি পাত্যানামপি দশসংখ্যাপূর্তিঃ। শ্বয়মান ঈষজসন্ ॥২২॥
তত ইতি। পলায়নমেব পরম্ অয়নং গতির্যস্ত তৎ পলায়নোৎস্কমিত্যর্থঃ ॥২০॥
তত ইতি। জৌণিরস্বাধামা। অবাকিরন্ অভিমন্ত্যমান্ত্রন্। বটুপাদোহনং শ্লোকঃ ॥২৪-২৫॥
স ইতি। মহেলাসৈর্বহাধন্তর্জনৈঃ কর্ত্ ভিঃ, অজিজনৈর্কাণৈঃ করণৈঃ ॥২৬॥

বাক্যামুসাবী ও স্থানিক্ষিত অশ্বগণের গুণে বেগে আসিতে লাগিলে, আপনার পুত্রগণের তাডনে অত্যন্তকুদ্ধ অভিমন্যু শিক্ষা ও দেহেব মহাবল প্রদর্শন করতঃ তাঁহাকে বারণ করিতে প্রবুত্ত হইলেন এবং দশটা বাণদ্বাবা উঁহাকে বিদ্ধ কবিলেন, আর 'থাক' এই কথা বলিলেন ॥২০—২১॥

তৎপবে অভিমন্ম ঈষৎ হাস্থ কবতঃ দশটা বাণদারা অশ্মকবান্ধপুত্রের সারথি, চারিটা অশ্ব, ধবল, বাহুযুগল, ধন্ম ও মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥২২॥

অভিমন্যু—বীর অশ্মকরাজপুত্রকে বধ করিলে, সমগ্র কোরবসৈশ্বই পলায়নোৎস্থক হইয়া বিচলিত হইল ॥২৩॥

তদনস্তর কর্ণ, ক্বপ, দ্রোণ, অশ্বথামা, শকুনি, শল, শল্য ভূরিশ্রবা, ক্রাথ, সোমদন্ত, বিবিংশতি, ব্যসেন, স্থাবেণ, কুগুভেদী, প্রভর্দন, বৃন্দারক, ললিখ, প্রবাহ্য, দীর্ঘলোচন ও দুর্য্যোধন অত্যন্তকুদ্ধ হইয়া বাণবর্ষণ করিয়া অভিমন্মাকে আর্ভ করিলেন ॥২৪—২৫॥

⁽२२)···দশভির্হয়ান্ হুতং ধ্বজং শর্বৈঃ—নি। লোগ (২১)-৩৯

তস্থ ভিত্তা তনুত্রাণং দেহং নির্ভিচ্চ চাপ্তগঃ।
প্রাবিশদ্ধরণীং বেগাদ্বল্লীকমিব পমগঃ॥২৭॥
স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলমিব।
সঞ্চাল রণে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাহচলঃ॥২৮॥
তথালৈশিতৈর্বাণেঃ স্থ্যেণং দীর্ঘলোচনম্।
কুণ্ডভেদিঞ্চ সংক্রুদ্ধন্ত্রিভিন্ত্রীনবধীদ্বলী॥২৯॥
কর্ণস্তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
অশ্বত্থামা চ বিংশত্যা কৃতবর্ম্মা চ সপ্তভিঃ॥৩০॥
স শরাচিত্রসর্বাঙ্গঃ ক্রুদ্ধঃ শক্রাত্মজাত্মজঃ।
বিচরন্ দদৃশে সৈন্তে পাশহস্ত ইবান্তকঃ॥৩১॥
শল্যঞ্চ শরবর্ষেণ সমীপস্থমবাকিরৎ।
উদক্রোশন্মহাবাহ্স্তব সৈন্তানি ভাষয়ন্॥৩২॥

তত্যেতি। তমুত্রাণং বর্ম। বন্মীকম্ উষীমৃত্তিকাম্ ॥২ १॥
স ইতি। বিহবলন্ আকুলীভবন্। অচলঃ পর্বতঃ ॥২৮॥
তথেতি। ছিবিধোজিদর্শনাৎ কুণ্ডভেদিশকো নাস্ত ইকারাস্তাশ্চ মন্তব্যঃ ॥২৯॥
কর্ণ ইতি। সমার্পরৎ অপীভ্যথ। বিংশত্যা সপ্তভিশ্চ নারাচৈরেব ॥৩ ॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্বাণ্যসানি যস্ত সঃ, শক্রাত্মজাঞ্জুনন্তস্তাত্মজঃ ॥৩ ১॥

তখন অভিমত্যু মহাধনুর্দ্ধরগণেব বাণে অত্যন্তবিদ্ধ হইবা বর্ণেব উদ্দেশে একটা বর্মা ও দেহভেদী বাণ গ্রহণ কবিলেন ॥২৬॥

সেই বাণটা যাইয়া কর্ণেব বর্দ্ম ও দেহ ভেদ কবিয়া—সাপ যেমন উষীর মাটীব ভিতরে প্রবেশ করে, সেইবূপ বেগে ভূতলে প্রবেশ করিল ॥২৭॥

কর্ণ সেই গুরুত্তব প্রহারে ব্যথিত ও বিহ্নলেব স্থায় হইয়া ভূমিকস্পে পর্ববতের স্থায় সমবাঙ্গনে কম্পিত হইলেন ॥২৮॥

এবং অত্যন্তকুদ্ধ ও বলবান অভিমন্থা তিনটা স্থার বাণদ্বাবা স্থাবণ, দীর্ঘলোচন ও কুগুভেদি এই তিন জনকে বধ কবিলেন ॥২৯॥

তখন কর্ণ পঁচিশটা, অশ্বত্থামা কুড়িটা ও কুতবর্দ্মা সাভটা নারাচ্ঘাবা অভিমন্মকে তাড়ন করিলেন ॥৩০॥

বাণব্যাপ্তসর্বাঙ্গ ও ক্রুদ্ধ অভিমন্যু বিপক্ষসৈশ্রমধ্যে বিচবণ করিবার সম্যে পাশহস্ত যমের স্থায় দৃষ্টিগোচন হইতে লাগিলেন ॥৩১॥

⁽২৭) তক্ত ছিত্বা···ধরণীং রাজন্ !---পি,···ধরণীং রাজন্ !---ব। (৩১) স শরাদিত-স্কালঃ---পি।

ততঃ স বিদ্ধোহন্ত্রবিদা মর্শ্মভিদ্রিরজিন্সাগৈঃ।
শল্যো রাজন্! রথোপন্থে নিষসাদ মুমোহ চ ॥৩৩॥
তং হি দৃষ্ট্রা তথা বিদ্ধং সোভদ্রেণ যশস্বিনা।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্বা ভারদ্বাজন্ম পশ্যতঃ ॥৩৪॥
সংপ্রেক্ষ্য তং মহাবাহুং রুক্মপুদ্ধৈঃ সমার্তম্।
ত্বদীয়াঃ প্রপলায়ন্তে মুগাঃ সিংহার্দ্ধিতা ইব ॥৩৫॥

স তু রণযশসাভিপূজ্যমানঃ পিতৃ-স্থর-চারণ-যক্ষ-সিদ্ধ-সংহৈ।
তথ্যবিতলগতৈশ্চ ভূতসংঘৈরতিবিবর্ভো ভ্তভুগ্যথাজ্যসিক্তঃ ॥৩৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি

অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে চভুদ্রিংশোহধ্যায়ঃ॥।॥ #

শল্যমিতি। উদকোশং আগচ্ছেত্যুকৈরাহুত্তবান্, মহাবাছরভিমন্ত্য: ॥०२॥

७७ हेकि। म मनाः। इथ्य उभएर छेभवितास, नियमान छेभवित्न ॥००॥

তমিতি। তং শ্লাম । সংপ্রাদ্রবৎ অপাসরৎ, ভারম্বাক্তর দ্রোণ্ড ॥০৪॥

সমিতি। তः भनाम्। क्क्न्यूरेष्यः वर्गश्रिष्ठम्मरात्राः भरेतः ।००॥

স ইতি। অভিপ্তামান: সর্বতঃ প্রশক্তমান:। অবনীতানেন পিতাদীনাং গগনগতঘ-মান্দিণ্যতে। ভ্তনংঘৈতত্তিত্বে হিন্দ। হতভূক্ অগ্নিং, আজ্যসিক্ষো দওঘুতঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভ্যণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকৌমূদীসমাধ্যাযাং ক্রোণপর্বণি

অভিমন্থাবধে চতুজিংশো২ধ্যায়: ।।।

এবং মহাবান্ত অভিমন্য বাণবর্ষণদ্বারা নিকটবর্ত্তী শল্যকে আহ্বত কবিয়া ফেলিলেন, আর আপনাব সৈন্তগণেব ভয উৎপাদন কবতঃ উচ্চস্বরে বীরগণকে আহ্বান কবিতে থাকিলেন ॥৩২॥

বাজা। তাহার পব শল্য—অন্ত্রজ্ঞ অভিমন্যুকর্তৃক মর্শ্মভেদী বাণসমূহদ্বারা বিদ্ধ হইযা রথেব উপরে উপবেশন কবিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥৩৩॥

যশসী অভিমন্ম বিদ্ধ কৰায় শল্য মূর্চ্ছিত হইবাছেন দেখিয়া সমস্ত কোববসৈয় শ্রোণের সমক্ষেই পলায়ন কবিতে লাগিল ॥৩৪॥

আব মহাবাহু শল্যকে অভিমন্মাৰ স্বৰ্ণপুষ্ম বাণে সমাত্বত দেখিয়া আপনার পদের যোদ্ধারাও সিংহপীডিভ হবিণগণেৰ স্থায় পলায়ন কবিতে থাকিলেন ॥৩৫॥

জ্ঞমে আকাশবন্তী পিতৃগণ, দেবগণ, চাবণগণ, যদ্দগণ ও সিদ্ধগণ এবং ভূতলবন্তী তত্ৰভা লোকেরাও অভিমন্মার যুদ্ধনৈপুণ্য দেখিয়া সর্বভোভাবে ভাঁচাব

⁽०৫) ष्यदेश्वल महावाहम् । प्रशीमाः व्यवनावलः — वि । र ' । वि दिः द्वादेशाः' द, ' । अधिकारमार्थामः' वा ता नि ।

পঞ্চত্রিংশোইধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

---- 0 Hz 0----

তথা প্রমথমানং তং মহেম্বাসানজিক্ষাগৈ।
আর্জুনিং মামকাঃ সংখ্যে কে ছেনং সমবারয়ন্॥১॥
সঞ্জয় উবাচ।

শূণু রাজন্ । কুমারস্থ রণে বিক্রীড়িতং মহৎ । বিভিৎসতো রথানীকং ভারদ্বাজেন রক্ষিতম্ ॥২॥ মদ্রেশং সাদিতং দৃষ্ট্বা সোভদ্রেণাশুগৈ রণে । শল্যাদবরজঃ ক্রুদ্ধঃ কিরন্ বাণান্ সমভ্যয়াৎ ॥৩॥ স বিদ্ধা দশভির্বাণেঃ সাশ্বযন্তারমার্চ্জুনিম্ । উদক্রোশন্মহাশব্দং তিষ্ঠ তিষ্ঠেতি চাত্রবীৎ ॥৪॥

ভথেতি। প্রমথমানমালোভযন্তন্, মহেষাসান্ শল্যাদীন্ মহাধক্ষরান্ ॥১॥
শৃথিতি। বিক্রীভিতং বিশেষক্রীভাবদানন্দপ্রযুক্তং যুদ্ধন্। বিভিৎসতো ভেতু,মিছতঃ ॥২॥
মক্রেশমিতি। সাদিভমবসনীকৃতন্। অবরজঃ কনিষ্ঠো ভ্রাতা ॥৩॥

প্রশংসা করিতে লাগিলেন। তৎকালে অভিমন্যু স্বতসিক্ত অগ্নির স্থায় অত্যস্ত শোভা পাইতে থাকিলেন ॥৩৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। অভিমন্য বাগদ্ধারা সেইভাবে মহাধনুদ্ধরগণকে আলোড়ন করিতে লাগিলে, আমাব পক্ষের কোন্ বীরেরা উহাকে যুদ্ধে বারণ করিলেন ?" ॥১॥

সঞ্জয় বলিলেন—"রাজা! কুমার অভিমন্যু জ্যোণরক্ষিত বথিসৈশ্য ভেদ কবিবাব ইচ্ছা কবিয়া সমরাঙ্গনে যে বিশাল ও বিশেষ ক্রীড়া করিয়াছিলেন, ভাহা আপনি শ্রাবণ ককন ॥২॥

অভিমন্যু বাণদ্বারা যুদ্ধে শল্যকে অবসন্ন কবিয়া ফেলিয়াছেন দেখিয়া শল্যের কনিষ্ঠভ্রাতা ক্রুদ্ধ হইযা বাণক্ষেপ করিতে করিতে অভিমন্যুর দিকে আসিতে লাগিলেন ॥৩॥

⁽১) ... मदश्चाममिक्षिक्षरेशः -- शि।

তস্মার্জ্ক্নিঃ শিরোগ্রীবং পাণিপাদং ধনুর্হ্যান্।
ছত্রং ধ্বজং নিয়ন্তারং ত্রিবেণুঞ্চাপ্যুপক্ষরম্ ॥৫॥
চক্রং যুগঞ্চ ভূণীবং ছানুকর্ষঞ্চ সাযকৈঃ।
পতাকাং চক্রগোপ্তারো সর্ব্বোপকরণানি চ ॥৬॥
লযুহন্তঃ প্রচিচ্ছেদ দদৃশে তং ন কশ্চন।
স পপাত ক্ষিতো ক্ষীণঃ প্রবিদ্ধাভবণাম্বরঃ ॥৭॥
বাযুনেব মহাচৈত্যঃ সমূলং চিত্রবেদিকঃ।
অমুগান্তস্থ বিত্রস্তাঃ প্রাদ্রবন্ সর্বতো দিশঃ॥৮॥ (কলাপকম্)
আর্জ্জ্নেঃ কর্ম্ম তদ্দৃষ্টা সংপ্রণেত্যঃ সমন্ততঃ।
নাদেন সর্ব্বভূতানি সাধু সাধ্বিতি ভারত।॥৯॥

স ইতি। অধৈর্যন্তার সার্থিনা চ সহেতি তন্। উদক্রোশগুচ্চেরাইতবান্ ॥॥।
তত্তেতি। নিযন্তারং সার্থিন্, ত্রিবেণুং রথদাকবিশেষন্, উপস্করং শিক্যাদিশস্ত্রপানাধারন্। গুগং রথন্থতির্যুক্কার্চন্, অন্তক্ষং রথনিম্নগতকার্চবিশেষন্। চক্রপোপ্তারে চক্রবররক্ষকৌ। সর্কোপকরণানি হন্তাবাপাদীনি। দদৃশে যোদ্ভাবেন দদর্শ তং শল্যান্তলন্।
প্রবিদ্ধাতরণাম্বরং পতিতালস্কারবন্তঃ। মহাচৈত্য আয়তনগতবিশালবৃক্ষঃ, চিত্রা বেদির্মুলোচ্চভূমির্যন্ত সং ॥৫—৮॥

আর্জুনেন্নিতি। সর্বভূতানি তত্তত্যা: সর্বে জনা:, সাধু সাধ্বিতি নাদেন সম্প্রণেত: ॥১॥

তিনি দশটা বাণদ্বারা অশ্ব ও সাব্থিব সহিত অভিমন্থাকে বিদ্ধা কবিয়া বিশাল শব্দে তাঁহাকে আহ্বান করিলেন এবং 'থাক্ থাক্' এই কথা বলিলেন ॥৪॥

তখন লঘুহস্ত অভিমন্য বাণদাবা তাঁহাব মস্তক, গ্রীবা, হস্ত, পদ, ধনু, অখ, ছত্র, ধবজ, সাবণি, ত্রিবেণু (রথেব কাষ্ঠবিশেষ), উপস্কর (অন্ত রাখিবার আধার), চক্র, যুগ (রথেব তেবচা কাঠ), তৃণ, বথের নীচেব কাঠ, পতাকা, চক্রবক্ষকদ্বয় ও সমস্ত উপকবণ ছেদন কবিলেন, তখন কোন লোকই আর তাঁহাকে যোদ্ধ্ ভাবে দেখিতে পাইল না, তাঁহাব অলঙ্কার ও বন্ত পডিয়া গেল। ক্রমে প্রবলবাযুরেগে বিচিত্রবেদিস্থিত বিশাল আযতনরক্ষ যেমন সূলেব সহিত পতিত হয়, সেইরপ শল্যেব ভ্রাতা ক্ষীণ অবস্থায় রথ হইতে ভূতলে পতিত হইলেন। তখন তাঁহার অনুচবেরা অত্যন্তভীত ইইয়া সকল দিকে পলায়ন কবিতে লাগিল। এ—৮।।

⁽৫) · ত্রিবেণুং তুল্যমেব চ—পি বা ব রা। (৭) ব্যবমন্নাম্বান্তচ্চ দদৃশেহত্ত ন কন্চন— পি। (৮) বাযুনেব মহাশৈলঃ সংভগ্নোহমিতভেজ্যা—পি বা ব রা।

শল্যভাতর্য্থারুগ্ ণে বহুশস্তস্থ সৈনিকাঃ।
কুলাধিবাসনামানি জাবয়ন্তোহর্জুনাত্মজম্ ॥১০॥
অভ্যধাবন্ত সংকুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
রথৈরথৈগজৈশ্চান্তে পদ্দিশ্চান্তে বলোৎকটাঃ ॥১১॥
বাণশব্দেন মহতা রথনেমিস্বনেন চ।
হুস্কারিঃ ক্ষ্বেড়িতোৎকুফেঃ সিংহনাদৈঃ সগর্জিতঃ ॥১২॥
জ্যাতলত্রস্বনৈরত্যে গর্জস্তোহর্জুননন্দনম্।

ব্রুবস্তশ্চ ন নো জীবন্মোক্ষ্যসে জীবিতাদিতি ॥>৩॥ (কলাপকম্) তাংস্তথা ব্রুবতো দৃষ্ট্বা সোভদ্রঃ প্রহসন্মিব। যো যোহস্মৈ প্রাহৰৎ পূর্ববং তং তং বিব্যাধ পত্রিভিঃ ॥>৪॥

শল্যেভি। আকগ্ণে সম্যগ্ভাগে নিহত ইভার্থ:। কুলং বংশং অধিবাসো নিবাসং নাম চ ভানি। বলেন উৎকটা উদ্ধতাং। ক্ষেড়িভানি অস্পষ্টাং শব্ধাং, উৎকুষ্টানি উচ্চৈরাহ্বানানি ভৈ:। জ্যা ধহন্ত গাং ভলত্রাণি হস্তাবাপাশ্চ তেষাং স্বনৈ:। নং অস্মাকং সমীপাৎ জীবন্ ন মোক্ষ্যসে, অপি ভূ জীবিভাজ্জীবনাদেব মোক্ষ্যসে ইভি ত্রুবন্ত চাভ্যধাবস্ত ॥> ০—১০॥ ভানিভি। পত্রাণি পক্ষিপক্ষা এষাং সন্তীভি তৈঃ পত্রিভির্বাণিঃ ॥১৪॥

ভবতনন্দন! অভিমন্মাব সেই কার্য্য দেখিয়া সকল দিকেব সমস্ত লোক 'সাধু সাধু' এইরূপ শব্দে কোলাহল কবিয়া উঠিল ॥৯॥

ওদিকে শল্যেব ভ্রাতা নিহত হইলে, তাঁহার বহুতব সৈয় অত্যন্তক্রের হইযা নানাবিধ অন্ত্র ধাবণ কবিয়া আপনাদেব বংশ, বাসস্থান ও নাম অভিমন্তকে শুনাইতে থাকিয়া তাঁহাব দিকে ধাবিত হইল। বিশাল বাণশব্দ ও রথচক্রের শব্দ এবং হুন্ধাব, অস্পষ্ট কণ্ঠধবনি, উচ্চ আহ্বান, সিংহনাদ, গর্জন, ধনুষ্টন্ধাব ও হস্তাবাপেব শব্দ কবিতে থাকিয়া 'তুমি জীবিত অবস্থায আমাদের নিকট হইতে মুক্ত হইতে পাবিবে না, কিন্তু জীবন হইতেই মুক্ত হইবে' এই কথা অভিমন্তাকে বলিতে থাকিয়া সেই বলমত্ত সৈন্তেয়া কেহ কেহ রখে, কেহ কেহ অশ্বে, কেহ কেহ হস্তীতে এবং কেহ কেহ চরণে অভিমন্তার দিকে ধাবিত হইযা-ছিল ॥১০—১৩॥

তাহাদিগকে সেইরূপ বলিতে দেখিয়া অভিমন্যু যেন হাস্ত কবিতে থাকিয়া—যে যে উঁহাকে প্রথমে প্রহাব কবিতে লাগিল, ভাহাকে ভাহাকেই বাণদ্বাবা বিদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

⁽১৪) েযো হঃ স্থাৎ প্রহরন্ পূর্ব্বন্-পি, েযো ষঃ সম্প্রাহরৎ পূর্ব্বন্-ব।

সন্দর্শয়িয়য়াণি বিচিত্রাণি লঘুনি চ।
আর্জ্বনিঃ সমরে শূরো মৃত্পূর্বমযুধ্যত ॥১৫॥
বাহ্যদেবাত্বপাত্তং যদস্রং যদ্ধ ধনঞ্জয়াৎ।
আদর্শয়ত তৎ কাঞ্চিঃ কৃষ্ণাভ্যামবিশেষবৎ ॥১৬॥
দূরমস্থ গুরুং ভারং সাধ্বসঞ্চ পুনঃ পুনঃ।
সংদধিদিস্জংশ্চেযুন্ নির্বিশেষমদৃশ্যত ॥১৭॥
চাপমগুলমেবাস্থ বিস্ফুবদ্দিক্ষ্ দৃশ্যত।
হুদীপ্তস্থ শরৎকালে সবিভূর্মগুলং ষথা ॥১৮॥
জ্যাশব্দঃ শুশ্রুবে তস্থ তলশব্দেচ দারুণঃ।
মহাশনিমুচঃ কালে প্যোদস্থেব নিস্বনঃ॥১৯॥
ব্রীমানমর্যী সোভদ্রো মানকুৎ প্রিয়দর্শনঃ।
সংমিমানয়িয়ুর্বীবানিষ্বৈশ্রেশ্চাপ্যযুধ্যত ॥২০॥

সমিতি। লঘ্নি জ্রুতক্ষিপ্তানি। মৃত্বপূর্বাং কোমলতাপূর্বাকম্ ॥১৫॥
বান্ধিতি। উপাত্তং প্রাপ্তম্ । কার্ষিক্রভিমন্তাঃ, ক্বফাড্যাং ক্বফার্জ্নাভ্যাম্ ॥১৬॥
দূরমিতি। অত্য নিক্ষিপ্য বিহাবেত্যর্থঃ। সাধ্বসং ভরম্। ইকৃন্ বাণান্ ॥১৭॥
চাপেতি। বিক্ত্রাং উজ্জ্বাং। স্থাপিপ্ত অত্যুক্ত্র্বাস্ত, সবিতৃঃ স্থাস্ত ॥১৮॥
জ্যেতি। মহাশনিম্চো মহাবজ্ঞপাতিনঃ, প্যোদস্ত মেহস্ত ॥১৯॥

মহাবীর অভিমন্যু যুদ্ধে বিচিত্র ও দ্রুতক্ষিপ্ত অন্ত্র সকল দেখাইবেন বলিয়াই কোমলভাবে যুদ্ধ কবিতে থাকিলেন ॥১৫॥ '

অভিমন্ম কৃষ্ণেব নিকট হইতে যে অস্ত্র বা অর্জ্জুনেব নিকট হইতে যে সকল অস্ত্র লাভ করিযাছিলেন, সে সকল অস্ত্র তাঁহাদেব তুল্যই দেখাইতে লাগি-লেন ॥১৬॥

অভিমন্যু গুৰুত্ব কর্ত্তব্যভার এবং ভয পবিত্যাগ কবিয়া বাব বাব সমানভাবে বাণসন্ধান ও বাণক্ষেপ কবিতে থাকিলেন দেখা গেল ॥১৭॥

শবৎকালে উচ্ছল সূর্য্যমণ্ডলেব স্থায সকল দিকে অভিমন্ত্যুর উচ্ছল চাপমণ্ডলই দেখা যাইতে লাগিল ॥১৮॥

বর্ষাকালে মহাবজ্রপাতী মেঘেব শব্দেব তায় অভিমন্তার জ্যাশব্দ ও দাকণ ভলশব্দ শুনা যাইতে থাকিল ॥১৯॥

অকার্য্যকবণে লঙ্জানীল, ক্রোধী, গুরুজনের সন্মানকারী ও প্রিয়দর্শন অভিমন্ত্র বীবগণেব সন্মান কবিবাব্ ইচ্ছা কবিয়া বাণ ও অন্যান্য অন্তন্থাবা যুদ্ধ করিতে লাগিলেন ॥২০॥ মৃত্তু থা মহারাজ! দারুণঃ সমপত্তত।
বর্ষাভ্যতীতো ভগবান্ শরদীব দিবাকরঃ ॥২১॥
শরান্ বিচিত্রান্ রহতো রুক্মপুদ্ধান্ শিলাশিতান্।
মুমোচ শতশঃ ক্রুদ্ধো গভস্তীনিব ভাস্করঃ ॥২২॥
স্কুরপ্রৈর্বিৎসদক্তিশ্চ বিপাঠিশ্চ মহাযশাঃ।
নারাচৈর্দ্ধিচন্দ্রাভিভল্লৈরঞ্জলিকৈরপি ॥২৩॥
অবাকিরদ্রথানীকং ভারদ্ধাজন্ত পশ্যতঃ।
ততন্তৎ সৈত্যমভবদ্বিমুখং শর্পীড়িতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
ধৃতরাষ্ট্র উবাচ।

দ্বৈধীভবতি মে চিত্তং ফ্রিয়া তুন্ট্যা চ সঞ্জয় !। মম পুত্রেস্থ যৎ সৈন্যং সৌভদ্রঃ সমবারয়ৎ ॥২৫॥

हीमानि । हीमान् च कार्याक्तरण व्यक्तातान् । गः मिमानि स्वयः व्यक्ताति । स्विति । क्रियंक्तरणि वर्षात्र मृद्धार भत्ति । क्रियंक्तरणि वर्षात्र मृद्धार भत्ति । क्रियंक्तरणि । क्रियंक्तरणि । वर्षात्र भिकान् वर्षांक्तरणि । अच्छीन् क्रियंन् ॥२२॥ क्रियंक्ति । क्रियंक्तरणि । क्रियंक्तरणि । क्रियंक्तरणि । क्रियंक्तरणि । क्रियंक्तरणि । व्यक्तर्म मिम्रायंक्तर्म । व्यक्तर्म क्रियंक्तरणि । व्यक्तर्म मिम्रायंक्तर्म । व्यक्तर्म वर्षायंक्तरणि । वर्षाक्तर्म मिम्रायंक्तर्म । वर्षाक्तर्म वर्षायंक्तर्म । वर्षायंक्तर्म वर्षायंक्तर्म । वर्षायंक्तर्म वर्षायंक्तर्म । वर्षायंक्तर्म वर्षायंक्तर्म । वर्त्यः । वर्षायंक्तर्म । वर्षायंक्तर्म । वर्षायंक्तर्म । वर्षायंक्तर्म ।

মহাবাজ! ভগবান সূর্য্য যেমন বর্ধাকালে কোমল হইয়া শরৎকালে তীক্ষ হন, সেইরূপ অভিমন্মণ্ড কোমল হইযা তীক্ষ হইলেন ॥২১॥

সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ কবেন, সেইকপ ক্রুদ্ধ অভিমন্ত্যও বিচিত্র, বিশাল, স্বর্ণপুদ্ধ এবং শিলাশাণিত শত শত বাণ নিক্ষেপ করিতে লাগি-লেন ॥২২॥

মহাযশা অভিমন্যু ক্রমে দ্রোণের সমক্ষেই ক্ষুরপ্র, বৎসদস্ত, বিপাঠ, নাবাচ, অদ্ধিচন্দ্রতুল্য ভল্ল ও অঞ্জলিকদ্বাবা রথিসৈশ্যদিগকে পীড়ন করিতে থাকিলেন। তাহাতে সেই সৈশ্য শরপীড়িত হইযা বিমুখ হইল" ॥২৩—২৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। অভিমন্ত্যু যে আমার পুত্রের সৈন্স বারণ করিতে পাবিল, ইহা শুনিয়া আমাব মন লচ্জায় ও আনন্দে দ্বিবিধ হইয়া পড়িয়াছে ॥২৫॥

⁽২২)···বিচিত্তান্ স্থবহুন্—বা ব রা নি। (২০)···নারাচৈরর্জনাবাচিঃ—পি। (২৪) ইঙঃ পরম্ '···সগুজিংশো২ধ্যায়ঃ' ব, '···অষ্টজিংশো২ধ্যায়ঃ' বা রা নি। (২৫)·· মচিতত্তম্ ··· পি বা,···শুচা ভুষ্ট্যা চ···নি,·· ভিয়া ভুষ্ট্যা চ···বা।

বিস্তরেণৈব মে শংস সর্বাং গাবন্ধনে ! পুনঃ। বিক্রীড়িতং কুমারস্থ স্বন্দস্থেবাস্থরৈঃ সহ॥২৬॥ সঞ্জয় উবাচ।

হস্ত তে সম্প্রক্ষ্যামি বিমর্দমতিদারুণম্।

একস্থা চ বহুনাঞ্চ যথাসীত্ত মুলো রণঃ ॥২৭॥

অভিমন্ত্য কুতোৎসাহঃ কুতোৎসাহানরিন্দমান্।
রথস্থো রথিনঃ সর্ববাংস্তাবকানভ্যবর্ষত ॥২৮॥

ট্রোণং কর্ণং কুপং শল্যং ট্রোণিং ভোজং বহদ্বলম্।
ছর্য্যোধনং সোমদত্তিং শকুনিঞ্চ মহাবলম্ ॥২৯॥

নানা নৃপান্ নৃপস্থতান্ সৈন্থানি বিবিধানি চ।

অলাতচক্রবৎ সর্ববাংশ্চরন্ বাণৈঃ সমার্পয়ৎ ॥৩০॥ (যুগ্মকম্)

